গোয়েশা

অজিত কুমার।

শ্রীপাঁচুগোপাল মলিক।

কলিকাতা ২০১নং কর্ণগুয়ালিস্ শ্রীট বেদল মেডিকেল লাইবেরী হইতে শ্রীযুক্ত গুরুদাস চটোপাধ্যায় কর্ত্ব প্রকারিক্ত

છ

হাওড়া ২১৪নং খুরুট রোড, বিজয় প্রেস 🗱 তে, শ্রীনফর চন্দ্র সরকার হারা মৃ

১৩১৮ मान।

मूला 🔍 এक ठाका।

ভূমিকা।

গোরেন্দার গল্প নিধিব, এমন আকাজ্ঞা পূর্ব্বে আমার ছিল না।
প্রিয় সূত্রৎ সাহিত্যসেবী প্রীযুক্ত বীরেন্দ্র নাথ বোব আমাকে এ বিবল্পে
উৎসাহ দেওয়ায় আমি অজিতকুমারকে বল্লীয় পাঠকগণের সন্মুবে হাজির
করিয়া দিলাম। বীরেন্দ্র বাবু আমাকে "এন্ডিন্ ডিটেক্টিভ টেরিজের"
করেকথানি পুস্তক পাঠ করিতে দেন। তন্মধ্যে মসিয়ে আমাডির
কাহিনীটি আমার মনোনীত হওয়ায় আমি তাহারই ছায়া অবলম্বনে
এই পুস্তক প্রণয়ন করিলাম।

গ্ৰন্ধ ।

অজিত কুমার।

প্রথম পরিচ্ছেদ।

'সঙ্কল্প।

" শয়তানকে হত্যা কর, তুমি যা বলবে, তাই শুন্ব।"
ভাগীরথী তাঁরে নবজী প্রামের সান্নিংগ্য পুর্বের এক ভীষণ জল্ল ছিল। মুসলমান রাজদের শেষ সময়ে বঙ্গদেশে যে অরাজকতার স্থান্ত ইয়াছিল, এই জঙ্গলের চতুর্দিকে সেই অরাজকতার ভীষণ মূর্দ্তি স্প্পইভাবে দেখা যাইত। জঙ্গলের পূর্বভাগ দিয়া একটি রাস্তা গিয়াছে; আমরা যে সময়ের কথা বঁলিতেছি, সে সময়ে দিবা ভাগেও কেহ এই রাস্তা দিয়া এলক কা আৰু সাহস করিত ন' স্থানে যে দ্যাভীতি ছিল, কা বুলি বিলিপেরিশ্রুক কা কা বলি পরিশ্রুক কা কাকের ধারণা ছিল যে এ সুর্বাহুক ন

েন্দ্ৰতার চক্ষ্ণ জ্বলিয়া উঠিল; শেষ কথা বলিয়া শে বাহিরে । যাইতেছিল, সুকুমার তাহার গমনে বাধা দিয়া বলিল, "লতা, তাকে তুমি জান ?" সুকুমারের কথা গলায় বাধিতে লাগিল।

- " জানি। না জানিলে তাহাকে হত্যা করিতে বলিব কেন ? "
- " সে কি তোমার শত্রু ? "
- " শক্ত! পরম শক্ত!—সে জীবিত থাকিলে আমি বাচিয়া সুধ পাইব না। আমার এই অত্ল ঐশ্বর্যা, এই অত্প্ত যৌবন রসাগলে মাইবে। হত্যা কর—রল হতা৷ করিবে ?"

এই ব্যক্তি জাবিত থাকিলে স্নেংলতা বাচিয়া সূপ পাইবে না—
তাহার ঐপর্য্য, তাহার যৌবন রসাতলে থাইবে—কথাটা শুনিয়া
সুকুমারের রোমাঞ্চ উপস্থিত হইল। সুকুমার আর একবার লক্ষ্যশুগু দৃষ্টিতে যুবতীর বদন নিরীকণ করিল।

্জেহলতা টেবিলের উপর বাসল। বলিল, "এখনও কি ভাবিতেছ ?"

- " আমি তাহাকে হত্য। করিব, ইহাই কি অভিপ্রায় ? "
- " হাঁ। নচেৎ তোমাকে একথা গুনাইভাম না। ''
- " যদি সমৰ্থ হই ? "
- " আমি তোমাকে সর্বস্ব দান করিব, তোমার দাসী হইয়া থাকিব।"
- রাহ সকুমার অতিঠ হইয়া পড়িল। তাহার হৃৎপিও জত স্পন্দিত লোগিল। ঝাড়ের ল্পিছ ত্রিকোণ কাচখণ্ডে দীপ-রশ্ম প্রতি-হুইছেছিল—সুকুমার জালা কর পরিবর্ত্তে কাচখণ্ড সমূহের ১ বর্ণের রশ্মি দেখিতে লাগিলা, বহল হাও কাঁপিতেছে।

শেষলতা যুবকের অবস্থা দেখিয়া আবার বলিল—"দেখ সুকুর্নি পিতা জীবিত থাকিলে তোমার সঙ্গেই আমার বিবাহ দিতেন। তিনি নাই, এখন আমি স্বয়ং পাত্র নির্জাচন করিব। পিতা যে তোমাকে কম স্বেহ করিতেন, তাহা নহে, কিন্তু এখন তিনি নাই—সে স্বেহের দাবি আমি না শুনিতেও পারি। আমি ঐশ্বর্যাশালিনী, তুমি দরিদ্র—আমার ঐশ্বর্যের তুলনায় তুমি অতি দীন। পিতার হুই এক জন বন্ধু এখনও আমাকে দেখিতে আসেন—তাঁহারা যে তোমার প্রতি অলুলি নির্দেশ করিয়া বলিবেন আমি এক ভব্যুরেকে বিবাহ করিয়াছি, তাহা আমার সন্থ হইবে না। তুমি আমার কথা অনুসারে কাজ কর, তোমাকে অতুল সম্পত্তির অধিকারী করিব—তাহার পর তোমার চরণে আয়ুসমর্শণ করিব।"

সুকুমারের দীর্ঘনিশ্বাস পড়িল। স্নেহলতা তাহা বুনিয়া বলিল "আমি তোমার অবমাননা করিতেছি না; আমি জানি তুমি আমাকে ভালবাস। বাধ হয় আমার মনও তুমি জানিয়৷ থাকিবে। আফিনিশিস্ত হইয়া সুথ উপভোগ করিতে চাহি। হুর্ভাবনায় অশান্তির সৃষ্টি করিয়া আমার্থ এই অভ্প্ত জীবন কাটাইতে চাহি না। বল, তুফি আমার হৃশ্ভিন্তা দূর করিবে ?"

স্কুমার যুবতীর রূপপ্রবাহে আপনাকে ভাসাইয়া দিয়াছিল স্থেহলতার মুখছেবি তাহাকে পাগল করিয়া তৃলিয়াছিল। ভবিয়া প্রথের আশায় পাপপুণা ভূলিয়া সে স্থেহলতাকে বলিল, "আমি সঙ্কা করিলাম।"

"কি সম্বন্ধ করিলে ? সেই সুযুজানকে হতা৷ করিবে ?" "করিব "

্ৰ'তধু সঁকল নাহে, প্ৰতিশ্ৰুত স্বালু

অভিত কুমার।

^{*}প্ৰতিশ্ৰুত হইলাম।"

া যুবতীর মুখে ইবং হাসি দেখা দিল। প্রতিশ্রুতির কথা শুনিয়াই প্রেহলতা বলিল "তবে এখন বিদায় লইলাম।" যুবতী ককান্তরে চলিয়া গেল। সুকুমার আবার কি বলিতে যাইতেছিল; আর বলা হইল না। পালক্ষের উপরে সেই অবস্থাতেই বসিয়া রহিল। স্নেহলতা বদি আর একবার কক্ষে প্রবেশ করে, এই আশায় মারের দিকে চাহিয়া, রহিল, কেহ আসিল না, সামান্ত পদশব্দও পরিশ্রুত হইল না। এই শিতাবে কিয়ৎক্ষণ অবস্থান করিয়া সুকুমার উঠিল; আর একবার তাহার দীর্ঘণাস পড়িল। ধীরে ধীরে সে কক্ষ হইতে বাহির হইয়া গেল। প্রেহলতা কি করিতেছে, জানিবারও চেষ্টা করিল না। বাটী হইতে ক্রাহির হইয়া সুকুমার বন-পথ ধরিল; ভাবিতে শ্বাবিতে গঞ্জের দিকে দাচলিয়া গোল।

দ্বিতীয় পরিচ্ছেদ।

वालित वाँध।

ত্রিবেণী পূর্ব্বে সমৃদ্ধিশালী গঞ্জ ছিল; এখনও ত্রিবেণী বাণিজ্য-কেন্দ্র, কিন্তু পূর্ব্বের ন্থায় বাণিজ্য নাই। পূর্বের তীর্থক্ষেত্র ও বাণিজ্য-কেন্দ্র বলিয়া ত্রিবেণীর প্রসিদ্ধি ছিল, এখন তীর্থক্ষেত্রের জন্মই ত্রিবেণীর নাম আছে; বাণিজ্য যাহা আছে, তাহা পূর্বের তুলনায় সামান্ত মাত্র। সেই বড় বড় অট্টালিকা, সেই জনবছল হাট, গঙ্গার ঘাটে সেই অসংখ্য বজরার সমাবেশ—এখন আর দেখিতে পাওয়া যায় না।

ত্রিবেণী ঘাটেব রাস্তার যে অংশে নবঞী বা নয়া-সরাইয়ের রাজা মিলিত হইয়াছে, সেই অংশে পূর্বেও কয়েকটি শিব-মন্দির ছিল, এখনও আছে। মন্দিরের পার্মে একখানি পুরাতন বাড়ী। তাহারই একটি কক্ষে বিস্তৃত শ্যার উপরে সুকুমার শয়ন করিয়া আছে। সমস্ত রাত্রি নিজা নাই; ছন্চিন্তায় সুকুমারের নেত্রে নিজার আবেশ হয় নাই। সুকুমার কেবলই ভাবিতেছে।

ভাবনার অন্ত নাই। একবার নুরহত্যার চিন্তা, একবার স্নেহলতার ভাার স্থলরী ব্বতী-লাভের আ ্বান্ত নও বা সেই অপরিচিত ক্ষের প্রতিক্ষার নানারপ অনুমান—এই স্বাধার কল্প স্কুমারের চিন্ত বিকার

অজিভ কুৰার।

উণিস্থিত হইল। প্রভাত হইবার পূর্বেই লে শয্যাত্যাপ করিছ। ত্রিবেণীর ঘাটে গিয়া বদিল।

সুকুমার আপন মনে ভাবিতে লাগিল—সে কে ? সে স্বেৰণতার শক্ত কেন হইবে ?

স্কুমার আবার ভাবিল—বে কারণেই হউক, সে সেহলতার শক্র; পরম শক্র না হইলে স্নেহলতা তাহাকে হত্যা করিতে বলিবে . কেন ? কিন্তু সে সেহলতার শক্র, আমার কে ? আমার ত কোন , আনিইই সে করে নাই; তবে আমি তাহাকে হত্যা করিব কেন ? সেহলতাকে লাভ করিতে পারিব বলিয়া ? তবে কি নরহত্যা করিয়া রমণীর প্রেম-ভিক্না করিতে হইবে ?—না, তাহা আমি পারিব না।

সুকুমারের সব গোল হইয়া গেল; ক্ষণকালের জন্ম সেহলতার সৌন্দর্য্য তাহার মানস-নয়নে সমৃদ্ধাসিত হইল। সে আবার ভাবিল
—পারিব না; কিন্তু আমি যে প্রতিশ্রুত হইয়াছি! প্রতিশ্রুতি ভঙ্গ
মহাপাপ। কিন্তু নরহত্যার অপেক্ষাও পাপ কি ? বিনা অপরাধে
তাহাকে হত্যা করিতে হইবে, প্রতিশ্রুতি-ভঙ্গের গাপ কি ইহা অপেক্ষাও
গুরুতর ? আমি কেন প্রতিশ্রুত হইলাম! যুবতীর অনিন্দ্য সৌন্দর্য্যে
মুদ্ধ হইয়া কেন হিতাহিত জ্ঞান হারাইলাম! আমি আবার বাইব,
স্বেহলতাকে বলিয়া আসিব, একার্য্য আমার বারা হইবে না; প্রতিশ্রুত
ইইব যে একথা কাহারও নিকটে প্রকাশ করিব না। কিন্তু এ প্রতিশ্রুতিতে সে বিখাস করিবে কেন ?

সুকুমারের মনে হইল যেন স্বেহলতা তাহাকে ভর্পনা করিতেছে; তাহাকে দেখিয়া দে মুখ ফিরাইতেছে। এ টিভা সুকুমারের ছঃসহ হইল সুকুমার ভাবিল—স্মে বি শক্ত মহেনতার শক্ত। সে জীবিত থাকিলে স্বেহলতার বাঁচিয়া স্থাধ হইবে না। তাহাকে

বালির বাঁধ

হত্যা না করিলে স্নেহলতার ঐর্থ্য, সৌন্দর্যা, সর্বাধ্ব রসাতলে যাইবে।
না, তাহা আমি শ্বেখিতে পারিব না। আমি সেহলতাকে ভালবাসি,
তাহার স্থাথের পথ নিঙ্কটক করিব। আমি তাহার প্রেমানাক্ষী হইবা
না, কেবল সেই ব্যক্তিকে হত্যা করিবা সেহলতার স্থাথের পথ সরল
করিয়া দিব। আমি স্নেহলতার পাণিগ্রহণ করিব না, কেবল সেই
শক্তকৈ হত্যা করিব।

এমন সময়ে কাহারও গদ-শদে সুকুমারের চমক ভাঙ্গিল। স্কুমার চাহিয়া দেখিল, এক ব্যক্তি গঙ্গালের জৈল ঘাটে অবতরণ
করিতেছেন। স্থানাগাঁর কুলর গঠন, বলিষ্ঠ দেহ, —িশ্চিস্ত মনে তিনি
সোপানাবলী অতিক্রম করিতেছিলেন। তাঁহার বরস স্থানারের
অপেকা অধিক নহে, বোধ হয় উভয়েই সম্বর্ত্ত। কয়েকটি সোপান
অবতরণ করিয়া তিনি এক স্থানে আপনার প্রিরেয় রক্ষা করিলেন;
সুকুনারের প্রতি তাঁহার দৃষ্টি পৃতিত হইল না; ধীরে ধীরে তিনি জলে
অবতরণ করিলেন।

স্কুমারের স্থানীর ভাষান্তর উপস্থিত হটল। সে একাগ্রচিতে আনাথার সানাদি নিরীকণ করিতে লাগিল। স্বকের স্থান শ্রেই হইল; সোপানে উঠিয়া তিনি আর্র বল্ল তদ্য কল্পিনে। তসরের বল পরিধান করিলেন; গাত্রে নামারলী নিলেন; পরে ধীর পাদারিকেপে যে পরে আসের আসিরাছিলেন, সেই পরে চাল্রা শ্রেমন।

সুকুমার দীর্ঘনিধাস ত্যাগ করিয়া আপনার মনে বাগতে লাগিক
—ইহাকে হত্যা করিতে হইবে! এমন স্থানর গঠন, এমন প্রাতঃস্নাত
ভক্তিপরায়ণ যুবককে হত্যা করিতে মুহুইবে ? ইহার ভিডরে কল্মত
স্মাছে বলিয়া কে সন্দেহ করিবে? শম সন্দেহ করিতে পারিন না
আমি ইহাকে হত্যা করিতে পারিব না। দেখিলে ভক্তি হয়, ইহাকে

স্থাৰি হত্যা করিতে গারিব না। আমি স্বেহলতাকে বলিব, তাহার ^{বি} প্রেম্ম আমার নিকটে তুচ্ছ; প্রতিশ্রুতিভঙ্গের জন্ত বহাপাপ ব্য় হউক, ^{বৈ}ক্ষার্য আমাকে দিয়া হইবে না।"

সুকুমার উঠিল। গঙ্গার তীরে তীরে গমন করিতে লাগিল।
তথনও সুর্যোদয় হয় নাই; রাত্রির অন্ধকার তথনও অপস্ত হয়
নাই; নিঃশন্দে সুকুমার প্রেতবনের সমীপবর্তী হইল। চিন্তার
চিন্তরকাদাতে হতবল হইয়া বনমধ্যে প্রবেশ করিল। বন-পথ রিল
না; ক্ষুদ্র ক্ষুদ্র আগাছাগুলিকে বিপর্যান্ত করিয়া সুকুমার দস্মগৃহের
সন্মুখীন হইল।

গৃহের বাহিরের ছার তথনও রুদ্ধ; সুকুমার কপালে হাত দিয়া । বারদেশে বসিয়া পড়িল।

এইভাবে কিয়ৎক্ষণ অতিবাহিত হইল। গৃহের ভিতরে দার থুলিদার শব্দ হইল। সুকুমার বুঝিল, সেহলত। উঠিয়াছে। আবার
ভাহার চিন্তা বাড়িয়া উঠিল। সেহলতার সহিত দেখা হইলে সে
ভাহাকে কি বলিবে—কিরূপে আপনার চিন্তপরিবর্তনের কথা বৃঝাইবে!
সুকুমারের আবার সব গোল হইয়া গেল। বদা হইবে না স্থির করিয়া
সে স্থানান্তরে ঘাইবার জন্ম উঠিল। সেই দণ্ডে বাহির-দারের অর্গল
পুলিয়া গেল। সুকুমার কিরিয়া চাহিল না। সেহলতা সুকুমারধে
দেখিয়া বিশ্বিতা হইল; ডাকিল "সুকুমার!"

"কেন" বলিয়া সুকুমার দাড়াইল। স্বেহনতা তাহাকে আহবান করিল। সুকুমারের যাইবার ইক্ছা ছিল না। কিন্তু সেহলতা যথন ঈথৎ হাসিয়া বলিল "আসিবে না, ?" তথন সুকুমারের মনের তেজঃ নাই হহল, বালির বাধ ভালিয়া দুলা কোন কথা না কৃহিয়া সুকুমার পুহুমধ্যে প্রবেশ করিল। স্নেহলতা বলিল, "সুকুমার, কাল তুমি গৃহে, যাও নাই ?"
"গিয়াছিলাম।"

"তবে এত ভোৱে এখানে আসিয়াছ কেন ?"

"কথা আছে, তাই আসিয়াছি।" স্থকুমার প্রকাশ্যভাবে বলিতে বাইতেছিল যে সে প্রতিশ্রুতি অন্নসারে কার্য্য করিতে পারিবে না ;্
কিন্তু সে কথা তাহার অন্তরেই থাকিয়া গেল; সে বলিল "কথা আছে,
তাই আসিয়াছি।"

"কি কথা সুকুমার ?" স্নেহলতার নেত্রে বিজলি হাসিল; স্বকু । মারের বুক ছড়-ছড় করিয়া উঠিল। আবার স্পষ্ট কথা বলা হইল না । স্বকুমার বলিল, "আমি বড় ভাবনায় পড়িয়াছি।"

স্নেহলতা মনে করিয়াছিল যে, তাহার প্রণয়ের আশার স্কুমার চঞ্চল হইয়া পড়িয়াছে; গতকল্য রাত্রিকালে সে তাহাকে যাহ্য শুনাইয়াছে, যে আশার আলোক তাহার নয়নের সন্মুখে ধরিয়াছে, সেটি কথা সেই আলোকই স্কুমরেকে অশান্ত করিয়া তুলিয়াছে; তাহ্ সুকুমার প্রভাতের পূর্বেই তাহাকে দেখিতে আদিয়াছে। কিন্তু স্কুম মারের মুখে ভাবনার কথা শুনিয়া চতুরা স্নেহলতা প্রকৃত বিষয় আভা বুঝিল। তথন ক্রকুঞ্চন করিয়া বক্রলৃষ্টিতে স্নেহলতা বলিল "ভাবন, কিসের শুনিতে পাইব কি ?"

"কেন পাইবে না, তোমাকে বলিব বলিয়াই ত আসিয়াছি।" শ্লে নতার যে হাব-তাব দেখিলে সুকুমার আত্মবিশ্বত হয়, স্নেহনতার নেপ ও মুখের ভাবে তাহার পরিবর্ত্তন হইতে দেখিয়া সুকুমার কদয়ে । পাইল। সে প্রকৃত কথা বলিবার চেষ্টা করিল।

স্বেহনতা বনিন, " কি বনিবে বন, হয়ত আমি অনেকটা বুলু শোরিয়াছি।"

" আমি পারিব না।"

" সে আমি বুঝিয়াছি; তোমার দারা কোন কার্য্য হইকে না, তাহা আমি জানি। তবে তোমাকেই আমি সহায় বলিয় মনে করি, তাই তোমাকে সেকথা বলিয়াছিলাম। আমার ধারণা ছিল যে, তুমি আমাকে ভালবাস; আনার স্থারে জন্ম তুমি সবই করিতে পার্ব, তাই তোমাকে বলিয়াছিলাম। তোমার ভালবাসা মৌথিক জানিলে, একথা তোমাকে জানাইতাম না।"

সুকুমার দেখিল, মেহলতার বদনে বিধাদের ছায়া পড়িয়াছে। সে ভাবিল যে, সেহলতার কোমল হৃদয়ে বুঝি সে আঘাত করিল। তাহার মনের বল কমিয়া আদিল। কম্পিতস্বরে সে বলিল, "দেখ, তাহাকে আমি জানি না; তাহার অপরাধ কি তাহা বুঝি না, সে কেন শক্র, তাহা গুনি নাই -- আমি তাহাকে হত্যা করিব কেন ?"

স্থেক্তা অন্তদিকে মুধ কিরাইরাছিল; স্থাকুনারের কথা শুনিরাই সে কোপনস্বভাবা ফ্রিনীর ন্যায় অঙ্গ সংগ্রালন করিয়া বলিল, ''তোমার জানিবার বুশিবার শুনিবার কোন প্রয়োজন নাই; তাই তোমাকে বলি নাই। তবে তুর্নি হতা কবিবে কেন, সেই কথা জিজ্ঞাসা করিতেছ ? শোন, আমি বলিতেছি, এই জন্ম হত্যা করিবে!"

সুক্মারের হন্তপদ কাথিলা উঠিল। সেহল্া আবার বণিল— "কাল্ সুদার রথায় তোমাকে আশ্রন দিরাছিলেন ; তাঁহার আশ্রম অপেকা এবেণীর টোলে তোমার আশ্রন লওয়া উচিত ছিল। সদার তোমাকে যুত্র করিতেন, তোমকে অন্ত্র-শিক্ষা দিরা মান্ত্র্য করিলেন, আমি তোমাকে স্বাধি দান করিতে প্রতিশ্রুত হইলাম—তথাপি তুমি মলিতেছ, পারিবে না! কাল্ল নাই; তুমি স্থানান্তরে যাও।" স্বেহ-শ্রা ক্রিয়া যাইবার উপক্রম করিল। ত্রিবেণীর ঘাটে বসিয়া সুকুমার বালুকান্ত্রপে অট্রালিক। নির্মাণ করিয়াছিল; বিংশৃতিবর্ষীয়া যুবতীর বচন-পবনে তাহা ভাঙ্গিয়া গেল সুকুমার বলিল, "শোন স্কেহ; আমি অক্তত্ত নহি। ভূমি"—

ক্বতজ্ঞতার যথেষ্ট পরিচয় পাইলাম! এখনও কথা কহিনে তোমার লজ্জা বোধ হয় না ? আমার মত যুবতী তোমার পারে সর্বদ্ধ অর্পন করিতে প্রতিশ্রুত হইল, তুমি আমার স্থাবর পথ নিক্টক করি বার জন্ম প্রতিশ্রুত হইলে! তাহার পর আবার তর্কের বোঝা লইয় প্রতিশ্রুতি ভঙ্গ করিতে আসিয়াছ? দেখ সুকুমার, আমি প্রতিশ্রুতি পালন করিব—যে আমার শক্রকে নিপাত করিতে পারিবে, আা তাহারই হইব! তোমাকে পাইলে আশাতিরিক্ত স্থণী হইতাম; ছ তুমি যদি অসমর্থ হও, অপরে সমর্থ হইবে—তোমার শীচরণে থাকায় দ্বেশ, সে স্থাধ না হয় বঞ্চিত হইব। প্রিবীতে সকল সুধ সেলে না!

স্থুকুমার আবার সৌন্দর্য তরঙ্গে গা ভাসাইয়া দিল; স্নেহণতা মধুরতামিশ্রিত শ্লেষবাক্যে আত্মবিশ্বত হইল। বস্ত্রাঞ্জনে মুখ মুছি বলিল, "বেশ, আমাকে একটা কথা বুঝাইয়া বলিবে কি ?"

"কি শুনিতে" চাও ?" স্নেহলতার নয়নে আমাবার বিহ্যৎ ছুটিল "সে কে ?"

"সে আমার শক্র, পরম শক্র। তাহার নাম অজিত কুমার। যং চুঁচুড়ায় ছিলাম, তথন হইতে সে আমার সর্ক্রনাশসাধনে তৎগ্ হইয়াছে; চুঁটুড়া হইতে বর্দ্ধমানে পলায়ন করিয়াছিলাম, সেধান হই। কল্যাণজী গ্রামে পর্ণকূটীরে আশ্রম লইয়াছিলার্ব। শক্র সেধানে আমার সন্ধান পাইয়াছিল। এখন প্রেত-বনে আসিয়াছি, দেখিজে এখানেও নিস্তার নাই। তাহাকে হত্যা না করিলে আমি কে নিশিক্ত হইয়া থাকিতে পারিব না।"

" সে কেন তোমার সন্ধান করিতেছে ? *

" সে কথা পরে বলিব ; আগে তাহাকে হত্যা কর, পরে দাসী হইয়া তোমাকে সকল কথাই বলিব।"

" কাল গন্ধার ঘাটে কই সে ত তোমাকে কোন কথা বলিল না ? "

" সুযোগ পায় নাই; আমাকে তাহার কোন কথা বলিবারও নাই, আমাকে সে হত্যা করিবে!"

সুকুমার চমকিত হইল; বলিল, "আমি যে কিছুই নুঝিতে পারিতেছি নালতাং"

" পরে বুঝিবে ! "

"বেশ, এবার স্থির জানিও আমি তাহাকে হত্যা করিব। কিছ"—
"বুঝিয়াছি; তোমাকে গুপুভাবে হত্যা করিতে বলি না।
তাহাকে আহ্বান কর, উভয়ে বলপরীক্ষা কর। তোমার শৌর্য আমার
জানা আছে, সে অবশ্যই প্রাণ হারাইবে। ছুমি কালু সন্দারের শিক্ত,
কাপুক্রব হইয়া তাহাকে হত্যা করিও না। তবে একটা কথা; সে
তরবারি চালনার সুদক্ষ, তুমি পিস্তল ব্যবহার করিও।"

" বেশ ; তবে একবার শক্রকে দেখিয়া আসি। সেহ, তোমার জঙ্গু আমি সকল কর্মাই করিতে পারি।" সুকুমার চলিয়া গেল।



তৃতীয় পরিচ্ছেদ।

পূৰ্ব্ব কথা।

বঙ্গদেশে ইংরাজ-শাসন স্থপ্রতিষ্ঠিত হইবার পূর্ব্বে, অনেক সম্ভান্ত বংশের সন্তান দস্মার্ক্তি করিতেন। তাঁহনো ব্যাং দস্মাতা না করিলেও, অর্থব্যার করিয়া দস্মার দল রাখিতেন। কেহ কেহ.এই সকল দস্মার কল্যাণেই ভাবী বংশধর্মদণের জন্ম জমিদারী রাখিয়া গিন্নাছেন।

কালাচাঁদ সিংহ কারন্থের সন্তান; কিন্তু এইরূপ দহ্য। তাঁহার দলে অনেক লোক ছিল; তিনি স্বয়ং দহ্যতা করিতেন। কালাচাঁদ কোধাও দহ্যতা করিতে গেলে সহক্ষে কাহারও প্রতি উৎপীড়ন করিতেন না। কেহ তাঁহার কার্য্যে গুরুতরভাবে বাধা প্রদান না করিতেন না। কেহ তাঁহার কার্য্যে গুরুতরভাবে বাধা প্রদান না করিলে তিনি তাহার প্রতি দণ্ড বিধান করিতেন না। তবে তিনি অনেক সময়ে অর্থ লুঠনের সঙ্গে সঙ্গে মনোমত যুবক বাং বালক দেখিতে পাইলে তাহাকে অপহরণ করিয়া লইয়া আসিতেন। শেবে তাহাকেও দহারতি অবলখনে বাধ্য করিতেন।

় সম্য হইলেও কালাটাদের হৃদয়ে মানবমূলত কোমল চিত্তবৃত্তিখানির অসমাব ছিল না। পরোপকারী ও দরিদ্রের সহায় বলিয়া এই দ ব্যাতি হিল। তাঁছার বাসস্থান কোধায়, কেহ ভাষা ভাতিত না কিন্তু নিতান্ত বিপদে পড়িয়া যে কালাচাদকে ডাকিয়াছে, যে ম্যক্তিদশ জনকে কালাচাদের সন্ধান জিজাসা করিয়াছে এক পক্ষকালের মধ্যে কালাচাদ তাহার গৃহে উপস্থিত হইয়াছেন। রোগীর সেবাকরিয়া, অনুমারি জনের অনুসংস্থান করিয়া দিয়া, অসমর্থের অর্থকিষ্ট দূর করিয়া তিনি বড়ই তৃপ্তিলাভ করিতেন। তাঁহার নাম শুনিলে কেহ বাকাপিত, কেহ বা যুক্তকরে ভগবানের নিকটে তাঁহার কল্যাণ কামনাকবিত।

শুনা যায় দল্ই বাজারের কোন দীন ব্রাহ্মণ সন্তান পিতৃশাদ্ধের সময় জমিদারের শরণাপন হন; কিন্তু জমিদার ব্রাহ্মণ-কুমারকে সাহায্য করিতে বিমুখ হইলে ব্রাহ্মণকুমার সজলনয়নে নিজের কুটিরে প্রত্যাবর্ত্তন করেন এবং তিল-তঙুলের দারাই পিতৃশ্রাদ্ধ সমাপন করিবেন, এইরূপ স্থির করেন। এই কথা কালাচাদের কোন শিষ্যের ক্র্ণিচের হয়। বর্দ্ধমান ও হুগলি জেলার অনেক স্থানেই কালাচাদের চর ছিল।

কাল্টাদের শিষ্য কালাটাদকে সকল বিষয় নিবেদন করিলে
তিনি একদল দম্যকে জমিদার-বাটা লুগ্ঠন করিবার জন্ত প্রেরণ করেন
এবং স্বয়ং প্রান্ধের উপকরণাদি ও যথেষ্ট অর্থ লাইয়া রাত্রিকালে ব্রাহ্মণকুমারের কুটিরে উপস্থিত হন। ব্রাহ্মণ-কুমারকে কোন কথা না বলিয়া
তিনি দ্রব্যসম্ভার ও অর্থ তাঁহার দারে রক্ষা করিয়া চলিয়া যান। এদিকে
দম্যদল জমিদারের বাটা আক্রমণ করিয়া যথেষ্ট ধনরত্ব সংগ্রহ করে,
কিন্তু প্রত্যাবর্তনের সময় তৎসমৃদায় জমিদারের গৃহের দার দেশে
রাধিয়া আদে। পরদিন প্রাতঃকালে জমিদারের বাটাতে ডাকাতি ও
ব্রাহ্মণ তনয়ের সাহায্যের কথা যথন প্রকাশ পাইল, তথন সকলেই
বুঝিকংক কার্য্য কালাটাদের। জমিদার তথন ক্ষিক্ষের অপরাধ বুঝিতে

পারিয়া স্বয়ং উদ্যোগী হইয়া ব্রাহ্মণ-তন্যের পিত্শাদ্ধ স্মাপন ক্রাইলেন। °

দস্যদলের সকলেই কিছু কালাটাদ ছিল না। কেহ কেহ কালাচাঁদের অজ্ঞাতসারে লোকের উপর উৎপীড়ন এবং গোপনে পাপকর্মের
'অফুষ্ঠান করিত। কালক্রমে কালাটাদের দলের কেহ কেহ এইরপ
উচ্ছুগুল হইয়া উঠিল। শেষে যেখানে যে ডাকাতি হইত, দস্যকর্তৃক
যেখানে উৎপীড়ন হইত, সেই খানেই লোকে বলিতে লাগিল—কালাচাঁদের দলই ইহা করিয়াছে; কালাটাদ করিয়াছে, একথা কেহ বলিত
না। এইরপ হুর্নাম কালাটাদের অবিদিত রহিল না। তিনি গোপনে
তাঁহার সহচরদিগের কার্য্যকলাপ দেখিতে লাগিলেন। পরিশেষে একে
একে পাঁচ জন সহচরের শিরশ্ছেদ করিলেন। কিন্তু ইহার প্রেই দস্যর
উপদ্রবের কথা ইংরাজ কর্তৃপক্ষের কর্ণগোচর হইল। বারংবার অভিযোগ শ্রবণ করিয়া ইংরাজ কর্তৃপক্ষ দস্যাদমনের ব্যবস্থা করিলেন।

চুঁচুড়ায় তথন কর্ণেল বেন্দন্ ফৌজদার ছিলেন। তিনিও দস্মাদুমনে কৃতসঙ্কর হইলেন। অমলেন্দু নামক জনৈক বাদালী যুবক তাঁহার
প্রিরপাত্র ছিলেন; অমলেন্দু তৎকালে ইংরাজের অধীনতার গোয়েন্দাগিরি করিতেছিলেন। তিনি যুবক হইলেও মেধাবী গোয়েন্দা বলিয়া
ধাতিলাত করিয়াছিলেন। মিঃ বেন্দন্ তাঁহাকে আহ্বান করিয়া
বলিলেন—"বাবৃ! কে কালাচাঁদ ডাকাত আছে, সে বড় অভ্যাচার
করিতেছে;তাহার দলকে পাক্ড়াও করিতে হইবে। আমি তোমাকে
. এই কার্য্য দিতে চাই।"

অমলেন্দু বলিলেন—"আমি শুনিয়াছি কালাচাঁদ উৎপীড়ক নহে; তাহার দলের কেহ কেহ উৎপীড়ন করিতেছে। যাহা হউক, আপনি যধন বলিয়াছেন, তথন আমি দস্যাদিগের সন্ধানে প্রবৃত্ত হইব,

অঞ্জিত কুমার

অমলেন্দু সাহেবের নিকট হইতে বিদায় গ্রহণ করিয়া নিজের আবাসে গেলেন। কালাটাদ দস্য হইলেও কালাটাদের প্রতি তাঁহার শ্রনা ছিল। দস্যাদমনের উপায় চিন্তা করিতে করিতে সে দিবস তাঁহার অতিবাহিত হইয়া গেল।

পরদিবস প্রাতঃকালে তিনি কর্ণেল বেন্সন্কে জানাইলেন যে চূর্ণির মুখে কয়েকদিনের মধ্যে ৩।৪ বার নৌকালুঠন ইইয়া গিয়াছে, তাঁহার বিখাস, এ কার্য্য কালাটাদের দলের লোকেই করিয়াছে। তিনি নৌকালুঠনের তদত্তে গমন করিবেন বলিয়া সাহেবের নিকট হইতে একখানি ফ্রতগামী ছিপ প্রার্থনা করিলেন।

সাহেবের অমুমতিক্রমে আট জন বোটে সমেত একখানি ছিপ প্রস্তুত হইল। প্রয়োজনীয় দ্রব্যাদি সহ অমনেন্দু ছিপে আরোহণ করি-লেন; তথন বেলা ১১টা উত্তীর্ণ হইয়া গিয়াছে। ক্রয়োদশীর জোয়ারে ছিপ্ ভাসিয়া চলিল; পাল তুলিয়া দেওয়া হঠন; ছিপ্ দ্রুত ছুটিল।

ছিপ্ কোথায় যাইবে, তাহার স্থিরতা নাই। অনলেন্র আদেশ
অন্ত্যারে মধ্যে মধ্যে ছিপ্ তীরে লাগান হইতেছে; অনলেন্ কণকালের জন্ম তীরে উঠিয়া যুরিয়া ফিরিয়া আফিতেছেন; আবার ছিপে
উঠিতেছেন—ছিপ্ ছাড়িয়া দেওয়া হইতেছে। সন্ধার সময় আকাশে
মেঘ উঠিল। অমলেন্দু চারিদিকে চাহিয়া দেখিলেন গলার কোথাও
কোন নৌকা নাই। একজন মাঝিকে জিজাসা করিলেন "এ কোন্
ছান ?" মাঝি উত্তর করিল, "কালীগঞ্জ।" "ছিশ্ লাগাও" বলিয়া অমলেন্দু ছিপের ছাদে আসিয়া বিদলেন। ছিপের বাহিরে লঠন জলিতেছিল; অমলেন্দু একজনকে জিজাসা করিলেন, " গ্রাম কতদ্রে ?"

'িও রশি ইইবে।"

- '' বর্ধার মেঘ উঠিতেছে না কি ? "
- " সেইরূপ দেখিতেছি; এ পর্যান্ত একদিনও বৃষ্টি হয় নাই, এ মেৰে জন হইলেও হইতে পারে।"
- " তোমরা আহারের ব্যবস্থা কখন করিবে ? "
- "যে কারণে আসিয়াছেন, তাহার জয় আরও চুই এক প্রহয়
 আপেকা করিতে হইবে। আমরা সময় বৃয়িয়া আহারের যোগাড়
 করিব।"

"বেশ" বলিয়া অমলেন্দু তাহাকে বিদায় দিল্লেন। অন্ধকারে দুরবর্তী স্থান লক্ষ্য হইবে না বুঝিয়া অমলেন্দু আপন মনে চিন্তা করিতে
লাগিলেন। এইভাবে কিছুক্ষণ কাটিয়া গেল। রাত্রি এক প্রহর অতীত
হইলে অমলেন্দু দেখিলেন দূরে একটা আলোক দেখা যাইতেছে।
আবার মাঝিকে আহ্বান করিয়া জিজ্ঞাসা করিলেন, "ঐ আলোক
কোথা হইতে আসিতেছে ?"

- " ঐ স্থানে শ্ব-দাহ হইয়া থাকৈ, সম্ভবতঃ তাহারই আলোক।
- " ভুল; নৌকা আসিতেছে; ছিপ্থোল।"
- "বিদ্যুতের আঁলোকে মাঝিও বুঝিল নৌকার আলোক। সে বলিল, "নৌকা এই দিকেই আদিতেছে; এতক্ষণ এই আলোক ছিল না, এখন দেখা যাইতেছে—নৌকা এই দিকেই আদিবে। হয় ত ঝড় উঠিবে।"

"যদি সেই নৌকাই হয়, তাহা হইলে এদিকে আদিবে না ; তাহার। সাবধানতার সহিত নৌক। চালায়।"

মাঝি পুনরপি বলিল, "ঝড় উঠিবে।"

"প্রাণের মানা করিও না;" আমাদের ছিপ ভাল, আগে তাহার্ বাইবে; তাহাদিগকে উদ্ধার করিতে হইবে। তীরে তীরে চল।"

মাঝি ছিপ शुनिन; পাল তুनिन ना; माँ जाशिया চनिन। चमल्यम् हार्मत উপরেই রহিলেন; দেখিলেন আলোক उम्मं रूर्लिह **আ**ব **হ**ইতে লাগিল।

অমলেন্র ছিপ্তীরে তীরে চলিল; কিছু দূর অগ্রসর হইতে না হইতেই মাঝি বলিল, "ঠাণ্ডা বাতাস বহিতেছে, বোধ হয় এখনই कन श्रेरित।"

অমলেন্দু দূরবর্ত্তী আলোকের দিকে চাছিয়া কি ভাবিতেছিলেন; বি^২ মাঝির কথার কোন উত্তর দিলেন না; মাঝিও পুনরপি কোন কথা ৰুঠা বলিল না। ছিপ চলিল; অল্লকণ পরেই ঋড় উঠিল; ফোঁটা ফোঁটা জ্বত বৃষ্টি পভিতে লাগিল। মাঝি বলিল, "ভিতরে যান"।

অমলেন্দু অন্ধকারে ঘাড় নাডিয়া বলিলেন, "আলোক নিকটবর্জী প্রাং হইয়াছে, এখন ভিতরে যাওয়া হইবে না। নৌকা কত দূরে হইবে ? লে "নিকটেই আসিয়াছে।" ছি

"আমাদিগকে দেখিতে পাইবে কি ?"

"বিদ্যুতের আলোকে দেখিতে পারে, নৌক। নিকটে আসিয়াছে।" "এইবার ছিপ লাগাও। চারিজন পুলিশের বেশ ধর; সময় কা বুকিয়া তাহারা তীরে অপেক্ষা করিবে।"

মাঝি অমলেন্দুর অভিপ্রার বুঝিল; তাঁছার কথা অনুসারে ক'র্য্য মে হইল। ঝড় আরও একটু প্রবল হইল। মাঝি জিজাসা করিল, া বে "নৌকা নঙ্গর করিতেহে না কেন ?"

"বুঝা ষ্ট্তেছে না; এ ডাকাতেরই নৌকা, নতুবা এত হঃসাহস इ इंटेंच ना।"

ঃ । সহসানোকার আলোক নিবিল; অমলেনু ব্যস্ত হইয়া জিজাস। করিলেন, "আলোক নিবিয়া গেল কি ?" কেহ উত্তর দিল না। °আলোক জ্ঞানি না দেখিয়া অমলেন্দু জিজ্ঞাসা করিলেন, "কিছু বুঝি-তেছ ? আবার ছিপ্র খোল।"

মাঝি এবার জানাইল যে ভীবণ ঝড় উঠিতেছে, ছিপ খোলা সকত ইইবে না। এমন সময় নৌকায় একবার আলোক জ্ঞলিয়া উঠিল, আবার নিবিয়া গেল। ভয়ানক ঝড় উঠিল। অমলেন্দু বলিলেন, "খোল; বিলম্ব করিও না।" মাঝি আবার ঝড়ের কথা বলিল। অমল্বেন্দু কুদ্ধ হইয়া বলিলেন, "তোমার না আসা উচিত ছিল; সব পশু করিবে কি ?" মাঝি অগত্যা ছিপ খুলিল। বায়ুর তাড়নায় ছিপ ছলিতে লাগিল। ছইজন লোক রশি ধরিয়া ছিপ টানিয়া লইয়া যাইতে লাগিল। বিহাতের আলোকে অমলেন্দু দেখিলেন, নৌকা ভীরে লাগিয়াছে। ঝড় ভীষণতর হইয়া উঠিল; মাঝি আরও ছইজনকে শুণ ধরিবার জন্ম নামাইয়া দিল; পবনের সহিত প্রতিম্বন্দিতায় ছইজনে ছিপ সামলাইতে অসমর্থ হইয়াছিল।

অমলেন্দু ছিপের ছাদে বিসিয়া ^{*}ভিজিতেছিলেন; মাঝিকে নৌকার প্রতি দৃষ্টি রাখিতে বলিয়া তিনি ভিতরে যাইতেছিলেন, এমন সময় একটা প্রবল বাত্যা আঁসিল; নৌকার নঙ্গর গঙ্গাতীরে বালির উপর রাখা হইয়াছিল, বালি সরিয়া গেল, নৌকা নঙ্গর টারিয়া বাহির জলে ভারিয়া গেল। মাঝি সাবধান হইবার প্রেই প্ররায় বেগে ঝড় আসিল, সেই ঝড়েই নৌকা ভূবিল।

"গরারাম, নৌকা যে ডুবিল" বলিয়াই অমলেন্দু গন্ধার জলে পড়ি-লেন, গরারামও ঝাঁপ দিল।

চতুর্থ পরিচেছদ।

কুভজ্ঞতা।

তখনও ঝড় বৃষ্টি থামে নাই। অন্ধকারে অমলেন্দু জলমগ্ন জনগণের কাহাকেও দেখিতে পাইলেন না। একবার গা ভাসান দিয়া কান পাতিয়া রহিলেন, যদি কাহারও সম্ভরণজনিত শব্দ শুনিতে পান, কিন্তু তিনি কিছুই শুনিতে পাইলেন না—কেবল মেবগর্জন ও পবনের শন্ শন্ শদ তাঁহার প্রতিগোচর হইল। এইভাবে কিছুক্ষণ সম্ভরণ ও জলমগ্ন জনগণের সন্ধান করিবার পর হতাশ হইয়া অমলেন্দু গয়ারামকে ভাকিলেন। ছই তিন বার আহ্বানের পর গয়ারাম দূর হইতে উত্তর দিল। অমলেন্দু জিজাসা করিলেন "কাহারও সন্ধান পাইলে?" গয়ারাম উত্তর দিল "না"। অমলেন্দু তাহাকৈ তীরে উঠিতে বলিলেন। উত্তরে তীরে উঠিতেন।

তীরে উঠিলে উভয়েরই কম্প বোধ হইল। গরারাম বলিল "ছিপে গিয়া বস্ত্র ত্যাগ করিবেন চলুন।" অমলেন্দু ইভস্ততঃ করিতে লাগিলেন। এনন সময়ে দূরে কে জিজ্ঞাসা করিল, "আপনারা কে মহান্দ্র ?"

অমলেকু উত্তর দিলেন, "আমরা যাত্রী, হয় ত মামরা আপনারই সন্ধান ইরিতেছি প্রশ্নকর্ত্ত। নিকটে আসিলেন, বিহাৎ চমকিল। তিনি উভরকে তিলেকের আলোকে দেখিয়া বুঝিলেন যে এক জন ভদ্রাক, অপর ব্যক্তি সম্ভবতঃ তাঁহার ভ্তা। অমলেন্দু দেখিলেন যে প্রশ্নকর্ত্তাও একজন ভদ্রলোক। তিনি জিজ্ঞাসা করিলেন, "আপনার নৌকাই কি ডুবিয়াছে ?"

"হাঁ, আমরা বিপন্ন হইয়াছি।"

*আমরা ? আপনার সহিত আর কে কে আছে ?"

"আমার এক কলা আছেন। আমরা শান্তিপুর হইতে আসিতে-ছিলাম, পথে বিপন্ন হইয়াছি।"

"চিন্তিত হইবেন না; আপনার কল্যা কোথায়?"

"ভগবানের কুপায় তাহাকে রক্ষা করিতে পারিয়াছি। আপনারা কে মহাশয় ?"

"আমরাও যাত্রী; ঝড়ের জন্ত ছিপ তীরে লাগাইয়াছিলাম, আপনাদের নৌকা নোঙ্গর ছিঁড়িল ও ডুবিল দেখিয়াই আমরা আপনাদিগের উদ্ধারের জন্ত জলে ঝাঁপ দিয়াছিলাম।"

"ভগবান আপনাদিগের মঙ্গল করুন—এখন আপনারা কোধার যাইবেন ?"

• অমলেন্ আগস্তকের কথা শুনিয়া কিছু বিশিত ইইলেন, তাঁহার
মনে সন্দেহও ইইল। তিনি মনের ভাব গোপন করিয়া বলিলেন,
"আমরা কাটোয়া ইইতে আসিয়াছি, কলিকাতায় যাইছ।" গয়ারামকে
বলিলেন, "দেখ একটা আলোক লইয়া আইস।" গয়ারাম প্রভুর
কথা বুঝিল। আগস্তক আলোক আনিতে নিষেধ করিলেও সে চলিয়া
গেল। অমলেন্ বলিলেন, "এই ছ্র্যোগে ক্লাকে কোণায়
রাখিয়া আসিরাছেন ? আমার ছিপে বিশ্রাম করিবেন কি ?"

আগস্তুক কি ভাবিলেন; শেবে বলিলেন, "আপনি আমাদের প্রাণরক্ষার জন্ত নিজের বিপদকে তুচ্ছ জ্ঞান করিয়াছিলেন, আপনার কথা ঠেলিতে পারিব না। আপনি আমার সঙ্গে আস্ম; আমার কন্তা নিতান্ত বালিকা, তাহাকে লইয়া আপি; আহা, তাহার বড় কট্ট হইয়াছে।"

অমলেন্দুর মনে হইল, আগন্তুক যেন কথাগুলি সাজাইয়া বলিতে-ছেন। যাহা হউক তিনি সঙ্গে সঙ্গে চলিলেন। কিছুদূর 'থাইয়া আগন্তুক ডাকিলেন, "কোথায় মা ?" বান্ধিকা উত্তর দিল, "এসেছেন, এই যে আমি।"

আগস্তুক বালিকাকে তাঁথাদিগের সঙ্গে আসিতে বলিলেন এবং আমলেন্দুর কথা তাথার নিকটে প্রকাশ করিলেন। প্রত্যাবর্তনের সময় চারি জন লোক তাঁথাদিগের পথরোধ করিয়া দাঁড়াইল। তখন ঝড়ও জল অনেকটা থামিয়া গিয়াছে।

অমলেন্দু জিজ্ঞাসা করিলেন, "তোমরা কৈ ?"

চারিজনের মধ্যে একজন জিজ্ঞাসা করিক, "তোমরা কে ?" আগন্তক ক্সাকে আপনার নিকটে টানিয়া লইলেন।

অমলেন্দু বলিলেন, "আমরা যাত্রী, অনুরে আমার নৌকা বাধা আছে; আর আমার সঙ্গী হুই জনের নৌকা জলমগ্ন হইয়াছে, আমি ইহাদিগের সন্ধান করিবার জন্ম নৌকা হুইছে আসিয়াছিলাম।"

পথরোধকারী বলিল, "তোমার নৌকা আমরা দেখিয়াছি। ইহারা তোমার কে ?"

"আমি কোন কথার উত্তর দিব না, তোমরা কে আগে তাহা বল।"

"ভা্মরা পুলিশ—তোমার সঙ্গে কে কেইআছে ?"

• পুলিশ! এখানে ত লোকালয় নাই; এ ছুর্য্যোগে এখানে পুলিশ কেন ?" •

"ডাকাত গ্রেপ্তার করিতে! ওরা কে?"

- " পিতা পুত্রী—আমার পরিচিত নহেন; তবে দফাও নহেন।"
- " স্ত্রীলোক আছেন ? যাই হউক, আমরা গ্রেপ্তার করিব।"
- " আমরা ত দম্যু নহি, কেন গ্রেপ্তার করিবে ?"

প্রথকারী ক্ষুত্র লঠনের আলোক তিন জনের মূখের উপর ধরিম; শেষে বলিন, "আছো, চলিয়া যাও।" সে নিজেও পুলিশের অপর তিনজনকে ।লইয়া চলিয়া গেল।

এতক্ষণ আগন্তুক কোন কথা কহেন নাই; এখন তিনি বলিলেন, "আপনি আবার এক দায় হইতে আমাদিগকে রক্ষা করিলেন; কিন্তু আর আমরা আপনার নৌকার যাইব না; আমাদের জন্ম আপনার অনিষ্ঠ হইতে পারে; এখনই ত আপনাকেও গ্রেপ্তার করিত।"

" ভব্রনাকের বিপদে যদি ভদ্রনোক সাহাত্য না করিবে, তবে কে ক্রিবে? এতক্ষণ আদ্রবিষ্ণে আছেন, আর থাকিবেন না, আপনাদের পীড়া হইবে, বিশেষ আপনার ক্তা নিতান্ত বালিকা ''

আগন্তক কাজেই নৌকার যাইতে স্বীকৃত হইকোন। পুলিশের লোকের। ক্ষিপ্রতার সহিত তিথে আসিয়া বন্ধ পরিবর্ত্তন করিয়ছিল। অমলেন্দ্ আগন্তক ও তাঁহার কলাকে তিপে তুনিরা দিরা আপনি উঠিলেন। তাঁহার আদেশ অমুসারে গয়ারাম দৌত বন্ধ বাহির করিয়া দিল। সকলে বন্ধ ত্যাগ করিলেন। অতঃপর আহারের উদ্যোগ হইল। আহারান্তে আগন্তক জানাইলেন যে তাঁহারা চুঁচুড়ায় বাইতে পারেন। অমলেন্দ্ তাঁহাদ্বিগকে চুঁচুড়ায় পৌছাইয়া দিবেন বলিয়া অঙ্গীকার ক্রিলেন। ছিপে আসিয়া অমলেন্দু দেখিলেন যে আগন্তকের ক্লা বালিকা' সত্য, কিন্তু বালিকার হাবভাব তাহার নাই। অমলেন্দুর মোধ হইল যে বালিক। অতিরিক্ত চতুরা, যেন তেকে ফাটিয়া পড়িতেছে। বয়স ১২।১৩ বংসর হইবে, কিন্তু বিবাহ হয় নাই।

রাত্রি তৃতীয় প্রহরে অমলেন্দু ছিপ খুলিবার আদেশ দিলেন। ভাটার মুখে ছিপ্ ক্রত চলিন। অমলেন্দু অপরিচিত ব্যক্তিকে বলিলেন, "আপনার সাহচর্য্যে বড় প্রীত হইলাম, বিশ্ব এপর্যান্ত আপনার প্রারিচয় না লওয়ায় বোধ হয় বড় অপরাধ করিয়াছি।"

"ষেত্রপ বিপদ মাথার উপর দিয়া গ্রিয়াছে তাহাতে আমারও এ বিষয়ে ক্রটি হইয়াছে। আমার নাম জগদানল সিংহ, নিবাস শান্তিপুর। চুঁচুড়ায় আমার এক আন্ত্রীয় আছেন, কোম কার্য্যের নিমিত তাঁহারই নিকটে যাইতেছি।

- " সেখানে আমি কিছুদিন ছিলাম, কে আপনার আত্মীয় ?"
- " হরিপ্রসন্ন রায়—ব্যবসায় উপধক্ষে জিনি সেখানে থাকেন।"
- " না, চিনিতে পারিলাম না।"
- " মহাশরের পরিচয়টা জানিতে পারিব কি ?'"
- " আমার নাম কৈলাস চত্র বহু; কুশপুরে আমার বাড়ী, সেখানে'
 কিছু জ্বিসা আছে; তাহার উপর কলিকাতায় ব্যবসায়ও আছে!"

"আপনি বে মহাশর লোক, আপনার ব্যবহার দেখিয়াই তাহা বুঝিয়াছিলাম। আপনি আনার কলার জীবন দান করিলেন; আপনার নিকট আমি চিরকুতজ্ঞ।"

অতঃপর আরও ছই একটা কথা হালৈ অমলেনু তাঁহাকে শরন করিতে বলিয়া নিজে ছিপের বাহিরে আসিলেন। জগদানন্দ সিংহ ইহাতে আপত্তি করিলে তিনি বলিলেন যে ছিপের বাহিরে শ্যন করায় তিনি অভ্যন্ত, ইহাতে সঙ্কোচ বোধ করিবার কোন কারণ নাই। প্রক্লত কথা এই যে, অন্যলৈন্দু অধিকক্ষণ তাঁহার নিকটে থাকিতে ইচ্ছা কুরিলেন না।

রাত্রিশেবে স্থােগ বৃথিয়া অনলেন্দু গয়ারামকে বলিলেন, "দেখ, জামার সন্দেহ হইতেছে; চুঁচুড়ায় ব্যবসায়ী হরিপ্রসর রায় কে? যাহাই হউক, ভোমাকে একটা কার্য্য করিতে হইবে।" অনলেন্দু গয়ারামকে কিছু উপদেশ দিলেন।

যথাসময়ে ছিপ চুঁচুড়ার অদূরে ঘাটে গিয়া লাগিল। একজন সিপাহী জিজ্ঞাসা করিল, "কাহার ছিপ ?"

গরারাম উত্তর দিল, "সওদাগরী।" দিপাহী ফিরিয়া **যাইতেছিল,**গয়ারাম তাহাকে ডাকিয়া জিজাসা করিল, "বাজার হুওদুরে?"
দিপাহী অঙ্গুলি নির্দেশ করিয়া দেখাইয়া দিয়া বলিল, "কাছেই।"
অমলেন্দু তথনও ছিপের ছাদে ছিলেন, অগদানন্দ ও তাহার ক্ষয়া
ভিতরেই ছিলেন। গয়ারাম নামিয়া গেল।

জগদানন্দ কন্তাকে লইয়া অমলেন্দুর নিকটে বিদায় গ্রহণ করিতে
 আসিলেন। বলিলেন "আপনাকে বড়ই কন্ত দিয়াছি, অপয়াধ মার্জনা
করিবেন।"

"বেশ! এমন কথা বলিতেছেন কেন?" ভালানল হাসিয়া বলিলেন, "তবে আসি"—বালিকা নমস্কার করিল। ভামবেশু এখনও দেখিলেন, বালিকার সেই ভাব। উভরে ছিপ হইতে তীরে নামিলেন। শানাল ছিপের ভিতরে গেলেন। তাঁহার মনে আকার সন্দেহ হইল; এখানে আজীরের বাড়ী, আমি কলিকাতার যাইব ভানিলেন, অথচ একবারও আমাকে আহারের জন্ম অনুরোধ করিলেন না? অমলেশু চিয়া করিতে লাগিলেন।

এদিকে ছিপ হইতে নামিয়া কয়েক পদ অগ্রসর হইবার পরই একজন পুলিশ কর্মচারী জগদানন্দকে আটক করিয়া জিক্সাসা করিলেন, "আপনার নাম কি ?"

"জগদানন সিংহ; কেন মহাশ্য় ?"

"প্রয়োজন আছে; আপনার নাম জন্বদানন্দ নহে, কালাচাঁদ সিংহ; নহে কি?"

"জগদানন হাসিয়া উঠিলেন। শেবে বলিলেন, "কালাটাদ সিংহ কে ?"

"আগনি—আমি আপনাকে চিনি। আমি আপনাকে গ্রেপ্তার করিব।"

জগদানল যেন অত্যন্ত বিমিত হইবেন, বলিলেন, "বেশ, আমাকে যদি কালাটাদ বলিয়াই মনে করেন, তবে আমার অপরাধটা কি, তাহা শুনিতে পাইব না কি ?"

"অপরাধ, দফাতা।"

"আমি দক্ষা?" জগদানন আবার হাসিয়া উঠিলেন। শেবে ক্সার হাত ধরিয়া বলিলেন, "চল না, এক পাগলের পায়ায় পড়িয়াছি দেখিতেছি।"

"পাগল হইলেও আমি আপনাকে গ্রেপ্তার করিব।"

এইবার উভরের মধ্যে বাক্বিততা উপস্থিত হইল। অমলেশ্ গোলমাল গুনিয়া ছিপের বাহিরে আদিয়া জিজ্ঞাসা করিলেন, "কি জগদানন্দ বাবু? গোলযোগ কিসের ?"

অগদানক ক্রোণভবে বলিলেন, "পুরিশের কাল পাইয়া লোকটার মাথা ধারাপ হইরা গিয়াছে; বলে আমি কালাটাদ। দেখুন ভ ম'শার।" অমলেন্দু ধীরে ধীরে তীরে আসিলেন, দেখিলেন বালিকা ছল ছল
নয়নে তাঁহার প্রতি চাহিয়া আছে। অমলেন্দু পুলিণ কর্মচারীকে
জিজ্ঞাসা করিলেন,—কি হইয়াছে মহাশয় ও জলোককে আটক
করিতেছেন কেন ?

"ইনি দস্থা ; গ্রেপ্তারের ছকুম আছে।"

অমলেন্দুও হো হো করিরা হাসিরা উঠিলেন, বলিলেন — "দস্মা কি এই রকম? উনি যে আমার সঙ্গে আসিলেন; তবে আমাকেও দ্বস্মা বলিয়া গ্রেপ্তার করিবেন না কেন?"

"ইহাঁকে চিনি, আটক করিয়াছি, আপনাকে চিনিলে আপনাকেও আটক করিতাম।"

"বলি, দমার সঙ্গে কি সংলোক থাকে? আমিও ত দমা হইতে পারি?"

"বেশ, না হয় গ্রেপ্তার করিব না; একবার থানার যাইতে দোষ কি ?"

- ্ জগদানন্দ বাবু কথাটা শুনিয়াই বলিলেন, "হাঁ, 'কেন যাইব না ? চল; কোথায় যাইতে হইবে চল।" অমনেন্দু বলিলেন, "ভয় কি মহাশয়, চলুন আমিও যাইতেছি।"
- সকলে থানায় গেলেন। পুলিশ জগদানন্দকে ও তাঁহার কলাকে একটি ঘরে বসাইয়া রাখিল। অমলেন্দু বিষম ক্রোধ প্রকাশ করিয়া প্রধান কর্মচারীর সহিত সাক্ষাৎ করিতে চাহিলেন; একজন প্রহরী তাঁহাকে লইয়া গেল।

কিছুক্ষণ পরে অমলেন্দ্ রাগে গজ্ গজ্ করিতে করিতে প্রধান কর্মচারীকে লুইয়া জগদানন্দ বাবুর নিকটে গমন করিলেন। পুলিশ কর্মচায়ী একথানি কাগজ দেখিলেন, কয়েকবার জগদানন্দ সিংহের মুখ নিরীক্ষণ করিলেন, পরে বলিলেন, "ভূল হইয়াছে, আপানি যাইতে পারেন।"

জগদানন্দ ও তাঁহার কলা উঠিবেন। জগদানন্দ বলিলেন, "পুলিন কেবল নাকাল করিতেই পারে।" পুলিন কর্মচারী ক্ষমলেন্দ্র গা টিপিয়া কানে কানে বলিলেন, "কান্ধটা ভাল করিলেন না।"

থানা হইতে বাহির হইবার পর জন্দানন্দের কল্পা অমলেন্দ্রে বলিলেন, "আপনি আমাদের সঙ্গে আর্দিবেন? আমাদের 'বাড়ীবেনী দূরে নহে।" অমলেন্দ্ এইবার অগলানন্দের কল্পার বালিকাস্থানত হাবতাব দেখিলেন। তিনি বলিলেন, "থাক্, আমাকে কলিকাতার যাইতেই হইবে, ফিরিবার সময়ে অবশাই দেখা করিয়া যাইব। জগদানন্দের কল্পা রাজপথে আবার ভূমিটা হইয়া অমলেন্দ্রেক ক্তজ্ঞতা প্রকাশার্থ নমস্বার করিল। পরে সকলে পৃথক দিকে চলিয়া গেলেন।

পঞ্চম পরিচ্ছেদ।

वार्थ (हुई।।

জিবেণী বাটের অদ্রে তৃণক্ষেত্রের উপরে বসিয়া অক্সিতকুমার তাঁহার বন্ধ ভূপতিচরণের সহিত কথোপকথন করিতেছেন। গদার মাঝিরা নোকার সারিতে সন্ধ্যার দীপ আলিয়াছে। সারাদিন পরি-শ্রমের পর ফান্তিহেতু কেহ বা নোকার বসিয়া হতা কাটিতেছে, আর কেহ বা গান গায়িতেছে। সন্ধ্যার সমাগমে যেন সেই ক্লান্তি, সেই অবসাদ গাঢ় হইয়া পড়িয়াছে। অনেক দিন পরে ভূপতিচরণ আব্দ অবিত কুমারের সহিত দেখা করিতে আসিয়াছেন, তাই গঞ্জের কোলাহসের বাহিরে সন্ধাতীরে অবিতকুমার তাঁহার সহিত বিশ্বস্থালাপে প্রের্ড। এমন সমন্থ সুকুমার পা টিপিয়া টিপিয়া আসিয়া তাঁহাদিগের নিকট হইতে কিছুন্রে উপবেশন করিল। অবিতকুমার অপরের অলক্ষেত্রা দেখিলেন; কিন্তু তাঁহাদিগের কথোপকথনে বন্ধবাত ঘটিল না।

কথার কথার অঞ্জিত মুমার হো হো করিয়া হাসিয়া উঠিলেন; দ্রে বসিয়া স্কুমার সেই হাসির অঞ্জরণ করিল। স্কুমারের আচরণে অঞ্জিত মুমারের ভাবপরিবর্ত্তন ঘটিল না, কিন্তু ভূপভিচরণ বড় বিমিৎ হইলেন। তিনি অঞ্জিতকে ঞিজ্ঞাসা করিলেন, "লোকটা কে হে! পাগল না কি ?" "না" বলিয়া অজিতকুমার পূর্বকথার অবতারণা করিলেন।
কিন্তু ভূপতিচরণের দৃষ্টি সুকুমারের প্রতি ক্রন্ত হইল। তিনি দেখিলেন
সুকুমার তাঁহাদিগের প্রতি চাহিয়া হাসিতেছে, নানারূপ ভাবভঙ্গী
প্রকাশ করিতেছে। তিনি অজিতকে বলিলেন, "দেখ, লোকটা, আমাদিগকেই দেখিতেছে, আর হাসিতেছে। তুমি ওকে চেন না কি ?"
"না"।

"তবে লোকটা এত স্থান থাকিতে আমাদিগের নিকটে অংগিল কেন, আর আমাদিগকে দেবিয়া অমন পাগলামি করিতেছে কেন ?"

"নিকটে আর কই? অনেক দুরে ইসিয়াছে। যাক্, ওদিকে ভুমি চোৰ ফিরাইতেছ কেন ?"

"দেখ, দেখ—লোকটা ত ভারি বদমায়েস, করিতেছে দেখ।" "তুমিও যে পাগল হ'ইলে দেখিতেছি।"

"না, এ কেমন কথা—এমন বেয়াদপ লোক ত কথন দেখি নাই। লোকটার কিছু উদ্দেশ্য আছে।"

"যা ধাকে, এখনই প্রকাশ পাইবে।" । অজিত হাসিলেন।

"তুমি হাসিতেছ যে? লোকটাকে জান না কি? তুমিও হাসিলে, আর ও ব্যক্তিও হাসিন,ঝেঁকেটা তোমারই উপর দেখিতেছি। চন্ত আমরা আর একটু দুরে যাই দেখি ও ইকি করে।"

"কি আর করিবে ? ও ব্যক্তিও যাইবো।"

"ও! বুঝিয়াছি—তবে যে বলিতেছে, **উকে জান না ?**"

"সতাই জানি না, কিন্তু একপ্রকার অমুখান করিতেছি।" অজিতকুমার ও ভূপতিচরণ অভাত্র উঠিয়া গেলেন্। সুকুমার আরও একটু

দূরে গিয়া বসিলেন। ভূপতিচরণ আরও ব্রিমিত হইয়া বলিলেন—

গ্রাপারটা কি আমাকে জানিতে হইছেছে।" উঠিয়া গাড়াইয়া

একটু উচৈতঃ করে বলিলেন,—"তবে এখন আসি।" ভূপতিচরণ অজিতের নিকট হইতে ফিরিলেন। কিছুদ্র অগ্রসর হইলে ক্রুমার ভাহাকে আহ্বান করিয়া বলিলেন, "মহাশয়। আপনার বাড়ী কোধায় ?"

• জুপতিচরণের বড় রাপ হইল, তিনি বলিলেন "খনের বাড়ী"।

"তা যাক, আপনার বাড়ীতে আমি ষাইতে চাহি না; আপনাকে

একটা কথা জিজাসা করিব কি ?"

ज्रिक्तित्र माँ पृष्टे त्यम, वित्यम-"कि कथा ?".

"ঐ লোকটি আমাকে দেখিয়া কেন হাসিতেছিলেন, ৰসিংইন কি ?''

"তিনি কেন হাসিবেন, আপনিই ত হাসিতেছিলেন!"

"আৰি নিজের মনে হাসিতেছিলাম। আমি তাঁহাকেও হাসিতে দেখিয়াতি, তিনি কেন হাসিতেছিলেন ?"

"আপনার রকম দেখিয়। অমারও হাসি পাইতেছিল।"

্ৰ "ভা আপনি হাসুন; তিনি কেন হাসিবেন? তিনি আদাবসবন্ধে কিছু বলিতেছিলেন কি ?"

ু ভূপতিচরণ কোতুহলী হইয়া বলিলেন, "বলিতেছিলেন বে আপনি। পাগল।"

কুকুৰার আর কোন কৰা না বদিরা অনিতরুমারে দিকে অঞ্সয় হুইল। ভূপতিচরণ বদিদেন "আপনি ওদিকে বাইভেট্লেন কেন ?"

শ্বামি পাগন, তিনি আমাকে এত বড় কৰা বৰ্গেন।" সূক্ৰার আর কোন কথা না ভনিরা অভিতক্তবারের কাছে গেন। জোনে কাণিছে কাপিছে বনিন, "কি ব'শার, আপনি আমাকে পাগন ক্রিয়াছেন কেন ?" অজিতকুমার হাসিয়া বলিলেন,—"তুমি কি নিজের কানে ভনিয়াছ ?"

"ঐ ভদ্রলোকটি আমাকে বলিলেন। আরও, আপনি আমাকে ভূমি বলিবার কে ?"

''উনি যদি বলিয়া থাকেন, তবে অবগ্রই আমি ভোমাকে পাগল বলিয়াছি।"

"আবার তুমি ?"—এই বলিয়াই ছুকুমার অজিতকুমারকে ছুই তিনবার মুষ্ট্যাঘাত করিল। ভূপতিচরণ দৌড়িয়া আসিলেন। অজিত হারিয়া ব্যক্ততাবে বুলিলেন, "না, না—কিছু বলিও না। দেখিতেছ না, লোকটা পাগলই বটে।"

"আবার ঐ কথা!"। বলিয়াই সুকুমার আবার মুট্টাঘাত করিল। অজিতকুমার আবার হাসিলেন। ভূপতিচরণের বিষয়ের সীমা রহিল না। তিনি অবাক হইয়া অজিতকুমারের মুখের দিকে চাহিরা রহিলেন।

সুকুমার ক্রোধে কাঁপিতে কাঁপিতে ৰনিল, "তুমি এমন কাপুরুষ । এমন জানিলে তোমার গায়ে হাত তুলিতাম না।"

অজিতকুমার হাসিয়া বলিলেন,—"মামি পুরুষ, তাই রাগ করিলাম না। যাহা হউক, তোমার ইচ্ছা ৠণ হইবে।" সুকুমার চলিয়া
পেল। ভূপতিচরণ জিজ্ঞাসা করিলেন, ''দেখ, তুমি আমাকে অব্যক্ত
করিয়াছ। কথাটা কি বল ত ?"

"লোকটা বিবাদের চেষ্টায় ফিরিতেছিল। আমাকে বেশ ছই
এক বা দেবে, অথবা হত্যা করিবে, এই ইচ্ছা।" ভূপতিচরণ আরও
বিবাত হইরা বলিলেন,—"বল কি १ অজিতকুমার বলিলেন,—
"অনেক কথা, পরে জানাইব।"

ষষ্ঠ পরিচ্ছেদ।

म्पर।

আজিতকুমার রাগ করিলেন না, কাজেই বিবাদ পাকিয়া উঠিক
মা, স্কুমারেরও উদ্দেশ্ত সিদ্ধ হইল না। কোনরপে বিবাদের স্টি
করা এবং আপনাকে অজিতকুমারের শক্র বলিয়া পরিচয় দেওয়াই
স্কুমারের উদ্দেশ্ত ছিল, কিন্ত চতুর অজিতকুমারের নিকটে স্কুমারের
সে উদ্দেশ্ত বার্থ ইইয়া গেল। তথাপি স্কুমার ভাবিল যে, অজিতকুমার ত বলিয়াছেন যে, তাহার ইছা পূর্ণ হইবে। স্কুমার এই
আশার গঙ্গার তীরপথ ধরিয়া প্রেতবনের দিকে অগ্রসর হইল—উদ্দেশ্ত,
প্রক্বার স্বেহলতার সহিত সাক্ষাৎ করিবে।

প্রেতবনের সমীপবর্তী হইয়। সুকুমার গঙ্গাতীরে উপবেশন করিল।
লে প্রেতবনে প্রবেশ করিতেছে, পাছে কেই ইহা দেখিতে পায়, সেই
জাই এই অছিলা করিল। বিসিয়া বসিয়া ভাবিতে লাগিল—রমণীরত্ব
লাভের আশায় নরহত্যা করিতে বসিয়াছি; কালাচ্ছাল সর্দারের বত্তে
প্রতিপালিত ইইয়াছি, তাহার নিকট অন্ত্র শিক্ষা করিরাছি, দস্যাদিপের
শহিত কিছুকাল বেড়াইয়াছি, কিন্তু কখনও এমন মহাশাপ করি নাই।
আজ তাহা করিবার সংকল্প করিয়াছি। বেহলতা কোণায় ছিল,
সানেক দিন তাহার কোন সন্ধানই রাধি দাই, তাহাকে লাভ করিবার

আকাজ্ঞাও ছিল না; কিন্তু সেদিন কেন যে দেখা হইল, কেন ডে সে প্রেত্তবনে লইয়া গেল—কেনই বা সে আমাকে তাহার সর্বস্থ দান্করিবে বলিয়া প্রতিশ্রুত হইল, তাহা কে জানে ? মাহা ঘটিবার তাহা ঘটিবেই, আমার হাতেই যদি অজিতের মৃত্যু লিখিত থাকে, তবে ভাহার প্রতিরোধ করিবার শক্তি আমার নাই।

ভাবিতে ভাবিতে সুকুমার দেখিক যে রাত্রি ক্রমণঃ বাড়িতেছে; চারিদিকে একবার চাহিয়া দেখিক; রাত্রিকালে যতটুকু নন্ধর মার, দেখিক কেহ কোথাও নাই। তখন দে গঙ্গাতীর হইতে উঠিল; ইতস্ততঃ বেড়াইতে বেড়াইতে সহসা বনমধ্যে প্রবেশ করিল।

দস্যগৃহের বহিছারে আদিয়া সুকুমার দেখিল, দার ভিতর হইজে পর্যলক্ষ। দারে করাবাত করিল—একবার, তুইবার, তিনবার কারাবাত করিল, সেহলতার কোন সাড়া পাইল না। কিয়ৎক্ষণ নীরবে অবস্থান করিবার পর আবার একটু জোরে আবাত করিল, ভাষাপি কেব অর্থন ধুলিল না। দারপার্থ হইতে এক খণ্ড ইউক সংগ্রহ করিয়া বাটার ভিতরে নিক্ষেপ করিল, ইউক সশক্ষে দেওয়ালো আহত হইল, তথাপি কেব অর্থন ধুলিল না। স্কুমারের ভাবনা হইল। আরও কিছুক্ষণ অভিবাহিত হইলে সুকুমারে দারে আবার কারাবাত

করিল। শেৰে স্থিত করিল যে একবার স্নেহলতাকে ভাকিবে। কিন্তু শাক্তে ভাষার কর্মসার ব্যাহরে বায়, এই ভয় হইল। সুকুমার দ্যান্ত ছাইয়া পড়িন, শেষে ভাকিল—কিন্ত স্নেহলতা উত্তর দিল না।

শুকুষার তথম ক্রেলতার বিপদাশক। করিয়া প্রাচীরের সমিহিত বৃক্ষে আরোহণ করিল; বৃক্ষশাংশ হইতে প্রাচীরে অবতরণ করিল, শেধে লাফ ছিয়া বাটীর ভিতরে পড়িল। গ্রুহেশ্ব চারিদিকে অন্ধকার। একে একে প্রক্র কন্দের খারেই পেলা, দেখিন সব হার্ই খোলা। অন্ধকারে েদে গৃহের মধ্যে প্রবেশ করিল, স্বেহলতা যে গৃহে আছে, তাহা বৃথিতে পারিল না। যে কক্ষে বদিয়া দেদিন স্বেহলতার সহিত স্কুমার কথোপক্ষণ করিয়াছিল, দৈ কক্ষে স্কুমার হস্তপ্রদারণ করিয়া বৃথিল যে পালম্ব আহে, কিন্ত রৌপা পাত্রাদি নাই; দেওয়ালে হাত দিয়া দেখিল, আয়নাভলিও লাই। দীপের অভাবে স্কুমার প্রকৃত বিষয় জানিতে পারিল না, কিন্ত তাহার মনে যোরতর সন্দেহ উপস্থিত হইল। স্থির করিল, কাল প্রাতৃরে এখানে আদিয়া রহস্যোক্তেদ করিবে।

নানারূপ চিন্তা করিতে করিতে সুধ্যার বহিষ্ রে আসিল; অর্থন পুলিবার সময়ে দেখিল যে অর্থনের সহিত এক্থও বড় কাগজ আঁটা ছহিয়াছে। সূত্যার কাগজখানি লইয়া নিঃশকে প্রেতবন হইতে বাহির হইয়া গেল।

নিজের আবাসে গিয়া কুকুমার কোতৃহল বণতঃ কাগলখানি
দীপালোকে বরিয়া দেখিল। দেখিল যে তাহাতে ত্বেহলতা তাহাকেই
করেকটি কথা লিখিরাছে। লিখিত বিষয় পাঠ করিয়া সুকুমার বৃখিল
যে প্রেহলতা বিশেষ কোন কারণে প্রেতবন হইতে চলিয়া ঘাইতেছে,
চুই একদিনের মধ্যেই ফিরিবে। পত্রে স্নেহলতা তাহাকে তাহার
সংকরের কথা অরণ করাইয়া দিয়াছে; অলিতকুমারের মৃত্যু ব্যতিরেকে
সেংলতা কোথাও স্থাহর হইয়া খাকিতে পারিজেছে না, একথাও
জানাইয়াছে। পত্র পাঠ করিয়া সুকুমারের চিতে নানা চিন্তার উল্লেক্
হইল। স্বেহলতা তাহাকে প্রতারণা করিতেছে, এয়শ সন্দেহও তাহার
মনে স্থান পাইল।

সপ্তম পরিচ্ছেদ।

हलना ।

নানা চিন্তার রাত্রিতে সুকুমারের নিদ্রা হইল না। রাত্রি প্রতাভ হইবার পূর্বেই সুকুমার শ্যা ত্যাগ করিয়া আবার প্রেতবনে গেল। এবার আলোক আলিবার উপকরণ লইয়া গেল।

প্রেতবনে স্বেহণতার গৃহদারের অদুরে উপস্থিত হইবামাত্র স্কু-মারের মনে হইল, কে যেন গৃহ হইতে বাহির হইয়া গেল। সুকুমার বনমধ্যে অন্ধকারে স্পষ্ট তাহাকে চিনিতে পারিল না, তাহার পশ্চাদ-মুসরণ করিল।

সুকুমারের বোধ হইল ধে সে সেহলতা, অপর কেইই নহে। সুকুমার একবার সেহলতা বলিয়া ডাকিল, সে সেই মূহর্ত্তে জত পাদবিক্ষেপে কোথায় চলিয়া গেল। সুকুমার অনেক সন্ধান করিল, আর তাহাকে দেখিতে পাইল না। সুকুমারের সন্দেহ আরও বাড়িল।

রাত্রিকালে সেহলত। প্রেতবনে ছিল কিনা তাহা জানিবার জন্ত সুকুমার দম্মগৃহে গেল। দেখিল সন্ধার পর অমুভূতির সাহায়ে সে গৃহের যেরপ অবস্থা বুঝিতে পারিদ্বাছিল, তথনও সেইরপই আছে। রাত্রিকালে সেই গৃহে যে কেহ ছিল, তাহার কোন লকণই মুকুমার দেখিতে পাইল না। কিন্তু বনমধ্যে সে যে স্কেহলতাকেই দেখিরাছে, এ সন্দেহও তাহার মন হইতে দূর হইল না। স্নেহলতা কেন তাহাকে দেখিয়া লুকাইল, এই চিন্তা করিতে করিতে স্কুমার গৃহে ফিরিল। তথন প্রভাত হইয়াছে।

শুকুমার আহার নিদ্রা ভ্লিল; চিন্তায় সে অধীর হইয়াঁ পড়িল।
ভালিতকুমারকে একজন ভদলোকের সাক্ষাতে সে প্রহার করিয়াছে,
অথচ অলিতকুমার তাহার প্রতিশোধ লইলেন না—স্কুমার একবার
তাহার এই অন্ত ব্যবহারের কথা ভাবিল; আবার পরক্ষণেই স্নেহলতার সহসা স্থানান্তর গমন এবং বনমধ্যে তাহার সাক্ষাংলাভের কথা
তাহার মনে পড়িল। উভয়বিধ চিন্তায় স্কুমার বিচলিত হইয়া পড়িল।

কোনওরূপে দিবাভাগ অতীত হইলে অন্ধিতকুমারের সাক্ষাতের আশায় স্কুমার গলাতীরে গমন করিল। রাত্রি এক প্রহর অতীত হইয়া গেল, কিন্তু অন্ধিতকুমারের সহিত দেখা হইল না। গলাতীর হইতে উঠিয়া স্কুমার পুনরায় প্রেতবনে গেল। দেখিল গৃহের অবস্থা পুর্ববং। অগত্যা সে গৃহে ফিরিন।

রাত্রিতে আহারাদি সমাপন করিয়া সুকুমার স্থির করিল যে গৃছে ধাকা তাহার পক্ষে অসম্ভব হইয়া উঠিতেছে, ইহার অপেক্ষা পদাতীরে বেড়াইতে যাওয়া ভাল। সুকুমার বাটী হইতে বাহির হইল, কিন্তু গদ্ধাতীরে গেল না—বড় রাস্তা ধরিয়া বিপরীত দিকে ত্রিবেণীর প্রাস্ত্র-ভাগে গমন করিল।

রাত্রি দিতীয় প্রহর অতীত হইয়া পিয়াছে। এমন সময়ে সুকুমার দেখিল একখানি অধ্যান আসিতেছে। গাড়ী নিকটবর্তী হইলে সুকু-মার গুনিল, গাড়ীর ভিতরে যেন কোন স্ত্রীলোক ক্রন্দন করিয়া বলি-তৈছে "ওগো আমাকে ছেড়ে দাও। তোমার পায়ে পড়ি, ছেড়ে দাও।" সুকুষার স্থির করিল বে, কোন রমনীকে কেই ধরিয়া লইয়া যাই-তেছে। "কে গা ? কি হয়েছে ?" বলিয়া সুকুষার গাড়ীর দিকে দৌজিয়া গেল। তখনই এক বাক্তি রমনীকে গাড়ী হইতে নামাইয়া দিয়া গাড়ী ছুটাইল। সুকুষার নিকটবর্ত্তা হইতে রমনী অব্ভাইন বদন ঢাকিল।

ক্ষার বলবান পুরুষ। রমণীর প্রেমের আশায় সে নরহত্যা করিতে প্রতিশ্রত ইইয়াছে। সেংলতার ক্ষপ ও ঐবর্ধ্য তাহাকে পালন করিয়া তুলিয়াছে; নতুবা স্কুমার শিশাচ নহে। গোকটা গাড়ী ছুটাইয়া পলায়ন করায় স্কুমারের জোন হইল। একবার মনে করিল, গাড়ীর পণ্টাহাবন করিয়া লোকটাকে দণ্ড দিবে, কিন্তু রমনীকে অসহায়া অবস্থায় কেলিয়া বাওয়াও সে সঙ্গত বলিয়া বিবেচনা করিল না। স্কুমার নিরুপায় হইয়া রমনীকে জিজ্ঞালা করিল, "আপনার কোন ভর নাই, আমাকে আপনার ভাই বলিয়া মনে করিবেন। কে আপনাকে লইয়া যাইতেছিল ?"

द्रवनी कथा करिन ना, निष्न ना।

স্কুমার আবার বলিল, " আপনার বিপদের কথা না বলেন, স্কান্তি মাই। আপনাকে কোণায় রাধিয়া আসিতে হইবে বলুন, আমি আপ-নাম্ব সঙ্গে যাইতেছি।"

রমণী অবগুঠন ঈবং উল্লোচন করিয়া বলিল, "আপনি আমাকে রক্ষা করিয়াছেন, আপনার কাছে লাভা করিয়া লাভ নাই। আমি কোন ধনবান ভারলোকের কলা, এখন আমি এই পর্যান্ত বলিতে পারি, পরে লব কথাই বলিব।"

ক্ষুমার দেখিল, রমণী সুন্ধরী। রমণীর হার্ভাবে, বুরিল বে সে সুকুমারকে বিমান করিতে পারিতেছে না। সুকুমার বিলন, " বাই হোক, রাত্রিকালে রাস্তায় দাঁড়াইয়া থাকা ভাল নংহ, কোখায় বাইতে হইবে বলুন। " •

দূরে আর একথানি গাড়ী আদিতেছিল। স্থকুমার বলিল, " গাড়ী ভাড়া করিব কি ?" রমণী ঘাড় নাড়িয়া সম্মতি জ্ঞাপন করিল। রমণীর কথা অনুসারে গাড়োয়ানকে গন্তব্য স্থান নির্দেশ করিয়া দেওয়া হইল। উভয়ে গাড়ীতে উঠিল।

কিছুক্ষণ পরে গাড়ী ত্রিবেণীর প্রান্ত সীমায় একখানি দ্বিতল বাড়ীর সম্মুখীন হইলে রমণী গাড়ী থামাইতে বলিল। গাড়োরানকে বিদায় দিয়া রমণী প্রাঙ্গণে প্রবেশ করিল; সুকুমার প্রত্যাবর্ত্তন করিতেছিল, কিন্তু রমণী বলিল, "আপনি আমার বক্ষাকর্ত্তা, একবার বাড়ীতে পায়ের গ্লা দিন। আপনাকে দেখিলে সকলে সুখী হইবেন।"

স্থাকুমার ভাবিল—এ কেমন কথা! রাত্রিকালে গ্রীলোকের এরপ বিপদ। ইহা ত গোপনীয়। বাড়ীবু লোকও কি ইহা জানে ?- স্থাকুমার বিশিত হইয়া রমণীর সঙ্গে সঙ্গে গেল।

- রমণী সুকুমারকে দিতলে লইয়া গেল। সুকুমার বাড়ীর সজ্জা দেখিয়া বুঝিল যে ধনবানের অট্টালিকা বটে। দিতলে একটি সুসজ্জিত কক্ষে উভয়ে প্রবেশ করিল। কক্ষটি নানাবিধ আলেখা, বহুম্লা আলোকাধার প্রভৃতিতে সুশোভিত। সুকুমার আর্জ বিশিত হইয়া বলিল, "আপনারা ধুব ধনবান সন্দেহ নাই, কিন্তু বাড়ীতে অপর কাহাকেও'ত দেখিতেছি না ?"
- · "সকলে নিদ্রিত আছেন। যাই হোক, আপনি ক্থনও এ দিকে আসেন নাই কি ?"
- ্র'না, আন্ধি কার্মিকদিন মাত্র এখানে আসিয়াছি। এ অঞ্জে একদিনও আসি নাই।"

" আপনার বড় কন্ট হইয়াছে; আপনি একটু বস্থন, জামি আসি-তেছি।" রমণা চলিয়া গেল। স্কুমার আশ্ববিশ্বত হইয়া স্থন্দর মখমলে আরত কাষ্ঠাসনে উপবেশন করিল।

এইভাবে কিয়ৎক্ষণ অতিবাহিত হইল; অথচ রমণী আর আসিল না। সুকুমার ব্যস্ত হইয়া পড়িল। তাহার মনে আবার এক সন্দেহ উপস্থিত হইল। সুকুমার ভাবিল, কেছ তাহাকে ছলনা করে নাই ত ? আরও কিছুক্ষণ অতীত হইলে সুকুমার স্থির করিল যে নীরবে এই অট্টালিকা হইতে চলিয়া যাওয়াই শ্রেয়ঃ। সুকুমার উঠিল। কক্ষের বাহিরে দালানে আসিল। দেখিল দালানের দ্বার রুদ্ধ। রমণী দ্বার বন্ধ করিয়া চলিয়া গিয়াছে, সুকুমার তাহা জানিতেও পারে নাই। সুকুমারের এখন দৃঢ় বিশ্বাস হইল যে, কেহ শয়তানী করিয়াছে।

অজিতকুমারকে হতা। করিবার জন্ম সুকুমার সর্বাদাই জামার পকেটে পিস্তল ও ছোর। রাখিত, এই বিগদের সময়ে সুকুমার স্থির করিল যে, যদি কোন দস্ম তাহার সন্মুখীন হয়, তবে সে তাহাকে হত্যা করিতে কণামাত্র বিচলিত হইবে না। আত্মরক্ষার জন্ম সুকুমার প্রস্তুত হইল।

পিন্তল লইবার জন্ম সুকুমার পকেটে হাত দিল; দেখিল পিন্তল নাই, এক খণ্ড প্রন্তর আছে। অপর পকেটে হাত দিয়া দেখিল ছোরা নাই। সুকুমার তথন শক্ষিত হইল। রমণী যে গাড়ীতে কোন সময়ে এ গুলি সংগ্রহ করিয়াছে, সুকুমার তাহা বুঝিল; মৃত্যু যে নিকটবর্তী সুকুমারের তাহা বুঝিতে বিলম্ব হইল না!

অন্টম পরিচ্ছেদ।

আমি অজিতকুমার।

সুকুমার অন্তমনস্ক হইয়া বসিয়া পড়িল। ক্ষণকাল পরে সহসঃ কাহার কণ্ঠধ্বনি সুকুমারের শ্রুতিগোচর হইল—"কে, সুকুমার ?"

সুকুমার ফিরিয়া চাহিল—দেখিল সন্মুখে অজিতকুমার। সুকুমারের কাণ্ডজান লুপ্ত হইবার উপক্রম হইল। অজিতকুমার বলিলেন, "তুমি চলিয়া যাইবার চেষ্টা করিতেছিলে ?"

আমরা পুর্বেই বলিয়াছি, সুকুমার বলিষ্ঠ ও সাহসী। বিপদে মৃত্তা প্রকাশ করা তাহার স্বভাব নহে। অজিতকুমারের কথা গুনিয়া অত্যন্ত যুগা সহকারে সুকুমার বলিল, "ও। তুমিই এই ছল্নার' নায়ক।"

· • "এ কি ছলনা ?"

"ছলনা নহে ত কি ? তুমি জান যে স্ত্রীলোকের উপর অত্যাচার হুইতে দেখিলে আমি স্থির থাকিতে পারি না, তাই এই চাতুরী করিয়াছ। কেবল আমাকে—"

"কেবল তোমাকে রক্ষা করিবার জন্ম।"

"প্রবঞ্চক। বল যে হতা। করিবার জন্ত।" সুকুমার ক্রোং কাঁপিতে লাগিল।

- " ভূল বুঝিরাছ, আমি তোমার প্রাণরক্ষার জন্মই এই কার্য্য করি-য়াছি।"
 - " তবে আমাকে নিরন্ত্র করা হইয়াছে কেন্ ?"
 - " তাহা না করিলে তোমার প্রাণরক্ষা করা কঠিন হইত।"

সুকুমার ত্বণায় মুথ বিকৃত করিয়া বলিল, " আর প্র: ণরক্ষার কথা বলিও না। প্রাণরক্ষার পথ ত আটক করিয়াছ।"

- " বুঝিতেছ না স্কুমার। তোমার জোধের সময়ে জান থাকে না.
 তাহা আমি বুঝিয়াছি। ক্রোধের সময়ে জন্ধ হাতে থাকিলে হয়ত তুমি
 আমাকে আক্রমণ করিতে পার, তাহা হটলে আমাকে তোমার প্রাণনাশ
 করিতেই হইবে—এই জন্ম তোমাকে নিরন্ধ করিয়াছি। তোমাকে
 রক্ষা করাই আমার উদ্দেশ্য।"
 - " আমরা পরস্পর শক্র, তোমার কণায় বিশাস হয় না।"
 - '' ভূল সূকুমার, আমি তোমার শক্ত নহি, তোমার সূসং।"
- " যাই হও, এখন ভোমার হাতে পড়িলছি, হত্যা করিতে হয়, হত্যা কর। "
- " নী; তোমাকে একটা কথা জিজাশা করি—আমরা পরস্পরকে ত জানিতাম না—কাল তুমি যথন আমাকে অবমানিত করিয়াছ, সেই সময় ছইতে তোমার সহিত আমার যাহা কিছু সম্বন্ধ। তৎপূর্বে কিছু ছিল কি ?"
 - " আমি আর কোন কথা বলিতে চাহি না।"
- " তুমি না বল, আমি বলিতেছি। তুমি আমাকে ইত্যা করিবার স্থযোগ পুঁজিতেছিলে; সেই জন্ম বিবাদের অছিলায় আমাকে প্রহার করিয়াছিলে, আমি জানি তুমি ওপ্রভাবে ইত্যা করিবে না—"
 - " কে ব্রণিল- " স্কুমার বিখিত ১ইল।

" আমি বলিতেছি। যাই হোক, এখন বলপরীক্ষা করিতে পার। করিতে পার কেন বৃদ্ধিতৈছি, তুমি করিতে বাধ্য। যে কোন অস্ত্র চাও, আমি দিতেছি।"

• " কোঝার পরীক্ষা হইবে ? এইখানে ?—এখানে ত আমাকে হত্যা করাই তোমার উদ্দেশ্য।"

অজিতকুমার ঈষৎ হাসিয়া বলিলেন, "দেখ সুকুমার, তুমি প্রতারিত হইয়াছ।"

স্থুকুমার বিজ্রপের হাসি হাসিয়া বলিল "যাহা হউক, তবু স্বীকার করিতেছ যে, আমি প্রতারিত হইয়াছি।"

"সতাই তুমি প্রতারিত হইয়াছ—সৌন্দর্য্য ও ঐশ্বর্যাের মােহে তুমি কাণ্ডজ্ঞান হারাইয়াছ।"

স্কুমার বিশার বিশারিত নেত্রে একবার অজিতকুমারের দিকে চাহিল। স্বেহলতার কথা অজিতকুমার জানে; সে যে স্কুমারকে তাহার সর্বস্থ দান করিবে বলিয়ীছে, অজিত তাহাও গুনিয়াছে—'এইরপ চিস্তা স্কুমারের হৃদয়ে স্থান পাইল। স্কুমার একটু চালাকি করিয়া বলিল, "তুমি যদি আমার গুভাকাক্ষী, তবে আমাকে ছার গুলিয়া দাও।"

"দিতেছি; আর একটু অপেক্ষা করিতে হইবে। তুনি আমাকে
 প্রহার করিয়াছ, অবমানিত করিয়াছ।"

. "হাঁ করিয়াছি।"

় "কোন প্রকারে বিবাদ করিয়া বলপরীক্ষা, অথবা এক কথা? আমাকে হত্যা করাই তোমার অভিপ্রেত ছিল।"

"হাঁ, তাহাই ছিল।"

[&]quot;তবে এস বলপরীকা করিব।"

"তুমি ছলনা করিয়া আমাকে এখানে আনিয়াছ, এ বিষয়েও চাতুরী করিতে পার, তোমাকে বিশ্বাস নাই।"

"না, কোন প্রকার চাতুরী নাই।"

"আমি বলপরীক্ষা করিতে চাহি না।"

"করিতেই হইবে। তুমি আমাকে প্রহার করিয়াছ, অবমানিত করিয়াছ, আমি তাহার প্রতিশোধ গ্রহণ করিব।"

"সেইভাবে গঙ্গাতীরে যাইও, সেধানে পরীক্ষা হইবে।
তোমার
গৃহে আবদ্ধ হইয়া আমি তোমার সহিত বলপরীক্ষায় প্রায়ত হইতে
পারি না।"

"নরঘাতকের পক্ষে এইরূপ কাপুরুষতাই শোভা পায় বটে। যাই হোক স্থুকুমার, তুমি বেশ জানিও, স্বেহলতাকে তুমি বিবাহ করিতে পাইবে না।"

অজিতকুমার ছইখানি অসি বাহির করিলেন। সুকুমারের সন্মুখে অসি ছুইখানি স্থাপন করিয়া ধলিলেন, "ভূমি আমাকে বড়ই অবমানিত করিয়াছ। আজ হয় ভূমি আমার প্রাণ গ্রহণ করিবে, নতুবা আমি তোমার প্রাণ গ্রহণ করিব। গতান্তর নাই সুকুমার; যে অসি ইচ্ছা গ্রহণ কর। সত্য বলিতেছি, এ বাড়ীতে অপর কেই নাই, অসি গ্রহণ কর।"

"তবে তাহাই হউক" বলিয়া সুকুমার একখানি অসি গ্রহণ করিল। উভয়ে প্রস্তুত হইলে সুকুমার বলিল, "একজনকে মরিতেই হইবে; আযার একটি নিবেদন আছে—এখানে লিখিবার সরঞ্জাম আছে কি ?"

"আছে" বলিয়া অজিতকুমার সমস্ত বাহির করিয়া দিলেন। স্লকুমার একথানি পত্র লিখিল, আর একথানি কাগজে ঠিকানা লিখিয়া দিল। লেখা খেষ হইলে বলিল, "ৰার একটি কথা বলিবার আছে । আমার মৃত্যুর পর তুমি দয়া করিয়া এই পত্রথানি পাঠাইয়াদিও। এই কাগজে ঠিকানা রহিল।"

অজিতকুমার হাসিয়া বলিলেন, "তোমারই যে মৃত্যু হইবে, তাহার স্থিরতা কি.? তুমি কালাচাঁদ সন্দারের শিষ্য,—"

• সুকুমার শিহরিয়া উঠিল! অজিতকুমার তাহার অবস্থা দেখিয়া বলিলেন, আমার কথা শুনিরা তুমি বিস্বিত হইতেছ? তুমি বহুকাল পূর্ব্বে কালাচাঁদ সর্দারের শিষ্য ছিলে, তাহা জানি। তুমি দস্যতাকে ঘুণা কর বলিয়া তাহার সঙ্গ ত্যাগ করিয়াছিলে, তাহাও জানি। আমার কথায় বিস্বিত হইও না। কি বলিতেছিলাম, তুমি কালাচাঁদ সন্দারের শিষ্য অস্ত্র-চালনায় স্থপটু, তুমি যে আমাকে হত্যা করিতে পারিবে না, তাই বা কে বলিল ?"

"ছলনা-জাল যে ভাবে বিস্তৃত হইয়াছে, তাহাতে আমি নিজের মৃত্যুই নিশ্চিত বলিয়া বুঝিতেছি। যদি অন্ত্রযুদ্ধে আমার জয়ের আশা দেখা যায়, তোমার কোন সহচর আসিয়া ত আমাকে হত্যা করিতে পারে?"

"তুমি এই সন্দেহ করিতেছ? আমি শপথ করিয়া বলিতেছি, এখানে তুমি ও আমি ছাড়া তৃতীয় ব্যক্তি কেইই নাই। এই মুর্প্ত রেজনীতে লোকালয়ের বাহিরে, এই দিতল অট্টালিকার মধ্যবতী কক্ষে, উভয়ে ধর্মযুদ্ধ করিব। তুমি নরবাতক হইতে প্রভিশ্রুত হইয়াছ, আমি নরবাতক নহি। যাহা হউক, তোমার পত্র, আমি জীবিত থাকিলে, অবশ্রই প্রেরিত হইবে। এখন অসি গ্রহণ কর, প্রস্তুত হও।"

স্কুমার অৃদি গ্রহণ করিল। উভয়ে যুদ্ধার্থ প্রস্তুত হইল।
ভিভয়ের অদি ঘুরিতে লাগিল। দেই স্তন্ধ রক্ষনীতে ত্রিবেণীর

প্রান্তভাগে দীপালোকে অত্যুজ্জ্বন কক্ষে অসির সংঘর্ষ জনিত শব্দ হইতে লাগিল। যাহার জন্ম ছুইটি মানবের জীবন শইয়া এই মহা অসি-ক্রীড়া, সেই স্নেহলতা ইহার কিছুই দেখিল না, কিছুই জানিল না।

কিরৎক্ষণ এইভাবে অভীত হইলে অজিতকুমার সুকুমারকে অদি সংবরণ করিতে বলিলেন। সুকুমার অদি নামাইল। অজিতকুমার বলিলেন, "এখন বোধ হয় বুঝিতেছ যে, কে বাঁচিবে, তাহার কিছুই ঠিক নাই। এখন বোধ হয় বুঝিওেছ যে, আমি অস্ত্রচালনায় তোমার অপেকা আর পটুনহি। তুমি এ বিষয়ে স্থানক, সুতরাং তুমি বুঝিয়াছ যে ছইবার আমি তোমার প্রাণরক্ষা করিয়াছি। তোমাকে হত্যা করিবার ইচ্ছা থাকিলে তোমাকে প্রথম বারেই হত্যা করিতে পারিতাম।"

সুকুমার বুঝিয়াছিল যে অজিতকুমার ছুইবার সুযোগ হারাইয়া-ছেন। সুকুমারের ধারণা হইয়াছিল যে অজিতকুমার অস্তালনায় সুদক্ষ নহেন, নতুবা এই ছুইবারে'তাহার প্রাণরক্ষা হইত না। কিন্তু অজিতকুমারের মুখে সুযোগ ছুইটির কথা শুনিয়া সুকুমার শুভিত হইল; বলিল, "বুঝিয়াছি।"

অঞ্চিতকুমার বলিলেন "বেশ, তবে আবার প্রস্তুত হও।" আবার অসির ঝনৎকার কক্ষমধ্যে প্রতিধ্বনিত হইল। গতবারে অঞ্চিতকুমার কেবল আত্মরক্ষার চেঠা করিয়াছিলেন, এবারে তিনি সুকুমারকে আক্রমণ করিলেন। সুকুমার সে আক্রমণ সহু করিতে পারিল না। সহসা সরিয়া গিয়া অস্ত্রত্যাগ করিল।

অজিতকুমার বিজ্পব্যঞ্জক স্বরে হাস্য করিয়া বলিলেন, "কাপুরুষের ক্যায় অস্ত্রতাগ করিলে কেন? ইহাতে তোমার নরশোণিত-পিপাসা মিটিল কই?" স্কুমার গন্তীর ভাবে বলিল, "আমি গলা পাতিয়া দিতেছি, আমাকে হত্যা কর।"

্ অ্রিতকুমার আরও হাসিয়া বলিলেন, "এখনও ভূল করিতেছ সুকুমার শবাই হউক, অসি-যুদ্ধে যদি অসমর্থ হও, পিন্তল দিতেছি।" অভিতকুমার ভূইটি পিন্তল বাহির করিলেন। সুকুমার বলিল, "আমি পিন্তল গ্রহণ করিব না।"

"তাহাও কি হয় ? তুমি আমাকে অবমানিত করিয়াছ, আমাকে তাহার প্রতিশোধ লইতেই হইবে।"

"আমি বক্ষঃ পাতিয়া দিতেছি, গুলি কর।"

নর্থাতকেরা দেভাবে প্রতিশোধ লইবে, আমি ধর্ম্ম করিতে চাই। ধর, প্রস্তুত হও।"

"আমি কোন অস্ত্র গ্রহণ করিব না। তোমার হাতে পড়িয়াছি, ভূমি যে কোন উপায়ে প্রতিশোধ ক্লইতে পার।"

"বেশ, তবে তোমার প্রাণরক্ষা করিলাম, ইহাই প্রতিশোধ।
কিন্তু জানিও, অসি বা পিন্তল, কিছুতেই তুমি আমার সমকক্ষ নও।
ইহা আমার মুখের কথা নহে, আমি দেখাইতেছি।"

শক্তিত্মার কক্ষের এক প্রাপ্তে টেবিলের উপরে ছোট ছোট তিনটি কাগন্ধের গুলি বিভিন্ন স্থানে রাখিলেন। পরে কক্ষের ভিতরে ক্রুত পদচরণা করিতে করিতে উপযুগপরি তিনবার আওয়াজ করিলেন স্কুমার দেখিল, টেবিলে পিস্তলের গুলির চিহ্নাত্র নাই, কাগজগুণি উড়িয়া গিয়াছে, দেওয়ালে গুলি প্রবিষ্ট হইয়াছে। স্কুমার বৃকিল শক্তিকুমারের লক্ষাবেধ খনন্সসাধারণ।

ইহার পর অজিতকুমার একটি আলেধাের সৃহিত হই গাছি হয়
বাধিলেন; হইটি আলু সেই হয়েবরে আবদ্ধ হইল, আলু হইটি ঝুলিয়ে

লাগিল। অজিতকুমার তরবারির আক্ষালন করিতে করিতে সহসা স্ত্রেষয়ের মধ্যহলে আঘাত করিলেন; আলু হুইটি নিমে পঠিত হুইবার পূর্ব্বেই অজিতকুমার আবার হুইবার তরবারি চালনা করিলেন। স্কুমার দেখিল আলু হুইটির মধ্যস্থল তিল্ল হুইয়া গিয়াছে। স্কুমার স্তুপ্তিত হুইল।

তথন অজিতকুমার হাসিয়া বলিলেন, "সুকুমার! এখন বােধ হয়
বুঝিতেছ যে, তােমাকে হতা৷ করিবার ইচ্ছা থাকিলে আমি অনায়াসেই
তাহা পারি। কিন্তু আমি জানি, তুমি মােহে পড়িয়া কুকর্মে প্রবৃত্ত
হয়াছিলে, তােমাকে আমি হতা৷ করিব না। আমি প্রথমাবিধি
তােমাকে বলিতেছি যে তােমার প্রাণরকার জন্তই তােমাকে আমি
নিরন্ত্র করিয়াছি। এখন বােধ হয় আমার কথার যাথার্থ্য হলয়ঙ্গম
করিলে। শােন সুকুমার, তুমি নিজের সর্ব্বনাশ নিজেই করিতেছিলে।
স্নেহলতার চাটুবাক্যে মুগ্ধ হইয়৷ তুমি মৃত্যুকে আলিঙ্গন করিতেছিলে।
বেশ জানিও, এই যুদ্ধে আমি হত হইলেও তুমি রক্ষা পাইতে না।"

"কেন, সে কি আমাকে হত্যা করিত ?"

"দস্মাপালিতা স্নেহলতার অধীন যে কোন নরপিশাচ নাই, একথায় ভূমি বিশ্বাস করিও না। স্নেহলতা তাহার সাহায্যেই তোমার প্রাণ-সংহার করিত। অনেকে এইভাবে প্রাণ হারাইয়াছে।"

সুকুমারের ভাব দেখিয়া অজিতকুমার বুনিলেন যে সুকুমার তাঁহার এই কথায় বিশাস করিতে পারিতেছে না। তখন তিনি বলিলেন, "বিশাস হইতেছে না? আছো জিজ্ঞাসা করি, আমাকে হত্যা করিবার পরামর্শ দিয়া সে লুকাইল কেন?"

স্থকুমারের নয়নে বিশায়ের ভাব ফুটিয়া উঠিল। অজিতকুমার বলিলেন, "তুমি আমাকে অবমানিত কবিবার পর তাহার সহিত দেখা ু করিতে গিয়াছিলে, দেখা পাও নাই; কাগন্ধ পড়িয়া বুঝিয়াছিলে যে, সে স্থানান্তরে গিয়াছে। কিন্তু একথা যে ঠিক নহে, তাহা তুমি বুঝিয়াছ, শেষ রাত্রিতে বন মধ্যেই তাহাকে তুমি দেখিয়াছ।"

ু সুকুষারের বিশ্বয়ের সীমা রহিল না। অজিতকুমার এ সকল গোপনীর সংবাদ কিরপে জানিলেন! সুকুমার হতভম হইয়া জিজাস করিল, "আমি বড় অপরাধ করিয়াছি, আপনি কে, তাহা জানি না; আমি বারংবার আপনার অবমাননা করিয়াছি।" সুকুমার আং "তুমি" বলিয়া সংঘাধন করিতে পারিল না।

অজিতকুমার তাহার চিত্তবিকার দেখিয়া হাঁসিয়া বলিলেন, "আফি অজিতকুমার, তোমার বন্ধ।"

"আমি সব বুরিতেছি, কেবল একটা কথা বুরিতেছি না। আপনি আমার প্রাণরক্ষা করিলেন কেন ?"

"তুমি যে আমার বন্ধু!"

"বন্ধু নহি; কখনও ছিলামু না, এখনও নহি। নিশ্চয় আমা প্রাণরক্ষায় আপনার কোন স্বার্থ আছে।"

"আছে।"

"ও! স্বার্থসিদ্ধির জন্ত ?" সুকুমার ঘণাবাঞ্জক হাস্য করিল।
 "কি স্বার্থ, শোন। স্নেহলত। জানে যে তুমি তাহার রূপ ও এখে
 . মুঝ হইয়াছ। স্বতরাং তোমার হারা আমার অভীষ্ট সিদ্ধ হই।
 পারে।"

"ওহো, আগে তাহা বলেন নাই কেন? একটা স্ত্রীলোক প্রথাবহানি করাই উদ্দেশ্য।" স্থুকুমার ম্বণার সহিত কথাগুলি বলিল। "তুমি এখনও ভূল বুরিতেছ়া তাহার প্রাণ গ্রহণ করা কি আফ পক্ষে এতই কটুসাধা? তা নয়; সে যাহাতে কাহারও প্রাণ গ্র করিতে না পারে, তাহার মতি গতি যাহাতে পরিবর্টি । হয়, ইন্ছার উপায় করাই আমার উদ্দেশ্য।"

"আপনি ত তাহাকে আনায়াসে পুরিশের হাতে কিতে পারেন। ফৌজদারকে সংবাদ দিলে যে কার্য্য হয়, তাহার জন্ত এত আয়োজন কেন ?"

"পুরুষ হইয়া একটা সামান্ত স্ত্রীলোকের এই ভাবে অনিষ্ট করিব ? যে কার্য্য আমি নিজে পারি, সে কার্য্যের জন্ত কৌজদারের দারস্থ হইব কেন ? বাঙ্গালীর মেয়েকে বাঙ্গালী সোজা করিতে পারিবে, তাহার জন্ত ইংরাজকে ডাকিব কেন ? আমি স্বয়ং উদ্যোগি হইলে তাহার বিপত্তি ঘটিতে পারে; কিন্তু ভোমাকে সৈ বিশ্বাস করে, ভূমি পরোক্ষ-ভাবে চেষ্টা করিলে সে কোনরূপ সন্দেছ করিবে না—আমার উদ্দেশ্ত সহজে সিদ্ধ হইবে।"

শুকুমারের চক্ষে জল আসিল। এমন মহাপুরুষের প্রাণনাশের সংকল্প করিয়াছিল বলিয়া তাহার ছদ্দে অফুশোচনা উপস্থিত হইল। বৈ যুক্তকরে যথোচিত বিনয়ের সহিত বলিল, "আমি না বুঝিয়া অপরাধ করিয়াছি। আপনি যাহা বলিবেন, আমি তাহাই করিব। আপনি দ্যা করিয়া আমাকে বন্ধুভাবে গ্রহণ করিয়াছেন, আমি প্রাণপাত করিয়া আপনার আদেশ পালন করিব। এখন বলুন, আপনি কে?"

জ্ঞিজকুমার হো হো করিয়া হামিয়া উঠিলেন; বলিলেন "আমি .' দেবতাও নহি, অভূত কোন জীবও নহি। আমি অজিতকুমার।"

. - 4

"না বলুন, আপনি কে ?"

"আমি অজিতকুমার।"

নবম পরিচ্ছেদ।

অভিনব সঙ্কর।

গঙ্গাতীরে সুকুমার অজিতকুমারকে অবমানিত করিয়াছিল; অজিতকুমার এই ভাবে সেই অবমাননার প্রতিশোধ গ্রহণ করিলেন। সুকুমার
তাঁহার অলুগত হইল সত্যা, কিন্তু তথনও তাহার ধাঁধা ঘুচিল না।
অজিতকুমার কে, কেন একটা স্ত্রীলোকের পশ্চাতে ফিরিতেছেন,
কেনই বা তিনি তাহাকে বকুতাবে গ্রহণ করিলেন, এই সকল চিন্তা
সুকুমারের হৃদয়ে স্থান পাইল। অজিতকুমার কাষ্ঠাসনে উপবেশন
করিয়াছিলেন, সুকুমার তাঁহারই পার্শ্বে বিভিন্ন আসনে উপবেশন
করিল, বারংবার অজিতকুমারের প্রতি দৃষ্টিপাত করিতে লাগিল, কিন্তু
সন্দেহের কথা সে মুখ ফুটিয়া বলিতে পারিল না। চতুর অজিতকুমার
তাহার ভাবভঙ্গী দেখিয়া বৃঝিলেন যে সুকুমারের সন্দেহ এখনও
অপনাদিত হয় নাই। তাই তিনি বলিলেন, "সুকুমার এখনও তুমি
ভাবিতেছ যে আমি তোমার সঙ্গে চাতুরী করিতেছি, নয় ।"

অজিতকুমারই কথাটা পাড়িলেন দেখিয়া সুকুমার আখন্ত হইল।

-- সে তাহার সন্দেহের কথা প্রকাশ করিতে সন্ধোচ বোধ করিতেছিল।

অজিতকুকারের প্রশ্ন ভ্রিয়া সে হাঁফ ছাড়িয়া বাঁচিল। বলিল, "সত্য কথা বলিতে কি, আমার মনে বড়ই ধাঁগা উপস্থিত ইইয়াছে।"

"বেশ, তোমার সন্দেহ আমি দূর করিয়া দিতেছি কিন্তু স্নোগে, আমি তোমাকে একটা কথা জিজ্ঞাসা করিব; তুমি সরল ভাবে সে কথার উত্তর দিতে পারিবে কি ? মিথাা কথা করিও না, কাপট্য করিও না, আমি তোমার কোনরপ অনিষ্ট করিব না।"

"আমার সহিত সম্ভাবে আপনার স্বার্থ আছে, তাহা আমি বুঝিতছে; সুতরাং আপনি আমার অনিষ্ট করিবেন না, তাহাও স্বীকার করিতেছি। যাই হোক, আপনি কি জিজাসা করিতে চাহেন, বলুন; আমি সরল ভাবেই আপনার কথার উত্তায় দিব।"

অজিতকুমার সহাস্যে ঘাড় নাড়িয়া বলিলেন, "উঁহ, ওভাবে কথা কহিলে চলিবে না; রোগীর ঔষধ খাওয়ার মত নাক টিপিয়া চোধ বুজিয়া কথা কহিলে চলিবে না। আমি প্রাণ খুলিয়া বলিতেছি যে আমি তোমার বন্ধু; তুমি প্রাণ খুলিয়া বল যে বন্ধুর কাছে অকপট ভাবে সকল কথার উত্তর দিবে।"

"আছা, আমি যদি কপটতা করি ?*

"তা' হলেও আমি তোমার অনিষ্ট করিব না, তুমি কপটতা করিলেও আমি তোমার বন্ধুই থাকিব। তবে কপটতা করিলে আসল কথাটা 'জোমার কাছে প্রকাশ করিব না; তোষার সন্দেহ দূর করিতে গেলে যে সকল কথা তোমাকে বলা আবশ্যক, যে সকল কথা তোমাকে বলিবনা।"

সুকুমার একটু চালাকি করিয়া বিলিল, "আপনার কথা শুনিয়া' আমার বড় হাসি পাইতেছে—আমি ফালি কপটতাই করি, আপনি তাহা কিরপে জানিবেন ?"

অজিতকুমার হাসিয়া উঠিলেন। বলিলেন, "সুকুমার বোকার মুদ্দ কথা কহিতেছ কেন ? যে লোক ত্রোমার নাড়ী নক্ষত্রের খবর জানে, সে তোমার সামান্ত কপটতাটুকু বুঝিকে পারিবে'না ?" সুকুমার অপ্রতিভ হইল; কিন্তু মুখের ভাব সামলাইয়া লইয়া বলিল, "তাই যদি পারিবেন, তবে আমি কপটতা করিব কি না, সে কথা জিজাসা করিতেছেন কেন?"

"ইহাও এক রকম পরীক্ষা। জেনো সুকুমার, তুমি সতা কথাই বল, আর মিথা কথাই বল, আমার বুঝিতে কিছুই বাকী থাকিবে না। তবে তোমাকে কেন জিজ্ঞাসা করিতেছি জান ? তোমার মনের বল বুঝিবার জন্ত।"

- " আচ্ছা আপনি বলুন, আমি সরল ভাবেই কথার উত্তর দিব।"
- " না, প্রতিশ্রুত হও। "
- " তবে আবার প্রতিশ্রুতি কেন ? "
- "কেন জান? যদি প্রতিশ্রুত হইবার পরও তুমি মিধা। কথা বল, তবে বুঝিব তুমি আমার কার্য্যের পক্ষে অমূপযুক্ত, তুমি পুরুষের মধ্যে অধম।"
 - " বেশ, প্রতিশ্রুত হইলাম।"
- অজিতকুমার গন্তীর তাবে জিজ্ঞাসা করিলেন, " তুমি সেহ্লতাকে ভালবাস ?"

স্কুমার শিহরিয়া উঠিল—বলিল, " আপনি এ কথা ক্ষিজ্ঞাসা করি-তেছেন কেন ?"

অন্ধিতকুমার হাসিয়া বলিলেন, "বল না, তাহাতে আৰু লজ্জা কি ?" " এ কথার উত্তর আমি এখন দিতে পারিলাম না।"

ু: ০ " তবে তুমি সরল হইতেছ কই ? এই মাত্র ত তুমি বলিলে যে তুমি আমার সকল কথার সর্কুল্ভাবে উত্তর দিবে ? "

"বলিয়াছি পত্য, কিন্তু স্নেহলতাকে ভালবাসি,কি না, দে বিষয় ক্লানিবার প্রয়োজন কি, তাহা ত বুঝিতেছি না।" অজিতকুমার বলিলেন, "যদি আমার কাজ কর স্কুমার, তাহা হইলে অনেক সময় আমার প্রয়োজন কি তাহা না বুঝিয়া কাজ করিতে হইবে। যাই হোক, তুমি কেন যে সরল হইতে পারিতেছ না, তাহা আমি বুঝিতেছি। আমি বুঝিতেছি যে তুমি এখনও আমাকে সম্পূর্ণ বিশ্বাস করিতে পার নাই—আমার ভাবগতিক দেখিয়া, আমার পৌরুষ দেখিয়া তুমি বিশ্বিত হইয়াছ, সেই বিশ্বয়ের ফলেই তুমি স্বীকার করিয়াছ যে আমার কাজ করিবে, কিন্তু আমি যে তোমার বন্ধু, আমি যে সরল ভাবেই তোমার সহিত কথা কহিতেছি, এটা তুমি বিশ্বাস করিতে পারিতেছ না। কেমন, নহে কি ?"

বান্তবিকই সুকুমার সম্পূর্ণক্লপে অজিতকুমারকে বিশ্বাস করিতে পারে নাই। অজিতকুমার অনক্রসাধারণ ক্ষমতা ও প্রতিভা সম্পন্ন ব্যক্তি, এই কথা ভাবিয়াই সুকুমার মন্ত্রমুদ্ধবং তাঁহার কথায় পরিচালিভ হইতেছিল। সে যখন বুঝিল য়ে, অজিতকুমার তাহার মনের ভাব বুঝিতে পারিয়াছেন, তখন তাহার বিশ্বয়ের উপর বিশায় জ্মিল। সে সত্য কথাই বলিল। বলিল যে তাহার মনে বড়ই ধাঁধা লাগিয়াছিল।

অজিতকুনার বলিলেন,—কিসে তোমার সন্দেহ হইতেছে সুকুমার ?
"আমার মনে হয় যে আপনি কউকের সাহায়ে কউক তুলিবার
চেষ্টা করিতেছেন। আপনি আমার প্রাণ রক্ষা করিয়াছেন সভা,
কিন্তু কেন করিয়াছেন ?—স্বেহলতার সর্কানাশের পথ পরিষ্কার করিবার
জন্ত, তাহার সর্কানাশের পথে আমাকে যন্ত্ররূপে পরিচালন করিবার
জন্ত-নহে কি ?"

"সর্কনাশের কথা কি বলিতেত্ব সুকুষ্ণর? আমি ত পুর্বেই বলিয়াছি যে, সে ইচ্ছা থাকিলে আমি বহু পূর্বেই ভাহা করিতে পারি-তাম। অনেকদিন পূর্বেই আমি ভাহাকে বর্দ্ধমানে বল, চুঁচুড়ায় ্বল, শান্তিপুরে বল, এই ত্রিবেণীতে বল—যেখানে পেখানে গ্রেপ্তার করিতে পারিতাম ১ কিন্তু তাহা—"

সুকুমার অঙ্গ সঞ্চালন করিয়া ব্যস্তভাবে বলিল ''তবে কি আপনি গৈগায়েন্দা গু"

অজিতকুমার ঈষৎ হাসিয়া বলিলেন, "হাঁ, আমি গোয়েলা।"
 সুকুমার বাড় নাড়িয়া বলিল, "এখন ব্যাপার অনেকটা বুঝিতেছি।"
 "দেখ সুকুমার, আমি যে কে তাহা তোমাকে বলিলাম। এখন
 ডুমি যদি আমার কাজ কর, তোমার দারিদ্র দূর হইবে, পরস্ব সুখে
 খাকিবে, শত শত স্নেহলতা তোমার দাসী হইয়া থাকিবে। তোমাকে
 আবার বলিতেছি শোন। তুমি যদি আমাকে হত্যা করিতে, তাহা
 ইইলে তুমিও নিজার পাইতে না। স্নেহলতার অধীন দম্য বা নর্বাতক
 এখনও আছে, তাহারাই তোমার প্রাণ সংহার করিত।"

সুকুমার বিশ্বিত হইয়া বলিল, "এমন শয়তানীকে আপনি রক্ষা করিতেছেন কেন ?"

"ঠিক বলিয়াছ সুকুমার, সে শরতানী। তোমায় মত অনেকে তাহার আশার প্রাণ বিদর্জন দিয়াছে। ছই একজন গোয়েলাও নাকাল হইয়া ফিরিয়া গিয়াছে। শেষে আমি সাধ ক্রিয়া এই কার্যা গ্রহণ করিয়াছি। আমি স্নেংলতাকে বেশ জানিং। শ্বাল্যকাল হইছে তাহাকে শরতানী শিক্ষা দেওয়া হইয়াছে, তাই সে শশ্বতানী। তাহার শেস্তর মন্দ নহে, তাহাকে স্পথে চালাইতে পারিলে গে আবার অনেকের আদর্শ হইতে পারে। আমি তাহাকে সুপথে চালাইতে চাই।"

"আপনার উদ্দেশ্য আমি বুঝিয়াছি, কিন্তু আপনি কেন তাহাকে গ্রেপ্তার করেন নাই, তাহা বুঝিতে পারিতেছি না। এক্লপভাবে ফাঁকে কাঁকে যুরিলে কি ফল ২ইবে ?" "শোন সুকুমার, তবে সকল কথাই তোমাকে বলি। কেশবপুরের নাম গুনিয়াছ কি ?"

"শুনিয়াছি।"

''কেশবপুরের জমিদারকে বোধ হয় জান না ?'' সুকুমার ঘার্ড নাডিয়া জানাইল যে সে জমিদারকে অবগন্ত নহে।

"এই অমিদারের বাড়ীতে কালাটাছ একবার ডাকাতি করে। অবিদারের চারি বংররের কক্সা ললিভাকৈ সে ধরিয়া আনে এবং স্বেহলতাকে যে ভাবে প্রতিপালন কক্সিছে, তাহাকেও সেই ভাবে প্রতিপালন করিতে থাকে। ললিতা যখন ছুই বৎসরের, সেই সময়ে তাহার মাতবিরোপ হয়, ললিতার পিতা তাহার পর আর দারপরিগ্রহ করেৰ নাই। তিনি ক্যাকে লাভ করিবার জ্ঞ নানায়ানে কালা-চাঁদের স্থতিগান করিয়া বেড়ান। অভিপ্রায় এই যে কালাচাঁদের কোন लाक विष त्र कथा कामाठामत्क छापान करत, उत्व कामाठाम महा করিয়া তাঁহার কক্তাকে ফিরাইয়া দিছে পারে। কেশবপুরের ভ্নি-। দারের এই চেটা ব্যর্থ হয় নাই। কালাটাদ পরোপকারী ও দয়ার্ড-क्षमञ्ज हिन, त्म क्यिमादित मानिमक व्यवशात कथा अनिया, এक वरमत পরে, ললিতাকে তাহার পিতৃতবনে ক্লাখিয়া আসে। কেশবপুরের জমিদার ললিতাকে পাইয়া আনন্দে বিক্লাল হইয়া পড়েন এবং সমাজের नीर्वज्ञाभीय बाक्षनगन्तक नियद्वन कृतिया । श्रार्थना करतम--- स्नामात क्ला নিভার বালিকা, দস্যু কর্ত্তক এক বংসর প্রতিপালিত হইয়াছে, তাহাকে ু সংসারে গ্রহণ করিলে আমার বংশপৌরব কুটা হইবে কিনা, তাহা বলুদা" নানাস্থানের ব্রাহ্মণগণ এই নিষ্ত্রণে আসিয়া একবাক্যে বলেন মে কক্ষা এখনও পূর্ণ পাঁচ বংসরের হয় নাই, তাহার এই প্রবাস ধাত্রীগৃহবাস বনিয়া মনে করিতে ছইবে। ভাহারা সঙ্গে সঙ্গে

প্রার্থিতেরও ব্যবস্থা দেন। জমিদার মহাশয় ইহাতে অত্যন্ত সম্ভন্ত হইরা এক চাল চালেন। তিনি ব্রাহ্মণগণের, সমক্ষে ঈশ্বর সাক্ষ্য করিরা ভাঁহার জমিদারির সম্বন্ধে এক লেখাপড়া করেন করেন এক লেখাপড়ার মর্ম্ম এই যে, ভাঁহার জমিদারির চতুর্বাংশ ভাঁহার পোষাপুত্র অথবা ভাবিষ্যতে যদি তিনি বিবাহ করেন এবং সেই বিবাহের ফলে যদি ভাঁহার সন্তান হয়, তবে সে পাইবে; মিতীয়বারের পত্নী উহা হইতে গ্রাসাচ্ছাদন পাইবেন। বিবাহদি না করিলে ললিতার প্রতিপালক বা প্রতিপালিকা জমিদারীর এই অংশু পাইবে। জমিদারীর বার আনা রকম অংশ ললিতাকে সেই দণ্ডেই দেওয়া হইল। তমাধ্যে এক তৃতীয়াংশ জমিদারির ভূমি ললিতার দানক্রপে তিনি কয়েকজন ব্রাহ্মণকে দান করেন। সমগ্র জমিদারির বাকি আর্দ্ধাংশ ললিতার; তিনি যতদিন বাঁচিবেন, তৃতদিন কল্লার অল্লেই তিনি থাকিবেন এবং কল্লার জমিদারী দেখিবেন। ইহা ছাড়া লেখাপড়ায় আরও জ্বনেক কথা থাকে। সে সকল কথা তোষীকে পরে বলিব।"

সুকুমার একমনে এই কথা শুনিতেছিল। সে বুবিল যে কথাট সে সম্পূর্ণ শুনিতে পাইল না; তথাপি বলিল, "ৰুমিদার এখনও বাঁচিয় 'আছেন ।"

• : "না, ইহার ছুই বৎসর পরেই তাঁহার মৃত্যু হয়।" 🖟 "লসিতার কি হইল ?"

"তাহাই তোমাকে বলিব। ললিতাকে প্রতিপান্ধন করিবার কর এক ধাত্রীকে তিনি বাড়ীতে রাখেন। এই ধাত্রীই কমিদারকে মাঞ্ করিয়াছিল, স্বতরাং ধাত্রীর আদরে ললিতা মাড়বিয়োপ বুরিতে পানে নাই।"

এখন ধাত্রীই বুঝি লালিতাকে প্রতিপালন করিতেছে ?"

"হাঁ, ব্যস্ত হও কেন ? আমিই তোমাকে সকল কথা বলিতেছি।'
কমিদারের মৃত্যুর পর ধাত্রী ললিতাকে প্রতিপালন করিডেছিল।
এইভাবে কিছুকাল অতিবাহিত হয়। ইতোমধ্যে কালাচাদ সন্দার
খুন হয়।"

"খুন! আমি গুনিয়াছি যে রেমুগে সর্লারের প্রাণ-বিয়োগ ঘটিয়াছিল।"

"সেটি ভূল, খুন অথবা আত্মহত্যা এই তুইয়ের একটা ঘটিয়াছিল। তাহার দলের লোকের অত্যাচারে কর্ণেল বেন্সন্ যথন তাহাকে ধরিবার চেষ্টা করিলেন, সেই সময়ে সে আত্মহত্যা করিয়া সকল জালা হইতে নিষ্কৃতি লাভ করিয়াছিল, এইর শই শুনা যায়। কিন্তু স্নেহলতা সকল দোষ আমার বাড়ে চাপাইয়া প্রচার করে যে আমিই তাহাকে খুন করিয়াছি।"

"আপনার উপর স্বেহলতার যে ক্রোধ, ইহাও তাহার একটা কারণ বোধ হয়।"

"হইতে পারে। যাক্, কালাচাঁদের মৃত্যুর পর স্বেহলতা এই লালিতাকে আবার ধরিয়া আনে। ধাত্রী তখন কেশবপুরে ছিল না; অন্তর নায়েব তাহাকে আহ্বান করার তাহাকে যাইতে হইয়াছিল।' তাহার প্রত্যাবর্ত্তন করিতে তিন দিন স্থাগে। এই তিন দিনের মুধ্যে স্বেহলতা কেশবপুরে গমন করিয়া বাছার বি চাকরদিগকে প্রভূত আর্থ উৎকোচ স্বরূপ প্রদান করে এবং তাহার কার্য্য প্রকাশ পাইলে স্কলকেই পুন করিবে বলিয়া ভয় দেখায়। তিনজন পরিচারিকা এবং ছইজন চাকরকে অর্থবলে হস্তগত করিয়া স্বেহলতা প্রচার করায় যে লালিতা খুন হইয়াছে, দস্যাগণ তাহাকে খুন করিয়াছে। প্রামে জনেকে বলে যে তাহারা লালিতার দেহ খণ্ড খণ্ড অবগার গ্রামের প্রান্তরে

দেখিয়াছে। ধাত্রী একথায় বিশ্বাস করে নাই, সে হুগলিতে কর্ণেল বেন্সদের নিকটে একখানি পত্র ও ললিতার ফটো প্রের্গ করে। আমি সেই অবধি ললিতার সন্ধানে ফিরিতেছি।"

"ললিতা কি সতাই বাঁচিয়া আছে ?"

"আমার এইরপই বিশাস।"

"ম্বেহলতা কেন ললিতাকে ধরিয়া আনিল ?"

"আমার মনে হয় যে একবংসর তাহার সহিত বাস করায় স্বেহলতা লিলিতাকে ভূলিতে পারে নাই। তাহার পর ললিতার পিতা যে লেখাপড়া করিয়া যান, তাহাতে পূর্বে যে সকল সর্ত্ত বলিলাম, তাহা ছাড়া এইরূপ সর্ত্ত আছে যে, ললিতাকে বে প্রতিপালন করিবে সে বিশ সহস্র টাকার অধিকারী হইবে; ললিতার যদি স্বাভাবিক মৃত্যু ঘটে, তবে তাহার সমস্ত বিষয় প্রতিপালকের হইবে। স্কুতরাং স্বেহলতার লোভও জন্মিয়া থাকিতে পারে। আমি এই সকল কথা জানি, অধিকন্ত ধাত্রীর পত্রে আমি ললিতার সম্বন্ধে অনেক তথ্য জানিতে পারিষ্কাছি, এই কার-শেই স্বেহলতা আমাকে ইহলগত হইতে বিদায় করিতে চাহে।"

সুকুমার দীর্ঘনিধাস ফেলিয়া বলিল, "এখন সব বুঝিলাম। এখন
স্বীকার করিতেছি যে আপনি যে কার্য্য বলিবেন সেইকার্য্যই করিব।"
- ; "সেহলতার চাঁদপানা মুখবানি দেখিয়া গলিয়া যাইটো না ?"
"না।"

"তাহার চতুরতায় ও কথার ছলনায় তোমার মনের গতি পরিবর্ত্তিত ইইবে না ?"

"না।"

"ম্বেহলতার নিকটে যে কাহিনী শুনিয়াছ এবং আমার নিকটে যে কাহিনী শুনিলে, এতছভয়ের মধ্যে কোন্টায় তোঞার বিশ্বাস হয় ১" "আপনার কথাতেই আমার বিশ্বাস হইতেছে। লালতার সন্ধান' করাই আপন্যার উদ্দেশু, সে উদ্দেশু সাধনে আমি যালাভিক চেই। করিব।"

"পুনরায় বলি, নেহলতা আবার যদি তোমাকে কিছু বলে, তাহ। হইলে তাহার কথায় ভলিবে না ?"

"ला ।"

"শোন, বদি তাহার রূপ দেখিয়া মুদ্ধ হও, আমার কথা ভূলিয়া যাও, আমার মতের বিরুদ্ধে কোন কার্যা কর, তাহা হইলে আমি বাধ্য হইয়া তোমাকে খুন করিব।"

"বেশ; তাহার কাজ ক্রিলে মৃত্যু, আপনার কাজ না ক্রিলে মৃত্যু—ইহা আমি বুঝিলাম।"

"দেখ, স্বেহলতা যে সে ত্রীলোক নয়, পুব সাবধান।"

"তাহাই থাকিব।"

"এইবার একটা কথা। সত্য বল, সেহলতাকে ভালবাস ?"

"তাহার রূপে ও ঐবর্যো আমি ব্লুগ্ন হইরাছিলাম, এখন আর তাহাকে ভালবাসিতে ইচ্ছা করে না। এখন কি করিতে হইবে বলুন।"

"শোন" বলিরা অজিতকুমার অজি মৃচ্বরে স্কুমারকে কয়েক্টি কথা বলিরা দিলেন। সুকুমার হাঙ্গিতে হাণিতে চেয়ার ছাড়িরা উঠিল। পরে ছুইজনে অভিবাদন করিলেন। সুকুমার জিবেণীর প্রান্তভাগে সেই হুর্ঘ্য হুইতে বাহির হুইয়া চলিয়া গেল।

দশম পরিচ্ছেদ।

বিচিত্র বার্তা।

পর দিবস শব্যা হইতে উঠিতে সুকুমারের বেলা হইরা গেল। নিজ্ঞাতক্ষের পর সুকুমার নিজ বাসগৃহের চারিদিকে একবার বেড়াইল, কাহাকেও দেখিতে পাইল না। তখন সে ধীরে ধীরে নিজের শব্যার উপর
আসিয়া উপবেশন করিল। গত রাত্রির সকল ঘটনা একে একে তাহার
স্থাতিপথে সমুলিত হইতে লাগিল। অজিতকুমারের সন্ধরের কথা মনে
ইইবামাত্র সে উচ্চ হাস্য করিয়া উঠিল। বেলা তখন দশ্টা বাজিয়া
গিয়াছে।

শুকুমার এরবার ভাবিল বে আৰু একবার সে ক্লেলতার সন্ধান করিয়া আসিবে। কিন্তু অন্ধিতকুমারের কথার তাহার মতি পরিবর্ডিত হওরার সে এ সম্ভন্ন ত্যাগ করিল। সুকুমার গদাসানের উদ্বোগ করিতে প্রবৃত্ত হইল।

পথে বাহির হইরা কির্দ্র অগ্রসর হইলে সুকুমার দেখিল যে পথিপার্থে ৪।৫ জন লোক বসিয়া ধ্যপান করিতেছে, সঙ্গে সহা ভর্কও করিতেছে। সুকুমার ধীর পাদবিক্ষেপে গমন করিতে করিতে ভাহাদিগের কথোপকথন শ্রবণ করিতে লাগিল। একজন বলিতেছে— "যাই বল ভাই, এ এক নৃতন কথা। রাজায় রাজায় শ্র হয়, সে এক বুঝি। তা নয়, ছটি লোকে যুধা। এ কেমন ধারাকে জানে!"

অপর একজন বলিল,—"তাইত; ডাকাতেরা চিঠি পাঠিয়ে ডাকাতি করে, এ শুনেছি বটে। কিন্তু হুজন কথায় কথায় রাগারাগি ক'রে অপ্র নিয়ে যুদ্ধ করবে, এমন কথা কবে কে শুমেছে ?"

ভূতীয় ব্যক্তি বলিল—"ওসব শোনা ৰূপায় কেন কান দিস্ ? চথের ওপর লড়াই হয় ত বুঝি। আমার ও কথাটা মনে লাগ্ছে না।"

সুকুমার কৌতৃহলাক্রান্ত হইয়া তাহাদিগের নিকটে গমন করিয়া বলিল, "স্নানে যাইতেছি, একবার তেল-ভামাক করিয়া যাই।"

কথাটা শুনিয়া একজন ব্যস্তভাবে বলিল, "এস মশায়; এই নাও"—বলিয়া সে কলিকাটি সুকুমারের হুন্তে প্রদান করিল। সুকুমার করপুটে কলিকা লইয়া গ্মপান করিতে প্রবৃত্ত হইল। যে ব্যক্তি সুকু-মারকে আহ্বান করিয়া বদাইল, সৈ ভগন বলিল, "আছো মশায়, থাপনি বিছু শুনেছ, এশানে নাকি কি চিঠি দিয়ে লড়াই হবে ?"

সুকুমার যেন বিশিত হইয়া বলিল—সে আবার কি ?

"গঞ্জমর কথাটা রাষ্ট হয়ে গেল, আর আপনি কিছু শোন নি ? কাল নাকি ছটি ভদ্দর লোক কথায় কথায় রাগারাগি করেছে, আর বলেছে যে খাঁড়া নিয়ে ছন্তনে লড়াই করবে।"

সুকুমার আরও বিশ্বিত হইরা বলিল, "বল কি! আচ্ছা আদি এর ধবরটা নিচ্ছি।" এই বলিয়া সুকুমার চলিয়া গেল। যাইবার সময় আপন মনেই ভাবিতে লাগিল যে এসব গোয়েন্দারই চাল।

্বাটের অদ্রেও সুকুমার গুনিল থে কয়েকজন দোকানদার এই বিবয় লইয়া আন্দোলন করিতেছে। সুকুমার মনে মনে হাসিতে প্রাণিস। বিটে উপস্থিত হইবামাত্র একজন বেশভ্বাসম্পন্ন ভবলোক একথানি ইংরাজী ধবুরের কাগজ হাতে লইয়া স্কুমারের ন্রিকটে উপ-স্থিত হইল এবং বলিল, "মশায়, আপনি ইংরাজী পড়িতে পারেন

- • "কেন ?"
- . "এই অন্তর্গুদ্ধের খবরটা পাঠ করুন ত।"

"আমি ত ইংরাজী তেমন জানি না। ঐ নৌকায় একজন কাগজ পাঠ করিতেছেন না? চলুন ঐখানে যাই।"

উভয়ে সেই নৌকার নিকট গমন করিয়া অধ্যয়নরত একটি ভদ্রলোককে আপনাদের অভিলাষ জ্ঞাপন করিল। ভদ্রলোকটি হাসিয়া
বলিলেন "ব্যাপারটা এদেশে নৃতন। এদেশে ছজনে রাগারাগি হইলে
গালাগালি করে, বড় জাের একটা মারামারি ইয়; কিন্তু ফরাসী দেশে
এ রকম রাগারাগি হইলে উভয়ে পরম্পরকে য়ুদ্ধে আহ্বাম করে।
একটা সময় নির্নিত্ত হয়, সেই সময়ে উভয়ে তরবারি বা বন্ধু কি কিট্টা
বৃদ্ধক্রে অবতীর্ণ হয়। এই য়ুদ্ধ দিখিবার জন্ম অনেকে সেখিনে
উপস্থিত থাকে। তাহার পর য়ুদ্ধ হয়; একজন অবশ্রই খুন হয়
এই খুনের জন্ম অপরকে কাঁসি বাইতে হয় না, মাকজমাও হয় না।

• একজন শ্রোতা বলিল, "এ ত বড় তাজ্ঞবের কথা।"

ু তুদলোকটি পুনরায় বলিতে লাগিলেন, "এখানেও নাক্ষি এই রক্ষ ্বো ব্যাপার হইতেছে। গত পর্য নাকি একজন ভদলোক এই আর একজন ভদলোকের সঙ্গে রাগারাগি করিয়াছেন এবং শেষে উভায় উভয়কে যুদ্ধে আহ্বান করিয়াছেন। এদেশে ত এমন যুদ্ধের বীতি নাই, সেইজন্ম আজই গঞ্জে সিপাহী সাদ্ধী আসিবে।"

ক্ণাটা ভনিয়া মাঝিমলারা ভয় পাইল। সুকুমার ও অপর ভর্ত্তী , লোকটি "তাইত, এ আবার কি হালামা" বলিসু ফিব্রিয়া আসিল। স্থান তে সুকুমার গৃহে প্রত্যাগমন করিয়া দেখিব। যে একটি ' অপরিদিত লোক তাহার জন্ম অপেকা করিতেছে। সুকুমার আদিবা-মাত্র গোকটি তাহার হল্তে একখানি পত্র প্রদান করিল। সুকুমার আর্দ্র বিশ্বেই তাহা পাঠ করিতে আরম্ভ করিল। সুকুমার পড়িল,—

"প্রিয় স্থকুমার! আজ রাত্রিকালে বাড়ীতে থাকিও। রাত্রি দশটার সময় আমারই একটি লোক গাড়ী লইয়া তোমার নিকট বাইবে, ভূমি সেই গাড়ীতে উঠিও, সে তোমাকে আমার নিকট লইয়া আসিবে। বিশেষ প্রয়োজন; পুত্রে সকল কথা লিখিতে পারিলাম না। ইতি

চিরামুগতা স্নেহ—"

পত্রখানি পাঠ করিয়াই. সুকুমার চাহিয়া দেখিল যে পত্রবাহক চলিয়া গিয়াছে। স্থকুমার নানারপ ভাবিতে ভাবিতে বস্ত্র পরিবর্ত্তন করিল, পুরু যথাস্থানে আহারের জন্ম গমন করিল। যাইবার সময় করপুশ করিল-যে রাত্রিকালে দেখা করিবার প্রয়োজন কি, এখনই প্রেড-বুন্দে গাইয়া সে স্থেলভার সহিত সাক্ষাৎ করিবে।

ন বৈলা তুইটার পর সুকুমার প্রেতবনের দিকে যাত্রা করিল। পাছে কেই দেখিতে পায়, সেইজন্ম সে গঙ্গার তীর বাহিয়া যাইবার চেষ্টা করিল। গঙ্গার ঘাটে উপস্থিত হইয়াই সুকুমার দেখিল যে ঘাটে তিন্ধানি নৃতন বজরা আসিয়াছে। সকল বজরাতেই সিপাহী ও প্র্কুই পাহারা দিতেছে। ব্যাপার বুঝিতে সুকুমারের বিলম্ব হইল প্রেই খবরের কাগজ পাঠ করাইয়া সুকুমার ভনিয়াছিল যে আজ ক্রিপুলিশ আসিবে; ইহারাই যে সেই সকল পুলিশ সুকুমার তাহা বুঝির।

যাহা হউক, সুকুমার কোনও দিকে ক্রক্ষেপ না করিয়া গঙ্গার তারে ত্রীরে চলিল; শেষে সুযোগ বৃথিয়া গ্রেতবনে প্রবেশ করিল। সেথানে বিশ্বা দেখিল যে ব্লেহণ্ডার গৃহের হহিছার সেইরপই স্বর্গবন্ধ। ্রশার্টীর উট্টীবন করিয়া স্থকুমার ভিতরে প্রবেশ করিল। চারিদিক অস্থ্যকান করিয়া স্থকুমার বৃঝিল যে স্থেহলতা এই ছই নিন এখানে আসে নাই। হতাশ হইয়া স্থকুমার প্রত্যাবর্ত্তন করিল।

• চারিদিন পূর্বের মেহলতার জন্ম সুকুমারের মন যেরপ আকুল হইত, এখন আর তেমন হয় না—অজিতকুমারের মোহিনী শক্তির বলে সুকুমারের মতি পরিবর্তিত হইয়াছে। সেই জন্মই স্নেহলতার পত্র প্রাপ্তির পরও সুকুমার আর স্নেহলতার জন্ম বিন্দুমাত্রও চঞ্চল হইল না। কোন প্রকারে দিনটা তাহার কাটিয়া গেল।

রাত্রিটিক দশটার পূর্বে স্ক্রমার গৃহের বাহিরে আসিয়া দাঁড়াইল। করেক মিনিট পরেই একথানি অখ্যান তাহার নয়নপথে পড়িল। গাড়িখানি তাহার নিকটবর্তী হইবামাত্র এজব্যক্তি গাড়ির ভিতর হইতে মাথা বাহির করিয়া বলিল, "আমি আপন্য নিকটেই আসিয়াছি।"

সুকুমার বলিল, "কে তোমাকে পাঠাইয়াছে ?''

হটয়া

"মনিব ঠাকুরাণী—স্বেহলতা।"

"কি জন্ম আসিয়াছ ?"

"আপনাকে ঠাকুরাণীর নিকটে লইয়া যাইতে।"

🕻 "কোথায় যাইতে হইবে ?"

স্নে "সে কথা বলিবার ছকুম নাই।"

ু স্কুমার ঈষৎ হাসিয়া বলিল, "বটে! তুমি ঠাকুরাণীর হকুম ্মিল কর, হকুমের বাহিরে কোন কাজ কর না।"

वह "बाटक, दें।"

/ সুকুমার মনে মনে বলিল, চালাকি আমার দলে আর থাটিকৌনা, গমি অজিতকুমারের চেলা। যাহা যাহা, করিছে হুইবে; তাহা আহি জানিয়া লইয়াছি। প্রকাশ্তে স্কুমার বলিল, "তবে বাং/ুত্মি ঠাকু রাণীর নকল্ট ফিরিয়া যাও, নৃতন হকুম লইয়া আইস।"

"কি হকুম বলিতেছেন ?"

"আমাকে কোথায় যাইতে হইবে, তাহা আমি জানিতে চাই।"
সে ব্যক্তি চুপ করিয়া রহিল দেখিয়া সুকুমার বলিল, "চুপ করিয়া
ধাকিলে কি হইবে ? একথাটা বলিবার জন্ম হকুম লইয়া আইস,
আমি তোমার জন্ম অপেকা করিব।"

- "কিল—"

"ও কিন্তু মিন্ত চলিবে না বাপু। আমাকে কোণায় লইয়া যাইবে,
ভাহা আমি জানিতে চাই।" গত রাত্রির ঘটনার কথা সুকুমার
তথনও বিশ্বত হয় নাই-, সে ভাবিতেভিল যে একবার এইভাবে অজিতকুমারের ক্লাতে পড়িয়াছি, আবার কি শেংলতার হাতে পড়িব ?
হরপুন কেলাকটি গাড়ি হইতে বলিল "আগনাকে অধিক দূর যাইতে হইবে
ব্যেশ্ন, প্রেতবনের নিকটেই আমরা যাইব।"

্রীতোমার ঠাকুরাণী ত প্রেতবনে নাহ।"

^९." "না, তিনি সেধানে নাই, তবে নিকটেই **আছেন**।"

"বেশ বাইতেছি" বলিয়া সুকুমার গাড়ীতে উঠিল। সুকুমার মনে করিয়াছিল যে গাড়িতে উঠিলে লোকটি অবগ্রন্থই দশ কথা কহিবে, ব্লিক্ দে কথা কহিল না। তথন সুকুমার বলিল, "আৰু আমার নিকটে

পত্র লইয়া আসিয়াছিল ?" সে বাক্তি উত্তর করিল "আমি ৷"

"পত্রের উত্তর শইয়া গেশেনা কেম ?"

"উত্তর আবার কি ?"

"ভবে কি সেট্যু তোম্বুর ঠাকুরাণীয় আদেশ নাকি ?"

जि.

ा । (दिव

নে

: 1

"আমি এইরপই জানিতায।"

"তবু অপেকা কর নাই কেন ?"

"অপেকা করিবার হকুম ছিল না।"

"আছা, তোমার ঠাকুরাণী কথন ফিরিলেন ?"

"জানি না।"

"কাল তিনি কোথায় ছিলেন ?"

"क्रानिन।"

"তুমি তবে জান কি ?"

"কিছু না।"

এইভাবের কথোপকথন হইতে হইতে গাড়ি আসিরা নির্দিষ্ট স্থানে.

দাঁড়াইল। লোকটি সুকুমারকে বলিল, "মাস্থন।" সুকুমার নির্দ্ধরে
একটি বাড়ীর মধ্যে প্রবেশ করিল। বাড়ীর এক অংশে একটি কক্ষে
তাহাকে বসাইয়া রাখিয়া লোকটি চলিয়া গেল। সুকুমার গালে ব্রুম্ব দিয়া বসিয়া নানা কথা ভাবিতে লাগিল। একবার তাহার মনে হইয়া

াবে স্বেহলতা কি তাহাকে খুন করিবে ? আবার সে ভাবিল, প্রেহলতা,
কাল্ল যখন শেষ হয় নাই তখন সে খুন করিবে না। ক্লমে বলসঞ্চারের জন্ম সুকুমার আবার ভাবিল, অন্তিকুমার যাহার সহায়,
স্মালয়েও তাহার ভয় নাই।

নে, এইভাবে প্রায় আধ ঘণ্টা কাটিয়া গেলে সেই ঘরের সংলয় একটি ব খুলিয়া গেল—সেই দার দিয়া সর্বাব্যবভূষিতা স্নেহলতা পান চর্বাণ চরিতে করিতে প্রবেশ করিল। রূপার ডিবা ভরিয়া এক ডিবা পান ক্রমারকে দিল। পানের ডিবাটি হাতে লইয়া স্কুমার একবার বহলতার মুখের দিকে চাহিল, ক্রণেকের জন্ম সুকুমারের সক্রোল

স্ক্রমার অক্সারের অবস্থা ব্রিয়া কোমলকঠে কুর্লন, ক্রই
অক্সার অনুমি কত যত্ন করিয়া স্বহস্তে পান সাজিয়া শানিলাম, তুমি
ত মুবেত্ব দিলে না।"

পানের সহিত বিধ আছে কিনা, স্কুমার তাহাই তাবিতেছিল। স্বেহলতার কথা তানিয়া স্কুমার এক চাল চালিল। একটু ক্রোধের ভাব প্রকাশ করিয়া স্কুমার বলিল, "এত আদর করিবার কোন প্রয়োজনই নাই; আমাকে কেন আসিতে বলিয়াছ ?'

ু স্নেহলতা স্কুমারের আরও নিকটার্ভিনী হইয়া ব**লিল, "একি কথা**। স্কুমার! কেন, তুমি কি আমার উপর রাগ করিয়াছ ?"

গম্ভীরভাবে স্থকুমার বলিল, "করিয়াছি।"

্ -- "কেন, কি অপরাধ,করিলাম ?"

"তুমি আমার সহিত প্রতারণা করিতেছ।"

বেংগা আরও সমীপবর্তিনী হইয়া বিশিতভাবে বলিল, "প্রতারণা ! কর্মার প আমি আণনাকে প্রতারিত করিতে পারি, বুর্ তোমাকে প্রতারিত করিতে পারি না। আমি তোমার-সহিত প্রতারণা করিব, স্বপ্লেও তুমি এমন কথা ভাবিও না স্বর্থার।"

"তুমি প্রেতবনের বহির্দারে যে পত্র রাথিয়াছিলে, তাহারু । লিথিয়াছিলে যে তুমি প্রেতবন হইতে টলিয়া যাইতেছ, ছই একদি মধ্যেই ফিরিবে। কিন্তু আমি তোমাকে প্রেতবনেই সেদিন দেখি । পাইয়াছিলাম।"

"ভূল সূক্ষার; আমাকে অন্তত্ত্ত দেখিয়া থাকিতে পার, কিন্তু প্রোরে বনে দেখ নাই। আমি লিখিয়াছিলার যে প্রেতবন হইতে যাইতে।নে ত্রিবনী হইতে যাইতেন্তি, এমন কথা লিখি নাই। আমি আমা:। ্রুক্তর ভরে কোনস্থানে ২।৪ দিনের অধিক থাকিতে পারি 🖟। এই বিরবেণীতেই অয়মার নানাস্থানে আভ্ঞা আছে।"

"তা থাকিতে পারে। কিন্তু আমি তোমাকেই প্রেতবনে দিপিরা-"ছিলাম।"

্ "তবে হয়ত যে সময় আমি চলিয়া যাই, সেই সময়েই দেখিয়া থাকিবে। যদি দেথিয়াছিলে, তবে ডাকিলে না কেন? তোমার সহিত ছুইটা কথা কহিবার সোঁভাগ্যও কি আমার নাই?"

স্বেহলতা যেন কতই কাতরা এইরূপ ভাণ দেখাইল। স্কুমারু একটু ব্যথিত হইল। পরক্ষণেই বলিল "আমি তোমাকে ডাকিয়া-ছিলাম, আমার মনে হইয়াছিল যে তুমি ইচ্ছা করিয়াই লুকাইতেছ।"

"ছি! ছি! এমন কথা মনে করিও না!"

সূকুমার মনে মনে বলিল—একথা সত্য হয় ভালই; আর মদি মিধ্যা হয়, তাহাতেও আর বিশেষ ক্ষতি নাই। প্রকাশ্তে বলিল, "কুড়া তুমি কি সত্য সত্যই অন্তিতকুমারের জন্ম কোথাও নিশ্চিন্ত হইয়া -থাকিতে পারিতেছ না ?"

"সত্য, আমি দিবা করিয়া বলিতেছি।" সেংশতা বুকিল যে
"সুকুমারের মন নরম হইয়াছে। তথন বস্ত্রাঞ্চলটি অসুজিতে জড়াইতে
কঙ্গইতে সে বলিল, "সে যাহাই হউক, কোন সংবাদ নাই কি ?"
স্কি, সেংবাদ চাও ?"

"তুমি কি অজিতকুমারের সহিত বিবাদ করিয়াছ ?"

ু সুকুমার চেয়ারে ভাল করিয়া ঠেস দিয়া বলিল, "তুমি একথা এমেপে জানিলে ?"

্ৰ "খবরের কাগন্ধে এইভাবের একটা সংবাদ বাহির হইগ্লাছে, আমি গাগন্ধ পাঠ করাইয়া ব্যনিয়াছি; ত্রিবেণীর সর্ব্বতেই স্থান্ধ এই কংগু। আমার গারণা যে ত্মিই বোধ হয় অজিতকুমারের স্থৈত বিবাদ করিয়াছ/"

"তাই।"

"তবে কি তুমি অজিতকুমারের সহিত ধর্মযুদ্ধ করিবে ?"

" এখন ঠিক বলিতে পারিতেছি না।"

" কেন ? "

কথাটা প্রচার হইয়া পড়িয়াছে। আব তিনধানি বন্ধরায় সিপাহী
 প্রিলশ আসিয়াছে।

ঁ "তা ঠিক; পুলিশ আমি দেখিয়াছি। তা এক কাজ কর না কেন—ত্রিবেণী হইতে অগুত্র কোথাও চলিয়া যাও, দেখানে যুদ্ধ করিবে।"

" আমি না হয় যাইব ; অজিতকুমার যাইবে কেন ? "

ূ" তা যাইবে, সে কাপুরুব নহে।"

্ আছে। লতা, তুমি আমায় ভালবাস ?" সুকুমার একটু হাসিল। ভালবাসি—কত ভালবাসি তাহা মূখে আর কি করিয়া জানাইব ?"

এতাই যদি ভালবাস, তবে অজিতকুমারের সহিত যুদ্ধ করিবার

জন্ত তুমি এত ব্যগ্রতা প্রকাশ করিতেছ কেন? এ বুদ্ধে ত আমার

স্ত্যু হইতে পারে।

"

"ভগবান তা না করুন। নিশ্চিন্ত হইয়া তোমাকে ভালবাসি, তোমাকে বিবাহ করিয়া সুখী হইব, এই আশাতেই অন্ধিতকুমারটো বিবার জন্ম তোমাকে পাঠাইতেছি।"

স্কুমার আবার হাসিয়া বলিল, " আচ্ছা লতা, তাহাই হইবে। " ারে "কোথায় বৃদ্ধ করিবে ? " "তাঁহা আমি জানি—তুমি কেবল সময়ের প্রতীক্ষা কর । তবে এখন চলিলাম।" সুকুমার উঠিল। স্নেহলতার নয়নে একবার বিজলী থেলিল। সুকুমার তাহা দেখিল বটে, কিন্তু তাহার সংকল তুলিল না।

পরদিবস সুকুমার কলিকাতা অভিমুখে যাত্রা করিল। সেইলতা গকার ঘাটে আসিয়া দেখিল যে সুকুমার তরণী যোগে কলিকাতার চলিল। যতদ্র দৃষ্টি যায়, ততদ্র পর্যান্ত তরণীথানি কেমন ভাবে যাইতে লাগিল, সেহলতা তাহা দেখিল। তরণীথানি অদৃশ্য হইলেও সেহলতা উঠিল না; গকাতীরে বিদিয়া রহিল।

নানা চিন্তায় স্নেহলতা বিত্রত হইয়া পণ্ডল। সে তাবিতে লাগিল,
— সুকুমার ত কলিকাতায় গেল, অজিতকুমার ত এখনও যাত্রা করিল
না। দূরে একথানি স্থলর বজরী রহিয়াছে সত্য, কিন্তু উহা যে
"অজিতকুমারের, তাহারই বা স্থিরতা কি অজিতকুমার কাপুরুল
নহে, সে যাইবে—কিন্তু যদি না যায়, তবেই ত আমার সকল কৌশলই
"ব্যর্থ হইয়া গেল।

~ ∴ এমন সময়ে একটি র্দ্ধা আসিয়া স্নেহলতার অঞ্পেশ করিল। স্নেহলতা চমকিয়া উঠিয়া চীৎকার করিল '(ক গ'

বৃদ্ধা বলিল, "কি ভাবিতেছ ?''

্রদাকে দেখিয়া স্নেহলত। আশস্ত হইল। বলি, "কে, তুমি ? এসেছ, বেশ করেছ। খবর কি গ প্রস্তুত ৩ °

"প্রস্তত। আরও এখানে কেন ?"

"খাহার জন্ত আসিলাম, সে কই ?"

[&]quot; তুমি কলিকাতায় যাইবে? "

[&]quot; যাইব, অঞ্জিতকুমারকে অসির নিমন্ত্রণ করিব। "

[&]quot; কোথায় তাহার দেখা পাইবে ? "

"দো আসিতেছে, আমি এইমাত্র দেখিয়া আসিলাম, শে আসিতেছে।" বৃদ্ধাও বসিবার উদ্যোগ করিতেছিল। স্নেহলতা তাত তে বাধা দিয়া বিলিল, "না, না, তুমি এখানে বসিয়া থাকিও না। তুম যাও। সে যখন আসিতেছে, তখন তুমি যাও। আমিও এই দঙেই কলিকাতায় বাইব, তুমি যাও।"

"তাহাই হইবে" বলিয়া র্দ্ধা চলিয়া গেল। গদাতীরে কেহ কেহ
মেহলতার হাবভাব দেখিয়া নানারপ সন্দেহ করিল। কেহ বলিল,
ছুঁড়িটা পালাইবে। কেহ বা বলিল, মেয়েটা পাকা ব্যবসায়ী। কেহ
বা বলিল, ঐ বুড়িটাই পোড়ারমুখীর মাখা খাইতেছে। অনেকে
আনেক কথা বলিল, কিন্তু ভাগাদের মধ্যে কেহই হেহলতাকে কোন
কথা জিজ্ঞাসা করিল ল। ময়রার দেকোনের একটি ছেলে—ধয়সে
বোধ হয় মেহলতার অপেক্ষা হই এক বংসরের ছোট—একট্ হঃসাহসের
কাজ করিল। সে সেইমাত্র ময়না মাখিয়া আসিতেছে, হাতের চারিদিকে ময়দা, গাত্রের এক একছানে তৈলাক্ত হত্তের ছাপ, কাবে
'একখানি অতি ময়লা গামছা—সে একটু অগ্রসর হইয়া মেহলতাকে
হলিল, "কি গো, আমাকে চেন ব'লে বোধ হয় কি গ"

স্নেহলতা ফিরিয়া চাহিয়া রসিকবরের চেহারাটা দেখিল; পরে বলিল, "ছি বাবা, এমন কথা কি আমাকে বলে?"

রসিক উত্তর শুনিয়া চলিয়া গেল। এমন সময়ে সেহলতা দেখিল । বে অব্দিতকুমার বজলায় উঠিলেন। বজরা ছাড়িয়া দেওয়া হইল। স্বেহলতাও উঠিয়া চলিয়া গেল।

একাদশ পরিচ্ছেদ।

শয়তানী।

কলিকাতায় আদিয়া অজিতকুমার প্রথমেই সুকুমারের সহিত সাক্ষাৎ করিলেন। পূর্ব্ধ হইতেই তাঁহাদের থাকিবার স্থান নির্দিষ্ট হইয়াছিল। সন্ধ্যার সময়ে অজিতকুমার বাগবাজারের খালের নিকটে একটি বাড়ীতে প্রবেশ করিলেন। নিয়তলে হই তিনখানি ঘর; কোন ঘরেই তিনি কাহাকেও দেখিতে পাইলেন না। তিনি উপরিতলে উঠিলেন। সেখানে সুকুমার তাঁহার প্রতীক্ষায় বসিয়াছিল।
অজিতকুমারকে দেখিবামাত্র সে নমস্কার করিয়া তাঁহাকে বসিতে,
বলিল। অজিতকুমার বলিলেন, "বসিবার জন্ম আসি নাই, তোমার সেহরাতা—"

সুকুমার কথাটার বাধা দিয়া বলিল, "আমার" এমন কথা বলিবেন না—আমি আর এখন সে সুকুমার নহি।

্ৰু অঞ্জিতকুমার হাসিয়া বলিলেন, "তা বেশ ; স্নেহলতা যে কলিকাতায় আসিয়াছে !"

স্কুমার বিশ্বিত ইইয়া বলিগাঁ, "বলেন 😥 আমি তাহাকে: না দেখিলে এ কথায় বিশাস করিতে পারিতেছি না ?" "এখন আমি তোমাকে বিশ্বাস করিতেও বলিতে **ট** না। শীষ্ট তাহার দেখা পাইবে। তোমার সঙ্গে দেখা করিবে বলিয়াই সে' আসিয়াছে।"

স্থকুমার আরও বিশ্বিত হইয়া বলিল, "কেন দেখা করিবে, বলিচে পারেন কি ?"

"পূর্বেই সেই কথা তোমাকে জানাইয়া রাখিব বলিয়া আমি আদিয়াছি। আমি বাঁচিয়া থাকি কি না, তাহাই দেখিবার জন্ম সে আদিয়াছে। আমার মৃতদেহ বিশেষরূপে দেখিয়া সে নিশ্চিন্ত হইবে। যাই হোক্, তোমাকৈ একটা কথা বলিয়া যাই। তাহার শয়তানির প্রমাণ আজই পাইবে। তাহার সঙ্গে সন্তাবের ভাগ দেখাইয়া কথা কহিবে। সে যাহা বলিবে, তাহাই করিতে স্বীকৃত হইবে। ভয় পাইও না, আমি তোমার সঙ্গে সঙ্গেই থাকিব।"

সুকুমার হাসিয়। বলিল, "সেটা আফি বেশ বুঝিয়াছি। আপনি সহায়স্বরূপ থাকিলে আমি যমালকে যাইতেও ভয় করি না। এখন সে শয়তানিটা কিরূপ করিবে, তাহা শুনি।"

"এখন বলিব না, বলিবার অবসরও নাই। আমি এখনই চলিলান। তুমি সাবধানে থাকিও।" অজিতকুমার চলিয়া গেলেন। সুকুমার তথ্য বেড়াইতে বাহির হইল।

রাত্রি প্রায় দশটার সময়ে একব্যক্তি আসিয়া সুকুমারের পথরোধ করিয়া দাঁড়াইল। স্থকুমার পাশ কাটাইয়া চলিয়া বাইবার উদ্ধোগ করিলে সে ব্যক্তি বলিল, "বাবু আপনাকে একবার যাইতে হইবে।"

স্থকুমার পশ্চাতে ফিরিয়া বলিল, "কোথায় বাপু, ভূমি কোথা ইইতে আদিতেছ ''

"নিকটেই যাইতে হইবে।"

় "তুমি আমাকে চেন ?" "চিনি।" "কে আমি ?"

"আমার মনিব—সুকুমার।"

লোকটির উত্তর শুনিয়া স্তুমার মনে মনে বলিল—এ ব্যক্তি স্নেহ-লতারই চর, নতুবা চাকরের এত বুদ্ধি হইতে পারে না ৷ প্রকাঞ্চে সুকুমার বলিল, "কে আমাকে ডাকিয়াছে ?"

" আজে, আমার মনিব ঠাকুরাণী ক্ষেহলতা।"

সুকুমার হাসিয়া বলিল, " দূর আহাত্মক্, তবে আমি তোমার মনিব হইতে পারিলাম না। যাই হোক, চল।"

এই বলিয়া স্কুমার লোকটির স্কে সঙ্গে চলিল। কিছুক্ষণ পদব্রজে যাইবার পর লোকটি একখানি দিতল বাড়ীতে প্রবেশ করিল, স্কুমারকে প্রবেশ করিতে বলিল। স্কুমার বিনা বাকাবায়ে ছিতলের একটি কক্ষে প্রবেশ করিল। দেখিল প্রেতবনের গৃহ মধ্যে যেরূপ সাজ সজ্জা ছিল, এই গৃহের সাজ সজ্জাও সেইরূপ।

• সুকুমার গৃহের সকল আসবাব পত্তের প্রতি নজর ক**রিবার প্রেই** স্কেহলতা গৃহ মধ্যে প্রবেশ করিয়া সুকুমারকে বলিল, "এই যে, গ এসেছ।"

শুকুমার অতিশয় বিশ্বয়ের ভাণ করিয়া বলিল, " এ কি, লতা, ভূমি এখানে! ভূমি আমাকে ডেকেছ ?"

স্নেহলতা হাসিয়া বলিল, "অবাক্ হইতেছ নাকি ? কেন, আমার । 'চাকর ত সে পরিচয় তোমাকে দিয়াছে।"

"হাা, তা বটে; কিন্তু তাহার কথাটায় বিশ্বাস করিতে পারি নাই।" চেয়ারের উপর একথানি পরিচ্ছন তোয়ালে ছিল, স্নেহলতা সেই খানি সরাইয়া রাখিবার সময়ে বলিল, "ছোট লোকের ক্ষার তাব. সকল সময়ে বুঝা যায় না। যাই হোক, ব'স, অনেক কথা আছে।"

সুকুমার চেরারখানি টানিরা লইরা তাছাতে বসিল। পরে পা ছুইটি ছুলাইতে ছুলাইতে বলিল, "তুমি কখন এসেছ ?"

'প্রায় তোমার সঙ্গে সঙ্গেই আসিয়াছি। তোমাকে স্থ-ধবর দিই, অব্ভিক্তকুমারও আসিয়াছে।"

স্থকুমার বান্তভাবে স্নেহলতার দিকে মূখ ফিরাইয়া বলিল, "বটে! ঠিক হইয়াছে, তবে সে পত্র অজিতকুমারেরই।"

স্নেহলত। ললাটের উপর হইতে চূর্ণ কুন্তলগুলি সরাইয়া বিশেষ আগ্রহ সহকারে বলিল, ''কোন্ পত্র স্কুমার ?"

"সন্ধার সময়ে একখানি পত্র পাইলাম। তাহাতে লেখা আছে, আমি প্রস্তুত, যথাসময়ে দেখা পাইবে। এখন বৃঝিতেছি, এ পত্র অজিতকুমারের।"

"হাঁ।, অবশুই অজিতকুমারের। এআমি ত তোমাকে বলিয়াছি যে সে কাপুরুষ নয়, সে অবশুই তোমার সহিত যুদ্ধ করিবে।"

সুকুমার হাসিয়া বলিল, "আমিও ত সে জ্বল্য প্রস্তত।"

"ভগবান তোমার মঙ্গল করুন। তুমি আমার শক্ত নিপাত কর,
আমি প্রাণ ভরিয়া তোমাকে ভালবাদিয়া স্থী হই। দেখ সুকুমার,
স্বচক্ষে তাহার মৃতদেহ দর্শন করিব, বেশ জানিব যে ইহজগতে আমার
পরম শক্ত আর নাই, দেই জন্তই আমিও কলিকাতায় অসিলাম। তুমি
আমার প্রিয়, তুমি আমার সর্কাশ্ব—তাহার প্রাণ গ্রহণ করিয়া তুমি
আমাকে সুখী করিবে।"

স্থার বৃথিল যে সেংলতা অজি তকুমারের সহিত তাহার সাক্ষা-তের কথা জানে না। স্কুমার সোহাগের ভাব দেখাইয়াব লিল, " দেব লতা তোমার মত রমণীরত্ব লাভ পরম সৌভাগ্যের কথা। সে সৌভাগ্য কি অংমার হইবে ? "

স্বেহলতা কথাটায় বাধা দিয়া বলিল, "লক্ষা দিওঁনা, আমাকে তালবাস ব্লিয়াই স্ক্রপা মনে কর।" স্বেহলতা মাধার কাপড় একটু টানিয়া দিল, পরে হাতের বলয় ঘুরাইতে ঘুরাইতে আবার বলিল "আছো, একটা কথা ভাবিয়াছ কি ? কোধায় যুদ্ধ করিবে ?"

"সে ফন্দি আঁটিয়াছি। নিতান্ত মেয়ে মাহুষের বুদ্ধি লইয়া জগতে আসি নাই।"

সেহলতা থপ্ করিয়া স্কুমারের পদপ্রান্তে বসিয়া ধলিল,
"পাগল হইয়াছ ? আমি কি তোমাকে কথনও ভুচ্ছজান
করিয়াছি ?"

সুকুমার মনে মনে বলিল, আগে বরং করিতে পারিতে, এখন আর পার না। অজিতকুমারের কল্যাণে এখন সুকুমারের বৃদ্ধিটা পাকিয়াছে। প্রকাশ্তে সুকুমার বলিল, "দেখ, তোমাকে বলিব, তাহাতে আর দোষ কি? যুদ্ধ করিবার জন্ম একটা স্থান আমি ঠিক করিয়াছি। আমার বাসা জান কি?"

° স্বেহলতা ঘাড় নাড়িয়া বলিল, "না, তাহা জানিলে বহপুর্বে তেট্রাকে ডাকিতে লোক পাঠাইতাম। তুমি বাগবাজারের লিকে গিয়াছিলে, এই পর্যান্ত জানি। এইটুকু জানিয়াই তোজার সন্ধানে লোক পাঠাইয়াছিলাম। আমার নাকি বরাত ভাল, তাই সে তোমার দেখা পাইয়াছে।" স্বেহলতা হাসিয়া কথাটা বলিল।

স্কুমার বলিল, " যাক্, বাগবাজারের থালের থারে একটি বাড়ী পাইয়াছি, সে বাড়ীতে কেহ থাকে না, নিকটে লোকালয়ও নাই। পেইখানে যুদ্ধ করিব হির করিয়াছি।" "বেশ কথা; কি অস্ত্র লইয়া মুদ্ধ করিবে ?" স্প্রেহলটার আগ্রহণ তাহার মুখের ভাবে প্রকাশ পাইল। সুকুমার তাহা দেখিয়া বিলিল, "তরবারি লইয়া মুদ্ধ করিব।"

"না, না—তরবারি লইও না; সে তরবারি চালনায় স্থানক, তুমি পিন্তল লইয়া যুদ্ধ করিও।"

সুকুমার হাসিয়া বলিল, "তরবারি চালনায় আমিই কি অপটু ? । অঞ্চিতকুমার যে আমার সমকক্ষ, এমন ত মনে হয় না। "

স্মেহলতা আরও ব্যস্ত হইয়া বলিল, "না, না সুকুমার, তুমি তাহাকে জান না, সে তরবারি চালনায় অতিশয় সিদ্ধছন্ত।"

"হইলেই বা; আমি তরবারি লইয়াই যুদ্ধ করিব। কলিকাতা সহরে পিন্তল ব্যবহার করিলে যে ধরা পড়িব; এ কি ত্রিবেণী ?"

স্বেহলতা যেন কথাটার মর্মগ্রহণ করিয়া গন্তীরভাবে বলিল, "তা বটে।—আছো. দেখ আমি তোমাকে তৃইখানি তরবারি দিব। আমি এমন উপায় করিয়া দিব, যাহাতে অজিতকুষার তোমার হাতে অবশুই প্রাণ হারাইবে।"

সুকুমার বিশিত হইয়া বলিল, "সে কি লতা ?"

"দেখ সুকুমার, আমি তোমাকে যে তরবারি প্রদান করিব, তাহা অঞ্চিত্রুমারের অঙ্গ স্পর্শ করিলেই তাহার মৃত্যু হইবে।"

সুকুমার শিহরিয়া উঠিয়া বলিল, " তুমি তরবারিতে বিষ মাধাইয়া দিবে ?"

স্নেহলতার নয়ন জ্বলিয়া উঠিল, বলিল "ক্ষতি কি ?ু আমি তাহাই করিব। বস, আমি অন্ত্র আনিতেছি।" স্নেহলতা কক্ষান্তরে চলিয়া গেল। কণকাল পরে তৃইখানি তরবারি লইয়া সেই কক্ষে পুনরায় প্রবেশ করিয়া বলিল, "এই নাও সুকুমার, এই তরবারি।"

স্কুনার তরবারি ছইখানি দেখিয়া বলিল, "কোনুখানি আমি গ্রহণ করিব ?"

"এইখানি, এই একটি চিহ্ন দেখ।" স্বেহলতা স্থ্যুমারকে একটি । দাগ দেখাইয়া দিল।

শুকুনার তাহা দেপিয়া বলিল, "কিন্তু অজিতকুমার যদি আমার শুকু গ্রহণ না করে ? সে যদি নিজের অন্তু গ্রহণ করে ?"

"বেশ ত; তাহা হইলেও তৃমি ত নিজের অস্ত্র গ্রহণ করিতে পারিবে। শোন সুকুমার তুমি এই তরবারি লইয়া যুদ্ধ করিও, সে অবস্তুই প্রাণ হারাইবে।"

সুকুমার বুঝিল থে অজিতকুমার ঠিকই বলিয়াছেন, স্নেহলতা শয়তানীই বটে। স্নেহলতার নিকাল নিজের মনোভাব গোপন রাখিয়া সুকুমার বলিল, "তবে এখা বিনাম।" সুকুমার ভরবারি ছুইখানি গ্রহণ করিল।

"দাড়াও, অস্ত্র ছুইখানি খাপের ভিতরে দিই, একথানি বক্ষেত্র ইয়া দিই, নতুবা রাস্তায় ধরা পড়িবে।" স্থেহলতা তাহাই করিল, পরে বলিল, "দেখ সুকুমার, আমার সকল আশা ভরসাই জুমি। কখন্ আবার তোমার দেখা পাইব ?"

."यिन বাচিয়া থাকি, তবে যুদ্ধের পর আবার দেখা করিব।"

প্রত্ত হও যে অজিতকুমারকে বধ করিয়াই ভূমি আস্থার নিকট আসিব।'

"আসিৰ।"

''তাহার শবদেহ দেখাইবার জন্য আমাকে লইয়া যাইবে ?'' 'এ অতি অস্থাডাবিক অন্ধুরোধ।'' ''সুর্মার, এ ব্যাপারের কোন্টা বাতাবিক ? ভাষার মৃত্দেহ
বচকে না দেখিলে আমি নিশ্চিত্ত হইতে পারিব না। আমি তোমাকে
আবার বলিভেছি সুকুমার, বে দণ্ডে তুমি আমাকৈ তাহাল মৃতদেহ
দেখাইবে, সেই দণ্ডে তুমি আমার অগাধ ভালবাসার প্রমাণ পাইবে,
আমার অতুল ঐথর্ব্যের অধিকারী হইবে—তথনই আমি
ভোমার ধর্মপরী হইব। আমি পুরোহিত্ত ঠিক করিয়া রাধিব,
দেবতা সাক্ষ্য করিয়া ভোমাকে পতি বলিয়া সম্বোধন করিব।
বল তুমি আমাকে ভাষার শ্বদেহ দেখাইবার ক্ষ্য লইয়া
বাইবে।"

সুকুমার দীর্গ নিধাস ত্যাগ করিয়া বলিল, "বেশ, তাহাই হইবে।" সুকুমার অন্ধ্র ছুইধানি লইয়া চলিয়া গেল, স্বেহলতা রাজপথ পর্যান্ত ভাহাকে রাধিয়া জাসিল।

শুকুমার নিজের বাদায় প্রত্যাবর্ত্তন করিল; দেখিল অজিতকুমার ভাহার অপেকায় বিদিয়া আছেন। সুকুমারকে দেখিয়াই অজিতকুমার বিলিলেন, "সেহলতার দহিত দেখা হইয়াছে ১"

স্কুমার হাসিরা বলিল, "হইয়াছে।" পরে তরবারি ছইখানি রাখিয়া স্কুমার উপবেশন করিল এবং রুয়ালে মুখ মুছিয়া বলিল, "আপনি দেবতা, আপনি সব জানেন।"

অজিতকুমার হাসিয়া বলিলেন, "আমি দেবতা নহি; তবে সব বিবর পূর্বে অফুমান করিতে পারিলে বলি দেবতা হওয়া যায়, তাহা হইলে না হয় স্বীকার করিতেছি যে আমি দেবতার ব্যবসায় করি। বাক্, বাজে কথা; উহাতে কি আছে?"

"তরবারি।"

"कत्रवादि ! द्वम ? गृष कतिवात कछ बांकि ?"

"制"

অব্দিতকুমার বাসিয়া বলিলেন, "তবে আবার একবার দেবতা হুওয়া যাক্। স্বেহলতা তরবারি দিয়া কি বলিল ?"

"বলিল বে একখানিতে বিৰ মাধাইয়া দেওয়া হইয়াছে, আমি দৈইধানি লইয়া যুদ্ধ করিব, তাহা হইলে আপনি অবশুই প্রাণ হারা-ইবেন।" সুকুমার তরবারি ছইধানি বাহির করিল।

"কোন্ ধানিতে বিৰ আছে ?"

স্থুকুমার চিহ্ন দেখিয়া বিষাক্ত তরবারিধানি অজিতকুমারের হতে প্রদান করিল। অজিতকুমার বলিলেন, "এধানিতে বিষ নাই !"
"না।"

"তা নয় সুকুমার; আমরা উভয়েই যাহাতে ইহজগত হইতে বিদার লই, স্নেহলতা তাহার ব্যবস্থা করিয়া দিয়াছে।"

সুকুমার বিশিত হইয়া বৃদিন, "আপনি এ কৈ বলিতে-ছেন ?"

• "ওপু বলিতেছি কেন, দেধাইতেছি।" অন্ধিতকুমার পকেট হইতে ছইটি কুদ্র মৃথিক বাহির করিলেন। সুকুমার তাহা দেখিয়া ৰলিল, "প্রেটে এ সব কেন ?"

"খাছদ্ব্য পরীক্ষার জন্ম ইহাদিগকে রাখিতে হয়। যাই হোক্, এই মৃষিকটির গাত্রে বিষাক্ত তরবারিখানি লইয়া একট্ ধোঁচা দাও, ভাল করিয়া কাটিবার কোন প্রয়োজন নাই।" সুকুষার ভাছাই করিল; মৃষিকটি ছটকট্ করিতে লাগিল, শেবে ভাহার অঙ্গ কঠিন হইয়া গেল। অজিতকুমার তখন বলিলেন, "এখন ঐ তরবারিখানি লইয়া এই মৃষিকটিকে একটু খোঁচা দাও।" সুকুমার মন্তম্প্রবং অজিত-কুমাবের মাদেশ প্রতিপালন করিল। এই মৃষিকটিও ছট্কট্ করিছে করিতে মরিয়া গেল। স্থাকুমারের মুখ বিবর্ণ হইরা গেল, আহার দেহ বর্মাক্ত হইল, দে চীৎকার করিয়া বলিল, "ওঃ! কি শয়তাৰি!"

অন্ধিতকুমার হাসিয়া বলিলেন, "কেমন, এখন আমার কৰার বিখাস ইংতেছে কি ? আমি যে তোমাকে বলিবাছিলাম, আমাকে হতা। করিলেও তুমি রক্ষা পাইবে না, সে কথা এখন সত্য বলিয়া বোধ হই-তেছে কি ?"

"আর আমার বিলুমাত্রও অবিশাস নাই—ওঃ! কি শয়তানীর ংমাহেই পড়িয়াছিলাম!"

"এখনও তাহার প্রতি তোমার ভালবাসা মাছে কি ?"

। "আপনি কি পাণল হইয়াছেন ? যে আমার মৃত্যু আকাজ্জা করে, তাহাকে আমি ভালবাসিব ?"

"যাক্, স্নেহলতা তোমার উপর সন্দেহ করে নাই ত ?" "না, সে জানে আমি তাহারই।"

"বেশ, অপরাণীকে মুঠার তিতরে রাঝিয়া তদন্ত করাই সুদক্ষ
াগোরেন্দার কার্যা।" অজিতকুমার গৃহের চারিদিক বন্ধ করিয়া দিতে
বলিলেন, নিয়তলের থার বন্ধ করিয়া দেওয়া হইল। তথন উভয়ে
পরামর্শ করিতে বসিলেন।

দ্বাদশ পরিচ্ছেদ।

মৃত দেহ।

অজিতকুমার দেখিলেন যে সুকুমার হততদ হইয়া পড়িরাছে। তথন তিনি বলিলেন, "সুকুমার, দেখিতেছি আমার ক্রিয়া কলাপ দেখিয়া তুমি উত্রোতর বিশিত হইতেছ। কিন্তু ইহাতে বিশরের ত কোন কারণ নাই। আমার সঙ্গে কিছুকাল থাকিলে তুমিও এইতাবে অপরের বিশ্বর উদ্রেক করিতে পারিবে। গোয়েন্দার যে সকল গুণ থাকা আবশ্রক, সেই সকল গুণ অর্জন করিবার জন্ম আমি প্রাণপাত পরিশ্রম করিয়াছি, গোয়েন্দার দৃষ্টি যেরপ প্রথর হওয়া আবশ্যক, মাজিয়া ব্রিয়াছ আমার চক্ষুকে সেইরপ প্রথর দৃষ্টিশক্তিসম্পন্ন করিবার চেক্টা করিয়াছি। কার্জেই তুমি যাহা অন্ধ্যান করিতে না পার, আমি এখন তাছা অন্ধ্যান করিতে পারি। সেহলতার জীবনে যাহা যাহা ঘটিয়াছে, ভাহা আমি জানি; সে কি চাহে, তাহা আমি জানি; সে কি চাহে, তাহা আমি জানি; সে কি চাহে, তাহা আমি জানি যাহা চাহে, তাহা আমি জানি—সুতরাং এখন তাহার একটা চাল দেখিয়া তাহার উদ্যেশ্বঃ বৃথিতে আমার বিলম্ব হর না।—যাক্ এ কথা; এখন সেহলতা আমাদের হাতে আদির। পড়িয়াছে, এইকু তুমি বৃথিতে পারিতেছ কি ?"

স্কুমার বাড় নাড়িয়া বলিল, "তাহা বুঝিভেছি। সে বঞ্চা আমাকে এশন ও বোল আনা বিধান করে, তগন সে আমাদের হাতে আসিয়াছে, ইহা কেন না বুঝিব ?"

"বেশ; আমি এখন তাহাকে অগাধ জলোধাকিরা খেলিতে দিতেছি, সে যখন আমার টোপ্ গিলিরাছে, তখন সময় হইলেই তাহাকে মুঠার ভিতরে আনিব।— মুধিক হুইটি কিতাবে মরিল, তাহা দেখিলে ত ?"

"(प्रिविनाम।"

"মামুষের শরীরে এইভাবে বিব প্রবিষ্ট হইলে মামুষও বে এইভাবে মরিত, তাহা বুকিতেছ ত ?"

"হাঁ, বুঝিতেছি।"

"বেশ; তবে আমি কেমন ভাবে মরিলাম, ক্ষেহলতার কাছে তাহা বুঝাইয়া বলিতে পারিবে ত ?"

স্কুমার উচ্চহাস্য করিয়া বলিল, "এতক্ষণে আপনার মংলবটা বৃথি-লাম।"

অঞ্চিত্রুমার বলিলেন, "এতটা তবিশ্বং ভাবিয়া আমাদিগকে কাজ করিতে হয়। স্বেহলতা বড় চতুর, সে পুরুষ হইলে পাকা গোয়েনা। হইত। তাহার সহিত আমাকে চাল চালিতে হইতেছে। স্থতরাং বুঁটিনাটি যাহা কিছু জানা আবশ্রক, তৎসমুদায় তোমাকে জানিয়া রাধিতে হইবে।"

"বুঝিয়াছি, আমি আপনার চেলা হইছে পারিব, আপনি নিশ্চিত্ত পাকুন।"

"তুমি আমার জন্ম ভাবিও না। ,আমার পকে বাহা বাহা করিতে হইবে, সে সকল আমি করিয়া রাধিব। তুমি একটু পরেই সেহলতার কাছে যাও। পুন করিলে লোকে যেমন আহতত্বে পথ চলে, সেইভাবে

চুলিবে, তোষার হাত পা কাঁপিতে থাকিবে, গলায় কথা আটকাইবে— বুরিতৈছ ? কিন্তু এ বিষয়ে যেন বাড়াবাড়ি করিও না। ভোমাকে সে সান্তনা প্রদান করিলে আমার মৃতদেহ দেখাইবার ক্ষুত্র ভাহাকে ভূমি আমার বাসায় লইয়া যাইবে।"

ঁ স্কুমার অজিতকুমারের মুখের প্রতি স্থতীব্র দৃষ্টিপাত করিয়া বলিল, "কিন্তু আপনি সাবধান।"

"তুষি ভর পাইতেছ কেন ?"

"আপনি সত্যই মরিয়াছেন কি না, সে হয়ত ভাহা নানা উপায়ে দেখিবে।"

"ওহো, সেজত তাবিও না, সে ব্যবস্থা আমি করিব। আমি
কিতাবে আট ঘাট বাধিয়া কার্য্য করি, তাহা তুমি ক্রমশং জানিতে
পারিবে। এখন চলিলাম, কিন্তু বিষাক্ত তরবারির সাহায্যে মেন
আমাকে খুন করিতে ভূলিও না।" অজিতকুমার একটু হাসিয়া বিদার
শইলেন। আবার ঘারদেশ হইতে ফিরিয়া তিনি সুকুমারের মুখের দিকে
স্থতীত্র দৃষ্টিপাত করিয়া বলিলেন, শননে রেখো সুকুমার, সকল প্রকার
বিপ্রদের জন্তই আমরা প্রস্তুত থাকি।"

সুকুমার কথাটা বুঝিয়া বলিল, "আমাকে আপনি সন্দেহ করিবেদ
না।" অজিতকুমার চলিয়া গেলেন। সুকুমার মনে মনে ভাবিল—
ব্যাপারটা মন্দ স্ইতেছে না। কিন্তু স্নেহলতা যে আমাক্ষণ প্রাণে
মারিতে চাহে, ইহা বেশ বুঝা গিয়াছে। এখন সে যখন বুঝিবে যে
আমি অজিতকুমারকে হত্যা করিয়াছি, তখন কার্য্যোদার হইয়াছে বুঝিয়া
বেশ্ আমাকেও হত্যা করিবে। কি মজা! গোয়েন্দাগিরি বেশ্ কাক!"

ত্তিরপ ভাবিতে ভাবিতে সুকুমার কিরৎক্ষণ পাদচারণা করিল, গরে বেশ পরিবর্ত্তন করিরা স্নেহলতার বাড়ীর দিকে চলিয়া গেল। স্বেদ্ধার বাস্তবনের বারদেশে উপস্থিত হইয়া সুকুমার দেখিল বে বার খোলা রহিয়াছে। সুকুমার জত পাদবিক্ষেপে একেবারে উপরের কল্পে উপস্থিত হইল এবং মাধায় হাত দিয়া চেয়ারের উপর ধপ্ করিয়া বসিরা পড়িল। স্বেহলতা তদণ্ডেই সেই কল্পে আসিরা ব্যক্তভাবে বিজ্ঞানা করিল, "কি, কি, ব্যাপার কি ?"

সুকুমার "ওঃ!" বলিয়া দীর্ঘধাস ত্যাগ করিল। বেহলতা আরও ব্যস্তভাবে বলিল "ব্যাপার কি, শেষ করিয়াছ ?" "ওঃ লতা, লতা—ওঃ!"

"খুলিয়া বল, শেষ করিয়া ছ ?" তুকুষার অস্ট্রুরে বলিল "খুন করিয়াছি।"

"নে মরিয়াছে ?"

"ওঃ, আমি নরহন্তা!"

"বল না, সে মরিয়াছে ?"

"কি ভয়ানক! লতা, ওঃ, সে কি ভয়ানক !"

"বাস, আমি বুঝিয়াছি—সে মরিয়াছে।"

"লতা, কেন তোমার সঙ্গে আমার দেখা হইয়াছিল—অজিতকুমার আমাকে খুন করিল না কেন? বল কি, এমন ভাবে আমি তাহাকে খুন করিলাম! কি যন্ত্রণা—সে আমাকে বিশাস্থাতক জানিয়া মরিয়াছে।"

"কেন হংখ করিতেছ সুকুমার ? সে নিজে নরবাতক ছিল।"
"তাহাতে কি ? আমি ত বিশ্বাস্থাতক হইলাম !"
"হংখ করিও না সুকুমার, তুমি ঠিক করিয়াছ। আমি সব জানি।"
সুকুমারের ভাবান্তর উপস্থিত হইল, সে মলিল, "সব জান ?"
"হাঁ সবই জানি ?"

"কৈ জান লতা ?"

"পে তোমাকে আমার সম্বন্ধ কি বলিয়াছিল, তাহা আমি জানি।
আমি জানি সে তোমাকে বুঝাইয়াছিল যে তোমার জীবনও নিরাপদ
নহে—আমি তোমার সহিত প্রতারণা করিতেছি। এখন সে মরিয়াছে,
এখন তুমি বুঝিবে আমি তোমাকে কত ভালবাসি। তোমার পত্নী
হইয়া এখন তোমাকে বুঝাইব যে সে মিথ্যা কথা বলিয়া তোমাকে
ঠকাইবার চেষ্টা করিয়াছিল।"

স্কুমার বুঝিল যে স্বেহলতা তাহাদের অভিস্দ্ধি কিছুই জানে না, তথন সে নিশ্চিন্ত হইন্না বলিল, "সে যে আমাকে এ সকল কথা ৰলিন্না-ছিল, তাহা তুমি কিব্নপে জানিলে ?"

"এ কথা ত তাহার নৃতন নহে—সে ত সকলের নিকটেই এই কথা বলিত।"

"দূর হোক্, তাহার কথায় কে বা কান দিয়াছে? যাহাকে খুন করিব বলিয়া সঙ্কল করিলাম, তাহাঁর সহিত আবার খোদ খেয়ালে আলাপ করিব, এমন পাত্র আমি নহি।"

"তা বেশ ;—আচ্ছা স্থকুমার সতাই কি সে মরিয়াছে ?^{*}

• স্থকুমার বিরক্তির ভাব প্রকাশ করিয়া বলিল, "আর ওঞ্চা তুলিও না—নিজের উপর নিজের ছণা হইতেছে, তোমার প্রতিক্ষামণ্য ছণা হইতেছে।"

বেহলতা সুকুমারের নিকটবর্তিনী হইয়া বলিল, "কেই সুকুমার ? সামি তোমার কি করিলাম ?"

"তোমার জন্তই ত এমন কাজ করিতে হইল!"

"সে নিজে নর্বাতক ছিল, তাহাকে থুন করিয়া মনন্তাপ পাইতেছ কেন ?—আচ্ছা সে কিভাবে মরিল ?" "ও! কি ভয়ানক! তাহার অঙ্গে অস্ত্রাঘাত করিবামাত্র সে একবার ' পিছাইয়া যাইয়া অতিশয় রণার সহিত আমার প্রতি দৃষ্টিশাত করিল এবং "বিশ্বাস্থাতক" বলিয়াই পড়িয়া গেল। ওঃ, কাটা পাঁঠা যেমন ছটকট্ করে, মরিবার পূর্বে মান্থ্রে যেমন থারি থায়—ওঃ!"

"ঠিক।—মৃতদেহ কোথায় আছে ?"

"সেইখানেই পড়িয়া আছে।"

"চল, আমি একবার তাহাকে দেখিব।"

সুকুমার বিস্মিত হইয়া বলিল, "কি বলিজেছ ? আমি পারিব না।" "তোমাকে যাইতেই হইবে।"

স্নেহলতার ভাবভঙ্গী দেখিয়া সুকুমার বলিল, "তোমার দাসামুদাস হইয়াছি, নতুবা এমন কান্ধ করিব কেন ? চল, আমি তোমাকে লইয়া যাইতেছি।"

প্রেহলতা কক্ষান্তরে যাইয়া পরিচ্ছদ পরিবর্ত্তন করিয়া আসিল। পরে উভয়ে সেই বাড়ী হইতে বহির্গত হইল।

বাগবাজারের খালের ধারে, সুকুমারের বাসা হইতে কয়েক মিনি-টের পথ দূরে, অজিতকুমারের বাসা। সুকুমার স্নেহলতাকে লইয়া সেই বাড়ীতে উপস্থিত হইল। প্রাঙ্গণে করেকটি ছোট ছোট আম-গাছ—অন্ধকারে উভয়ে পা টিপিয়া টিপিয়া ভিতরে প্রবেশ করিল। বাড়ীর ভিতরেও ভয়ানক অন্ধকার। সুকুমার উপরে উঠিয়া স্নেহ-লতাকে বলিল "দাড়াও"। সুকুমার অদ্বে একটি কক্ষে গমন করিল; পরে কাঁপিতে কাঁপিতে ফিরিয়া আসিয়া বলিল "এস।" স্নেহলতা সুকুমারের সঙ্গে গেল।

কক্ষের ভিতরে প্রবেশ করিয়াই ক্ষীণ্যলোকে স্নেহলতা অজিত-কুমারের মৃতদেহ দেখিতে পাইল। ক্ষণকাল নিম্পদভাবে দাড়াইয়া শেষে সে অজিতকুমারের কপালে হাত দিয়া দেখিল, একবার বৃকে হাত
দিয়া দেখিল, পরে অজিতকুমারের নাকের নিকটে কান পাতিয়া
দেখিল। শেষে বৃঝিল যে অজিতকুমার সতাই মরিয়া গিয়াছে। সম্ভট্ট
ইইয়া দে সুকুমারকে জিজ্ঞাসা করিল, "কোন্ স্থানে অস্ত্রাঘাত করিয়াছ ?"

সুকুমার অব্দিতকুমারের হল্তের এক স্থান দেখাইয়া দিল। স্নেহলতা সেখানে হুই এক কোঁটা রক্ত দেখিল; আরও দেখিল যে অব্দিত-কুমারের অব্দের সেই স্থানটি কাল বর্ণ ধারণ করিয়াছে। সে হাঁফ ছাড়িয়া বলিল, "আমি বড় প্রীত হইলাম সুকুমার। এস, আর অপেক্ষা করিব না।"

. সুকুমার বলিল, "তুমি প্রীত হইলে, কিন্তু আমি চিরদিনের মত শাস্তিসুথ হারাইলাম।"

স্নেহলতা মধুর বচনে বলিল, "কেন ছঃখ কর সুকুমার, আমি তোমাকে সুখী করিব।" উভরে চলিয়া গেল।

কিছুক্ষণ পরে ক্লফাবর্ণ পরিচ্ছেদে ভূষিতা একটি রমণী সেই কক্ষেপ্রবেশ করিয়া অজিতকুমারের মুখে জলের মত একটা পদার্থ ঢালিয় দিল। তাহার ফলে অজিতকুমারও সংজ্ঞাপ্রাপ্ত হইয়া উঠিয়া বসিলেন এবং হাসিয়া বলিলেন, "তবে ত আমরাও ঔষধ জ্ঞানি। মরা মাফু ত বাঁচিল।"

ত্রয়োদশ পরিচ্ছেদ।

" আমি সেই। "

সুকুমার দেহলতাকে তাহার বাসভবনে পৌছাইয়া দিয়া প্রত্যা-বর্ত্তন করিতেছিল, এমন সময়ে স্নেহলতা বলিল, "দেখ সুকুমার, এখন তোমারও মাধার ঠিক নাই, আমারও মাধার ঠিক নাই। কাল এইখানে আমার সহিত সাক্ষাৎ করিও। এখন এই পঞাশটি মোহর লও, একটু আমোদ প্রমোদ করিও।"

শুকুমান মোহর কয়টি গ্রহণ করিয়া বলিল, "তা করিব; কিছ শারণ রাখিও তুমি কি করিতে প্রতিশ্রত হইয়াছ। কাল আমাদের বিবাহের ব্যবস্থা হইবে ত ?"

"এ কথার উত্তর কাল দিব।"

"ইহার আর উত্তর নাই—প্রতিক্রতি তোমাকে রক্ষা করিতেই হইবে। আমি কাল আসিব।" সুকুমার চলিয়া গেল।

নিব্দের বাসায় উপস্থিত হইয়া সুকুমার দেখিল যে খারদেশে একব্যাক্তি দাড়াইয়া রহিয়াছে। সুকুমারকে দেখিয়াই সে ব্যক্তি ক্লিক্সাসা করিল, "আপনি এই বাড়ীতেই থাকেন?"

স্থকুমার বিরক্তির সহিত উত্তর করিল, 🐲৷, কেন 🖓

-"ইকুমার কাহার নাম ?"

"আমারই নাম, কেন ?"

"আপনার নিকটে একটি ধবর লইয়া আসিয়াছি।"

"কে·ধবর পাঠাইয়াছে?"

"ভিতরে চনুন, বলিতেছি।"

স্কুমার বাড়ীর ভিতরে প্রবেশ করিয়া বলিল, "কি ধবর ?" লোকটি বার বন্ধ করিয়া দিতে বলিল। স্কুমার বার বন্ধ করিয়া বলিল, "ভূমি কে শুনি, কি ধবর লইয়া আসিয়াছ্ ?"

"কেন, আমাকে চিনিতে পারিতেছেন না ?"

স্থুকুমার লোকটির মুখ ভালরণে নিরীক্ষণ করিয়া বলিল, "না, তোমাকে কখনও দেখিয়াছি বলিয়া মনে হয় না।"

"কিন্তু আমি বলিতেছি, আপনি আমাকে জানেন।"

"আমি ত তোমাকে চিনিতে পারিতেছি না, এখন খবর কি *বল*।"

"আপনি কি এই মাত্র স্নেহলতার বাড়ী হইতে আসিতেছেন 📍

"কি ?" সুকুমার বিশ্বয়ের ভাব প্রকাশ করিল।

"আপনি যাহাকে খুন করিয়াছেন, তাহার মৃতদেহ দেখাইবার জন্ত আপনি স্বেহলতাকে লইয়া গিয়াছিলেন।"

সুকুমারের মনে ভাবান্তর উপস্থিত হইল। সে স্থির করিল বে নেহলতা ইহারই মধ্যে এক চাল চালিয়াছে। স্থকুমার লোকটিকে বলিল, "ভোমার সহিত কথা কহিবার পূর্ব্বে তুমি কে তাই। জানিতে চাই।"

"আমি আপনার বছু।"

"বদ্ধু! অথচ তুমি যা নয় তাই বলিতেছ।"

"কি করিব বরুন, আপনিও যে যা নর তাই করিয়াছেন।"

সুকুমার একটু ক্রোধ প্রকাশ করিয়া ৰণিল, "চুলায় যাউক একথা,
তুমি কি চাও বল, কি জন্ম আসিয়াছ ?"

লোকটি হাসিয়া বলিল, "আমি পঞ্চাশখানি মোহর চাই; সেই কল্যই আসিয়াছি। এই মোহর পাইলে আমি কাহাকেও কোন কথা বলিব না।"

স্থুকুমারের তথন দৃঢ় বিশ্বাস হইল যে স্নেহলতা তাহাকে বিপদ্গ্রন্ত করিবার চেষ্টা করিতেছে। সে প্রকাশে বিদিল, "তুমি কাহাকেও কোন কথা বলিবে না, এই জন্ম পঞ্চাশখানি মোহর চাও ? আমার কাছে যে পঞ্চাশটি মোহর মিলিতে পারে, ইহা তুমি কিরুপে জানিলে ?"

"কেন, স্নেহলতা ত আপনাকে পঞাশটি মোহর দিয়াছে।"
"যদি না দিই, তাহা হইলে তুমি লোকের কাছে কি বলিবে ?"
"আজ রাত্রিকালে যাহা ঘটিয়াছে।"

"কি ঘটিয়াছে ?"

"আবার বলিতে হইবে ? আপনি যে অজিতকুমারকে খুন করি-যাছেন।"

সুকুমার বিশ্বিত হইয়া বলিল, "বল কি, তিনি মারা গিয়াছেন ?"
লোকটি হাসিয়া বলিল, "আপনি কিছুই জানেন না নাকি?
আপনিই ত বিষাক্ত তরবারির আঘাতে তাঁহাকে খুন করিয়াছেন।"
সুকুমার ক্ষণকাল গম্ভীরভাব অবলম্বন ক্রিয়া বলিল, "যদি তোমাকে
মোহর না দিই ?"

"এখনই একজন গোয়েন্দাকে বা পুলিশকে ডাকিয়া ধরাইয়া দিব।"
স্থক্মার ক্রোধভরে বলিল, "তুমি কি স্বচক্ষে দেখিয়াছ যে আমি
পুন করিয়াছি ?"

"না, তাহা দৈখি নাই। তবে আমি ইহা ভালরপ জানি।"

"কিরূপে জানিয়াছ।"

"সেকথা বল্লিব না।"

সুকুমার আবার ভাবিল যে স্নেহলতাই এই ব্যক্তিকে পাঠাইয়াছে। শে-বলিল, "তোমার পরিচয়টা জানিতে গারি কি ?"

় লোকটি হাসিয়া বলিল, "পারেন বই কি। আমি সেই—আমার নাম অজিতকুমার।"

সুকুমার অজিতকুমারের পাকা গোয়েন্দাগিরি দেখিয়া বিশ্বিত হইল এবং বলিল, "দেখুন, আপনি আমাকে অবাক করিয়াছেন। আপনাকে এখন কাহার সাধ্য চিনিতে পারে ? আমার মনে ধারণা যে আমি বড়ই চালাক, কিন্তু আজু আপনি আমার সে চালাকি ভাঙ্গিয়াছেন দেখিতেছি।"

অজিতকুমার বলিলেন, "কোন্ অবস্থায় পরিচ্ছদের কিভাবে পরিবর্ত্তন করিলে লোকে চিনিতে পারিবে না, তাহা অতি কট্টে শিথি-য়াছি। আমি কাল আবার যদি তোমার সম্মুখে আসি, তুমি কাল আবার আমাকে চিনিতে পারিবে না।"

স্থুকুমার হাসিয়া বলিল, "মান্ত্র একবার ঠকে, আর আপনি আমাকে ঠকাইতে পারিবেন না।"

অজিতকুমার বলিলেন, "যাক্, স্বেহলতা ত বিশাস ক্রেরাছে যে আমি মরিয়াছি ?"

''আমার ত এইরপই বিধাস। সে যাহা হউক, রাত্তি ত প্রায় শেষ হইয়া আসিল। আপনি এমন সময়ে আবার আসিলেন কেন ?"

"তোমাকে একটা বিষয় শিথাইতে আসিয়াছি। স্বেহলতা আমার মৃত্যু সম্বন্ধে যতই বিশ্বাস করুক না, সে আর একবার তোমাকে কায়দায় কেলিয়া তাহা জানিবার চেষ্টা করিবে। তুমি যদি তয় পাও.

একটু আত্ত্বের ভাব দেখাও, তবেই সে বুবিবে যে আৰি মরিয়াছি; নহিলে সে সন্দেহ করিবে।"

''এমন চেষ্টাও করিবে নাকি ?"

"আমার অন্থ্যান এইরপ।—আছা, আমার বাসা ইইতে বাহির ইয়া সে কি করিল ?"

"কোন কথা না কহিয়া চলিয়া গেল।"

''আমার মৃত্যুর পরই তোমাকে বিবাহ করিবার কথা শাছে না 📍

''সে ত এইরূপই প্রতিশ্রত হইয়াছিল।"

" बश्चन कि विनन ?"

"কাল দেখা করিতে বলিয়াছে। হয়ত সে দেখা দিবে না।"

"না, না—সে দেখা দিবে। সে যখন বেশ বুঝিবে যে আমি মরিরাছি, তখন তুমি সাবধানে থাকিও। তোমাকে একটা কথা এখন
বলি। সে কোন জমিদারের পুত্রকে বিবৃদ্ধি করিবে বলিয়া ছির করিয়াছে। আমার জন্ম তাহার সেই আকাজ্জা পূর্ণ হয় হয় নাই। এখন
আমি মরিয়াছি, তুমি আমার ছান অধিকার করিয়াছ। স্মৃতরাং
তোমাকেও যমালয়ে পাঠাইবার চেষ্টা সে করিবে। শোন, তোমাকে
কয়েকটা কথা বলিয়া রাখি।"

অনন্তর অজিতকুমার কর্ত্তব্য সম্বন্ধ সুকুমারকে পরামর্শ দিয়া বিদার গ্রহণ করিলেন। সুকুমারও অবসর পাইয়া নিজা বাইবার ব্যবস্থা করিল।

চতুর্দশ পরিচ্ছেদ।

অপরাধ-স্বীকার।

শ্বা হইতে উঠিতে স্কুমারের বেলা হইয়া গেল। স্নানাদি সমাপম করিরা দে হোটেলে আহারের জন্ত গমন করিল। আহারান্তে হোটেল হুইতে বাহির হুইবে, এমন সময়ে একব্যক্তি তাহাকে আহ্বান করিয়া বিলিল, "একবার এলিকে আস্থন, আপনার সহিত একটা কথা আছে।" স্কুমার জনৈক অপরিচিত ব্যক্তিকে এইতাবে তাহার সাক্ষাৎ প্রার্থনা করিতে দেখিয়া একটু বিন্মিত হইল, কিন্তু বিন্মা গোপন রাধিয়া তাহার সাহিত কিয়দূর গমন করিল।

পৰিপাৰ্যে একস্থানে ছায়া দেখিয়া আগস্তুক সেইস্থানে দাড়াইরা বঁলিল, "আপনি আমাকে অজিতকুমারের কোন খবর বলিজে পারেন!"

, সুকুমার যেন শিহরিয়া উঠিল, সে আতঙ্কের ভাব দেখাইয়া বলিল, "আপনি অন্ধিতকুমারের কথা আমাকে জিজাসা করিতেছের কেন ?"

"আমার মনে হয় যে আপনি অন্ধিতকুমারের ধবর জানেন; সেই জন্মই আপনাকে তাঁহার কথা জিজাসা করিতেছি। আমি জানি তাঁহার

সহিত আপনার জানা গুনা আছে।"

স্কুমার জড়িতখরে বলিল, "ভা—হাঁ—আমি জানি বটে। কিছু— কি বলিতেছিলেন, তাঁহার ধবর ত কিছু বলিতে পারিলাম ন।" আগন্তক সুকুমারের প্রতি তীব্র দৃষ্টিপাত করিয়া বটাল, '"তিনি বাঁচিয়া অ'ছেন কি ?"

স্কুমারের কথা এখনও গলায় বাধিল। সে বলিল, "তিনি বাচিয়া সাছেন বলিয়াই ত জানি।"

"সংপ্রতি আপনার সহিত দেখা হইয়াছিল কি ?"

"হইয়াছিল। তিনি কাল চুঁচুড়ায় গিল্লাছেন। তাঁহাকে আমি গুলার বাটে বজরা পর্যন্ত রাখিয়া আসিয়াছিলাম।"

আগন্তক বাড় নাড়িয়া বলিল, "না, তা'ত যান নাই।"

স্কুমার যেন ভয়ে কাঁপিতেছে, এইরপ ভাগ দেখাইল। পরে বিলল, "আমি যতদুর জানি, তাহাই বলিলাম।"

আগন্ধক গন্তীরভাবে বলিল, "তিনি যে চুঁচুড়ায় গিয়াছেন, তাহার আমাণ আমি দেখিতে চাই।"

সুকুমার ক্রোধ প্রকাশ করিয়া বলিল, "ছা, আপনি প্রমাণের সন্ধান করিতে বান, আমাকে এতকথা জিডাসা করিতেছেন কেন ?"

আগন্তক আবার ঘাড় নাড়িয়া বলিল, "আমি প্রমাণের সন্ধানেই সাইতেছি। কিন্তু যদি প্রমাণ না পাই, তাবে আবার আপনার নিকটে স্মাসিব।" এই বলিয়া সে ব্যক্তি চলিয়া গোল। সুকুমার মনে মনে বলিল—অজিতকুমার ত যথার্থ অনুমান করিয়াছেন দেখিতেছি।

সন্ধ্যার সময়ে সূক্মার স্বেহলতার আবাসে গমন করিল। কাহাকেও কোন কথা না বলিয়া গৃহমধ্যে প্রবেশ করিল এবং চেয়ারের উপর উপ-বেশন করিয়া কক্ষে সজ্জিত ছুই একখানি ছবি মনোযোগ সহকারে দেখিতে লাগিল। এইভাবে প্রায় অর্দ্ধঘন্টা কাল কাটিয়া গেলে স্নেহলতা সেই কক্ষে প্রবেশ করিল। তাহার,মুখে সে হাসি নাই, অঙ্গরাণে সে গারিপাটা নাই,পরিচ্ছদের সে বাহার নাই—তাহার বদন চিন্তায় বিশ্বর, বেশভূবা নাই, বল্লাঞ্চল অল হইতে ধসিয়া পড়িতেছে, নয়নের জার। ছইটি থেন নিশ্চল হইয়া গিয়াছে। স্লানমূপী সেহলতা কক্ষমথ্যৈ প্রবেশ করিয়াই বলিল, "সুকুমার এ কি হইল ? এতদিনের আশায় এক দণ্ডে কি ছাই পড়িল ?"

স্বেহলতা খলনোন্দুধ বন্ধাঞ্চল যথাস্থানে রাথিয়া বলিল, "সুকুষার;
এত করিরাও কিছু করিতে পারিলাম না। মানুধে গড়ে, দেধতার
তাঙ্গে। এতদিন কত কল্পনা করিয়াছি, অশান্তির শন্তনেও কত সুধ্বের
শন্ত দেখিয়াছি, তোমাকে বিবাহ করিয়া কত সুধে সুখী হইব বলিয়া
কত আশা করিয়াছি—কিন্তু, একদিনের সামান্ত ক্রেটিতে সে সকলই কি

সুকুমার কড় বাধা অসুভব করিল; বলিল; "লতা, কথাটা কি-আমাকে খুলিয়া বল। আমি ত কিছুই বুঝিতে পাল্লিতেছি না।"

ু স্নেহণতা দীর্ঘনিখাস ত্যাগ করিয়া বলিল, "কি আর বলিব, জানা-জানি হইয়াছে।"

সুকুমার ভণ্ডিত হইয়া উঠিয়া গাড়াইল; বলিল "কিসেত্ব" লানালারি বিত্ত হাইয়া উঠিয়া গাড়াইল; বলিল "কিসেত্ব" লানালারি বিত্ত হাই কথা লোকে লানিয়াছে "

"হাঁ, শুধু তাহাই নহে; আমার উপরেও লোকে সন্দেই করিয়াছে।"

"বল কি ! লতা, বল কি ! এখন উপায় ?"

<u>"তাহাই ত ভাবিতেছি।"</u>

"তুমি একথা কিরপে জানিলে?"

"আৰু প্ৰাতঃকালে একজন গোৱেনা আসিয়ছিল। তাহার কথার জাতাদেই আমি বৃধিয়ছি।" স্কুমার ধপ্ করিরা চেরারে বসিরাই বলিল, "সে লোকটা এখানেও' স্বাসিয়াছিল ? আচ্ছা, লোকটা দেখিতে কেমন বল দেখি।"

স্বেহণতা সে ব্যক্তির চেহারা যেভাবে বর্ণনা করিল, জাহা শুনিরা স্কুমার বলিল, "দেখ, ঠিক এই লোকটাই খামার কাছে পিয়াছিল।" ' সেহলতা বিষিত হইয়া বলিল, "তাই নাকি ?"

সুকুমার বলিল, "হাঁ, আমাকে অব্ভিতকুমারের কথা বিজ্ঞাসা , করিতেছিল।"

"আমাকেও ত সেই কথা জিজাসা করিতে আসিয়াছিল। বাই হোক, তুমি তাহাকে কি বলিয়াছ?"

"আমি তাহাকে বোকা বুঝাইরা দিয়াছি। আমি বলিয়াছি বে কাল অজিতকুমার চুঁচুড়ায় গিয়াছে, আমি তাহাকে বজরায় তুলিয়া দিয়া আগিয়াছি। তাহার পর আর কোন ধবর আমি জানি না।"

"তা, বলিয়াছ মন্দ নয়। কিন্তু অজিজুকুমারের দেহ ত পুলিশ এখনই বাহির করিবে!"

স্কুমার হাসিয়া বলিল, "সে ভাবনা করিও না। আমি তাহার শ্বব্যা করিয়াছি। তাহাকে থলের ভিদ্বের প্রিয়া ছইখানা শিল ভাহাতে বাধিয়া গলায় ডুবাইয়া দিয়াছি।"

"একাকী কিরূপে একার্য্য করিলে ?"

"তাহার যোগাড় পূর্ব হইতেই করিয়া রাণিয়াছিলাম। আমি বলিতেছি, এজন্ম তোমার কোন ভাবনা নাই।"

"তা বেশ; কিন্তু পুনিশ আমাদিগকে ত∃সন্দেহ করিয়াও ধরিতে পারে ?"

সুকুমার বলিল "শোন লতা, তোমাকে একটা কথা বলি; বস।" স্বেহনতা নিকটেই-উপবেশন করিল। সুকুমার জাবার বলিল "দেশ, যাহা ইইবার তাহা হইবে। আমি তোমাকে বলিতেছি কোন ভর নাই, পুলিশকে যেরপ রোকা বৃঝাইয়াছি, তাহাতে তাহারা আর আসিবে না। তাই বলিতেছি, যাহা হইবার তাহা হইবে। কবে কোন বিপদ বটিবে, বা ঘটিতে পারে, সেকথা ভাবিয়া অশান্তি টানিয়া আন কেন? যাহার জন্ম তোমার বাঁচিয়া অ্ধ ছিল না, সে ত আর নাই—এখন আমার নিকটে যেজন্ম প্রতিশ্রুত ছিলে, তাহা কর।"

স্বেহণতা স্কুমারের মুখের প্রতি চাহিয়া বলিল, "কি বলিতেছ স্কুমার ?"

"ৰিবাহের কথা বলিতেছি।"

"এরপ ছর্ভাবনায় কি বিবাহ করিয়া সুখী হওয়া যায় ?"

সুকুমার বিশিত হইয়া বলিল, "সে কি কথা লতা ? তুমি বাহা বলিয়াছিলে, নিজের প্রাণকে তুচ্ছ করিয়া আমি তাহাই করি-লাম। এখন তুমি কি বলিতেছ ? তুমি আমার সহিত প্রতারণা করিতেছ ?"

"প্রতারণা সুকুষার ?ছি! এমন কথা মনে আনিও না। আমি তোমাকে প্রাণ অপেকা প্রিয় বলিয়া মনে করি—তোমার সহিত কি আমি প্রতারণা করিতে পারি ?" স্বেহলতা মধুর হাসি বার্ত্তম কুটাইরা কথাগুলি বলিল।

সুকুমারের মুখে হাসিও নাই, বিরক্তির ভাবও নাই। ই সে বলিন, "তবে বিবাহে বিলম্ব হইতেছে কেন? যদি আমাকে পাইলে তুমি সুখী হও, তাহা হইলে বিবাহে আপত্তি করিতেছ কেন? যাহা বটিবার, তাহা উভয়েরই অদৃষ্টে ঘটিবে।"

"সত্য, কিন্তু আমি বড় ভন্ন পাইতেছি।"

^{• &}quot;কিসের ভয় লতা ৭"

"আমাকেই ধুনী বলিয়া সন্দেহ করিয়াছে। স্কুমার, তুমি আর একটি বিখাসের কাজ কর, তাহার পর বিনা মাপতিতে আমাদের বিবাহ নিশান্ত্র হইবে।"

"দেশ, তোমাকে একটা সোজা কথা বৃদ্ধি। তুমি একবার শুডি-শুডির পর আবার এক প্রতিশ্রুতির কথা তুলিতেছ। এখন যদি তোমার বিশ্বাসের কাজটা করি, পরে আবার হয়ত তুমি একটা কাজের এ করমাইস্ করিবে। সেটা কি ভাল হইবে ?"

স্বেহনতা বালিকার ভার হাবভাব প্রকাশ করিয়া বলিন, "তুমি কে আমাকে ভানবাস, তাহার প্রমাণস্বরূপ আমার এই কাজটি কর। আমি ঈশবের শপথ করিয়া বলিতেছি, বিবাহের পূর্বের আর তোমাকে কোন বিশবের জক্ত ফরমাইস্ করিব না।"

সুকুমার গভীরভাবে বলিল, "কি কাজ ?"

"দেশ, অন্তিতকুমারের মৃত্যুর সহিত আমার কোন সংস্রব নাই, একথা তুমি জান। আমাকে পাইবার আশায় তুমিই তাহার সহিত বিবাদ করিয়াছিলে এবং তুমিই তাহাকে খুন করিয়াছ—"

স্বেহলতার কথা শেষ হইতে না হইতেই সুকুমার বলিল, "হাঁ, কিছ ভোমার পরামর্শ অভুসারেই ত করিয়াছি।"

"চূপ্" বলিয়া স্বেহলতা স্কুমারের মুখের প্রতি চাহিল। স্কুমার প্রেহলতার মনোভাব সম্বন্ধে নানাবিধ অন্তমান করিয়া বলিল, "বেশ, ভূমি কি করিতে বলিতেছ ?"

"আমার ইচ্ছা যে অজিতকুমারের মৃত্যুর বিবরণ তুমি একথানি কাগজে লিখিয়া দাও।"

"তাহাই যদি দিতে হয়, তাহা হইলেও ত আমাকে বলিতে হইবে ৰে তুমিই আমাকে বিৰাক্ত তরবারি দিয়াছিলে?"

- ' কেইলতা ম্বণার সহিত বলিল, "মুকুমার, তুমি না পুরুষ ; একটা শ্লীলোককে বাঢ়াইবার জন্ম সামাক্ত একটা কৰা ব্রাইয়া বলিতে জান না ?"

"হাঁ, আমি ঠিক এই কথাই বলিতেছি।"

"বেশ; কাগজখানি কাহার নিকটে থাকিবে ?"

"আমার নিকটেই থাকিবে ; কেন, তোমার স্ত্রীকে কি তুমি বিশাস করিতে পার না ?"

সুকুমার একটু হাসিয়া বলিল, "কিন্তু তুমি স্মামার স্ত্রী হইলে কই ? স্মামার স্ত্রী হও, তথন স্থামি একরার পত্র লিধিয়া দিব।"

স্নেহলতা নিজের যৌবনস্থলত হাবতাব প্রকাশ করিয়া খলিল, "কি আশ্চর্য্য, তুমি আমাতে বিখাস করিতে পারিতেছ না, অবচ তুমি আমাকে বিবাহ করিবার কথা বলিওতছ!"

- সুকুমার আবার গন্তীরভাবে বলিল, "আচ্ছা, আমি লিবিয়া দিতেছি, কিন্তু প্রতারণা করিও না, সাবধান।"
- ে সেহলতা ব্যস্ত হইয়া বলিল, "তোমার উপর আমার পুব বিধাস আছে, সেজতা লেখাপড়া আমি পূর্ব হইতেই ঠিক করিয়া রাধিয়াছি ; তুমি কেবল স্বাক্ষর করিয়া দাও।" স্বেহলতা কটিদেক্টের বস্তাক্ষল হইতে একখানি কাগল বাহির করিয়া স্কুমারের হতে প্রকান করিল। স্কুমার তাহা পাঠ করিয়া দোয়াত কলম চাহিল। সেহলতা উটেচঃস্বরে বলিল, "কালি কলম দাও।" একটি স্লীলোক তৎক্ষণাং দোয়াত কলম লইয়া গৃহে প্রবেশ করিল। সঙ্গে সক্ষার কাহাকেও আদিল। উভায়েরই বদন মুখোসে আরত। স্কুমার কাহাকেও

চিনিয়া লইতে পারিল না। সে কাগজে সহি করিল। পূর্ব্বোক্ত প্রকৃষ্ঠ ও ত্রীলোক সাক্ষী রূপে যথাক্রমে তাহাতে স্থাক্ষ্ম করিল ও অনুনির ছাপ দিল। পরে তাহারা চলিয়া গোল।

কুকুমার বলিল, "পূর্ব্ব হইতেই সব ব্যবস্থা ছিল দেখিডেছি। যাক্, বিশাসের কাজ ত করিলাম। বল,এখন বিশাহের কি হইবে ? আজষ্ট রাত্রিতে ঈথর সাক্ষ্য করিয়া তুমি আমাকে বিবাহ করিবে ত ?"

স্বেহলতা তাড়াতাড়ি বলিল, "না, না, এছ অধীর হইও না।"

সুকুমার বিশ্বত হইয়া বলিল, "বল কি! তবে আমাকে কাগজশানা দাও, ঐ কাগজে আমার জীবন মরণ রহিয়াছে।"

শ্বেহণতা সুকুমারের প্রতি কটাক্ষপাত করিয়া বলিল, "দেধ সুকুমার, তুমি যদি কাগজধানি লইবার জন্ম জিদ্ কর, তাহা হইলে স্থামি তোমার পত্নী হইতে পারিব না, ইহা বেন মনে থাকে।"

"তুমি আমার সহিত প্রতারণা করিতেছ; আমাকে কাগজখানি দাও।"

সেহলতা সুকুমারের হস্তে কাগন্ত দিয়া বলিল "এই লও তোমার কাগন্ত ; তুমি স্থামাকে অবিধাস করিতেছ।"

সুকুমার কাগজধানির ভাঁজ খুলিয়া দেখিল যে সেথানি সাদ। কাগজ, তাহাতে কিছুই লিখিত নাই। তখন সে ক্রোধ প্রকাশ করিয়া বলিল, "ইহার অর্থ কি ?"

"ইহার অর্থ আমার প্রতি তোমার অধিযাস।" সেহলতা একটু দুরে সরিয়া দাঁড়াইল।

সুকুমারের সর্বাশরীর কাঁপিতে লাগিল। সে চেয়ারখানি দুরে সরাইয়া দিয়া বলিল, "তুমি এমন বিধাস্থাতক, এমন প্রবঞ্চক জানিলে তোমার সহিত আলাপ প্রাপ্ত করিতাম ন।। • ক্ষেত্ৰতা এই অবমাননার কথা সন্থ করিতে পারিল না। সে ভাবিল, স্কুমার পুরুষ, আমি রমণী—আমার অপেকা সাহস স্কুমারের •থাকিতে পারে, কিন্তু এখন আর তথু সাহস লইয়া স্কুমার কি করিবে? মে. নরহস্তা, আমি ত নরহস্তা নহি—সে যে খুন করিয়াছে, তাহার •প্রমাণস্বরূপ এই একরার-পত্র আমার নিকটে রহিয়াছে। তবে স্কুমারের এত তেজ কিসের ? পুরুষ বলিয়া? তা' পুরুষের দর্প আমি চূর্ণ করিতেছি।

সেহলতা ক্রোণভরে বলিল, "দেখ সংক্রমার, আর তুমি আমার সন্মুখে আসিও না—তোমাকে আমি বিদায় দিতেছি, এই দভেই তুমি চলিয়া যাও। পুনরায় যদি সামাত্ত কথা কহিয়াও আমাকে অবমানিত কর, জানিও তোমার একরার-পত্র আমার নিকটে আছে, আমি তোমাকে জব্দ করিতে পারিব।"

সুকুমার বিজ্ঞপের হাসি হাসিয়া বলিল, "তবে তোমাকেও একটা কথা বলি। তুমি আমাকে যতটা বোকা মনে কর, আমি ততটা রোকা নহি। মনে করিও না যে একরার লিখাইয়া লইয়া তুমিই আমাকে হাতে পাইয়াছ। তুমিও জানিও যে ডোমার জীবন-কাঠি মরণ-কাঠি আমার হাতে আছে।"

পাপীর মন সর্বাদাই সশস্ক থাকে, স্নেহলতাও সুকুমারের কথা গুনিরা স্বৈও শক্তিতা হাইল; বলিল, "সুকুমার, তুমি কি আমাকে সামাকা রমণী বলিয়াই মনে কর যে ছটা বাজে কথা কহিয়া আমাকে ভর দেখাইবে? আমার জীবন-মরণ আমার ইচ্ছার অধীন, ভোমার মত কাপুরুষ ভববুরের হাতে তাহা নাই।"

"তাই ভাল; জানিও অজিতকুমারের জামার পকেট হইতে আমি. এক তাড়া কাগজ পাইয়াছি। তুমি যে নিজের শায়তানি এত শীঘ্র প্রকাশ করিরাছ, ইহাতে ভালই হইয়াছে। অজিতকুমার তোমার সম্বন্ধে বাহা বাহা জানিতেন, এখন আমি তৎসমস্তই জানিয়াছি।"

স্থেহলতার মূখ পাণ্ড্রণ ধারণ করিল। তাহার চক্ষের সে দীরি কমিয়া আসিল। সে জিজ্ঞালা করিল, "কি জানিয়াছ ?"

"জানিয়াছি যে ললিতা এখনও বাঁচিয়া আছে।"

ক্ষেহলতা স্কুমারকে দেখিতে দেখিতে কক্ষের মারদেশে আসিয়া দ্যাড়াইল; বলিল, "সে কাগজগুলি তোমার নিকটে আছে °"

শ্বাছে। দেই সমস্ত কাগন্ধ পাঠ করিয়া আমি জানিয়াছি যে লিবিতার ধাত্রীকে কিরপে ভূমি ইহধাম হইতে সরাইয়াছ, ললিতাকে কিভাবে ধরিয়া আনিয়াছ—ভোমার সকল কথাই আমি এখন জানি। এখনও বল, আমাকে বিবাহ করিবে ?"

"সুকুমার রাগ করিও না। আমি তোমাকেই বিবাহ করিব। কিন্তু একটা কথা; কাগজগুলি আগো আমাকে দিতে হইবে।"

"এরপ চালাকি অপরের নিকটে খাটতে পারে, আমার নিকটে খাটিবে না। আমি সে কাগজ দিব না।"

শ্বেহলতার চক্ষু জ্বলিয়া উঠিল। সুকুমার বলিল, "কাগলধানা ত স্বাক্ষর করাইয়াছ সত্যা, কিন্তু তুমি উহা লইয়া কিছুই করিতে পারিবে না। তুমি আমাকে বিপন্ন করিবার চেষ্টা করিলে আমিও সেই সকল বাগল আদালতে দাখিল করিব।"

স্নেহলতা চারিদিকে একবার চাহিয়া বলিল, "কখনই ো কাগছ তোমার নিকন্টে নাই।"

"আছে।"

"তোমার সঙ্গেই লাছে ?"

"আছে ।"

সেংকৃতা ঘারপার্শে সংলগ্ধ একটি ঘণ্টা বাজ ইক। তৎক্ষণাৎ ছইজন গুলার ব্যক্তি সেই কলৈ প্রবেশ করিল। তাহাদিগের এই মুখোসে আরুত—উনুক্তে তরবারি হস্তে লট্গা তাহার। আদেশের অপেক্ষা করিতে লাগিল। সুকুমার তাহাদিগকে দেখিয়া বলিল, "এই ছুইটি হুক্তি ত কি কারণে আসিয়াছে ?"

শেহলতা ওঠ দংশন করিয়া বলিল, "ামার প্রাণ গ্রহণের হুল্য।" সেহলতা কক্ষ হইতে াহির হইয়া গল। তৎক্ষণাৎ আর একটি সশস্ত্র ব্যক্তি সেই কক্ষে প্রবেশ করিল। স্কুমার তাহাদিগকে বলিল, "তোমরা যে হও, যে কারণেই আসিয়া থাক, এক পদও অগ্রসর হওও না। তোমরা জানিও যে আমি এইরূপ একটা ঘটনার জন্ত প্রস্তুত হইয়া আসিয়াছি। যদি একপদ অগ্রসর হও, তাহা হইলে এই বাড়ীর এক প্রাণীও রক্ষা পাইবে না।" স্কুমার জানালার পার্শে গমন করিয়াই পকেট হইতে পিগুল বাহির করিল এবং পিশুলের শোড়া ঠিক করিয়া বলিল, "আমি আওয়াজ করিবামাত্র তোমাদের মত বহুসংখ্যক সশস্ত্র ব্যক্তি এখানে আগমন করিবে। ভাল, চাও তোচলিয়া যাও।"

সুকুমারের কথা শেব হইতে না হইতেই এক ব্যক্তি চলিয়া গেল এবং তদণ্ডেই সেহলতা আবার কক্ষমধ্যে প্রবেশ করিল। শ্বেহলতাকে দেখিয়া সুকুমার বলিল, "দেখ শয়তানী, তোমাকে শয়তানী জানিয়াই আৰু আমি এখানে আসিয়াছি। যদি ভাল চাও তো চলিয়া যাও, •নচেৎ আমি এখনই আওয়াক করিব, আমার সাহায়ার্থ দলে দলে শশস্ত্র লোক আসিবে, তোমরা এক প্রাণীও রক্ষা পাইবে না।"

"তুমি আমাকে বড়ই ভালবাসিতে ; তোমার ভালবাসা যে মৌথিক, ্জুমি যে বিশাসবাতক, তাহাই জানাইবার জন্ত আজ আসিয়াছ কি ?" "র্থা আমার নিন্দা করিও না। তুমি বারংবার প্রতিশ্রুতি ভঙ্গ করিয়াছ, শেবে শয়তানীর রূপ ধরিয়া আমাকে ভয় দেশাইয়াছ। ভাহার পূর্বে আমি বিশাস্থাতক হই নাই। এখন চলিলাম, তোমার ক্ষমতায় যাহা থাকে, তাহা করিও।" স্কুক্মার স্গর্বে চলিয়া শেল। স্বেহলতা আর কথা কহিল না, কেহ তাহাকৈ বাধা দিল না।

করেক মিনিট কাল স্বেহণতা কিংকর্তব্যবিষ্টা হইয়া সেইধানেই
দীড়াইয়া রহিল। পরে আপন মনে বিদিল—এত তেবল, এত দর্প!
আমি যদি কালাচাদ সর্দারের কন্সা হই, তবে এ তেব্দ ভাঙ্গিব। আমার
সকল কৌশল ব্যর্থ করিবার সামর্থ্য বাহার ছিল, সে ত মরিয়াছে
—এখন এই সামান্ত স্কুমারকে হস্তগত করা ত তুছে কথা, যদি পদদলিত করিতে না পারিলাম, তবে আমার সকল শিক্ষাই র্থা হইয়াছে।

ক্ষেহলতা উদ্ধৃতভাবে হুই একবার কক্ষ্মধ্যে পদচারণা করিল। পরে ডাকিল "কাতি।"

সেই দণ্ডেই এক রদ্ধা কক্ষমধ্যে প্রবেশ করিয়া বলিল "কি বল্ছ ?" বদ্ধার বয়স বাট বৎসরের অধিক বলিয়াই বোধ হয়, কিন্তু তাহার চালচলন দেখিলে মনে হয় যে যুবতীর অপেক্ষাও তাহার ক্ষমতা অধিক।
বদ্ধার নাম কাত্যায়নী—সে পরিচারিকা, স্নেহলতা তাহাকে "কাতি"
বলিয়াই ডাকিত। "কি বল্ছ" বলিয়াই সে স্নেহলতার সন্মুধে আসিয়া
দাডাইল।

স্নেহলতা ৰলিল, "কি বলিব, তাহা বুঝিতেছিস্ না ?" "বুঝেছি বই কি !" "আমি কালই চাই।"

কাত্যারনী হাত পা নাড়িরা বলিল, "ত্তুম করাটা যত সহজ, ত্তুম তামিল করা তত সহজ নহে।—সুকুমারকৈ মুঠার ভিতরে চাই তৃ 1", "।, তাই চাই।"

"তাহাই হইবে" বলিয়া কাত্যায়নী চলিয়া যাইতেছিল, এমন সময়ে ্ষেহলতা বলিল, "শোন্ কাতি, আরও কথা আছে। কাল ভোরেই এ বাড়ী ত্যাগ করিতে হইবে।"

* শেসে ব্যবস্থা ত করাই আছে; তাহার লক্স চিস্তা কি ? এখন একবার রঙ্গিনীদের মহলে আমাকে যাইতে হইবে। স্কুমারকে ধরিতে
হইলে ফাঁদের প্রয়োজন; সে ফাঁদ কেমন করিয়া পাতিতে হয়, তাহা
আমি জানি। তুমি নিশ্চিস্ত থাজিও, আমি ফাঁদ পাতিব।"

স্নেহলতা কাত্যায়নীর ফলি বুঝিয়া একটু হাদিল; বলিল, "বাহা চাহিবি, তাহাই বধ শিস দিব।" কাত্যায়নী চলিয়া গেল। স্বেহলতা আবার ওঠদংশন করিয়া বলিল, "এইবার দেখা যাবে।"

পঞ্চদশ পরিচ্ছেদ।

নবীনার প্রেম।

সুকুমার প্রকৃতপক্ষে ক্রোধান্ধ ইইয়াছিল। সে বাসায় প্রত্যাপমনা করিয়াই শয়ন করিল। কিন্তু তাহার নিদ্রা আসিল না। রাগের মাধায় সে নানারপ কল্পনা করিতে লাগিল। ভাবিল, অজিতকুমার ত ঠিকই বলিয়াছেন; পিওলটি সঙ্গে না রাধিলে এবং একটু বুদ্ধি খাটাইয়া কথাটা না বলিলে আজ প্রাণটা যাইত। যাহা হউক, স্নেহলতা কত বড় শয়তানী, তাহা একবার দেখিয়া কইতে হইবে।

রাত্রিটা কোনক্রমে কাটিয়া গেল। প্রাতঃকালে সুকুমার একবার : অন্ধিতকুমারের সহিত দেখা করিবার অভিপ্রায়ে বাটা হইতে বাহির : হইল। যে রাস্তা দিয়া সুকুমার গমনাগমন করে, সেই রাস্তা দিয়াই সে যাইতে লাগিল। কিন্তু আৰু একটা নুত্ন দৃশ্য তাহার নয়ন-পর্থে: গড়িল।

রাস্তার পার্কেই একণানি একতলা বাড়ীতে "ভাড়া দেওয় বাইবে"
এইরপ বিজ্ঞাপন একথানি কাগজে লিখিত ছিল। অজিতকুমারকে
পুন করিবার জন্ত এই বাড়ীটা ভাড়া লইকে কলিয়া স্কুমার একবার
ইচ্ছা প্রকাশও করিয়াছিল। আজ এই বাড়ীতে স্কুমার কেখিল বে
সে বিজ্ঞাপনপত্র নাই, বাড়ীর সদর কার খোলা রহিয়াছে; বাড়ীতে
লাক আসিয়াছে।

অতুমার ক্ষণকালের জন্ত দাঁড়াইয়া ভাবিতেছিল যে কাল অপরাত্নকালে,এই বাড়ীতে ত কেহ ছিল না, ইহারই মধ্যে কে এই বাড়ী ভাড়া
লইল; এমন সমরে জানালা দিয়া স্থকুমার দেখিল যে একটি মুবতী
্মেই গৃহ হইতে কক্ষান্তরে চলিয়া গেল। স্থকুমার সাত গাঁচ ভাবিতে
ভাবিতে অজিতকুমারের নিকটে গমন করিল।

• সহসা স্থকুমারকে দেশিয়াই অজিতকুমার বলিলেন, "ব্যাপার কিছ্ শ্বটিয়াছে নাকি ?"

"এখন কিছু ঘটে নাই, বাহা ঘটিবার তাহা কাল রাত্রিকালে ঘটিয়াছে।"

স্কুমার, দেহলতার দহিত যাহা যাহা কথা হইয়াছিল, তাহার অভোপাস্ত বর্ণনা করিল। অজিতকুমার বলিলেন, "আরে ছি! দব। পশু করিয়াছ ?"

সুকুমার বিশিত হইয়া বলিল, "পগু করিলাম !"

"তাহাই ত করিলে। আমি ত্নো তোমাকে বারংবার বলিয়া আসি-তেছি যে, অপরাধীকে মুঠার ভিতরে রাণিয়া কাল করাই স্থান্ধ গোয়েপার কর্ত্তব্য। তোমাকে স্বেহলতা সম্পূর্ণ বিখাস করে, ইহা জানিয়াই
আমি তোমাকে বলিয়াছিলাম যে তোমার সহায়তায় আমার কার্য্য
সহজে সম্পন্ন হইবে। কিন্তু তুমি যখন রাগারাগি করিয়া আসিয়াছ,
তথন আমার অর্জেক পরিশ্রম নত্ত হইয়া গিয়াছে।"

সুকুমারের বদন বিষয় হইল দেখিয়া অব্দিতকুমার বন্ধিলেন, "যাহা হউক, ছঃথ করিও না—আমি স্থদক গুরুর উপযুক্ত শিল্প, ক্ষেহলতার গ্রায় সামান্তা রমনীর কৌশল দেখিয়া ভীত হইবার পাত্র আমি নহি। আমার অর্দ্ধেক পরিশ্রম নই হইয়াছে সভ্য, কিন্তু তা' বলিল্পা সে আমার আশার মূলে ছাই দিতে পারিবে না।" স্কুমার হাঁক ছাড়িয়া বাঁচিল; বলিল, "আমাকে নিতান্ত প্রাণের । ভয়না দেখাইলে আমার ধৈর্ঘাচুতি ঘটিত না। যাহা হইবার তাহা হইয়া গিয়াছে এখন কি কবিতে হইবে বলুন।"

"বলিতেছি" বলিরা অজিতকুমার স্থুকুমারকে কয়েকটি পরামূর্ণ দিলে স্থুকুমার চলিয়া গেল।

প্রত্যাবর্ত্তনের সময়ে সুকুমার, কেন বলা যায় না, আবার সেই একতলা বাড়ীর নিকটে দাঁ্টেল। পরকণেই কক্ষমধ্যে যুবতীকে দেখিতে
পাইয়া সুকুমার গলার আওয়াজ করিল—সঙ্গে সঙ্গে চারি চক্ষু এক
ইইল।

ষুবতী একবার মন্তকের বস্ত্র টানিয়া দিল বটে, কিন্তু কক্ষ হইতে চলিয়া গেল না। এখানকার দ্রব্য সেখানে, সেখানকার দ্রব্য এখানে— এইভাবে দ্রব্যাদি স্থানান্তরিত করিতে লাগিল এবং মধ্যে মধ্যে স্কুমারের প্রতি সলজ্জভাবে দৃষ্টিপাত করিতে লাগিল।

স্কুমারের চিত্তে ভাবান্তব উপদ্বিত হইল, তাহার দেহ ঘর্মান্ত হইল, কে অনন্তমনা হইয়া সেই গৃহের দিকে চাতিয়া রহিল। সে দেখিল বে বুবতীর সীমন্তে সিন্দুর নাই, হত্তে অলছ। নাই, কিন্তু পরিধানে শাটী বহিয়াছে—ইহাতেও বুবতীর সৌন্দ্র্যা ফুটিয়া উঠিতেছিল। স্কুমার স্থানাহার ভূলিয়া সেই স্থানেই ঘুবিয়া ফিরিয়া বেড়াইতে লাগিল।

এইভাবে প্রায় এক দণ্ড কাল অতিকাহিত হইল। ইতোমধ্যে উভয়ের ময়ন সামান্ত আলাপ করিয়া লইল। সুকুমারও হাসিল, যুবতীও হাসিল। যুবতী কফ হবে চলিয়া গেল। সুকুমার পুনরায় তাহার কর্মনের আশায় কিয়ংক্ষণ সেধানে অবস্থান করিয়া দেখিল যে যুবতী আর যে কক্ষে আটিল লা, তখন স্থানাহারের কথা সুকুমারের মনে পিছল। সুকুমার বাসার অভিমুখে চলিয়া পেল।

- শ্লানাহারের পর সুকুমার বিশ্রাম লাভের আশায় একব: ব শয়ন
 করিল, কিন্তু শয়নে তাহার তৃত্তি হইল না—েসে আবার বাঁড়ী হইতে
 বাহির হইল, আবার সেই একতনা বাড়ীর নিকটে গমন করিল।
- . এবারেও যুবতীর সহিত সুকুমারের সাক্ষাৎ হইল। শুধু সাক্ষাৎ দুনুহে, আলাপ পরিচয়েরও সুযোগ ঘটিল। এই বাড়ীর পার্স দিয়াই একটি অতি অপ্রসর অনতিদীর্ঘ গলি গিয়াছে; সেই গলির উপরেই বাড়ীর সদর ঘার। যুবতী সেই ঘারে আলিয়া দাড়াইল। সুসুমার একবার মনে করিল যে গলির ভিতরে প্রবেশ করিয়া যুবতীর সহিত ছই একটা কথা কহিবে, আবার সন্ধোচ বোধ করিল। শেষে গ্রতীর হাবভাব দেখিয়া সুকুমার অপ্রসর হইল, যুবতী তাহাকে বাড়ীর ভিতরে লইয়া গেল।

মুকুমার বাড়ীর ভিতরে প্রয়েশ করিয়া কাহাকেও দেখিতে পাইল না, তাহার মনে একটু ভয় হইল। পরে কথায় কথায় দে জানিতে পারিল যে, এই বাড়ীতে যুবতী ও ভাহার মাতামহী তিন্ন অপর কেহ নাই। যুবতীর মাতুলালয়ও কলিকাতায়; কিন্তু মাতুলগণ খুটানি সংসর্গে পড়ায় যুবতীর মাতামহী তাহাদিনের বাড়ীতে গমন করেন না। তাহার কনিঠ পুত্রের পীড়ার সংবাদ পাইয়া তিনি কলিকাতায় আসিয়া-ছেন, পুরেরা তাঁহাদের থাকিবার জন্ত এই বাড়ী ভাড়া করিয়া দিলাছে। কাল কলিকাতায় আসিয়াই যুবতী একবার মাত্যমহী তাহার প্রতি তত্তা বাধাবাধি রাখেন নাই। নিজে প্রেদিগের বাড়ীতে যাইতেন না, কিন্তু নাতিনীকে পাঠাইতেন। তিনি নাল্তেন যে একটু বয়স হইলে সে আপনিই ধর্মপথ দেবিয়া লইবে - কিন্দুশালে প্রারশ্ভিতরেও ব্যবস্থা সুকুমার এই সকল কথা গুনিয়া একটু হাসিল; ভাবিল. যেমন ক্লাঞ্জ ভারধানা দেখিতেছি, তাহাতে গোবরে কুলাইবে না।

অনস্তর উভয়ে কিছুক্ষণ কণোপকথন করিল। যুৰতী নিজের জীবনের অনেক কথা সুকুমারকে বলিল। অবশেষে জানাইল যে কাল প্রাতঃকালে তাহার মাতামহী গলালানে যাইবেন, সে সময়ে সে সুকুমারের দেখা পাইলে কুভার্থ হইবে। সুকুমার "আসিব" বলিয়া বিদায় গ্রহণ করিল। যাইবার সময়ে ভাবিল—আশ্চর্য্য, গৃহস্থের ঘরের থারে যে এমন নিল্জ্জ ও বাচাল হয়, তাহা ত আমার ধারণা ছিল না।

বাসায় প্রত্যাগর্যন করিয়া সুকুমার ক্ষুধা বোধ করিতে লাগিল। সে নিজের মনেই বলিল—কলিকাতায় আসিয়া পর্যান্ত ক্ষুধা তৃঞা তুলিয়া-ছিলাম। এ ছুঁড়িটা দেখিতেছি অগ্নিমান্দ্যের ঔষধ, একদণ্ড কাছে বসিয়াই অক্রচি কাটাইয়া দিয়াছে, এখন আমাকে ক্ষুধার জ্বালায় অস্থির ইইতে হইয়াছে।

স্থুকুমার কিছু জলযোগের ব্যবস্থা করিল। পরে শ্যায় শয়ন করিল। এবারে নিদ্রাদেবী তাহাকে দয়া করিলেন।

সন্ধ্যার কিছু পূর্ব্বেই সুকুমারের নিদ্রাভক্ত হইল। সে অজিতকুমারের সহিত দেখা করিবার জন্ম বাড়ী হইতে বহির্গত হইল। এবার আর যুবতীর সহিত তাহার দেখা হইল না।

অন্ধিতকুমারের ভবনে উপস্থিত হইয়াই স্কুমার দেখিল যে অন্ধিত-কুমার জামা কাপড় গুছাইতেছেন। সুকুমারকে দেখিয়া তিনি বলিলেন, "আছা সুকুমার, এই জামাটি ঠিক তোমার জামার মত নহে কি ?"

স্কুমার জামাটি লইয়া বেশ করিয়া দেখিল, পরে বলিল, "সেইটিই ত দেখিতেছি। আমি কি এখানে ফেলিয়া গিয়াছিলাম ?''

' "না; আমি ইহা তৈয়ার করাইলাম।"

"আমার জামার অফুকরণে জামা তৈয়ার করাইলেন, কিছু প্রয়ো-জন আচে নাকি ?"

"অবশ্রই আছে, তাহা তোমাকে পরে জানাইব।"

- অনস্তর অজিতকুমার একটি মুণোস বাহির করিয়া বলিলেন, "এটি কি ঠিক তোমার মুখের মত হইয়াছে ?"

অজিতকুমার হাসিয়া বলিলেন, "তবে আমি সুকুমার হইতে পারিব, বি বল ?"

"পারিকেন বলিয়াই ত মনে হইতেছে; কিন্তু গলার বর বদ্লাইবেন-কিরুপে ?"

"সম্পূর্ণ না পারি, অনেকটা পারিব, এ ভরসা আমার আছে।—যাক্, এখন খবর কি ?"

"খবর আছে। স্নেহলতার সঙ্গে আর দেখা হয় নাই, সে বিষয়ে আর কোন খবর নাই। তবে আমার নিজের সম্বন্ধে একটা খবর আছে।"

সুকুমার নবীনার প্রেম সদদ্ধে সকল কথা খুলিয়া বিক্লা। অজিত কুমার তাহা প্রবণ করিয়া বলিলেন, "সুকুমার, আমি বড় সম্ভট্ট হইলাম। ভূমি যে আমাকে ভোমার প্রকৃত বন্ধু জানিয়া অকপটভাবে যুবতীর প্রণয় কাহিনী আমার নিকটে ব্যক্ত করিলে, ইহাতে আমার বড়ই আনন্দ হইতেছে। কিন্তু যুবতীর বাড়ীতে এ ব্যাপার কেইই জানিতে পারিল না ?" সুকুমার বলিল যে, বাড়ীতে এক রন্ধা মাতামহী ভিত্র অপর কেছ নাই।

অজিতকুমার একটু চিন্তা করিয়া বলিলেন, "তাহার নাম কি ?"
"আফুর বালা।"

অজিতকুমার হাসিয়া বলিলেন, "কেমন, টক্ না মিষ্ট ?"

"মিষ্ট বলিয়াই ত বোধ হইল।"

অজিতকুমার আবার চিন্তা করিয়া বলিলেন, "না, এ কাজের কথা নহে। তুমি খুব সাবধানে থাকিবে। আজ্র ? গৃহত্তের ঘরে এমন . রসাল নাম ?—না স্কুমার, তুমি সাবধানে থাকিবে।"

"আপনি বারবনিতা বলিয়া সন্দেহ করিবেন না।"

"আমি সেই সন্দেহট যে করিতেছি, এমন নহে।"

"তবে কি ভাবিতেছেন যে আমি এই নবীনার প্রেমে পড়িয়া মাটি হইব ?"

"একে স্বাঙ্গুর, তাহার উপর কচি ব্যস্ত, অবার সে বাল-বিধনা শুনিতেছি — এ প্রেম একবার জমিলে গোমাকে রক্ষা করা ভার হুইবে।" অজিতকুমার একটু হাসিলেন।

"আছে। যদি প্রেমেই পড়ি, তাহাতেই বা ক্ষতি কি ? জীবনে ইহাও ত একটা সাধ।"

"তা সভা, কিন্তু জীবনের সাধ মিটাইতে গিয়াজীবনায় যেন নাহয়।"

সুকুষার একটু বিশিত হইয়া বলিল, "আপনার কণার অর্থ আয়ি বুঝিতে পারিলাম না।"

"কেন, ইহা ত দহজ কথা; যে কাজে হাত দিয়াছ সুকুমার, সে কাজে এমন দুই একটা নকল প্রেমের আবিচাব হওয়া বিচিত্র নহে। হয়ত তোমার আকুর সতা সতাই ভদ্র বরের মেয়ে হইতে পারে; আবার হয়ত সে লেইলতার হস্তপরিচালিতা পুত্তলিকাও হইতে পারে। বাহা হউক, তোমাদের মধ্যে যে সকল কথা হইবে, আমাকে শানাইও।"

সুকুমার অনিচ্ছাসন্তেও তাহাতে রাজি হইল। শেষে বিদার গ্রহণ
করিয়া আসিবার সময়ে তাবিল, অজিতকুমার সকল বিষয়েই সন্দেহ
করেন, তিনি রধা আমার মনে সন্দেহের উদ্রেক করিয়া দিলেন। কিন্তু
তিনি যেমন পাকা গোয়েন্দা, তাহাতে তাঁহার কথা একেবারে অবহেল।
করা যায় না।

পরদিন প্রাতঃকালে সুকুমার আঙ্গুরবালার তবনে উপস্থিত হইল। আঙ্গুর পূর্বে হইতেই জানালায় বসিয়া ছিল। সুকুমার গিয়া শুনিল যে আঙ্গুরের মাতামহী গঙ্গালানে চলিয়া গিয়াছেন।

অক্টান্ত কথার মধ্যে আসুর সুকুমারকে জানাইল যে আজ সন্ধার পর সে মাজুলালয়ে ঘাইবে। সেঁই অবসরে সুকুমার যদি তাহার ব্যবস্থা করিতে পারে।

সুকুমার জিজাসা করিল, "কি ব্যবস্থা করিবে ?"

় "কেন, মোড়ের নিকটে গাড়ী দাঁড়াইয়া পাকিবে, ছুমি সেইবানে গাড়ীতে উঠিবে। এশানে দিদিমা' আমাকে গাড়ীতে ছুলিয়া দিবেন, মুভরাং এখানে ত গাড়ীতে উঠিবার পকে তোমার স্থবিধা হইবে না।"

্র স্থকুমারের মনে একটু সন্দেহ হইল। সে জিজ্ঞাসা করিল, "তোমার দিদিমা' কি তোমাকে একাকিনী গাড়ীতে ছাড়িয়া দিবেন ?"

আকুর হাসিয়া বলিল, "পাগল হইয়াছ? মামার বাড়ীর বুড়ী ঝি আসিবে। সে সঙ্গে থাকিবে।" "তবে আমি কিরূপে গাড়ীতে উঠিব ?"

"দে জন্ঠ তাবিও না। আমি তাহাকে পূর্ব্ব হইতেই বজিয়া রাখিব। যে আমার এক ঠাকুরলাদা সঙ্গে যাইবেন, তিনি চিকিৎসাশাস্ত্র পড়ি-তেছেন। তাঁহার বয়স কম, সম্পর্কে ঠাকুরলাদা হন। এক্রপ বলিদেও বি আর সন্দেহ করিবে না।"

স্থকুমার মনে মনে ভাবিল, যে রমণী ছ্টা। হইবে; বরস কম হইলেও .
তাহার এদিকে বৃদ্ধি বড় প্রধরা হয় দেখিতেছি।

একটু চিন্তা করিয়া স্থকুমার বলিল, "তাহা না হয় হইল, কিন্তু ঝি' যধন গাড়ীতে থাকিবে, তথন আমরা ত কথা কহিতেই পারিব না। এমন অবস্থায় আমি আর গিয়া কি করিব ?"

"কথা কহিতে পারিব না কেন, সে কানে কম গুলে। কথা কহিতে খুব পারিব। দেখ, ছেলেবেলা হইতে সাধ ছিল যে বিবাহ হইলে একদিনও ছজনে গাড়ী চড়িয়া বেড়াইব। তা ভগবান সে সাধে বাদ সাধিয়াছেন। আজ আবার জামার সেই সাধ হইতেছে, তুমি আমার সে সাধ পূর্ণ করিবে না ?"

রমণীর কথায় গলিয়া যাওয়া স্কুমারের অভ্যাস বলিয়াই বোধ হয় ।
সে গাড়ীতে যাইতে স্বীকৃত হইল । পরে আন্ধুরের মাতামহীর আগমন
সম্ভাবনা বুঝিয়া বিদায় গ্রহণ করিল । স্পুকুমারের আদিবার সম্মে
আনুর আবার তাহাকে বলিয়া দিল যে মোড়ের মাথায় গাড়ী থাকিবে,
ভূমি সেই গাড়ীতে উঠিও।

ষোড়শ পরিচ্ছেদ।

''যমালয়ে।''

অজিতকুমারের সহিত সাক্ষাৎ হইলে সুকুমার এই সকল কথাও তাঁহাকে জানাইল। অজিতকুমার বলিলেন, "সুকুমার, তুমি দেখিতে পাইবে যে আমার অনুমানই ঠিক—আপুর স্বেহলতার পরিচালিত বন্ধ মাত্র।"

সুকুমার কথাটা কানে তুলিল বটে, কিন্তু সম্পূর্ণরূপে বিশাস করিতে পারিল না। সুকুমার একবার ভাবিল যে অজিতকুমারের অকুমান কখনই ব্যর্থ হইবার নহে, আবার ভাবিল যে অজিতকুমার স্নেহলতাকে যতটা ভীষণা রমণী বলিয়া মনে করেন, তাহাতে জগতের কাহাকেও তিনি বিশাস করিতে পারেন না। যাহা অদৃষ্টে ঘটিবার তাহা ঘটিবে, আলুরের সহিত গাড়ীতে দেখা করিতেই হইবে।

ু এইরূপ ভাবনায় স্কুমার সমস্ত দিনটা বিভোর হইয়া রুহিল। এক দণ্ড যেন তাহার নিকটে এক যুগ বলিয়া মনে হইতে লাগিল। অতি কট্টে তাহার সমস্ত দিনটা অভিবাহিত হইল।

স্ক্র্যার পরই সে যাত্রা করিল। দেখিল মোড়ের মাধায় গাড়ী অপেকা করিতেছে। সুকুমার গাড়ীর নিকটে উপস্থিত হইলে আসুর বলিল, "এই যে দাদা ঠিক হাজির হয়েছেন।" আসুর উঠিতে বলিলে সুকুমার গাড়ীতে উঠিল।

আপুর রছা পরিচারিকার কানের কাছে মুখ লইয়া গিছা অপেক্ষা-।
ক্রুড উটেড বৈরে তাহাকে বলিল যে সুকুমার সম্পর্কে তাহার ঠাকুরদাদা
হয়; ওপু তাহাই নহে, সুকুমার কলিকাতার একজন ভাল চিকিৎসক।
এই সকল কথা পরিচারিকার হাদয়দম হইলে সে সুকুমারকে বলিয়,
"বেশ হয়েছে বাবা, তোমরা স্বাই যাবে বই কি। আহা রোগে যে -রকম কও পাচ্ছে, তা আর বল্বার নয়। তা বাবা ত্মি যথন যাছে,
তুমিও রোগটা ধরতে পারবে।"

শুকুমার ইসারায় বৃঝাইতে যাইতেছিল যে সে যাইবে না। তথন আঙ্গুর বলিল "না, না—এমন কথা বলিও না। যাইবে না বলিলে যে সন্দেহ করিবে।"

সুকুমার কাজেই রদ্ধাকে জানাইল যে সে যখন যাইতেছে, তখন রোগীকে অবশুই দেখিবে।

কিছুকণ পরে গাড়ী একটি বাড়ীর সক্ষুবে থামিল। রদ্ধা সুকুমারকে
অগ্রে গাড়ী হইতে নামাইয়া পরে নিজে নামিল। সুকুমার অগত্যা
বাইতে বাধ্য হইল।

বাড়ীর চারিনিকেই অনেকটা ফাঁকা স্থান আছে। তাহার স্থাবৈ স্থানে ছই একটি কলমের আম গাছ, স্থারি গাছ ও ফুলের গাছ এই-রাছে। স্কুমার সেই সকল দেখিতে দেখিতে বাড়ীতে প্রবেশ করিল। সন্মুখেই বিতলে উঠিবার সিঁড়ি, আঙ্গুর ক্রত পাদবিক্ষেপে উপরে উঠিয়া গেল। রহা ধীরে ধীরে স্কুমারকে লইয়া উপরে গেল। উপরি-তলে চারিদিকে চারিটি কক্ষ, মধ্যস্থলে একটি নাতিদীর্ঘ হল। স্কুমার দেখিল আঙ্গুর সেই হলে পশ্চাৎ ফিরিয়া দাড়াইয়া একথানি কি কাগজ পড়িতেছে। রহা স্কুমারকে সেই হলে ধাইতে বলিয়া অক্সত্র চলিয়া গেল

- হলের মণ্যস্থলে একটি রন্তাকার টেবিল। টেবিলের পার্শ্বে চারিদিকে চারিখানি চেয়ার পাতা রহিয়াছে। হলটি নানাবিধ সজ্জায় সুসজ্জিত। সুকুমার একথানি চেয়ারে উপবেশন করিয়া বলিল, "আঙ্গুর, এত বড় বাড়ীতে লোকজনের সাড়া পাইতেছি না কেন ? তোমার মামার অস্থ কি পুব বাড়িয়াছে ?"
- আসুর তথনও সুকুমারের দিকে পশ্চাৎ ফিরিয়া দাঁড়াইয়াছিল, সেকথা কহিল না।

সুকুমার আবার তাহাকে ঐ কথা জিজ্ঞাসা করিলে সে বলিল, "আজে, আমি আলুর নহি।"

স্কুমার বিশিত হইল। স্কুমার রমণীর শাড়ীগানি দেখিয়াই মনে করিয়াছিল যে সে আসুর; কিন্তু তাহার কঠসর শুনিয়া সে চম-কিত হইল। তথাপি স্কুমার সাহস করিয়া বলিয়, অপরাধ লইবেন না, আমার ভ্রম হইয়াছে, আমি আপনাকে আসুর বলিয়াই মনে করিয়াছিলাম।"

্রমণী সেই অবস্থাতেই বলিল, "আমি কে, তাহা জানিতে ইচ্ছা হইতেছে কি ?"

স্থকুমার শিহরিয়া উঠিয়া বলিল, "কে ?"

্র "দেখ আমি কে" এই বলিয়া রমণী মুখ ফিরাইল, মস্তকের কাপড় একটু সরাইয়া দিল। সূকুমার দেখিল যে সে সেহলতা। তাহার স্কাশরীর কাপিয়া উঠিল।

় ক্ষেহলতা হাসিয়া বলিল, "বিমিত হইতেছ ?"

"A] |"

"শুধু বিশ্বয় নৃহে, তোমার ভয়ও হইয়াছে--সে কথা তুমি স্থীকার। করিতেছ না।" "ভয় বা বিষয়ের কোন কারণ নাই; এমনই একটা ব্যাপার ঘটবে, ইহা আমি পূর্বে হইতে বুঝিয়াছিলাম।"

"যাহা হউক, আমার বাড়ীতে যখন পায়ের ধূলা দিয়াছ, তখন কিছু " আহার কর, রাত্রিকালে আর কোথায় গিয়া খাইবে ?

স্নেহলতা টেবিলের উপরিভাগের বন্ধাচ্ছাদন সরাইয়া ফেলিল। "
স্ক্রমার দেখিল যে তুইটি পাত্রে নানাবিধ খান্ত রহিয়াছে। স্নেহলতা,
বলিল, "এস, আমরা তুইজনেই আহার করি; পরে কথা কহিব।"

সুকুমার কিছুই বলিল না, মেহলতার মুখের দিকে চাহিয়া রহিল।
স্বেহলতা বলিল, "একদিন একটু রাগারাগি হইয়াছিল বলিয়া হয়ত
তুমি আমাকে সন্দেহ করিতেছ। পাছে তুমি সন্দেহ কর, সেই জন্ত
আমি তুইখানি পাত্র সাজাইয়া রাখিয়াছি। নতুবা আমি শ্লীলোক,
পুরুষের সমক্ষে আহার করিতে আমার লক্ষা হয়।"

স্থকুমার বলিল, "এত খাতির কেন ?"

"কোন্ কালে তোমাকে খাতির না করিয়াছি ?"

"তবে এত কাণ্ড করিয়া আমাকে আনাইলে কেন ?"

"আমার হাতের ভিতরে না আসিলে কি তুমি কথা শুনিবে ?"

"তুমি কি মনে কর যে আমি তোমার হাতের ভিতরে আসিয়াছি **?**"

"নিশ্চিতই মনে করি; তোমার জীবন মরণ তো আমারই হাতে। আমাকে সেই কাগজগুলি দাও, তোমাকে পূর্বের ন্যায় ভালবাসিব।"

"আর সে ভালবাসা থাকিতে পারে না। থাকুক আর নাই থাকুক, আমি তোমাকে কাগন্ধ দিব না।"

"সুকুমার, তোমার জীবন আমার হাতে, তাহা তুমি বুঝিতেছ না ?" "তুমি আমার কিছুই করিতে পার না।"

সেহলতা ক্ৰন্ধ হইয়া বলিল, "কাগজগুলি দিবে না ?"

के विष्]।" ·

"তবে দেখ।" স্নেহলতা টেবিল হইতে একটি ছোট ঘণ্টা লইয়া বাজাইল। তৎক্ষণাৎ চারিটি বলিষ্ঠ ও সশস্ত্র ব্যক্তি সেইস্থানে আগমন করিল। স্কুমার তখন মনে মনে ভাবিল—অজিতকুমারের কথায় বিখাস না করিয়া কি সর্ব্বনাশই করিয়াছি। পিন্তলটিও সঙ্গে সইলাম না, এখন ত বলপ্রকাশ করা র্থা। দেখা যাউক, ইহারা কি করে।

স্নেহলতা হুকুম দিল "ইহাকে বাঁধ।"

তদণ্ডেই সেই চারিজন সূকুমারের হস্ত পদ বন্ধন, করিয়া কেলিল। সূকুমার বলপ্রকাশ করিল না। স্বেহলতা দেখিল যে সূকুমার আর কিছুই করিতে পারিবে না। তখন সে চারি ব্যক্তিকে বিদায় দিয়া সূকুমারকে বলিল, "এখন বুঝিতেছ?"

"বুঝিব আবার কি: ?"

"তোমার বিপদ তুমি বুঝিতেছ না ? জান এখনই তোমার জনয়ে জামি আমূল ছোরা বসাইয়া দিতে পারি ?"

ু সুকুমার অত্যন্ত দ্বণার সহিত বলিল, "আমিও তাহাই চাই। তোমার মত শয়তানী রাক্ষণীর সন্মুখে দাঁড়াইয়া থাকা অপেক্ষা মৃত্যুই আমি শ্লাষ্য বলিয়া মনে করি।"

্রেহলতার চক্ষু জ্বলিয়া উঠিল, বলিল "কি ! এখনও তুমি আমার অবমাননা করিতে সাহসী হইতেছ ?"

সেইরূপ দ্বণাব্যঞ্জক স্বরেই সুকুমার বলিল, "অবমাননা? অব-মাননার কথা বলিও না। তুমি দস্যুপালিতা, নরহতাই তোমার প্রেশা—তোমাকে আবার কি বলিয়া অবমানিত করিব ?"

"আমি নরহত্যা করিতে চাহি না, তোমাকে আমি খুন করিব না। তোমাকে যমালয়ে রাখিব।" "আমি ত তাহাই চাহিতেছি।"

"না, তোমার আকাজ্ঞা আমি পূর্ণ করিব না; আমি সে যমালয়ের কথা বলিতেছি না। চূণের ঘরে তোমাকে আবদ্ধ রাখিব, তাহার' পর—" সেহলতা কথাটা চাপিয়া গেল।

"তাহার পর কি হইবে ?"

"তাহাও গুনিতে চাও ? সেখানে ক্ষা তৃঞ্চার কাতর হইয়া ধীরে ধীরে তুমি মরণের পথে অগ্রসর হইবে। এই উপাদের খাল ভক্ষণের জল তোমাকে সাধিয়াছিলাম, তুমি তাহাতে সন্মত হও নাই—"

"আমি এখনও অস্মত।"

"তুমি সন্দেহ করিয়াছ যে ইহাতে বিষ আছে ? না, না—বিষ খাওয়াইলে অতি শীল্ল তোমার মৃত্যু হইবে। তুমি দারণ কতেঁ অল্লে অল্লে মৃত্যুর সন্মুখীন হইবে, আমি ইহাই দেখিতে চাই। তুমি আমাকে অকপটভাবে ভালবাসিতে পার নাই, ইহা তাহারই প্রায় হিত। এখনও কাগজগুলি দাও, রক্ষা পাইবে।" "

"কাগজ আমার বাসায় পাইবে--আমি তোমার নিকটে দয়া ভিক্ষা করিব না। তোমরে ব্যবভাষত প্রায়ভিত্তই আমি গ্রহণ করিতেছি।"

"বটে! তুমি বড়ই সাহস দেখাইতেছ ! তুমি কি এখনও জীবনের আশা রাখ ?"

"যতক্ষণ মানুষ না মতে, ততক্ষণ সে ঐবনের আশা রাথে।" "মূর্থ, কোন আশা নাই। আমার নিকট হইতে চিরকালের জন্ত বিদায় লও।"

স্থেলতা আবার ঘণ্ট। বাজাইল। সেই চারি ব্যক্তি আবার কক্ষ-মধ্যে প্রবেশ করিল। স্থেহলতা ব্লিল, "যমালরে আবদ্ধ রাথ, আমার হুকুম তামিল কর।" তীহারা সুকুমারকে নিয়তলে একটি ক্ষুদ্র কক্ষে লইয়া গেল। পূর্বের বালালা দেশের কোন কোন জমিদার প্রজাকে দমন করিবার জন্ম বালালা দেশের কোন কোন জমিদার প্রজাকে দমন করিবার জন্ম বিষয়ার দকুম দিতেন, স্নেহলতাও সেইরপ একটি কক্ষে চুণের রাশি রাখিয়া দিয়াছিল। সুকুমার সেই কক্ষে স্থান পাইল। কক্ষের এক স্থানে একটি প্রদীপ জলিতেছিল। সামান্ত আলোকে সুকুমার কেবল নিজের অবস্থার ভীষণতা উপলব্ধি করিবে, এই জন্মই প্রদীপটি রক্ষিত হইয়াছিল।

স্কুমার সেই কক্ষে উপবেশন করিয়া ভাবিল—অজি চকুমার দেবতা, এতটা অনুমান মানুষের পক্ষে সম্ভবপর নহে।

সপ্তদশ পরিচ্ছেদ

"দোহাই তোমার, রক্ষা কর।"

স্কুমারকে "যমালয়ে" আবদ্ধ রাখিতে বলিয়া স্নেহলতা টেবিলের পার্বস্থিত একখানি চেয়ারে উপবেশন করিল। তাহার হকুম অফুসারে কার্য্য হইল বটে, কিন্তু তাহাতেও সে মনে শান্তি পাইল না। সে ভাবিতে লাগিল-সুকুমার কি এতই নির্বোধ যে কাগঞ্জলি অসাবধান হইয়া রাখিয়া দিবে ? কাল প্রত্যুষেই আমি সুকুমারের বাসায় লোক পাঠাইব, সেখানে যদি কাগজগুলি থাকে, তাহা হইলে সেগুলি অবগ্রই আমি পাইব। যদি সুকুমারেণ্ন সঙ্গেই কাগৰগুলি থাকে, তাহা হইলেও কাল সেগুলি আমারই হইবে। কিন্তু স্থুকুমার আমার মনোভাব ব্রিয়া যদি কাগজগুলি স্থানান্তরিত করিয়া থাকে, অথবা অপরের অপরিজ্ঞেয় কোন স্থানে তাহা লুকাইয়া রাখিয়া থাকে, তবে আমার উপায় কি হইবে ? সুকুমার ক্ষুৎপিপাসার কাতর হইয়া দণ্ডে দণ্ডে পলে পলে মরণের পথে অগ্রসর হইবে সত্যু, কিন্তু সে কাগজ হুই দিন পরে অপরেরও ত হস্তগত হইতে পারে ? তখন আমার কি হইবে? এই যে এতকাল জীলোক হইয়াও দেশে দেশে ঘুরিলাম, কত পুরুষকে নাকাল করিয়া ছাড়িয়া দিলাম—এই যে নরহত্যার মহাপাপ সঞ্ম করিলাম-এ সকল কেন করিলাম ? সামাষ্ট একটা বালিকার মায়া

ভাগে করিয়া, সামাল অর্থনিপা ত্যাগ করিয়া সেই সময় যদি সংসারী হইতাম, তাহা হইলে আজ এই দারুণ মনস্তাপ আমাকে সৃষ্ণ করিতে হইত না। গোরেন্দা অমলেন্দ্ যখন আমাকে ধরিবার চেষ্টা করিলেন, ভখনও যদি আমি ধরা দিতাম, তাহা হইলেও এতদিনে আমার আত্মা লাস্তিমুধ লাভ করিতে পারিত। কেন তাহা না করিলাম, অহোরাত্র সম্প্রত হইয়া জীবন অতিবাহিত করিবার জল্প কেন বাঁচিয়া থাকিলাম ?

স্নেহলতা কত কথাই ভাবিল, শেষে স্থির করিল, যে পথে সে এতদুর অগ্রসর হইয়াছে, এখন বিপদ বুঝিয়া সে পথ ত্যাগ করা হইবে না— যথন সে ডুবিয়াছে, তখন পাতাল কত দূরে, তাহা দেখিয়া লইবে।

অনন্তর দীর্ঘনিখাস ত্যাগ করিয়া ক্ষেহলতা টেবিলের উপর হইতে একখানি রেকাব সরাইয়া লইল এবং উপাদেয় ভোজ্য সকল আহারে প্রবৃত্ত হইল।

এমন সময়ে বারদেশে কাহার মৃর্ত্তি সেহলতার দৃষ্টিগোচর হইল।
সেতৎক্ষণাৎ রেকাবখানি সরাইয়া রাখিল। মৃর্ত্তি ক্রমশঃ স্পষ্টতর হইতে
লাগিল। স্বেহলতা দেখিল স্কুক্সার তাহারই দিকে ধীর পাদবিক্ষেপে
অগ্রসর হইতেছে।

স্বেলতার নয়ন জ্বনিয়া উঠিল। সে ক্রোধে কাঁপিতে কাঁপিতে বুলিল, "কি সুকুমার, তুমি পরিত্রাণ পাইয়াছ? আমার আজ্ঞাবহ ভূত্যেরা আমার হুকুম অগ্রাহ করিয়া তোমাকে ছাড়িয়া দিয়াছে?"

· সুকুমারের প্রেতমূর্ত্তি অট্টহাস্য করিল। সে হাস্য স্নেছলতার হৃদয়ে আতক্ষের সঞ্চার করিল। সে ভয়ে ভয়ে জিজ্ঞাসা করিল, "কে তুমি ?" সেই মূর্ত্তি গঞ্জীর আওয়াজে বলিল, "চিনিতেছ না ?''

স্বেহলতা দেখিল সুকুমারই কথা কহিতেছে। কিন্তু সুকুমারের থমন বীভংস মূর্ত্তি কেন ? তাহার স্বর এমন ভীতিপ্রাণ কেন ? স্বেহলতা আরও ভীত হইল। তাহার ভয়ের মাত্রা বুঝিয়া সেই ফ্ট বলিল,
"লতা, এস এখন হুইজনে বসিয়া খাই।"

স্থেলতার সর্বশরীর কাঁপিতে লাগিল। সে সাহায্য লাভের আশায় ঘণ্টা বাজাইল। কিন্তু এবার আর কেহই আসিল না তাহাঁ দেখিয়া সুকুমার বিকট হাস্য করিয়া বলিল, "সাবধান লতঃ, পলায়ন করিবার চেষ্টা করিও না, সে চেষ্টা করিলে তোমাকে থুন করিব।"

স্কেহলতা চেয়ার ছাড়িয়া উঠিয়া দাঙ়াইয়াছিল, স্কুমারের কথা শুনিয়া সে কিংকর্ত্তব্যবিমৃত। ইইয়া পড়িল, সে আবার চেয়ারে উপবেশন করিল।

সুকুমার বলিল, "হাঁ, ব'স—এস তুজনে আহার করি। তুমি স্থির জানিও যে ঘণ্টা সহস্রবার বাজাইলেও তোমার সাহাযার্য কেহ আসিবে না।—দেখ লতা, তুমি আমাকে যথালয়ে আবদ্ধ রাখিয়া অল্লে অল্লে আমার প্রাণ হরণের তুকুম দিয়াছিলে, আমি সহসা আবার যমা-লয় হইতে ফিরিয়া আসিব, এমন বিশ্বাস তোমার ছিল কি ?"

স্থেলতা কথা কহিল না, বিশ্বব্রে স্কুমারের মুখের প্রতি চাহিষ্। রহিল। সুকুমার আবার বলিল, "খাও লতা, খাও; এই তোমার শেষ খাওয়া।"

স্ক্রেনতা হতভব হইয়া বলিল, "তুমি চলিয়া যাও।"
সুকুমার হাসিয়া বলিল, "আমি কি যাইবার জন্মই আসিলাম ?"
সেহলতা ভীতস্বরে বলিল, "দোহাই তোমার, আমাকে ছাড়িয়া
দাও, আমাকে রক্ষা কর।"

"তুমি কোন কালে কাহাকেও রক্ষা করিয়াছ কি ? তাহা কর নাই, তবে তোমাকে ছাড়িব কেন ?—একটা কথা, যদি বাঁচিতে চাও, একটি কাজ কর।" "কি কাজ বল, আমি তাহাই করিব।"

"ললিতাকে দাও।"

শেষলতা শিহরিয়া উঠিল; বলিল "তাহাকে কেন গ—তুমি জলিতাকে চাও ? তুমি ললিতাকে লইবার কে ?"

"আমি কে তাহা বুঝিতে পারিতেছ না ?" "কে তুমি ?"

"দেখ আমি মুখোস খুলি, এইবার দেখ। এখন চীৎকার করিতে হয় কর, কাঁদিতে হয় কাঁদ। দেখ, দেখ।" আগন্তুক মুখোস খুলিল। সেহলতা দেখিল, এ ব্যক্তি সুকুমার নহে, অজিতকুমার। সে কি বলিতে বাইতেছিল, বলিতে পারিল না।

. অঞ্জিতকুমার বলিলেন, "এত কৌশল বার্থ হইল, শেষে আমারই হাতে পড়িলে।"

স্বেহলতা ভয়ে ভয়ে বলিল, "তুমি কোথা হইতে আসিলে ?" "শ্বশানের চিতাভন্ম হইতে উঠিয়। আসিলাম।"

. "না, আমি প্রতারিত হইয়াছি।" সেহলতা ক্রমশঃ কথা কংহ্বার সাহস পাইল।

অজিতকুমার হাসিয়া বলিলেন, "সত্য নাকি ? তুমি প্রতারিত হই-য়াছ, ? আহা, এতকাল তুমিই সকলকে প্রতারণ। করিয়া আর্থিয়াছ, শেষে আজ তুমি নিজেই প্রতারিত হইলে! বড় ছঃখের কথা।"

"অজিতকুমার, তুমি বড়ই চালাকি খেলিয়াছ ?"

্ . "বটে ! তুমি আমার সঙ্গে নিঃসঙ্কোচে কথা কহিতেছ—-প্রেতমূর্ত্তিকে দেখিয়া তোমার ভয় হইতেছে না የ"

"না; আমি প্রেতকেও ভয় করি না, জীবিত ব্যক্তিকেও ভয় করি না; ছনিয়ায় কাহাকেও আমি ভয় করিতে শিধি নাই।" "ব্রীলোকের পক্ষে এমন সাহস প্রশংসার বিষয় বটে।" অজিতকুমার একটু হাসিলেন।

"হাঁ অজিতকুমার, আমি সাহসী। কিন্তু এখন তুমি কি প্রকারে এই বাড়ীতে আদিলে, তাহা আমি বুঝিতে পারিতেছি না। তোমার ও সাহস কম নহে।"

"ত্র্বল হইলেও সাহস প্রকাশই আমাদের ব্যবসায়। ইহার প্রেক্ ইচ্ছা করিলে আমি তোমার সকল আড্ডাতেই প্রবেশ করিতে পারিতাম।"

"তাহা এখন বুঝিতেছি। স্থকুমার যে তোমারই আজ্ঞাবহ ছিল, তাহা এখন বুঝিতেছি।"

"বড় মনে করিয়া দিয়াছ !—স্কুমার কোথায় ?"

স্থেহলতা বিরক্ত হইয়া বলিল, "সুকুমার কোথায়, তাহা আমাকে জিজ্ঞাসা করিতেছ কেন ?"

"সংপ্রতি তুমি তাহাকে দেখ নাই ?"

"যে দিন সেই পাষ্ড আমার প্রণক্ষপ্রার্থী হইয়াছিল, সেই দিন অবধি তাহাকে আর দেখি নাই।"

অজিতকুমার হাসিলেন। তাহা দেখিয়া স্নেহলতা বলিল, "তুমি হাসিতে পার, কিন্তু আমি তোমাকে সত্যই বলিতেছি যে তাহার অরস্থা দেখিয়া আমার একটু তুঃথ হইয়াছিল; সেই সময়ে সে আমার অশান্তির কথা বুঝিতে পারে এবং তোমার শয়তানী হইতে আমাকে রক্ষা করিতে প্রতিশ্রুত হয়। এখন বুঝিতেছি যে, সে আমাকে যে সকল কথা বলি-য়াছে, তাহা তোমার মুখে ভনিয়াই বলিয়াছে।"

"সে যাহাই হউক, তুমি এখনও আমার সহিত চালাকি করিবার -চেটা করিতেছ ?"

- "আমি চালাকির ধার ধারি না, তোমাকে যখন বিলুমাত্রও তয় করি না, তখন তোমার সহিত আবার কি চালাকি করিব ?"
 - "কি, তুমি আর আমাকে ভয় কর না ?"
- "না; এখন তুমি যে এই বাড়ীতে আসিয়াছ, ইহাতে আমার পক্ষে
 ভালই হইয়াছে। তুমি কাঁদে পা দিয়াছ।"
 - ু অজিতকুমার হাসিয়া বলিলেন, "সত্য নাকি ? তবে আমাকেও ভূমি সুকুমারের মত যমালয়ে পাঠাইয়া দিবে নাকি ?"

কথাটা শুনিয়াই স্নেহলতা শিহরিয়া উঠিল। তাহার ভাষান্তর উপস্থিত হইল। তাহা দেখিয়া অজিতকুমার বলিলেন, "স্নেহলতা, এত-দিনে তোমার শয়তানীর লীলাখেলা শেষ হইল। আমি এখানে একাকী আদি নাই। বাহিরে আর একজন গোয়েলা তোমার নামে গ্রেপ্তারী পরোয়ানা লইয়া অপেক্ষা করিতেছেন।"

স্থেহলতার চক্ষ ছল্ ছল্ করিতে লাগিল। তথাপি সাহস করিয়া বলিল, "তুমি আমাকে গ্রেপ্তার করিবে কোন্ হিসাবে ? আমাকে তুমি কখনই গ্রেপ্তার করিতে পার না।"

"বল কি ? তুমি স্কুমারকে খুন করিয়াছ, অথচ তুমি গ্রেপ্তার হইবে না, তোমার এইরপই বিখাস নাকি ?"

"সুকুমার ত মরে নাই।"

্ অজিতকুমার হাসিলেন। স্বেহলতা আবার বলিল, "আমি সত্য বলিতেছি, সুকুমার মরে নাই।"

"শোন স্বেহলতা। তুমি কি মনে কর যে আমি সুকুমারকে বছই ভালবাসিতাম, সে আমার প্রের ছিল? না, তাহা নহে। আমাকে খুন করিবার জন্ম তুমি তাহাকে নিযুক্ত করিয়াছিলে, কিন্তু সে শেষে আমান রই অসুগত হইয়াঁ পড়িয়াছিল। অস্তুদ্ধে আমি তাহার জীবন রক্ষা

করিয়াছিলাম বলিয়া সে আমার বশবর্তী হইয়াছিল। আনি জানিতাম বৈ তোমার কার্য্য শেষ হইলে তুমি তাহাকে খুন করিবেই। দেইজন্মই আমি দেখাইয়াছিলাম যে আমার মৃত্যু হইয়াছে। তবে তাহাকে আমি বিলিয়াছিলাম যে ভয় করিও না, সর্বালা আমি তোমার সঙ্গে সঙ্গে থাকিব। সেই জন্মই একটু পূর্ব্বে সে তোমার নিকটে নির্ভীকতা দেখাইয়াছিল। আমি তাহাকে প্রতারিত করিয়াছি, তুমি তাহাকে খুনু করিবে, ইহাই আমার অভিপ্রেত ছিল। এখন সে খুন হইয়াছে। খুনের সাক্ষী আছে; ঘাতক নিজে স্বীকার করিয়াছে যে তোমারই আদেশে সে খুন করিয়াছে। স্বতরাং এখন তুমি আমার মুঠার ভিতরে আসিনয়াছ।"

"আমি বুঝিতেছি যে তুমি আমাকে বিগন্ন করিবার সকল উপায় স্থির করিয়া রাখিয়াছ।"

স্নেহলতা অজিতকুমারের পদতলে পড়িয়া বলিল, "দেখেই তোমার, আমাকে রক্ষা কর। দেখ, একদিন তুমি আমাকে বিবাহ ক্রিতে চাহিয়াছিলে—"

সেহলতার কথা শেষ হইতে না হইতেই অজিতকুমার হাসিয়া বলিলেন, "গোয়েন্দাকে এমন কত শত কৌশল অবলধন করিতে হয়। যে জ্রীলোক নরশোণিত দর্শন করায় তৃত্তি অত্তব করে, তদ্রলোকে ভাহাকে বিবাহ করিতে পারে না।"

"তা ন। কর; তুনি কি চাও বল। আমার সমস্ত সম্পত্তি তোমাকে দান করিতেছি, তুমি আমাকে ছাড়িয়া দাও। এতদিন বনে বনে কাটাইয়াছি, আবার বনেই আশ্রয় লইব।"

"সে হয় না; তোমার সম্পত্তিতে নরশোণিত লাগিয়া আছে, উহা অপাশ্য।" শতবে কি হইবে ? তোমার পায়ে পড়িতেছি, আমাকে রক্ষা কর।
 তুমি যাঁ.বলিবে, আমি তাই করিব।"

"সত্য ?"

"বেশ; ললিতাকে দাও, তাহার উইল পত্র দাও।" স্থেহলতা কথাটা শুনিয়া স্থির মনে কি চিন্তা করিল। পরে বলিল, "সত্য বল, সুকুমার মরিয়াছে !"

"কেন, তুমি ত তাহার প্রাণ গ্রহণের হকুম দিয়াছিলে ?" "কিস্তু তুমি নিশ্চিতই তাহাকে রক্ষা করিয়াছ।"

"এরপ মনে করিবার কারণ কি ?"

"অজিতকুমার, তুমি অতি ভদ্রলোক, একটা লোক খুন হইবে, ইহা কথনই তুমি দেখিতে পার না। তুমি যখন এ বাড়ীতে প্রবেশ করিয়াছ, তখন সে অবশুই রক্ষা পাইয়াছে। নিজের উদ্দেশ্র সাধনের জঁকা তুমি নরহত্যার সহায়তা করিবে না, এ বিশাস আমার আছে।"

অজিতকুমার হাসিয়া বলিলেন, "বেশ, তবে বলিভেছি, সুকুমার বাহিয়া আছে।"

ু স্বেহলতা উঠিয়া দাঁড়াইল, বিজপের হাসি হাসিয়া বলিল, "তবে অজিতকুমার, আমাকে কেবল ভয় দেখাইতেছিলে ?"

"ना, द्रशा छत्र (मशाहे नाहे।"

"আসল-কথাটা কি শুনি।"

"সুকুমার বাঁচিরা নাই; অমি আর ছই মিনিট পূর্ব্যে আসিতে পারিলে সে রক্ষা পাইত। তুমি বাতকদিগকে শিখাইয়া রাখিয়াছিলে

যে নিয়তলে লইয়া গিয়াই যেন খুন করা হয়। তৃঃখের বিশ্ব, আমার একটু বিলথ হইয়াছিল; নতুবা স্থকুমারকে কে খুন করিতে পারিত ?"
"ত্মি মিথবোলী হইয়াছ। এই বলিলে সে বাঁচিয়া আছে, তোমার কোন কথাটায় বিধাস করিব ?"

"সন্দেহের প্রয়োজন কি ? একদিন আমার মৃতদেহ দেখিতে, --গিয়াছিলে, আজ একবার সুকুমারের মৃতদেহ দেখিরে চল।"

স্বেহলতা আবার বিমর্যভাবে বলিল, "যাক্, ললিতাকে যদি তোমার হাতে দিই, তাহার উইলপত্র প্রভৃতি যদি তোমাকে প্রদান করি, তাহা. হইলে আমি রক্ষা পাইব ?"

"পাইবে।"

"বেশ; তাহাই দিব।"

"ললিতা কোথায় ?"

"এ বাড়ীতে নাই।"

"তবে তুমি তাহাকে কি প্রকারে দিবে ?"

"সে যেখানে আছে, আমাদিগকে সেইখানে ফাইতে হইরে।"

"কখন যাইবে ?"

"এখনই।"

"বেশ, চল।"

স্নেহলতা আবার ঘণ্টা বাজাইল, কিন্তু কেহই আসিল না। তখন সে বলিল, "এ বাড়ী কি তোমার অধিকারেই আসিয়াছে নাকি?"

"হাঁ' বলিয়া অজিতকুমার বংশীধ্বনি করিলেন। তৎক্ষণাৎ এক-ব্যক্তি সেই কক্ষে প্রবেশ করিল। স্নেহলতা বলিল, "আমার ভূত্য কই ?" অজিতকুমার কথাটায় কান না দিয়া সেই লোকটাকে বলিলেন, "আমার আদেশ মত কার্যা হইয়াছে।" সে জানাইল থে ভাহাই হই-- রাছে। অজিতকুমার তাহাকে অপেকা করিতে বলিয়া ধল হইতে বাহির হইবার উপক্রম করিতেছিলেন, এমন সময়ে স্বেহলতা জিজাসা করিল, "কোধায় বাইতেছ ?"

" "বাড়ীটা একবার খানাতল্পাসি করিয়া দেখিব।" অজি চকুমার অর্দ্ধঘন্টাকাল পরে ফিরিয়া আসিলেন। আসিয়া সেই লোকটিকে "বিজ্ঞাসা করিলেন, "গাড়ী আসিয়াছে কি ?"

"বোধ হয় আসিয়াছে।"

স্বেহৰতা বৰিৰা, "একটা কথা, সেখানে তুমি স্নার আমি যাটবঃ; অপর কেহ মাইবে না।"

অজিতকুমার হাসিয়া বলিলেন, "বেশ, তাহাই হইবে। কিন্তু একটা
কথা মনে রাখিও, তুমি আর চালাকি করিও না। তোমাকে শ্যতানী
জানিয়াই আমি আপদ বিপদ ভাবিয়া সকল প্রকার ব্যবস্থা করিয়া
রাখিয়াছি। আমার সহিত এবার প্রতারণা করিলে তুমি আর রক্ষা
পাইবে না।"

ু স্নেহলতা ঘাড় নাড়িয়া বলিল, "না; দে সন্দেহ করিও না।" উভয়ে দিতল হইতে নামিয়া একখানি গাড়ীতে উঠিলেন। অজিতকুমার স্নেহলতাকে জিজ্ঞাসা করিলেন, "গাড়োয়ান কোন্ দিকে যাইবে?" স্বেহলতা রান্তার নাম বলিল। গাড়োয়ান গাড়ী ছুটাইল।

অফ্টাদশ পরিচ্ছেদ।

ললিতা।

গাড়ী নির্দিষ্ট স্থানে পৌছিলে স্বেহলতা গাড়ী প্রামাইতে বলিয়া গাড়ী হইতে অবতরণ করিল; অজিতরুমারও নামিলেন। উত্যে একটি বিতল বাড়ীতে প্রবেশ করিলেন। বিতলের একটি কক্ষে অজিতরুমার আসন গ্রহণ করিলে ক্ষেহলতা জিজ্ঞাসা করিল, "কেমন, এখন আর আমার প্রতি সন্দেহ হয় কি ?"

অজিতকুমার হাসিয়া বলিলেন, "এ কথার উত্তর দেওয়া যায় না। যখন চহুরে চতুরে কাজ চলিতেছে, তখন সন্দেহের কথা উত্থাপন না করাই তাল।"

"যাক্, এখন আমার একটি কথা আছে। আপনি ললিতার মুখেই শুনিতে পাইবেন যে আমি তাহাকে অতি আদরে রাখিয়াছি, এ পর্য্যস্ত কোন বিষয়ে সে কন্ট পায় নাই।" -

সহসা স্বেহলতার মুধে "আপনি" স্পোধন শুনিয়া অজিতকুমারের মনে একটু সন্দেহ হইল। কিন্তু তাঁহার সন্দেহের কথা স্বেহলতাকে বুঝিতেনা দিয়া তিনি বলিলেন, "এরপ কথা যদি শুনিতে পাই, তাহা হইলে আমি অত্যন্ত প্রীত হইব।" তবে আপনি একটু, অপেক্ষা করুন, আমি ললিতাকে লুইয়া আদি। আমি পলায়ন করিব, এখন সন্দেহ করিবেন না।"

• "না, সে সন্দেহের কোন কারণ নাই। আমি সে পক্ষে পৃধ্ব হই-তেই সাবধানতা অবলম্বন করিয়াছি।"

ু স্নেহলতা প্রায় অর্দ্ধঘণ্টা কাল পরে একটি রমণীকে লইয়া সেই কক্ষে প্রবেশ করিল। বমণীর বদন অবশুঠনে আর্ত, অজিতকুমার ঞ্রির করিলেন যে ললিতা বোধ হয় স্নেহলতার অপেক্ষা বয়সে ছোট ২ইবে।

স্বেহলতা রনণীকে বলিন, "ললিতা, ইনি তোমার পরম হিতিখা, ইনি তোমাকে স্থামার নিকট হইতে লইয়া যাইতে চাহেন। তোমার সম্পত্তি তোমাকে প্রদান করিয়া ইনি তোমাকে সংসারী করিয়া দিবেন, ইহাই ইহাঁর স্বভিপ্রায়। তুমি যাইবে ত ?"

ত ললিতা ঘাড় নাড়িয়া সন্মতি জ্ঞাপন করিল। জ্ঞাজিত কুমার বিশ্বিত হইলেন,। এত সহজে যে ললিতাকে তিনি পাইবেন, এমন আশা তিনি করেন নাই। তাঁহার মনে সন্দেহ হইল।, তিনি স্বেহলতাকে ধলিলেন, "দেখ, আমি ললিতাকে দিদি বলিয়া সদোধন করিতেছি, আমার নিকটে তাঁহার লক্ষা করিবার কোন কারপ নাই। আমি একবার ললিতার মুখখানি দেখিতে চাই।"

ক্ষেহলতা বলিল, "আমাকে বিশাস করুন, এ ললিতা ভিন্ন অপর কেহই নহে।"

"না, ভূমি এত সহজে আমাকে নির্দোধ প্রতিপন্ন করিতে পারিরে না। আধুমি দেখিতে চাই, ললিতাই আমার সঙ্গে বাইতে খী, ত ইইতেছে কি না।"

"আপনি ত ক্থনত ললিতাকে দেখেন নাই, তবে আপনি কিরুপে চিনিয়া লইবেন ?" "আমি চিনিতে পারিব বলিয়াই বলিতেছি।"

"আপনি কি মনে করিতেছেন যে আমি আবার আপনার সহিত-প্রতারণা করিতেছি ?"

"তুমি ঠিক অফুমান করিয়াছ, আমি সকল বিষয়ে সাব্ধান ভইতেছি।"

"তাহা আমি জানি; আমি যে আপনাকে মিথা। কথা বলি নাই, তাহার প্রমাণ আপনি এখনই পাইবেন। আমি আপনার হত্তে ললিভাকেই সমর্পন করিতেছি। ললিতাকে আমি কতপ্রকারে বুঝাইয়াছি,
নতুবা আমার নিকট হইতে ইহাকে কেহ লইয়া য়য়, এমন ক্ষমতা
কাহারও নাই। ললিতা আপনার সহিত না যাইলে আমার মৃত্যু
ঘটিবে, এইরপ বুঝাইলে সে যাইতে বাজি হইয়াছে।"

স্নেহলতার কথার ভাবভঙ্গী দেণিয়া অজিতকুমারের মনে সন্দেহ হইল যে সে আবার কোন ফঁন্দি আঁটিয়াছে। তিনি কোন কথা কহিলেন না।

সেহলতা আবার বলিল, "তবে আপনি ললিতাকে নইয়া যান।"
"যাইব; কিন্তু যাইবার পূর্বে আমি ললিতার মুখধানি একবার
দেখিতে চাই।"

"নতুবা আপনার সন্দেহ যাইবে না ?" "না।"

"তবে দেখুন!" সেহলতা ললিতার অবগুঠন উল্লোচন করিল।
অক্সিতকুমার দেখিলেন, এ ললিতাই বটে। তিনি একটু আক্র্যান্থিত
ইইলেন; বলিলেন, "আমি সম্ভন্ত ইইলাম।"

স্থেহলতার বদনে হাসি দেখা দিল। সে বঁলিল, "আর কোন সন্দেহ নাই ত ?" "न्।"

"ললিতা বেশ যনের আনন্দে আছে, তাহা আপনি লক্ষ্য করিয়াছেন কি ?"

"দেখিয়া ত বোধ হইতেছে যে, দলিতা বেশ সুখেই আছে।"

ু সেহলতা তথন ঈবৎ হাসিয়া বলিল, "দেখুন দেখি, আপনি অকারণ আমাকে এই কয় বৎসর নাকাল করিলেন। ললিতাকে পাওয়াই
প্রীপনার উদ্দেশ্য, একথা যদি আমি পূর্ব্বে জানিতে পারিতাম, তাহা
হইলে আমাদের উভয়ের মধ্যে কাহাকেও এত মনস্তাপ এবং এত
শারীরিক কপ্ত সয় করিতে হইত না।"

কথাটার সম্যক অর্থ অজিতকুমার স্থান্তম্বন করিতে পারিলেন না। ললিতাকে পাওয়াই আমার উদ্দেশ্য, একথা জানিলে ক্ষেহলতা কি করিত? অজিতকুমার কিছুই স্থির করিতে না পারিয়া বলিলেন, "কিসে? কন্ত সন্থ করিতে হইত না কিসে?"

সেহৱতা হাত নাড়িয়া বলিল "আহা, ললিতাকে লুকাইয়া রাধা ত আরু আমার উদ্দেশ্য নহে। আমিই ত ললিতাকে রক্ষা করিয়াছি। অমি না থাকিলে কি ললিতা এতদিন বাঁচিয়া থাকিত? ললিতার পিতা যে উইল করেন, তাহার বিষয় ত আপনি সব জানেন ?"

"दाँ कानि।"

. • লিলিতার জ্ঞাতিবর্গ বড় ভাল নহে। তাহারা ললিতাকে ইহছণত হইতে সরাইবার চেপ্তায় ছিল, আমি সংবাদ পাইয়া ললিতাকে উদ্ধার ক্রিয়াছি।"

ে সেহলতার কথা শুনিয়া অজিতকুমারের মনে সন্দেহের উন্দেক হইল। তিনি সে সন্দেহের ভাব গোপন করিয়া বলিলেন, "একথা, বদি সূত্য হয়, তাহা হইলে তুমি ভাল কাজই করিয়াছ।" "একথা সম্পূর্ণ সতা। এখন আপনি ললিতাকে আমার নিকটে রাথিয়া যাইবেন কি ?"

"কেন রাথিয়া যাইব ?"

"ললিতা আমার নিকটেই থাকিতে চাহে। সত্য কথা বলিতে কি, আমার নিকট হইতে ললিতাকে লইয়া যাইবার অধিকার আপনার নাই। তবে আপনি নাকি আমাকে বিপদগ্রস্ত করিতেছেন, তাই বাধ্য হইয়া আমি তাহাকে ছাড়িয়া দিতেছি। আপনি তাহাকে লইয়া যাইবেন কেন ?"

"আমি লইয়া যাইতেছি, তবে প্রতিশ্রত হইতেছি যে পরে ললি-তাকে আবার তোমার নিকটে রাখিয়া যাইব।"

"দেখুন, এই কয় বৎসর আপনি আমাকে বড়ই কণ্ট দিয়াছেন। আমি মনে করিয়াছিলাম যে আপনি ললিতার আখ্রীয়বর্গের পক্ষে কার্য্য করিতেছেন, নতুবা আপনাকেও এতদিন ঘুরিতে হইত না।"

এ কথাটাও অজিতকুমারের মনে সন্দেহের উদ্রেক্ করিল।
ললিতার আশ্বীয়বর্গের পক্ষ হইয়া তিনি কার্য্য করিতেছিলেন, এরপ
মনে করিবার কোন কার্যাই নাই। সেইজন্ম অজিতকুমারের সন্দেহ
হৃদয়ে বন্ধমূল হইল। তিনি ভাবিলেন যে ক্ষেহলতা এবিষয়ে যথন
চাত্রীর কথা কহিতেছে, তখন অন্থ বিষয়েও তাহার চাতুরী থাকিতে
পারে। তিনি ক্ষেহলতাকে স্পষ্ট বলিলেন "যাহাই হউক, ললিতাকে
আমি তোমার নিকটে রাখিয়া যাইব না।"

"আমি কি তাহাকে দেখিতেও পাইব না ?"

" সবগু দেখিতে পাইবে।"

"এই আপনার ললি গা, আপনি ইহাকে লইয়া যান। বলুন, আরং ভোষাকে কট দিবেন না ?''

্বা; তুমি নিশ্চিম্ভ থাকিতে পার।" স্নেহলতা সরিয়া যাইতেছিল, কিন্তু সে প্রত্যাবর্ত্তন করিয়া অজিত-কুমারকৈ বলিল, "একটা কথা, সুকুমার কোথার আছে ?"

অব্দিতকুমার হাসিয়া বলিলেন, "কেন, তাহাকে দেখিতে চাও ?" "না; সে বাঁচিয়া আছে এবং নিরাপদে আছে, আমি এইটুকু -জানিতে চাই।"

"বেশ, আমি বলিতেছি যে সে বাঁচিয়া আছে।"

"দেখুন, আমি তাহার প্রাণ গ্রহণের ইচ্ছা করি নাই। আমার ধারণা হইয়াছিল যে আপনার মৃত্যু হইয়াছে; সেইজন্ত তাহাকে একটা খরে আবদ্ধ-রাখিয়া আমি অক্তত্র পলায়নের সংকল্প করিয়াছিলাম। আমি চলিয়া পেলে সে মুক্তিলাভ করিত। যাহা হউক, রাত্রি প্রায় শেব হইয়া আসিল, আপনি ললিতাকে লইয়া যান।"

অজিতকুমার তথন ললিতাকে বলিলেন, "এস দিদি, তোমার কোন ভয় নাই, তুমি আমাকে আপনার ভাই বলিয়া মনে করিয়া আমার সঙ্গে এস।"

ললিতা কোন কথা কহিল না, অ্জিতকুমারের সঙ্গে সঙ্গে পেল। স্বেহলতা উভয়কে গাড়িতে তুলিয়া দিয়া আসিন। গাড়ি অজিতকুমারের নিৰ্দ্দেশ মত ছটিল।

যথাসময়ে অব্দিতকুমারের বাসভবনের দারে গাড়ি পৌছিলে উভয়ে গাড়ী হইতে অবতরণ করিলেন। বাড়ীর ভিতরে প্রবেশ করিয়া - অজিতকুমার ললিতাকে বলিলেন, "সত্য কথা বল দেখি দিদি, আমি ্তামার মঙ্গলের চেষ্টাই করিতেছি, আমি তোমার শক্ত নহি, একথা তোমার বিশ্বাস হয় কি ?"

ললিতা ঘাড় নাড়িয়া জানাইল যে বিখাস হয়।

অজিতকুমার তখন বলিলেন, "শোন দিদি, আমি তোমাকে । কয়েকটি কথা জিজাসা করিতে চাই। তুমি সত্য কথা বালও। সেহলতার নিকৃটে তুমি বেশ সুধে স্বচ্ছদে ছিলে কি ?''

"ना"। निना बतात कथा कहिन।

অজিতকুমার চমকিয়া উঠিলেন। বলিলেন, "না? তবে তাহার সাক্ষাতে তুমি কেন জানাইয়াছিলে যে তুমি পরম স্থাধে ছিলে?"

"ভয়ে বলিয়াছিলাম।"

"সে তোমার প্রতি সন্ব্যবহার করিত না ?"

্ "না; লোকে দাসী চাকরাণীকেও বোধ হয় ইহা অপেক্ষা অধিক বত্ব আদর করে। আপনাকে কোনও প্রকারে সরাইতে পারিলে সে: আমাকে খুন করিত।"

"তুমি এ বিষয় কেমন করিয়া জানিলে ?"

"তাহার কথাবার্ত্তার ভাবে আমি বুঝিয়াছিলাম। কেবল আগনার ভয়ে সে আমার প্রাণগ্রহণ করিতে পারে নাই।"

"আমি তোমাকে উদ্ধার করিবার জক্ত চেষ্টা করিয়াছিলাম, এ বিধয় তুমি জানিতে ?"

"তাহাও জানিতাম।"

"ষাউক, এখন তুমি নিরাপদ হইয়াছ বুকিয়া সম্ভষ্ট হইয়াছ কি ?" "দে কথা আর জিজাসা করিতেছেন কেন ?"

"বেশ, আমি তোমার জন্ম একজন পরিচারিকাকে পাঠাইয়া দিতেছি। তাহাকে তুমি যেরপ করমাইস করিবে সে তাহাই করিবে।"

অজিতকুমার চলিয়া গেলেন। তাঁহার ধারণা হইল যে ললিতাকৈ তিনি উদ্ধার করিয়াছেন, ইহা সত্য ; ললিতা তাঁহার নিকটে প্রকৃত কথাই ৰলিতেছে, ইহাও সতা; কিন্তু স্নেহলতার ন্যায় চতুরা দ্বনী এত সহজে ললিতাকে কেন ছাড়িয়া দিল, তাহাই বুকা যাইতেছে না। সে অবশুই কোন মংলবে আছে। সে তাঁহাকে অন্ত কোন উপায়ে অবশুই প্রতারণা করিবে। যাহা হউক, তাঁহাকে সাবধানতা অব্ন্যান করিতে হইবে।

নিশাবস্থানে অজিতকুমার ললিতার সম্বন্ধে স্থব্যবস্থা করিয়া দিয়া স্থান করিলেন, পরে কিঞ্চিৎ জলযোগ করিয়া নিদ্রিত হইলেন।

শরীরের অবসাদ দূর কইলে অপরাহ্নকালে তিনি একবার শ্লেছলতার সহিত সাক্ষাৎ করিলেন। স্নেহলতার হাবভাবে বিশেষ কোনরূপ পরিবর্ত্তন দেখিতে পাইলেন না। তথাপি তাঁহার মনে হইল যে
স্নেহলতা তাঁহাকে ঠকাইয়াছে।

সোকাৎ করিলেন। কিছুক্ষণ ধরিয়া উভয়ের কথোপকথন ইইল। প্রত্যাবর্তনের সময়ে অজিতকুমার ছই একজন পরিচিত পুলিশ কর্মাভারীর সহিত সাক্ষাৎ করিয়া আদিলেন।

স্বভবনে প্রত্যাবৃত্ত হইয়া অজিতকুমার দেখিলেন বে পরিচ:রিকার হস্ত পদ আবদ্ধ, সে কাঁদিতেছে। তিনি ব্যাপার অনেকট বুলিয়া। ভাহার বন্ধন মোচন করিয়া তাহাকে জিজাসা করিলেন, "কি হইসাটেই ? ন কাঁদিতেছে কেন ?"

পরিচারিকা জানাইল যে ললিতা স্নেহলতার সঙ্গিনী। সেও গোহ-র

আতাক্ত শত সমতানী। অজিতকুমার বাড়ী হইতে বাহির হইবার বিচ্ছাক্রণ পরেই তিন ব্যক্তি এই বাড়ীতে প্রবেশ করিল,তাহাদিগকে দেখিয়া।
ললিতা আনন্তি হইল। তাহারা তাহাকে বন্ধন করিয়া ললিতাকে
লইয়া গোল।

অন্ধিউকুমার বলিলেন, "তাহার জন্ম ভাবনা কেন? সে একবার আমাকে ঠকাইল, আর ঠকাইতে পারিবে না। তোমাকে কি তাহারা প্রহার করিয়াছে ?"

"লা I"

"তবে কাঁদিতেছ কেন ? তোমাকে আমি নিজ হাতে গাঁড়া। পিটিয়া লইয়ছি, এরপ সামান্ত বিপদে তুমি কাঁদিবে কেন ?'' বলা বাহলা, যে স্ত্রীলোক রাত্রিকালে স্কুমারকে প্রতারণা করিয়া ত্রিবেণীর জ্রান্তভাগে দিতল ককে লইয়া গিয়াছিল, দে এই প্রিচারিকা। সে অভিত্রুমারকে বলিল, "কাঁদি কি সাধ করিয়া ? এতদিন চেঙা করিয়া, এত কঙ্ট সহ্য করিয়া আপনি যাহা করিলেন, আমি তাহা পশু করিয়া দিলাম।"

"সেজত হংশ করিও না। এবার আর আমরা ঠকিব না।"
অজিতকুমার মুখে এইরূপ বলিলেন বটে, কিন্তু তাঁহারও পারিত্রপের সীমা ছিল না। একটি স্ত্রীলোক তাঁহাকে বোকা বাঁনাইন, বিহুপ্ত কি মরিলেও যায়। তিনি তৎক্ষণাৎ গাড়ী ডাকিয়া স্বেহলতার স্বাসভবনে গমন করিলেন।



উনবিংশ পরিচ্ছেদ।

"ভবসুৱে"।

নানারপ চিন্তা করিতে করিতে অঞ্জিত মুমার স্নেহলতার বাসভবনে উপস্থিত হইলেন। তথন রাত্রি ৯টা বাঞ্জিরা গিরাছে। কোন গৃহে কিনি আলোক দেখিতে পাইলেন না। চারিদিকে বিশেষ যথসহকারে সন্ধান করিলেন, দেখিলেন সে বাড়ীতে একটিও লোক নাই। তিনি মনে মনে ভাবিলেন, স্নেহলতা যে সহজে আমাকে ধরা দিবার জক্ত এই বাফ্টীতেই থাকিবে, তাহা কথনই সন্তবপর নহে। ভাটতাকে আনিবার পরই সে অক্তর্জ চলিয়া গিরাছে—কসিকাতার সে নানায়ানে অজ্ঞি করিয়াছে। আমার অজ্ঞাত কোন আদ্রায় এখন সে আশ্রম করি থাকিবে। তবে আমি জাহার নিদা ভূলিয়া এ বাড়ীতে আসিকাম কেন পুকেন যে আসিলাম, তাহারও একটা কারণ আছে। ইহাই গোয়েন্দাগিরির প্রতি।

সেই অন্ধকারারত গৃহে এই ভাবের নানা বিষয় চিন্তা করিতে করিছে অন্ধিত কুমার প্রায় পনেরো মিনিট কাল কাটাইয়া দিলেন। শোণে সেই বাড়ী হইতে বাহির হইলেন। তাঁহাকে দেখিয়া একবাটি ভাঁহা নিকটে আদিল। তাহার কন্ধ কেশ, মলিন বসন, ছিল সাজাবর নিক্রী অন্ধিত মুখার প্রণা বোধা করিলেন না। তিনিও লাড়াইলেন বাকটি নিজ্ঞাসা করিল, "এই বাড়ীতে যাহারা থাকিত, আপ্রিতাহাদিশকে খুঁলিতেছেন কি?"

অজিতকুমার গন্তীরভাবে জিজাসা করিলেন, "কে তুমি "

"আমি আর কে মহাশয়? আমি কেহই নহি, জগতে আমি একটা মানুষ্ঠ শহি।"

"যেই হও, তুমি কি চাও ?"

"আমি আর কি চাহিব মহাশয় ? আমি মনে করিতেছি যে আ'-'-নিই বুকি কিছু চাহিতেছেন।''

"আমি কি চাই মনে করিতেছ ?"

"আমি মনে করিতেছি যে ইহারা কোথায় গেল, আপনি তাহাই <শমিতে চাহিতেছেন।"

"ভোমার এরপ মনে করিবার কারণ কি ?"

"হা.জ, আমি তো বোকা নহি। আপনার আশীর্কাদে আমিও ইই চারি পাতা বিল্লা শিবিয়াছিলাম, কিন্তু গাঞ্জার আগুনে সে বিল্লা ভিম্ম হইয়া গিয়াছে। এখন ভবসুরে হইয়াছি। কেবল দমের চেপ্তায় কিরি। তা বলিয়া আমি যে বোকায় একথা ত কেহ বলিতে পারে না।"

"আমি ত তোমাকে নিরেট বোকা বলিয়াই মনে করিতেছি।"

"অভাবে পড়িলে আনেকেই বোকা হয়, আমি আপনার জন্মই মধানে নাড়াইয়া আছি ।"

অজিতকুমার বিশিত খইলা বলিলেন, "আমার জন্ম ?"

"हैं।, আপনারই জন্ম।"

"সরলভাবে কথা কও।"

"আক্তে আমি সরলভাবেই বলিতেছি।"

"সরলভাবে বলিতেছ? তুমি জান আমি কে?"

"না মহাশয়, তাহা আনি জানি না।"

আমাকে জান না, অথচ আমারই জন্ত দাড়াইর৷ আছ 🕬

"আমি সত্য কথাই বলিতেছি। দেখুন, আমি ত এইমানে বলিলাম মে, আমি ভববুরে, নেশাখোর। কি উপায়ে নেশার সফল পাইব, তারেই চেষ্টা করি। এই বাড়ী হইতে বখন লোকজন চননাল গেল, তান তাহাদের ভাবগতিক দেখিয়া মনে হইল যে ইলারা কেল চননাল গেল, তান তাহাদের ভাবগতিক দেখিয়া মনে হইল যে ইলারা কেল চনাল বিয়া পলায়ন করিতেছে। তখনই আমি স্থির কলিবলৈ যে যাহাকে ইহারা ফাঁকি দিতেছে, সে অবস্থই এখানে আনির, ভাবল হইলে সে তাহাকে আমি ইহাদের ঠিকানা বলিয়া দিহেত গারি, ভাবল হইলে সে তাহাদের আমি ইহাদের ঠিকানা বলিয়া দিহেত গারি, ভাবল হইলে সে সম্ভ ইহা আমাকে কিছু বখনিস দিবেই। সেইজন্ম আমি তাহাদের সঙ্গে সঙ্গে গিয়া তাহাদের বাড়ী নেধিয়া আসিয়াছি এবং এখানে অপেকা করিতেছি। আপনি এই বাড়ীতে প্রবেশ করিলেন নেধিয়াই আনি বুলিতে গারিয়াছিলান যে আপনি তাহাদিগেরই সন্ধান করিতেছেন। আমি আপনাকে না জানিলেও আপনার জন্মই আমার অপেকা কলা হইতেছে না কি ?"

কথাটা যুক্তিসঙ্গত বলিয়া। বিবেচিত হওয়ায় অজিতকুমার ব'ললেন, "তুমি তাহাদিগকে চলিয়া যাইতে দেখিয়াছ ?"

"দেখিয়াছি। তাহারা ত্ই দলে গিয়ছে। আমি শেণ দলের সঙ্গে সঙ্গে গিয়ছিলাম।"

"इंडे मन कि ?"

"আন্তে, প্রথমে গৃইটি পুরুষ ও গৃইটি ফ্রীলোক গেল। ভাহার । ফুরেক মিন্টি নরেই গৃইটি স্ত্রীলোক ও একটি পুক্ষ সিয়াছে। আমি । ব শেষ দলের সঙ্গে সঙ্গে গিয়াছিলাম। আপনি যদি যান, এবে । অপিনাকে সেই বাড়ী দেখাইয়া দিতে পারি।"

[&]quot;বেশ, চল।"

"দাড়ান; আমি কাহারও মুখ দেখিয়া কোন কাঞ করি' না প্ৰামাকে কিছু দিন।"

"তুমি কত চাও ?"

"সে আপনার খুসী, আনাব কি আর জোর আছে ?"

"আমাদিগকে অধিক চুর বাইতে হইবে কি ?"

"আজে তা হইবে বই কি।"

"কোন দিকে যাইতে হইবে ?"

"আমি আপনাকে সব সন্ধান বলিয়া দিতেছি, আপনার কোন ভাবনা নাই।"

"(पर, ज्ञि यिन आमारक (परे वार्डा (पराहेश नाज, आमि তোমাকে দশটি টাকা দিব।"

সে ব্যক্তি আনকে আটখানা হইয়া বনিল "কেন বিকল ? চলুন, দেখাইয়া দিতেছি। আপনি এপন আমাতে চাকা দিবেন কি ?''
সংক্ষা আগে তুমি আমার কাজ কর, পরে টাকা গাইবে ?

তাহাতেই স্থাত হুইল। মে ব্যক্তি অভিত্রুমারকে পুর দেখাইর। लहेश हिल्ला यहिदान प्रमा चिक्र ठकुमा। अक्छकान चाउमान করিলেন। লোকটা একবার ভয় পাইল, কিন্তু মুখ ফুটিয়া কিছু বলিল [!] না। অজিতকুমারের ইঞ্চিত অভুসারে পুলিশের লোক ভাঁহা<mark>রু</mark> অকুগ্ৰন করিল।

সহরের এক জ্বতা প্রীতে উপস্থিত হইয়া শেই ব্যক্তি অজিত-কুমারকে একটা গলির মোড় হইতে দুববতী এবটি বাজী দেখাইন্ত विनम "ঐ बाड़ी।"

অঞ্চিতকুমার একটু কুদ্ধ হট্যা ব্যালেন, "এ কোণায় আসিলে সুত্র 'আজে ঐ বাড়াঁতেই তাগারা গিয়াছে :"

"হুক্তি! আমাকে এই জঘত স্থানে আনিবার জন্ত তাহারা তোমাকে নিযুক্ত করিয়াছে!"

ে ব্যক্তি বিশ্বিত হইয়া বলিল, "না মহাশয়, আমাকে কেই। নিযুক্তকে নাই।"

ুঁজিতকুমার রিভলভার বাহির করিলেন এবং সেই ব্যক্তিব গ্রুকেশ পুরুষা বলিলেন, "সত্য কথা বল, নতুবা যমালয়ে পাঠাইব।"

সেই ভবৰুৰে ইহাতে কিছুমাত্ৰ ভীত না হইয়া বলিল, "এ আৰাৰ কি মহাশ্য ?"

" তুৰি কি আমাকে বোকা পাইয়াছ ?''

"এ কেমন কথা? আমি কি আপনাকে বোক। পাইয়াছি বালয়া মনে করি ?"

-- ''নৈই ধথাইত তোমাকে জিজ্ঞাসা করিতেছি।"

্ৰ''আমি একটা কথা ৰলি। আপনাকে বেংকা বুকাইয়া আমার ভিকি ? আর কেই বা আপনাকে এখানে নইয়া আসিবাৰ জন্ম আমাকে পাঠাইবে ?"

"আমি ত সেই কথাই জিজ্ঞাসা করিতেছি।"

"আমি সত্য কথাই বলিতেছি। তাহাদিগকে আমি এই বাজাতে প্রবেশ করিতে দেখিয়াছি, তাই আমি আশনাকে এখানে এইয়া আসিয়াছি।"

"বেশ চল। ত্রীমি করিও না, তাহা হইলে ত্মি কিছুতেই রক্ষা লীবে না।" —

गैनित প্রান্তভাবে একটি জীর্ণ দিতন বাড়ী দেখাইয়া সেই বাজি বলিল, "এই বাড়ী। এখন আফাকে যদি বথশিস দেন, আমি চালয়া য়াই।" "এখন নয়; আগে আমি বুঝি যে তোমার কথা সর্ত্য, তখন তোমাকে টাকা দিব।"

"তবে এক কাজ করুন। আপনি ভদ্রলোক; আপনি যখন রাজি হইরাছেন, তথন আমাকে টাকা দিবেনই। আমাকে আপনার ঠিকা-নাটা দিন, কাল আমি আপনার সহিত দেখা করিব।"

"সে ভাল কথা" বলিয়া অজিতকুমার পকেটবুক হইতে এক কু কাগজ লইয়া তাহাতে একটা স্থানের নির্দেশ করিয়া দিলেন এবং তাহাকে বলিয়া দিলেন যে কাল বেলা ৩।৪ টার সুময়ে সেইখানে গেলে টাকা শাইবে। লোকটি সেই কাগজ লইয়া চলিয়া গৈল

অজিতকুমার তখন সেই বাড়ীতে প্রবেশ করিলেন, কিন্তু দিওলে উঠিলেন না। নিয়তলে প্রায় দশ মিনিট কাল নীরবে দাড়াইয়া থাকিয়া তিনি সেই বাড়ী হইতে বাহির হইলেন। গলি ইইতে-বিক্রান্ত হই নি তিনি দেখিলেন যে বড় রাস্তার অপর পার্ষে এক ব্যক্তি দাড়াই সে আছে। তিনি সঙ্কেতপ্রনি করিবামাত্র সেই ব্যক্তি আঁগ্রু নিক্টে আসিল। তখন তিনি বলিলেন, "তুমি আসিয়াছ ?"

"মহাশয়ের যেমন তুরুম।"

"একাকী আসিয়াছ ?"

"কাৰেই।"

''শীত্র যাও; দলবল লইয়া আইস। আমার মনে হইতেছে যে একটা রহস্যোত্তেদ করিতে পারিব।"

সে ব্যক্তি চলিয়া গেল। সে আর কেই নথে, সুকুমার। সুকুস্কু পুলিশের দলকে আহ্বান করিতে গেল। অজিতকুমার নানীপ ভাবিতে ভাবিতে গলির মধ্যস্থলে অন্ধকারে আসিয়া দাঁড়াইকেনন। এইভাবে অনেকক্ষণ পতিবাহিত হইল। প্রায় আধু ঘটা পরে ভিনি দেখিলে বৈ একটা মাতাল সেই গলির পথে প্রবেশ করিতেছে।
তথন অজিতকুমার মনে মনে বলিলেন যাহা ভাবিতেছিলাম, তাহাই
'হেইয়াছে। তিনি আরও পশ্চাতে সরিয়া গেলেন।

'মাত্রে টলিতে টলিতে গলির ভিতরে অগ্রসর হইতে লাগিল।
গলিতে আলোক নাই, ভয়ানক অন্ধকার। অন্ধকারে রাস্তা দেখিতে
ক্রিং প্রায় সে জড়িতস্বরে বলিল, "আজ বেটা আমাকে রাত-কাণা
করেছে—চোধ হুটো চেয়ে আছি, তবু রাস্তা ঠাওর হচে না।"

এমন সময়ে সে একব্যক্তির গায়ের উপর পড়িয়া গেল। রাস্তার সে ব্যক্তি শ্বন করিয়াছিল, মাতালের পদাঘাতে সে চীৎকার করিয়া বলিল, "কে বাবা, গরিব হঃখী ব'লে লাখি মেরে যাচ্ছ।"

মাতাল। তুমি যে অন্ধকারে রাস্তা ছুড়ে তারে আছ় ! আমার লোব হয়েছে চাঁদ ; তোমাকে যদি লাখি মেরে থাকি, তার প্রায়শ্চিত েরে গেছে, আমিও পড়ে গেছি।

র্মর্পর ব্যক্তি। যাও, যাও; তুমিও দলের লোক দেখছি।

করিল, "এখানে তুমি গুয়ে আছ কিসের চেতার, গুনতে পাই না কি ?"

"স্থাকা সাজ্ছ কেন? তুমিও সেই দলের লোক, তা বুঝতে পেরেছি।"

"দলের লোক কি বলছ ?" মাতালের স্বর অনেকটা সোজা হইয়া আসিল। যথন যেমন তথন তেমন, এমন স্থের মাতালের অভাব কলিকাতা সহরে নাই।

্নি ন করছ কেন? তুমি ত তাদেরই একজন। এই বেশা ব্দ্রেপড়; এখনই পুলিশ আসবে। সে মাগী থানায় খবর দিতে গেছে।" "পুলিশ আসবে, তা আমার কি?" "তুমি দলের লোক, তোমার ভয় নেই ?"

"কোন দল ?"

"যেন কিছু জান না, নয় ?"

"না, কিছুই জানিনা; এই বাড়ীতে আমার বন্ধ থাকে, আমি ভার সঙ্গে দেখা করতে এসেছি।"

"বটে ? তবে বাড়ীতে যেও না। ও বাড়ীতে এইমাত্র এক ফুটা। খুন হয়ে গেছে। আমি ওর নীচের তলায় থাকি। প্রায় এক ঘণ্টা। আগে হটো লোক ঐ বাড়ীতে আদে, একজন ওপরে যায়। তার কিছু পরেই একটা গোলমাল হয়। তারপর আমার মনে হলু যে পেলাকটাকে কে খুন করলে। আমি পালিয়ে এসে রাস্তার ভয়ে আছি। মাগীটাকে থানায় পাঠিয়েছি। পুলিশ এতক্ষণ এল বলে।

মাতাল "বটে" বলিয়া সেই বাঙ়ীর দিকে অ্এসর ইইল । এই লোকটি অমনি বলিল, "ঐ, ঐ —পুলিশ এসেছে।" সঙ্গে সঙ্গে একটার আওয়াজ করিল। মাতাল দৌঙাইল, পুলিশের লোকদিগকে ঠেডি সি সে চলিয়া গেল। পুলিশ তাহাকে ধরিল না। সে রাজায় ভিন্তির মারই অজস্মার তাহার অস্পরণ করিলেন। বলা বাহল্য অজিতকুমারই রাজায় শয়ন করিয়াছিলেন। তিনি যাইবার সময়ে পুলিশ কর্মচারীকে কয়েকটি উপদেশ দিয়া গেলেন।

বিৎশ পরিচ্ছেদ।

"কে, তুমি ?"

কলিকাতার পূর্ব্বোত্তর অঞ্চলে এই সময়ে বহুসংখ্যক নিয়ন্ত্রণীর লোকের বাস ছিল। এই পলীতে অনেক হুল্চরিত্রা রমণীও বাস করিত। পলীতে অধিকাংশ বরই খোলার, পাকা ঘরের সংখ্যা অতি অল্প। অজিতকুমার পলাতকের অন্তুসরণ করিতে করিতে এই পলীতে আুসিলেন। লোকটি একটি অতি সন্ধীণ ও আবর্জ্জনাময় গলিতে প্রবেশ করিল, অজিতকুমার ধীরে ধীরে তাহার পশ্চাতে চলিতে লাগিলেন। অন্ধকারে লোকটি অজিতকুমারকে দেখিতে পাইল না।

গলির ভিতরে কিছুদ্রে যাইয়। লোকটি একটি খোলার ঘরের দারে দাড়াইয়া দারে টক্ টক্ করিয়া কয়েকবার শব্দ করিল। পরক্ষণেই দার খুলিয়া গেল, সে ব্যক্তি ভিতরে প্রবেশ করিল। অজি চকুমার ক্রত পদবিক্ষেপে সেখানে উপস্থিত হইয়া দেখিলেন যে লোকটি বাড়ীর ভিত্তে, চলিয়া গিয়াছে, দারদেশে তখনও একটি স্ত্রীলোক দাড়াইয়া আছে। অজিতকুমারকে সেই স্থানে দাড়াইতে দেখিয়া স্ত্রীলোকটি রজায় আসিল এবং অজিতকুমারকে জিজ্ঞাসা করিল, "মশায় কাকে শুলছ গা?"

অজিতকুমার বিশেষ লক্ষ্য করিয়া দেখিলেন যে স্ত্রীক্ষাক্টি র্দ্ধা তাহাকে গলার আওয়াজ করিতে নিষেধ করিয়া তিনি তাহার হস্তে। একখানি দশ টাকার নোট প্রদান করিলেন। বৃদ্ধা একেবারে গলিয়া ''বেল; বলিল ''আছে বটে, কিন্তু আপনি ভদর লোক, প্রদন্দ হবৈ কি প আপনি কি এবাড়ীতে আর কখন এসেছ প'

অজিতকুমার হাসিয়া র্দ্ধার কানে কানে বলিলেন, "আমি সেজক["] আসি নাই, এই বাড়ীতে কিছুক্ষণের জন্ম থাকিতে পাইব কি ?"

র্দ্ধাও, অপরে না জানিতে পারে, এমন মৃত্তাবে বলিল, "এ ত • আমারই বাড়ী, আপনি যদি ইচ্ছা কর, আমি ঠাই দিতে পারি।" • •

"তোমারই বাড়ী? তা বেশ হইয়াছে, চল।" অজিতকুমার আর কালবিলম্ব করিতে পারিতেছেন না। কিন্তু বৃদ্ধার মনে কি ভাবের উদয় হওয়ায় সে আবার জিজ্ঞাসা করিল, "আপনি কেন এসেছ বল দেখি?"

"ঐ যে লোকটি গেল, ও যেণ্ডরে আছে, তাহারই পাশের, ত্বরে ক্ আমাকে থাকিতে হইবে। তুমি যদি এখন ব্যবস্থা করিয়া দাও, ' তোমাকে আরও কিছু দিব।"

"আহা, আপনাদের ছিরিচরণেই যে বেচে আছি। দেবে বই কি, তাও লোকটি কি করেছে ?"

"সে কথা শুনে কাজ কি ?" পাছে রন্ধ। কোন গোলযোগ ঘটায়, এইজন্ম অজিতকুমার আবার বলিলেন, "দেখ, আমি পুলিশের লোক; ভয় পেয়ো না। তোমার মন্দ আমি করিব না। আমাকে ঐ লোক-টার কথাবার্ত্তা শুনিতে দাও।"

"ওমা, বটে ?" বলিয়া রদ্ধা নিঃশব্দে অজিতকুমারকে ভিতরে লইয়া গেল এবং পুর্বেষ্ঠিক লোকটি যে ঘরে ছিল, তাহারই পার্শ্বের ঘরে অজিতকুমারকৈ বসিতে দিল। অজিতকুমারের আদেশে ঘরের আলো। নিবাইয়া দেওয়া হইল এবং রদ্ধা কক্ষান্তরে চলিয়া গেল।

খোলার ঘর, পার্যের ঘরের লোকের কথোপকথন অল্প অল্প শুনিতে পাওয়া যায়। অজিতকুমার ভৃষ্ট একটি কথা শুনিয়া বাহিরে আসিলেন এরং ঘারের তক্তার ফাঁক দিয়া দেখিলেন যে ঘরে মিট্ মিট করিয়া আলো জলিতেছে। সম্মুখে সেহলতা বসিয়া আছে, আর সেই লোকটি তাহারই নিকটে দাঁডাইয়া আছে।

স্থেহলতা বলিতেছে, "স্ক্ল কথা আমাকে ট্রিক জানান হয় না,. এ বড় অস্তায়।"

যে ব্যক্তি দাঁড়াইয়াছিল, সে বলিল "সে যাই হোক, আপনার শক্র য়ে এইবার সত্য সত্যই মরিয়াছে, তাহাতে আর কোন ভুল নাই ''

তাহার শবদেই বেশ করিয়া না দেখিলে আমি আর একথার বিশাস করিতে পারিতেছি না। সে আবার না শশান হইতে উঠির আয়ে, আবার না আমাকে সে আহার নিদা ত্যাগ করায়।—আচ্ছা, গুলিশকে আসিতে দেখিয়া তুমি চলিয়া আদিয়াছ ?"

"পুলিশ যাইতেছে দেখিয়াই আমি পলায়ন করিয়াছি।"

স্থেহলতা ক্ষণকালের জন্ম কি ভাবিল। পরে দীর্ঘধাস ত্যাণ করিয়া আপুন মনেই বলিল, এই আমার শেষ চেষ্টা; এবার যদ্ধি আমার চেষ্টা ব্যর্থ হয়, তবে আমার সর্বনাশ নিশ্চিত।

এইভাবে প্রায় একঘন্টাকাল অতিবাহিত হইল। অজিতকুমার পার্শ্বকর্তী কক্ষে নিরবে বসিয়া রহিলেন। এমন সময়ে স্বেছলতা আবার বলিল, "এখনও কেহ সংবাদ লইয়া আসিল না কেন ? তুমি যাও দেখ যদি কিছু জানিতে পার। আসি চলিলাম। শেষ রাজিতে সেই বাজীতে আমার সঙ্গে দেখা করিও।" লোকটি চলিয়া গেল। সঙ্গে সঞ্চে অংশতাও বাহির ইট্যা গেল। অজিতকুমার হছার হস্তে আবার চারিটি টাকা দিয়া স্থেহলতার পশ্চাদাবন করিলেন। রাত্রিকালে গাড়ী নাই, মেহলতা পদব্রজেই চলিল। অজিতকুমার মনে মনে ভাবিলেন, দস্থাপালিতা যুবতীর সাহস অপরিসীম বটে।

কিছুদ্র অগ্রসর হইয়া বড় রাস্তার ধারে একটি বাড়ীর সম্মুশে স্থেহলতা দাঁড়াইল। পরে বহিদ্বারের চাবি খুলিয়া ভিতরে প্রবেশ করিল। অজিতকুমার দারদেশে উপস্থিত হইয়া দেখিলেন যে সেখানে "এই বাড়ী ভাড়া দেওয়া যাইবে" এইরপ বিজ্ঞাপন-পত্র রহিয়াছে। তিনি মনে মনে একটু হাসিলেন। স্থেহলতা প্রাঙ্গণ অতিক্রম করিয়া বাড়ীর ভিতরে প্রবেশ করিল, অজিতকুমার কৌশলক্রমে প্রাচীর উল্লেখন করিয়া ভিতরে প্রবেশ করিলে, অমন সন্দেহ স্থেহলতা করে নাই। ভিতরে চারিদিকেই অন্ধ্রকার। অজিতকুমার অতি কস্টে সিঁড়ির সন্ধান করিয়া দিতলে উঠিলেন। দিতলেও সর্বাত্র আন্ধ্রকার, কেবল, প্রান্তবর্তী একটি কক্ষের ভিতর দিয়া দালানে একটি আলোকরিমা প্রতিভাত হইতেছিল। অজিতকুমার বুঝিলেন যে স্নেহলতা সেই ঘরের ছারদেশে উপস্থিত হইলেন।

দার ঈষৎ উন্মৃক্ত ছিল, অঞ্চিতকুমার শারের ফাঁক দিয়া দেখিলেন যে স্বেহলতা একখানি আরাম চেয়ারে উপবেশন করিয় আছে, আর তাহার পদপ্রান্তে মেঝের উপরে একটি বালিকা বা যুবতী বসিয়া আছে। অঞ্চিতকুমার তাহাকে দেখিবামাত্র চিনিতে পারিলেন, সে ললিতা। ভাঁহার নিকটে যে কটে। ছিল, এই মানিকার আর্কতি তাহারই অক্সর্মা। স্বেহলতা কি বলিতেছে বুঝিয়া অজিতকুমার দারপথে কান পাতিয়া শুনিতে লাগিলেন।

স্নেহলতা বলিল, "দেখ ললিতা, তুমি কলিকাতা ইইতে চলিয়া ধাইবার জ্বন্ত আমাকে পীড়াপীড়ি করিয়াছিলে; আজ তোমাকে বলি-তৈছি যে হয়ত কালই আমরা এখান হইতে রওনা হইব।"

্ ললিতা বলিল, "আমার মন নিতান্ত ধারাপ না হইলে আর তোমাকে যাইতে বলি নাই দিদি।"

"তোমার ভাল লাগিতেছে ন। ?"

"A) |"

"আমার কাছে থাকিলে তুমি সুখী হও না ?"

ললিতা চুপ করিয়া রহিল। স্নেহলত। আবার বলিল, "আমাকে কি তুমি শক্ত বলিয়া মনে কর ?"

র্ণ ললিতা এবারও চুপ করিয়া রহিল দেখিয়া ক্ষেহলতা বলিল, "বোধ হয় কেহ আমার বিরুদ্ধে তোমার নিকটে কিছু বলিয়া থাকিবে।"

ললিতা মুখ অবনত করিয়া বসিয়াছিল। স্নেহলতার কথা শুনিয়া সে মুখ তুলিয়া স্নেহলতার মুখের দিকে চাহিয়া বলিল, "না দিদি, কেহই তোমার সম্বন্ধে আমাকে কোন কথা বলে নাই।"

"তবে তুমি যে আমাকে শক্র বলিয়া মনে কর না, একথা মুখ ফুটিয়া বলিতে পারিতেছ না কেন ?"

ললিতা একথার কোন উত্তর দিল না। স্বেহলতা কি ভাবিয়া ললিতাকে বলিল, "আছো, আজ যাও; এখনও রাজি আছে, শয়ন করগে। কাল আবার তোমার সঙ্গে কথা কহিব।"

ললিতা সেই কক্ষের সংলগ্ধ নার দিয়া কক্ষান্তরে চলিয়া গেল।
তথন স্বেহলতা চেয়ার হইতে উঠিয়া গৃহমধ্যে কয়েকবার পদচারণা

করিল। পেষে মাবার চেয়ারে বিষয়া দীর্মধাস ত্যাগ করিছে বলিল, "কি আশ্চর্যা!" তাহার পর গালে হাত দিয়া কি ভাবিতে লাগিল। মধ্যে মধ্যে শাঁ গুলাইতে লাগিল। একবার বা সে মাথা ভুলিয়া চারিদিকে চাহিয়া থাকে, আবার করে মস্তক ন্যুন্ত করিয়া দীর্ঘনাস ত্যাগ করে. আর মধ্যে মধ্যে আপন মনে কি বলিতে থাকে। অকিতকুমার ব্রিলেন যে কেহলতার হৃদ্যে বিন্দুমাক্র শাস্তি নাই।

সেংলতা একবার ললিতার কথা ভাবে, একবার বা অজিতকুমারের মৃত্যু হইল কি না সেই কথা ভাবে, একবার বা তাহার গুপ্তচরের আগমনে বিলর্দ্ধ হওয়ার কথা ভাবে—নানা চিন্তায় তাহার কাণ্ডজ্ঞান লুপ্ত হইবার উপক্রম হইল। মামুষ এইরপেই পাগল হয়। স্লেহলতার অবস্থা দেখিয়া অজিতকুমার ভাবিলেন যে তাহার মালুকবিকৃতি
ঘটিতেছে।

শোষার পরক্ষণেই উঠিয়া আপন মনৈ বলিতে লাগল, "ছে, ছি— এমন জীবন থাকার অপেক্ষা যাওয়াই তাল। আমার এই বয়স, এঠ ঐত্থর্যা, আমার কিসের ভাবনা ? মনে করিকে আমি কত সুখী হইতে পারিতাম। দস্যপালিতা বলিয়া আমাকে কি লোকে এণা করিত স না, না—সেদিন গিয়াছে; টাকায় সকলেই আমার গোলাম হইয়া থাকিত। কেন এ অশান্তির স্তি করিলাম ? এ জীবনের এত সাধ, কেন সেকল মিটিল না ?"

আপন মনে স্থেলতাকে এইরপ বকিতে দিখিয়া অজিতকুমারের বড় কট্ট হইল। তিনিই যে স্থেলতার জীবনে পরোক্ষভাবে অশা-ন্তির স্থান্ত করিয়াছেন, ইহা মনে করিয়া তিনি অনুতপ্ত হইলেন; কিন্তু আবার ভাবিলেন যে তামার কি দোষ; স্থেশ্ব ভাবিলেন যে তামার ন্তির অনল জ্বালিয়াছে ; ে সোঞা পথে চলিলে তাহাকে ত এমন ভাবে কাল কাটাইতে হইত না – আমি ত তাহার শক্র নহি।

মেহলতা আবার আপন মনে বলিতে লাগিল, "আর এই অজিতকুমার, সে আমার জীবনকে আরও তুঃসহ করিয়াছে। সে ললিতাকে
সায়। ললিতাকে যদি এতদিন যমালয়ে পাঠাইতাম, তাহা হইলে
এই ভয়য়র প্রকৃতির লোক, এই মানবরপী দানব অজিতকুমার কথনই আমাকে অতিষ্ঠ করিয়া তুলিত না। পাষণ্ডের প্রাণ্ডাহণের জল্প
কত চেষ্টা করিলাম, কিন্তু মায়াবী অজিতকুমার আমার সকল চেষ্টাই
ব্যর্থ করিল। এবার আবার আসরে নামিয়াছি, এই আমার শেষ
চেষ্টা। এবার যদি বিফল মনোরথ হই, তবে আমার সর্কৃষ্ণ রসাতলে
যাইবে। সে রাক্ষ্স, সে পিশাচ, সে মায়াবী দানব—তাহাকে বিশ্বাস
নাই, হয়ত সে মরিবে না—হয়ত সে মরে নাই। আমার লোক এখনও ধবর দেয় না কেন ? হয়ত সে পাপিষ্ঠ আমার সকল কোশল
ব্যথ, করিয়াছে। তাহাকে বিশ্বাস নাই—সে যদি এই দণ্ডে আমার
সন্মুখে করাল মুদ্ভিতে আসিয়া দাড়ায়, তাহাতেও আমি বিন্যিত হইব
না। তাহার—"

স্নেহলতার কথা শেষ হইতে না হইতে অজিতকুমার ে দার ঠেলিয়া ভিতরে প্রবেশ করিলেন। তাঁহাকে দেখিবামাত্র স্নেহলতা পাগলিনীর স্থায় চেয়ার ছাড়িয়া ছুই পদ সরিয়া গেল এবং লক্ষ্যশৃত্য দুষ্টিতে অজিত-কুমারের দিকে চাহিয়া বলিল, "কে—তুমি, তুমি ?"

অঞ্জিতুমার হাসিয়া বলিলেন, "কেন স্নেহলতা, আমাকে কি
আসিতে নাই ? তুমি আমাকে দেখিয়া বিশিত হইতেছ কেন ? তুমি
ত এইমাত্র বলিলে যে এখানে আমাকে দেখিলেও তুমি বিশিত
ংইবে না।"

স্বেহ্বতা একটু প্রকৃতিত্ব হইয়াধীরে ধীরে বলিল, "ভবে তুমি আমার সকল কথা ভনিয়াছ?"

"হাঁ, শুনিয়াছি।"

"কি ভয়ান্ধর লোক তুমি, এতদিনে আমার সকল চেটা বার্থ ইইয়াছে।"

অজিকুমার হাসিয়া বলিলেন, "তা হইয়াছে।"

স্নেহলতা বস্ত্ৰাঞ্চলে মুখ মুছিয়া কি ভাবিতে ভাবিতে বলিল "আচ্ছা আমার নিকটে যে ছিল, তাহাকে তুমি দেখিয়াছ ?"

"হাঁ, দেখিয়াছি। এতদিনে আমি প্রকৃত ললিতার সন্ধান পাই-য়াছি। আছা সেদিন তুমি ললিতা বলিয়া কাহাকে পাঠাইয়াছিলে ?"

"আমাকে আর সেকথা জিজ্ঞাসা করিতেছ কেন? ললিতাই সেকথা তোমাকে বলিবে।"

"তুমি ললিতাকে আমার সঙ্গে পাঠাইয়া দিবে নাকি ?"

"কি করিব, উপায়ান্তর থাকিলে পাঠাইতাম না। আমি বেশ বুঝিতেঝি যে আমারই ক্ষ্মীন কোন ব্যক্তি বিশ্বাস্থাতকতা করিয়া আমাকে এমন কুর্দ্ধশাগ্রন্ত করিয়াছে।"

অজিতককুমার আরাম চেয়ারশানা একটু টানিয়া লইয়া তাহাতে উপবেশন করিলেন এবং মেহলতার প্রতি স্থতীক্ষ দৃষ্টিপাত করিয়া বলিলেন, "না স্নেহ, তোষার লোকজন সকলেই খুব বিশ্বাসী; শুধু বিশ্বাসী নয়, কাজের লোক। তবে আমার সঙ্গে টেকা দিয়া যায়, এতটা ক্ষমতা তাহাদের নাই, একথাটা ঠিক। তোমার তে একটা বালিকার কৌশল যদি ব্যর্থ করিতে না পারিব, তবে এতকাল ডিটেক্-টিব-পিরি করিলাম কি জন্ম ? তুমি এবার বে কৌশল অবলম্বন করিয়াছিলে, তাহা আমার নিকটে নিতাওই তুছে।"

"তুমি আমাকে খুন করিবার ব্যবস্থা করিয়াছিলে ?"
"হাঁ: করিয়াভিলাম।"

"কি আশ্রয়। ত্মি আমার সমক্ষে একথা স্বীকার করিতেছ।"

' "কেন না করিব। এখন আমার সকল আশা ভরসা গিরাছে,
'এখন,আমি তোমার হাতে পড়িয়াছি। যতক্ষণ আমার শক্তি ছিল,
ততক্ষণ আমি ছলনার আশ্রয় লইয়াছিলাম; এখন আমি নিস্তেজ,
তোমার হস্তগত—এখন আর সত্য কথা না কহিব কেন।"

"দে কথা ঠিক; তুমি মিধ্যা কথা বলিলেও সামি তাহা বৃথিতে পারিতাম। যাই হোক, তুমি ত দ্বীকার করিতেছ যে, আমার হন্তগত হইয়াছ, এখন ললিজাকে ডাক।"

"আছা, আমি ডাকিয়া আনিতেছি।"

. "না, তোমার বাইবার প্রয়োজন নাই। আমি দেখিয়াছি, লগিতা এই দার দিয়া গিয়াছে। তুমি এই দারে দাড়াইয়া ডাকিলে দে অব-ভাই ভানিতে পাইবে। আমি একবার প্রতারিত হইয়াছি, পুনরার আমি প্রতারিত হইতে ইচ্ছা করি না। তোনার এ স্থান ত্যাগ করিয়া বাওয়া হইবে না।"

"তুমি কি এখনও আমাকে অবিশাস কর ?"

"কখনও ত বিশ্বাসের কাজ কর নাই, স্মৃতগাং অবিশ্বাস না করিব কেন ? তুমি বিশ্বাস অবিশ্বাসের কথা ছাড়িয়া দাও, লঙ্গিতাকে ভাক।"

স্বেহলতা একবার অজিতকুমারের মুখের দিকে চাহিল, দোন কথা বিলন না। শেষে সহসা বক্ষঃস্থলের বঞান্যম্ভর ইইতে ক্ষিপ্র: ত এক-খানি ছুরিকা বাহির করিয়া বলিল "মর্বাই ভাস"—সঙ্গে সঙ্গে সেই ছুরিকা নিজের বক্ষঃস্থলে বিদ্ধ ক্রিবার চেষ্টা করিল। বিদ্ধ অফ্রিছ-ক্ষার তদ্ধণ্ডেই তাহার সে চেষ্টা ব্যর্থ করিগেন। বি

একবিৎশ পরিচ্ছেদ।

তোমাকে ভলবাসি।

সেহলতা অন্ত্রন্থা করিয়া অতি কাতরভাবে বলিন, "অজিতকুমার আমার কি মরণেও অধিকার নাই? নিজে তুমি আমাকে
করতলগত করিয়াছ সভ্য, কিন্তু আমার প্রাণটা ত োমার নর,•
আমার প্রাণ লইয়া আগম পেলা করিব, তাহাতে তুমি বাদা দাও কেন প্
এতকাল প্রাণকে অমূল্য বিয়ো ভাবিয়া আসিয়াছি, এখন মনে হইতেছে এই প্রাণই আমার শক্ত—শুক্রকে দণ্ড দিব, সে অধিকারও কি
আমাকে দিবে না ?"

স্বেহলতার চফু জলে ভরিয়া গেল। সে পূর্বে কথনও কাঁদে নাই, 'কাঁদিতে শিধে নাই। কালাচাদ সদার স্বেহলতাকে দস্যতা শিধার নাই, কিন্তু তাহাকে দস্যর নায় হিরপ্রতিক্ষ ও নির্লাক করিয়া তুলিয়াছিল। সেই জ্বাই সে অজ্ঞাকুমারের মত স্থাক ডিটেক্টিভের সহিত. কার্যাঞ্জেরে "পাল্ল!" দিয়াছিল। এখন সে দেখিল যে তাহার সকল চেন্তু। ব্যর্থ হইল; এখন তাহার জীবন, ছাহার স্থখ সম্পদ সমস্কই অজ্ঞাকুমারের দ্য়ার উপর নির্ভির করিতেছে—তাই তাহার চক্ষু জলে ভরিয়া গেল। সে আবার বলিল, "অজিতহুমার, আর আমার শান্তি নাহ, হয়ত মরিলে আমি শান্তিলাভ' করিতে পারি—তুমি কি আমাকে মরিতেও দিবে নাঁ?"

অ**ভি**তকুমার গন্তীরভাবে বলিলেন, "তৃমি মরিতে চাও কেন ?"

"আর কি জন্ম বাঁচিব ? আমার মকলই ত গেল— আমার সুপ শান্তি, সম্পদ সকলই ত গেল—আর এ প্রাণ রাধিয়া কি করিব ?"

' "তুমি এমন মনে করিতেছ কেন? তোমার রূপ আছে, ঐখর্যা ভাছে, জীবনের কোন আশা এখনও তোমার মিটে নাই, তবে মরিকে কেন ?"

"বেশ কথা অজিতকুমার! এখন আমি তোমার হাতে পড়িরাছি, এখন তুমি আমাকে কুকুর শৃগাল বলিয়া মনে করিতে পার, তাই এখন আমার কাটা বায়ে সুনের ছিটা দিবার জন্ম তুমি আমার রূপের প্রশংসা করিতেছ, আমার ঐশর্য্যের কথা তুলিতেছ।"

"না স্নেহলতা, আমি তোমার মনে কট্ট দিবার জন্ম একথা বিশ্ নাই। আমার কার্য্য শেষ হইরাছে, তাই মনের কথা সরলতাবে তোমাকে বলিতেছি।"

ুক্তি অজিতকুমারের মুর্ণের দিকে চারিয়া রহিল। তাহার মুথ দিয়া আর কোন কথা বাহির হইল না। অজিতকুমার তাহার মনের অবস্থা বুঝিয়া হাসিয়া বলিলেন, "দেখ মেংলতা, তোমাকে আমার একটি কথা বলিবার আছে। কথাটা ভনিয়া তুনি হয়ত আখন্ত হইবে। কথাটা ভনিবে কি ?"

স্থেহলত। দীর্ঘনিশ্বাস ত্যাগ করিয়া বলিল শন। শুনিলে তুমি ছাড়িকে কেন ? বল, শুনিব।'

"তুমি আত্মহত্যা করিও না; আমার অন্ধরে!শ, তুমি এ সন্ধন্ন ত্যাপ কর।"

সেহলতা বিজপের হাসি হাসিয়া বলিল, "তা বটে, আমি না-মুরিলে ভতুমি আমাকে পুলিলের হাতে দিয়া নানা অভিমোগে আমাকে দও দিতে পারিবে, সঙ্গে সঙ্গে তোমার স্থনাম হইবে, ওভাদ ভিটেক্টিভ বনিয়া বাক্ষরবারে খ্যাতিলাভ করিবে !"

"না মেহলতা, আর তুমি আমাকে শক্ত বলিয়া মনে করিও না।
আমি বেজক্ত এতকাল পরিশ্রম করিতেছিলাম, তাহা আমি জানিতে
পারিয়াছি। ললিতা বাচিয়া আছে, তাহাকে যখন আমি পাইতেছি,
তখন তুমি আর আমাকে অবিখাস করিও না। আমি কাল তোমাকে
একটি কথা ভনাইব, তখন তুমি বুঝিবে ষে আমি তোমার মললপ্রার্থী।"

"তুমি আমার মঙ্গলপ্রার্থী ?"

"সতাই তোমার মঙ্গলপ্রার্থী।"

"নিতাত অসভব অজিতকুমার। **জামি ছনিয়ার সকলই বিখাস** করিতে পারি, কিন্তু তুমি যে জামার মঙ্গল কামনা,কর, ইহা আরি বিখাস করিতে পারি না।"

"তোমাকে আমি যে কথা গুনাঁইব বলিজেছি, সেই কথা গুনিলেই ভুমি আমাকে বিশাস করিবে।"

"বল, শুনি।"

"আজ নহে, কাল বলিব।"

"কাল আর কাহাকে বলিবে ?"

অঞ্চিতকুমার চমকিত হইয়া বলিলেন, "তুমি কি পতা স্তাই আত্মহত্যা করিবে ? না ক্ষেহলতা, তুমি এ সঞ্চল্ল ত্যাগ কর।"

"কেন একথা বলিতেছ ?"

"তোনার রূপ আছে, ঐর্য্য আছে—দস্যাপালিতা হইলেও তোনার জ্বুলে লাগবাসা আছে। ভূমি ভালবাসিতে জান, একজনকে ভাল-কাসিয়াছ। স্থান্তরাং মরিবে কেন ?" স্বেশ্বতা অবাক হইরা অজিতকুমারের বৃধের দিকে চাহিরঃ রহিল।
অজিতকুমার আবার বলিলেন, "তুমি কুশপুরের জমিদারকে ভালবান,
একথা অস্বীকার কর কি ?" স্বেহলতার মুখ বিবর্ণ হইরা গেল, সে
কোন কথা কহিতে পারিল না। অজিতকুমার পুনরণি বলিলেন,
"সামি জানি তুমি কুশপুরের জমিদার কৈলাস চল্র বস্থকে ভালবাস।
তুমি বোধ হয় ভাবিভেছ যে তোমার শম্বতানীর কথা আমি সকলকে
বলিব, আর জমিদার সেই কথা শুনিয়া তোমাকে ঘণাভরে তাড়াইয়া
দিবেন। কিন্তু আমাকে এতটা নীচ বলিয়া ভাবিও না। আমি
বুঝিতেছি যে পাছে তোমার কুকার্যের কথা শুনিয়া তিনি তোমাকে
ঘণা করেন, সেই জন্মই তুমি আত্মহত্যার সঙ্কর করিতেছ।"

স্নেহলতা আর স্থির থাকিতে পারিল না। তাহার মাধা ব্রিতে লাগিল, দেহ ঘর্মাক্ত হইল, সে বলিল "অজিতকুমার, তুমি সাধারণ মাধাব নও।"

"না, আমিও মাথুব; তবে আমি মাথুবকে দেধিয়া তাহার চরিত্র বুঝিতে অভ্যন্ত হইয়াছি। সে বাহাই হউক, তুমি যখন একজনকে প্রাণ ভরিয়া ভালবাসিয়াছ, যখন জগতে একমাত্র তাহাকেই চিনিয়াছ, ভখন আত্মহত্যার কল্পনা করাও তোমার কর্ত্তব্য নহে।"

সেহলতা কিছুক্লপ চুপ করিয়া রহিল। ডিটেক্টিভ অজিতকুমার কিরপে তাহার মনের কথা জানিলেন, কুশপুরের জমিদারের প্রতি ভালবাসার কথা তিনি কিরপে জানিলেন, সে কেবল তাহাই ভাবিতে লাগিল। শেবে স্পষ্টভাবে সে অজিতকুমারকে জিজ্ঞাসা করিল, "অজিতকুমার, তুমি এ সকল কথা কিরপে জানিলে? জমিদারের সহিত তোমার জানাগুনা আছে,কি? বোধ হয় ভিনিই ভোমুরেক্ একশা বলিয়াছেন।"

"না, আমি ডিটেক্টিভ বলিয়াই এ বিষয় স্থানিতে পারিয়াছি।" "নিশ্চিত তাঁহার মুখে শুনিরাছ, অপরে ত একথা জানে না।"

"সামার কথার বিধাস কর, আমি সতাই বলিতেছি, তিনি আমাকে কোন কথা বলেন নাই।"

স্নেহলতা বিস্নিতা হইয়া বলিল, "তবে তিনি বোধ হয় তোমার কোন বন্ধুর নিকটে একথা প্রকাশ করিয়া থাকিবেন, তোমার সেই বন্ধুই তোমাকে একথা ভনাইয়াছে।"

় "না। আমি নিজে সকল ঘটনাই জামি। শোন; কালীগঞ্জের নিকটে তোমাদের নৌকা ভূবিয়া যায়, জমিদার তথন তোমাদের সন্ধা-নের জন্ত গলায় ঝাঁপ দেন।"

ক্ষেহলতা আরও বিশ্বিতা হইয়া বলিল, "হাঁ, একথা ঠিক।"

অঞ্জিতকুমার আবার বলিলেন, "জমিদারের সহিত তোমার সেই প্রথম সাক্ষাৎ। কালাচাঁদ সর্জার ও তুমি জমিদারের নৌকার উঠির। চুঁচুড়ার যাও। সেখানে পুলিশ তোমাদিগকে আটক করে। জমিদার তোমাদিগকে রক্ষা করেন।"

"সত্য কথা।"

"তুমি জমিদারকে তোমাদের বাসার বাইতে বল, তিনি পরে আবার দেখা করিবেন বলিয়া চলিয়া বান।"

"একথাও সতা।"

"তাহার পর মধ্যে মধ্যে জ্বমিদার তোমাদের সহিত দেখা করিতেন। সেই সময়েই তোমাদের প্রণয় সঞ্চার হয়।"

স্বেহনতা অজিতকুমারের প্রত্যেক কথার বিশ্বিত হইতেছিল। সে স্থান করিতেছিল, অজিতকুমার বৃক্তি যোগশালে স্থপণ্ডিত। সে এবারও বিনা, "অজিতকুমার, তোমার একধাও সজা।" "বেশ; একদিন তোমরা শাস্তিপুরে যাইতেছিলে, গথে জনিদারের সহিত তোমাদের দেখা হয়। তখন ছুইখানি নৌকা এক্সঙ্গে যাইতে শাকে। বোধ হয় তোমার একধা মনে আছে ?"

শৈহলতার বিষয় চরমে উঠিয়াছিল। সে আর কথা কহিতে পারিল না, খাড় নাড়িয়া জানাইল বে মনে আছে।

প্রজিতকুমার তথন বলিলেন, "সেই রাণ্ড্রিতে নৌকার ছাদে বসিয়া জমিদার তোমাকে বলিয়াছিলেন—স্নেহলতা, আমি এক শুরুতর কার্য্যে আছি, সে কার্য্য শেষ, হইলে আমি আবার তোমার নিকটে আসিব। গঙ্গার উপর প্রতিজ্ঞা করিতেছি, তথন যদি তোমার চরিত্রের উপর আমার সন্দেহ না হয়, তবে তোমাকে আমি বিবাহ করিয়া সুখী হইব।"

ে স্নেহলতা বিশ্বয়-বিহ্বলা হইয়া বলিল "শক্তিকুমার, জগতে কেহ কখনও আমাকে এমন মন্ত্রমুগ্ধ করিতে পারে নাই। বুঝিতে পারিতেছি না,'তুমি কে।"

আজিতকুমার হাসিয়া বলিলেন, "আমি মাফুবই স্কেহলতা। অবশ্য আমার কথায় তোমার বিশ্বয়ের কারণ আছে, কেন না এ জগতে তোমাদের এই প্রণয় আর কেহ জানে না। কেবল আমি জানি, পাছে আমি কৈলাস বাবুর নিকটে তোমার জীবনের সকল কথা প্রকাশ করি, সেই জন্মই তুমি আমার উপর বিরক্ত হইতে পার। এ সকল কথা আমি বুঝি।" অজিতকুমার স্বেহলতার মুখের দিকে এক দৃষ্টিতে চাহিয়া রহিলেন। স্বেহলতাও নির্বাক্ হইয়া বসিয়া রহিল।

কিছুক্ষণ এইতাবে অতিবাহিত হইবার পর অজিভকুমার একবার ভিঠিয়া জানালার দিকে গেৰেন। জানালা খুলিয়া আপন মনেই বলিলেন, "এখনও ভোর হর নাই দেখিতেছি।" ফিরিয়া আসিরা তিনি স্বেহলড়াকে বলিলেন, "দেখ, তোমাকে আমি দৃই একটি কথা জিজ্ঞাসা করিব, তুমি ঠিক উত্তর দিও।"

স্বেহলতা ঘাড় তুলিয়া বলিল, "কি কথা ?"

''আমাকে তুমি কেন খুন করিবার চেষ্টা করিয়াছিলে ?"

"তুমি আমার জীবনের সকল কথা জান বলিয়া।"

"ললিতার যথাসর্বস্থ আত্মসাৎ করিবার অভিপ্রায়ে নহে 😷

"না; আমি তাহাকে রক্ষা করিয়াছি, তাহার প্রাণ এহণ করা আমার কখনই অভিপ্রেত ছিল না।

"তাহার প্রাণ রক্ষা করায় তোমার লাভ ?"

"লাভ আবার কি ? লাভের জন্ম আমি তাহাকে বঁটোই নাই, কাহারও নিকটে লাভের প্রত্যাশাও আমি করি না। অর্ব ? — সামার কি তাহার অভাব অছে ? ললিতার আছীয়েরাই ললিতাকে খুন করিত, তাই আমি তাহাকে লইয়া আসিয়ছিলাম। এক কংসর ভাহাকে কাছে রাখায় তাহার উপর মায়াও ক্রিয়াছিল।"

"কালাচাঁদের প্রধান চেলাকে খুন করিয়াছিলে কেন ?"

স্বেহলতার চক্ষু রক্তবর্ণ হইয়া লঠিল, সে অঙ্গসঞ্চালন করিয়া বলিল, "মিধ্যা কথা, আমি ধুন করি নাই, আমার কথাতেও সে ধুন হয়। নাই।"

অভিতকুমার একটু হাসিলেন। পরে আবার জিজ্ঞাসা করিলেন, "কালাটাদ মরিল কিসে?"

"তুমি আজ এত কথা জিজাসা করিতেছ কেন ? আমি এসকল কথারি উত্তর দিব না।"

"ক্ষতি কি স্নেহনতা? আমি ত তোমাকে বলিয়াছি বে আমি

তোমার বন্ধু। তোমার মঙ্গলের জন্মই তোমাকে এ সকল কথা ি জাস্ করিতেছি। বল না, কালাটাদ কিসে মরিল।"

"প্রথমে মনে করিরাছিলাম, তুমি তাহাকে খুন করিয়ছে, কিন্তু পরে বুঝিলাম যে আমার সে ধারণা ভুল।''

অজিতকুমার ক্ষণকাল চিস্তা করিয়া বলিলেন, "আচ্ছা, একটা কথা, কুশপুরের জমিদারকে কি তুমি সত্য সত্যই ভালঝাস? তাঁহাকে পাইলেই কি তুমি সুখী হও ?"

ক্ষেহলতা এবার একটু হাসিয়া বলিল. "অজিতকুমার, তুমি এত কথা জান, আর আমার মনের এই কথাটা জান না ?"

ু অজিতকুমারও হাসিয়া বলিলেন, "তা' কি সব বুঝা যায় ? তুমি মুখে ভালবাসা জানাইতে পার, তোমার মনে কি আছে, তা কি করিয়া বুঝিব ?"

তা বেশ : আমি জমিদারকে ভালবাসি কি বা, পাইলে স্থী হই কি না, এ সকল কথা জানিয়া তোমার কি হইবে ?"

"কিছু হইবে বই কি! নতুবা কি তোমাকে জিজাসা করিভাম ? সমস্ত রাত্তি অনিদ্রায় কাটিয়া গেল; বাজে কথা লইয়া **ব্**কিবার লোক আমি নহি।"

. • "সে কথা ঠিক। তবু তোমার প্রয়োজনটা কি, ভাষা ভূনিতে পাই না ?"

"প্রয়োজনের কথা পরে শুনিতে পাইবে। এখন স্থার একটা কথা বলি । জমিদার তোমার জীবনের সকল কথাই জানেন, তুমি তাহা জান কি ?"

কথাটা স্নেহলতার হৃদয়ে বাথার উদ্রেক করিল। সেভাবিল, জমিদার কোন কথা জানেন ? আমি দৃষ্যাপালিতা, ইহাতে তাথার কোন আপত্তি নাই; আমাকে দম্যুগালিতা জানিয়াই ভিনি বিবাহে .
সমত হইয়াছিলেন। তবে একটা কথা আছে, আমি যে এইভাবে
গোয়েন্দার উপর চাল চালিয়া দিন কাটাইয়াছি. নরহত্যার অক্ত বারংবার
কাঁদ পাতিয়াছি, কতবার পুরুষের সংস্রাবে আসিয়াছি—এ সকল কথাও
কি তিনি জানেন? তিনি দয়ার আধার, মানুষকে রক্ষা করাই তাঁহার
ক্রত; আমি নির্দিয় হইয়া নরশোণিত দেখিবার চেষ্টায় ফিরিয়াছি,
একথা শুনিলে তিনি রাগ করিবেন, হয়ত আমাকে মুণা করিবেন।
কে তাঁহাকে এ সকল কথা শুনাইল? কে আমার সর্বানাশ করিল?

শ্বেহলতার চক্ষু আবার জলে ভরিষা গেল। অজিত কুমার তাহার এই ভারান্তর লক্ষ্য করিতেছিলেন। তাঁহারও ভাবনার অন্ত ছিল না। তিনি ভারিতেছিলেন, আমি স্বেহলতাকে বতটা অপরাধিনী মনে করিয়াছিলাম, স্বেহলতার ত তত অপরাধ নাই। সে আমার কথার যে ভাবে জবাব দিয়াছে, তাহাতে আমি তাহাকে সন্দেহ করিতে পারি না। ললিতা ও কালাচাঁদের শিষ্যের সম্বন্ধে আমি ভ্রান্ত ধারণার বশবর্তী হইয়াছিলাম, রথা আমি স্বেহলতাকে অপরাধিনী স্থির করিয়াছিলাম। যাহা হউক, এখনও হুই একটি কথা আমার জানিবার আছে, সেগুলির সম্ভোষজনক উত্তর পাইলেই আমি নিশ্চিত্ত হইব।

শ্বেদ্ধতা আপনার অবস্থার কথা ভাবিয়া কাতরভাবে বলিল, শ্বেদিত কুমার, তুমি আমাকে এ কি কথা শুনাইলে? কেন আমার স্বানাশ করিলে?"

অজিতকুমার স্নেহলতার কথার অর্থ বৃঝিয়া বলিলেন, দেখ স্নেহলতা, ভূমি মনে ক্রিতেছ যে, আমিই তাঁহাকে সকল কথা বলিয়াছি, কিন্তু তা নয়; আমি সতাই বলিতেছি, আমি তাঁহাকে একটি কথাও বলি

নাই। যাহাতে তোমার অনিষ্ট হয়, এমন কার্য্য আমি কখনও করি নাই। আমি তোমার মঙ্গলাকাজ্জনী, এ কথায় কি তুমি বিশ্বাস কর না ?"

"সত্য কথা বলিব অঞ্জিতকুমার ? তুমি এই সুদীর্ঘকাল আমার পশ্চাতে পশ্চাতে ফিরিয়াছ; আমি যেখানে গিয়াছি, তুমি সেইখানেই গিয়াছ—তোমার জন্ম আমি কোথাও হুই দিন স্থান্থির হইরা থাকিতে পারি নাই। আমার মত একটা সামান্ম স্ত্রীলোকের সন্ধানে কিতাবে তোমার অমূল্য সময় নই করিয়াছ, তাহা একবার ভাবিয়া দেখ দেখি! একবার আমার সমস্ত খনরত্বের বিনিময়ে তোমার নিকট হইতে শান্তিস্থ চহিয়াছিলাম, তুমি তাহাতেও রাঞ্জি হও নাই। বল দেখি, কেমন করিয়া বিশাস করিব যে তুমি আমার মঞ্চলাকাঞ্জী ?"

"সকলই সত্য। আমিও ভ্রান্ত ধারণার বশবর্তী হইয়া তোমার পশ্চাতে ফিরিয়াছিলাম, স্থুতরাং এখন আর সে কথা তুলিও না। এখন আমি সত্যই ভোমার মঙ্গলপ্রার্থী। তুমি আমার কথায় বিশ্বাস কর।"

"বেশ, নাংহয় বিশ্বাস করিলাম। ' কিন্তু তাহাতে লাভ কি ?"

"লাভ আছে ; তুমি জীবনে সহস্র প্রকার শয়তানী করিয়া থাকিলেও আমি বলিতেছি যে তুমি সুখী হইবে, তোমার সকল আশা মিটিবে।"

ক্ষেহলতা আবার বিশ্বিতা হইল। অজিতকুমার এ কি বলিতেছেন ? শ্বেহলতা শয়তানী করিলেও স্থা হইবে, তাহার সকল আশা মিটিবে— কথাটা বড়াই জটিল। শ্বেহলতা ইহার মর্ম গ্রহণ করিতে না পারিয়া বলিল, "আছো, আমি তোমাকে আমার মঙ্গলপ্রার্থী বলিয়াই মনে করিলাম।"

"তবে আমি যাহা জিজ্ঞাদা করিব, তাহার উত্তর দাও—সত্য কথা বলিও, কাপট্য করিও না।"

• : "কি জানিতে চাও, বল।"

"তুমি জীবনে যে সকল পাপ করিয়াছ, তাহা বল।"

ে স্বেহনতা প্রথমে চমকিয়। উঠিল, পরে বলিল, "অব্রিতকুমার, একথা অপরে জিজ্ঞাসা করিতে পারে, তুমি কেন জিজ্ঞাসা করিতেছ? তুমি ত সকলই জান। পাপ ত মানুষে পদে পদে করে, কে কয়টা মনে করিয়াই বা রাখে?"

"তা ঠিক। কিন্তু যেগুলি গুরুতর অপরাধ, দে গুলির কঞ্চা মাসুষের মনে থাকে। আমি সেইগুলির কথাই জিজ্ঞান করিতেছি। যে কার্য্যের জন্ম তুমি কথন না কথন অস্ত্রতাপ করিয়াছ বা করিতে পার, আমি সেই কার্য্যের কথাই জানিতে চাই।"

"এমন কাজ যে আমি করি নাই, তাহা নহে; কিন্তু সে কথা ত্ ভূমি জান।"

"আমি জানি ?"

"জান—আমি সত্য কথাই বলিতেছি, যদি কথনও কোন গুরুতর অপরাধ করিয়া থাকি, তবে সে তোমার সম্বন্ধেই করিয়াছি ।''

"দে কি ?"

"ভোমাকে খুন করিবার জন্ম আমি বারংবার চেষ্টা করিয়াছি।"

"সুকুমারের প্রাণ গ্রহণের চেষ্টা কর নাই ?"

"না। সে তোমাকে খুন করিতে সমর্থ ইইলে তাহাকে অর্থের দারা বশীভূত করিতাম, অথবা সে আর যাহাতে আমার দেখা না পায়, এমন ব্যবস্থা করিতাম। তাহাকে খুন করিবার অভিপ্রায় আমার কথনই ছিল না।"

"তবে তাহাক,চুণের ঘরে আটক করিয়াছিলে কেন ?"

"আটক রাথিরাছিলাম মাত্র—আমি সে স্থান ত্যাগ করিলেই সে মুক্তিলাভ করিত 🔭 "তোমার সরলতা দেখিয়া আমি সম্ভপ্ত হইলাম।"

স্নেহলতা মনে মনে সাত পাঁচ ভাবিয়া বলিল, "তুমি আমাকে স্বেক্ষা জনাইবে বলিতেছিলে, তাহা এখন বলিবে কি ?"

-' অজিতকুমার হাসিয়া বলিলেন, "বলিব।" অজিতকুমার বুঝিলেন থৈ স্থেলতার হৃদয়ে ভাবান্তর উপস্থিত হইয়াছে। এক পদলা রৃষ্টির থর আকাশ থেমন পরিচ্ছন্ন হয়, কয়েক কোঁটা অক্রপাতের পর স্থেলতার চিত্ত সেইরূপ পরিশুদ্ধ হইয়াছে। অজিতকুমার ভাবিলেন, এখন আর না বলিব কেন ? আমার পরীক্ষা শেষ হইয়াছে। সমস্ত জীবনটাই কি লুকোচুরি খেলিয়া কাটাইব ? স্থেলতা হৃদয়ে দারুণ ব্যথা পাইয়াছে। তাহাকে মনের কথা খুলিয়া বলি। স্থেলতা অপরাধিনী নহে, তাহা বুঝিতেছি।

় অঙ্গিতকুমার স্নেহলতাকে হাসিতে হাসিতে বলিলেন, "স্নেহলতা, একবার আমার দিকে চেয়ে দেখ।"

শ্লেহলতা চাহিয়া দেখিল সতা, কিন্তু কি দেখিবে ? অজিতকুমারকে সেত কতবার দেখিয়াছে। যাহাকে সে পরম শক্র জ্ঞান করিত, তাহাকে আবার নৃতন করিয়া কিভাবে দেখিবে ? স্বেহলতা কিছুই বৃকিতে পারিল না।

অজিতকুমার ইহা বুঝিয়া বলিলেন, "আমাকে দেখিয়া তোমার কিছুই মনে হুইতেছে না ?"

"A | 1"

"দে, কি! আমার ভাবগতিক দেখিয়া তুমি একটিবার সন্দেহও করিতেছ না?"

"কিসের সন্দেহ? আমি কিছুই বুঝিতে পারিতেছি না। তুমি • ওসর কথা রাখ; আমাকে কি বলিতে চাও বল ।" "শুনিবে ? আমি তোমাকে ভালবাসি। কতটা ভালবাসি তাহাঁ জান ? এমন বুঝি জীবনে আর কাহাকেও ভালবাসি নাই, বোধ হয় কাহাকেও এমন ভালবাসিব না।"

স্থেলতা কথাটা শুনিল বটে, কিন্তু তাহার ভয় হইল ; তাহার সুখ চোখ লাল হইরা উঠিল, হস্তপদ কাঁপিতে লাগিল। সে কথা কৈহিতে পারিল না।

অজিতকুমার জিজাসা করিলেন, "কথাটা ভানিলে স্থেঁহলতা ?"
স্বেহলতা অন্তদিকে মুখ ফিরাইয়া গন্তীরভাকে বলিল, "ভানিলাম।"
"তোমার কি কোন কথা বলিবার নাই ?"

"আমি তোমাকে এক বিন্দুও ভালবাসি না।"

"কৈশাস বাবুকে তুমি ভালবাস ত ?"

"আমি কাহাকে ভালবাসি, সে কথা তোমার কাছে বলিতে যাইব: কেন?" স্নেহলতা ক্রোধের সহিত কথাগুলি বলিল।

"রাগ কর কেন ? তুমি কৈলান বাবুকে বিবাহ করিবে ?"

স্বেহলতা সেইরপ ক্রোধভূরেই বলিল, "না, এ জীবনে নয়। কিন্তু ভূমি এসৰ কথা জিজানা করিবার কে ?"

"আমাকে কেন তুমি ভালবাস না, তাহাই আমি জানিতে চাহি। আমি ভামাকে ভালবাসি বলিয়া তুমিও বে আমাকে ভালবাসিবে, এমন ত কোন কথা নাই। আমি যদি বুঝিতে পারি যে, ডুমি কৈলাস বাবুকেই ভালবাস, ভাহা হইলে আমি তোমাদের পথ হইতে সরিয়া দাঁড়াইব।"

কণাটা শুনিয়া স্বেংলতা একবার অজিতকুমারের মুখের দিকে চ্ছিয়া দেখিল; পরে কি তাবিয়া বলিল, "তুমি যখন আমাকে ভালবাস বলিয়াছ, তখন তুমি সরিয়া দাঁড়াইবে না, আমাদের পথ অবরোগ

করিয়াই দাড়াইবে। তোমার স্বভাব আমি বুঝিয়াছি ,, তুমি কিরপ একগুঁরে মাহুষ, তাহা আমার জানিতে বাকি নাই। তুমি—"

" অঞ্চিতকুমার কথায় বাধা দিয়া বলিলেন, "সে কি স্নেহলতা!
অঞ্চিতকুমারকে এমন হীন মনে করিও না; তুমি যখন আমাকে
'ভালবাস না, তখন তোমার ভালবাসার দাবিও আমি রাখি না; আমি
ভালবাসা পাইলাম না বলিয়া তোমার শক্ততা করিব, এরপ মনে
করিও না।"

স্বেহলতার ক্রোধ কোথার চলিয়া গেল; সে বিস্মিতা হইল। মনে
মনে তাবিল—অজিতকুমার কি মাসুষ? শুনিয়াছি গোলকধাঁধার
প্রবেশ করিলে বাহির হওয়া যায় না; এখন দেখিতেছি অজিতকুমার
গোলকধাঁধার প্রকৃতির লোক; এতদিন ইহার অনিষ্ট সাধনের চেষ্টা
করিলাম, আমি ত ইহার পরম শক্র—অথচ অজিতকুমার যে কথা
বলিতেছে, পরম মিত্রও সেকথা বলিতে পারে না।

অজিতকুমার আবার বলিলেন, "দেখ স্নেহলতা, আমার প্রার্থিন নীচ নহে। তুমি যদি বল যে কৈলাস বাবুকেই বিবাহ করিবে, তাহা হইলে আমি স্বরং উদ্যোগী হইয়া তোমাদের মিলনের পথ পরিষ্কার করিয়া দিব।"

স্থেহলতার বিশ্বয়ের দীমা রহিল না। একবার ভাবিল, এ কি সত্য, না কপাট্য ?"

অক্লিতকুমার স্নেহলতার মনের ভাব বুঝিতে পারিয়া বলিলেন, "আমাকে অবিখাস করিও না। তোমার স্থের পথ থোলসা করিয়া আমি দেখাইব যে প্রকৃতই আমি তোমাকে ভালবাসি।"

· "তুমি যে অসম্ভবকে সম্ভবপর করিতেছ অভিতর্মার ?"

"হইতে পারে; এখন তোমাকে আর একটা কথা বলি। ়কৈলাস বাবু তোমার সহিত প্রতারণা করিয়াছেন।"

স্নেহলতা সহসা উঠিয়া দাড়াইল এবং ঘ্রণাভরে বলিল, "তাই বল অজিতকুমার; তাঁহার সহিত তোমার জানাগুনা আছে, এটা স্বীকার্র কর।"

অজিতকুমার হাসিয়া বলিলেন, "আবার তুমি আমাকে অবিধার্স করিতেছ? আমাকে অবিধাস করিও না। আমি স্বীকার করিতেছি যে তোমার সহিত যে কোন বাক্তির কোন প্রকার সংস্রব আছে, তাহারই খবর আমি রাখিয়া থাকি। তাহা না রাখিলে আমি পাকা ডিটেক্টিভ হইতে পারিতাম না। যাহা আমার কর্ত্তবোর মধ্যে গণ্য, তাহার জন্ত আমাকে দোবী করিও না।

"তুমি তাঁহার সহিত কথ। কহিয়াছ ত ?

"সত্য বলিতেছি, এবার কলিকাতায় আসিয়া তাঁহার সহিত কথা কহিয়াছি।"

স্থেহলতার মুখ বিবর্ণ হইয়া গেল। সে চিন্তায় কাতর হইয়া জিজ্ঞাসা করিল, "তবে কি তিনি কলিকাতাতেই আছেন ?"

"এখনও আছেন। তুমি এখানে আসিয়াছ জানিয়াই তিনি আসিয়াছেন। আছো, কৈলাস বাবু তোমার কাহিনী কিছুই জানিতে পাইবেন না, তুমি এমন অভিলাষ করিতেছ কেন ?"

শ্বামার মত শ্রতানীকে তিনি ভালবাসিরাছেন, ইং৷ কেন, তাঁহাকে জানিতে দিব ? যাহাই হউক, জামি বেমন তোফার প্রাণ গ্রহণের চেষ্টা করিয়াছিলাম, তুমি তাহার উপ্রুক্ত প্রতিশোধ লইয়াছ !"

অজিতকুমার বুঝিলেন যে তাঁহার আচরণের সম্বন্ধে সেহলতার সন্দেহ কিছুতেই • যাইতেছে না। স্নেহলতা ও জমিদার পরস্পরকে ভালবাদে, দেই ভালবাদার পথে পাছে বিন্ন উপস্থিত হয়, স্বেহলতা সেইজন্ত কাতরা, আর পাছে ভিনি বিন্ন উপস্থিত করিয়া থাকেন, দেই জন্ত সেহলতা তাঁহাকে কিছুতেই বিশ্বাদ করিতে পারিতেছে না : ভিনি সৈহলতার চিন্তা দূর করিবার জন্ত আবার বলিলেন, "তুমি আনাকে এমনও অবিশ্বাদ করিতেছ কেন ? পুরুষ হইয়া একটা জীলোকের প্রতিঘন্তী হইব, তুমি আমাকে এমন কাপুরুষ মনে করিও ন । যদি মানদিক ক্লেশ দিতে হয়, তবে বরং কৈলাদ বাবুকে দিতে পারি, তোমাকে ক্লেশ দিলে আমার পৌরুষের পরিচন্ন দেওয়া হইবে না । আমি কৈলাদ বাবুকেও মানদিক ক্লেশ দিই নাই, দিতে চাহি না— তুমি আমার এই সোজা কথাটায় বিশ্বাদ করিতেছ না ? আমি তোমারে প্রতি কখনও অদ্বাবহার করিব না, একথা থার কতবার তোমাকে বলিব ? প্রতারণা করিলেন কৈলাদ বাবু, কিন্ত ভূমি লোশী করিতেছ আমাকে! স্ত্রীলোক এমনই অদার এবং অপ্নিম্বাণ্ডের বশবর্ত্তিনী বটে।"

স্থেহলতা কিছুক্ষণ অজিতকুমারের মুখের দিকে চাহিয়া কি শের, শেষে বলিল, "তুমি যদি এত কথা না শিপিতে, তাহা হইলে সেন্দালিরি করা তোমার পক্ষে ধৃষ্টতা হইত। তুমি যে বারংবার বলিতেই কৈলাস বাবু আমার সহিত প্রভারণা করিয়াছেন, কই প্রভারণার ক্ষাটা কি শুনি।"

"তুমি ত তাঁহাকে জমিদার বলিয়া জান ? কিন্ত তিনি জমিদার নহেন-; কুশপুরে তাঁহার এক কাঠাও জমি নাই। পরিচ্ছা একটু উচ্চদরের হইবে বলিয়াই তিনি তোমাদের কাছে জামদার বলিয়া আত্মপরিচয় দিয়াছিলেন। তিনিত্ব চাকর; মাস-মাহিনার ভিষারী। ব্যাপন্মায়ের তোয়াকা কখনও রাধেন নাই; আজকালের নবীন ভাবের ভাবৃত্ব—চাকরী করেন, টাকা পান, আমোদে কাল কাটান। মাসে
নাসে মায়ের নামে কিছু টাকা এখনও পাঠান, এই পর্য্যন্ত বিলতে
কি, তিনি তোমার অপেকাও হতভাগা।"

স্বেহলতা একমনে সকল কথাই শুনিয়া ৰলিল, "বেশ ড, তাহাঁতে শার আমার কি হইবে ? তিনি কে, কি প্রকারের লোক, তাহা শামার জানিবার কি প্রয়োজন ?"

"তুমি এমন হতভাগাকে বিবাহ করিবে ?"

"না, বিবাহ করিব না। তিনি যাহাই হউন, আমি তাঁহার যোগ্যা নহি, আমি তাঁহাকৈ বিবাহ করিব না।"

"তিনিই কি তোমার যোগ্য ? তবে তুমি যেমন সংপথে আসি-তেছ, তিনিও পরে সেইরূপ সংপথে আসিতে পারেন, একথা ঠিক।"

স্বেহলতা অতিমাত্র বিষয় প্রকাশ করিয়া বলিল, "অজিতকুমার, তোমার মুখে এমন কথা? আমাদের মিলনে তোমার কি লাভ, তাহা কি আমাকে বলিবে না ? আমি তোমাকে অকপট ভাবে এত কথা বলিলাম, তুমি কি আমাকে তোমার মনের কথা বলিবে না ?"

"তুমি জমিদারের মুখেই সেকথা গুনিতে পাইবে।""

"না, তুমিই বল। আমি তাঁহার সহিত দেখা করিব না।"

"কেন দেখা করিবে না? আমি ত তোমাকে বলিতেছি যে তোমরা কতটা সুধী হইবে, আমি কেবল কৌশলে তাহাই জানিবার চেষ্টা করিতেছি। কাল জমিদার তোমার সঙ্গে দেখা করিবেন। তাঁহার মুখেই শুনিও।"

"কাল দেখা করিবেন ? এতটা ঠিক-ঠাক্ হইয়া গিয়াছে ?"

"হাঁ, তিনিই আমাকে একথা জানাইয়াছেন। তিনিও তোমাকে
আছেরিক ভালবাদসন দেখিলাম।"

"দেখ্ অজিতকুমার; আমার সকলই স্বপ্ন বলিয়া বোধ হইতেছে। তুমি কেন আমার সঙ্গে এমন ব্যবহার করিতেছ ?"

ত্মি কি এখনও আমাকে বিশ্বাস করিতেছ না ? আছা, তোমাকে আমি বিশ্বাসের প্রমাণ দিতেছি। ললিতা ত এখন আমার হাজে আসিয়াছে?—কিব্তু তাহাকে আমি তোমারই নিকটে কাখিয়া বাইতেছি।"

শ্বেহলতা যৎপরোনান্তি বিশ্বিতা হইয়া বলিল, "বল কি ! এতদিন : এত কাণ্ড করিয়া শেষে তুমি তাহাকে রাখিয়া যাইবে ? এ সকল কি : সত্য ?"

"এই দেখ আমি চলিলাম। আমাকে বিশাস কর; আমি তোমার মঙ্গলাকাজ্জী। কাল কৈলাস বাকু এই বাড়ীতেই আসিবেন। এতন দিন পরে তুমি সুখী হইবে।"

স্নেহলতার সকলই স্বপ্ন বলিয়া বোধ হইতেছিল। সে ভাবিল ।
অভিত্রুমারের এ কেমন ভালবাস। পুরি স্নেহলতা এই স্ফার্থিকালের প্রধ্যে একটিবার মাত্র অভিত্রুমারের অবস্থা বুরিয়া ত্বংথিতা হইল। সে অভিত্রুমারের মুখথানি কিছুক্ষণ দেখিল, শেষে ভিজ্ঞাসা করিল, "ত্মি আসিবে না ?" অভিত্রুমার "দেখা যাক্, কি হয়" বলিয়া চলিয়া গেলেন।

ष्वं विश्वं श्रीतरष्ट्रम ।

"ष्यश्राधिनी नरह।"

অজিতকুমার আসিবার সময়ে একবার সেহলতার প্রতি স্থতীক্ষু দৃষ্টিপাত করিলেন; তিনি বুঝিলেন যে স্থেহলতা আয়হত্যা করিবে না। আপন মনে বকিতে বকিতে তিনি গৃহে প্রত্যাগমন করিলেন।

প্রাতঃকালে স্নানি সম্পন্ন করির। কিছু জলযোগ করিবার পর । অজিতকুমার শয়ন করিলেন। সমস্ত রাত্তি নিদ্রা হান ই, স্কুতরাং অবিলম্বে তিনি নিদ্রিত ইইখা পড়িলেন।

মধ্যাহ্নকালে অজিতকুমার নির্দিষ্ট পরিচ্ছদাদি পরিধান করিয়া একটি রহৎ মুকুরের সন্ধ্যান ভাষালা বিশ করিয়া আপনার সর্বাহা নিরীক্ষণ করিলেন। শেষে ভাষাল মনেই বলিলেন, "এই ঠিক ইয়াছে।"

অনস্তর গৃহমধ্যে পদচারণা করিতে করিতে অজিতকুমার প্রাণাট চিস্তায় মন্ত্র ইইলেন। ক্রমশং তাঁহার বাফ্ জ্ঞান রুপ্ত ইইল। তিনি আপেন মনেই বলিতে লাগিলেন,—ক্ষেহলতার কথায় কি সতাই আমার বিশ্বাস ইইয়াছে, না তাহাকে ভালবাসি বলিয়া তাহার চাতুরী আমি বুঝিতে পারিতিছি না? কি জানি আমার যেন সব গোলগাল.

- ইংরা যাইতেছে। সে যে আমাকে খুন করিবার চেঞ্চা করিয়াছিল, ইংযাতে আর তাহার অপরাধ কি ? আমি যেরপ তাহাকে নাস্তানাবুদ করিয়াছি, তাহাতে সে ত আমাকে খুন করিবেই। দোষী সে নয়,
- 🗝 দোষী আমি।
 - 🗽 এমন সময়ে একজন সাহেব হাসিতে হাসিতে সেই গরে প্রবেশ
- করিলেন। তাঁহার পেণ্টুলেনটি ছিটের, সাই ছেঁড়া, তাহার উপরে
 একটি জিনের কোট, নেক্টাই অতি পুরাতন, পায়ে মোজা নাই কিন্তু
 ছেঁড়া জুতা আছে, মস্তকের সোলার টুপিটি তাঁহার হাতেই আছে।
 তিনি ক্রুঞ্জিত করিয়া হাসিতে হাসিতে কক্ষ মধ্যে প্রবেশ করিয়াই
 বিলেন, "আরে, তুমি কেলার সাম্বীর মত বুরিয়া বেড়াইতেছ কেন ?"

অজিতকুমার ফিরিয়া চাহিয়া দেখিলেন। দেখিয়াই আপনার অবস্থা সামলাইয়া লইয়া বলিলেন, "একি! আপনি ? আপনি আমাকে ' ধবর না দিয়াই প্রায় আসেন, আর আমাকে অপ্রতিভ করেন।"

- ্ এই স্থানে বলিয়া রাখি, এই সাহেব আর কেইই নহেন. স্থাসিদ্ধ ডিটেক্টিভ ও ফৌজদার কর্ণেল বেন্সন্। তিনি অজিতকুমারকেই বড়ই স্বেহ করিতেন। তাঁহারই আরুক্ল্যে অজিতকুমার প্রতিপত্তি^ব ও বিপুল অর্থ উপার্জন করিয়াছেন। স্বেহলতার সম্বন্ধে অজিতকুমারই যে তদন্ত করিতেছিলেন, তাহাতে কর্ণেল বেন্সন্ তাঁছাকে নানা বিষয়ে: সহায়তা করিয়াছেন। এখন সহসা সাহেবকে দেখিয়া অজিতকুমার: লজ্জিত ইইলেন।
- কুর্ণেল বেন্সন্ পূর্ববৎ হাসিতে হাসিতে বলিলেন, "আবার বি মতলব আঁটিতেছ, শুনি।" যাঁহারা সাকাসে কাউন বা সংএর মুখভঙ্গী দেখিরাছেন, ভাঁহারা সাহেবের হাসির করনা করিতে পারিবেন মাহেবের সে হাসি আর সুরায় না।

অন্তিকুমার বলিলেন, "আমি যে মতলব আঁটিতেছি, আপনি কিরপে জানিলেন ?"

"হো-হো-হো-হো! তুমি পাগল হয়েছ নাকি? আমি অনেক-ক্ষণ এসেছি।" অজিতকুমারের পিঠ চাপড়াইয়া তিনি বলিলেন, "গোপন করছ? আরে, তাও কি পার—ক্ষমি যে আগেই সুবঃ ভনেছি।"

"আমার সোভাগ্য—এখনই আপনার আছে আমাকে বেতে হত।"

্ "তবে ত জরুরি াজ! ব'লে ফেল, শোনা যাক্।"

উভয়ে জানালার পার্শ্বে তক্তাপোষের উপর উপবেশন করিলেন। সাহেব একধানা হাত-পাধা লইয়া হাওয়া খাইতে লাগিলেন। তাঁহার মূধে হাসি লাগিয়াই আছে। তিনি জাবার ৰলিলেন, "কি হ'ল ? . কধাটা গলায় বাধে নাকি ?"

অজিতকুমার বলিলেন, "আমি এঁক মহা বিপদে পড়েছি। ভাবনার:
অভির হয়েছি।"

"সেটা তুমি না বল্লেও আমি বুকেছি। তারপদ্ধ ব'লে যাও।" "এমন ফুর্ভাবনা আমার জীবনে কখনও হয়নি।"

"আহা, তাইত। তার পর?"

"বড বিপদ সাহেব ৷"

"য়ুত বড়ই বিপদ হোক, অজিতকুমার সে বিপদ থেকে উদ্ধার: হৈতে সমর্থ, এ বিশাস আমার আছে। বাজে কথা ছাড়, তারপ্ত ?"

"কতকগুলি মনের কথা তা হ'লে আপনাকে বলতে হয়।"

"কতক কতক আগেই গুনেছি—বাকিটা বল।"

"প্রথমতঃ ধরুন, আমি একটা পঞ্জমূর্ব।"

সাহেব হো হো করিয়া হাসিয়া বলিলেন, "কথা ফাঁদিবার কায়দা আছে। দেখ, লোকে যখন বুঝিতে পারে যে সে মূর্গ, তখন থেকেই সে.বিজ্ঞ হতে আরম্ভ করে।"

"না, না - আমি যে জেনে গুনেও বোকা হচ্ছি।"

"সাবাস্ সাবাস্! তবে ব'লে ফেল, আমি পরামর্শ দিই।"

"সাহেব, আমি প্রেমে হাবুড়ুরু বাচ্চি।"

"দূর আহামক্!" বলিয়াই সাহেব এক গাল হাসিতে হাসিতে পাকাখানি জানালার দিকে ছুড়িয়া ফেলিয়া দিলেন। আবার পাকাখানি জানিয়া বলিলেন "একটা মাগীর প্রেমে পড়েছ বুঝি ?"

"সেটাও কি বল্তে হবে ? আমি স্নেহলতাকে ভালবেসেছি।"
"এই কথা ? তা এতে আর নৃতনত্ব কি আছে ? এ আমি জানি।"
"বলেন কি ? আমি ত মনে করেছিলাম যে এ ভালবাসা ত্নিয়ার
কেউ জানে না।"

•সাহেব চক্সু মিটিমিটি করিয়া, দন্তপাঁতি বাহির করিয়া হাসিতে হাসিতে বলিলেন, "তুমি গণ্ডমুর্থই বটে, ভালবাসা কি গোপন থাকে নাকি? একবার আমারও এই হুর্দ্দশা হয়েছিল। দূর ফোক্ তোমার ভালবাসা—গণ্ডায় গণ্ডায় পুনে ভাকাতের সন্ধানে ফিরতে রাজি আছি, ভালবাসার ছায়া মাড়াতে আর রাজি নই। তুমি যথন ভালবেসেছ, তখন অধঃশাতে গেছ, জগতের কোন কাজ আর ডোমাকে দিয়ে হবেনা।"

অজিতকুমার একটু লজিত হইয়া বলিলেন, "আমি ভালবাদায়
পড়েছি জেনেও আপনি আমার সঙ্গে হেদে কথা কইবেন ?"

সাহেব গন্তীরভাবে বলিলেন, "অবশ্র, এক্শ'বার।" "তবে আপনি আহামকের দলে থাকতে চাই हैं।" "না; কিন্তু ভালবাসার হাত কে এড়াতে পারে? আফি এটাকে লোষের মনে করিনে। বিশেষ, স্নেহ বড স্কুন্ত্রী।"

"কিন্তু শয়তানী।"

"তার কোন প্রমাণ গেয়েছ কি ?"

"কেন, আপনি কি তাকে শয়তানী ব'লে মনে করেন না ?"

"না, না, না—আমি তিন সত্য করছি। তাকে ভাল ব'লেই আমার বোধ হয়।"

"আপনার যা বোধ হয়, তাতে সন্দেহ করা মূর্থের কাজ। আমি এতটা মূর্থ হতে চাইনে। যাই হোক, আপনার কথায় অ মার কজ আনন্দ হচ্ছে, তা বুঝেছেন ?"

সাহেব খাড় নাড়িলেন। তথন, স্থেহলতার সহিত প্রার রাজিতে যে সকল কথা হইরাছিল, অঞ্জিতকুমার সাহেবকে একে একে শকলাই বলিলেন। সাহেব সে সকল শুনিয়া বলিলেন "তুমি ভালবাদলে কি হবে ? সে তোমাকে ভালবাদ্বে না। ও ব বা, অঞ্জিতকুমার ?——, সে ত স্থেহের কাছে জুত্বও ছুজ্। আছে। সে ভোমার কথা ভানে ঘুণায় মুখ কেরালে, কেমন ?"

"না।"

"वन कि?"

"হাঁ, সে বল্লে যে আর একজনকে সে ভালবাদে।"

"হায়, হায়— তবেই ত! তোমার দশা কি হবে ? তোমার আশা ভরসা : ঐ খানেই শেষ! সে তাল ছোক, আর মণ্ট হোক, আমি যতটা বুকেছি, তাতে সে একজনকেই ভালবাসতে পারে। সেপক্ষে তার চরিত্র নিফলক।"

."ঠিক বলছেন ?"

"আমার ত এমনই মনে হয়।"

অন্ধিতকুমার তথন হাসিয়া বলিকেন াস আমাকেই বিবাহ কররে সাহেব।"

"তা পারে, এখন সে তোমার হাতে পড়েছে; একে পুরুষ, তাতে
শোবার তুমি যে সে নয়, স্বয়ং অজিতকুমার, তুর্জান্ত গোয়েন্দা, তুমি
শুজার করলে সে আর কি করবে ?"

"ছি, ছি—তা মনে করবেন না। আমাকে ভালবাসতে তাকে শিথিয়ে দেবো।"

. সাহেব উচ্চহাস্য করিয়া বলিলেন, "তুমি সত্যই পাগল হয়েছ। তাল-বাসতে শেখাবে ? কি মজা, বাহবা অঞ্জিত—সাবাস, সাবাস্!" সাহেবের আদরের চপেটাঘাতে অজিতকুমারের পুষ্ঠদেশ ব্যথা অক্তত্ব করিল।

"গাহেব আপনি ^{*}আমার গুরু; আপনার উপর আমার ধুব বিশাস। আপনি যদি বলেন যে সে অপরাধিনী নয়, তবে এমন অদ্ভূত চেষ্ট্রাও আমি করব।"

া সাহেব গাত্রোথান করিয়া বলিলেন, "আমার বিশ্বাস, সে অপ-রাধিনী নয়। এখন যাই, পরে ভেবে চিন্তে রায় দেওয়া যাবে।" সাহেব সহসা চলিয়া গেলেন। গোয়েন্দার প্রকৃতিই এইরূপ।

কর্ণেল বেন্সন চলিয়া গেলে অজিতকুমার বেশ-পরিবর্তন করিলেন।
পরে স্থকুমারের নিকটে গমন করিলেন। স্থকুমার একধানি কাপড়
কোঁচাইতেছিল, সহসা অজিতকুমারকে দেখিয়াই সে বলিল "এত রৌদ্রে, এমন সময়ে ?"

"প্রয়োজন আছে, শোন।"

অজিতকুমার বসিলেন, সুকুমারের বস্ত্রের পাড় দেখিয়া তাহার প্রশংসা করিলেন। শেষে ছই এক কথার পর পলিলেন, "আর

কলিকাতা সহরটা তোমার ভাল লাগিতেছে সুকুমার ?" সুকুমার দিমিত হইয়া বলিল, "এ আবার কি কথা? আবার একটা কিছু সন্ধন্ন করিয়াছেন বুঝি?"

ৈ অভিতকুমার হাসিয়া বলিলেন "খেলা ধূলা ফুরাইল, আর কি ^{*}

করিতে থাকিব ?"

"আপনার কথা কিছুই বুঝিতে পারিতেছি না।"

"আছা, তোমাকে সোজা ভাবেই বলি। তুমি যথন আমার কাজ করিতে সম্মত হইয়াছিলে, তথন তোমাকে বলিয়াছিলাম যে আমার কাজ করিলে তোমার দারিদ্রা দূর হইবে, তুমি পরম সুখে থাকিবে, শত শত শেহলতা তোমার দাসী হইয়া থাকিবে—সে কথাটা তোমার মনে পড়ে কি ?"

- ^ব অজিতকুমারের কথার ভঙ্গী দেখিয়া সুকুমার একটু হতভম্ব হইয়া। ং পড়িল, সে বলিল, "হাঁ, মনে পড়ে।"
- ' "এখন আমার কাজ প্রায় শেষ হইয়াছে, তুমি প্রাণণাত করিয়া
 ' আমার কার্য্যসিদ্ধির পক্ষে সহায়তা করিয়াছ। এখন আমিও আমার
 কথা রাখিব। তোমার জীবনের সাধ কি, আমাকে বল।"

সুকুমার যেন কেমন হইয়া গেল। সে অজিতকুমারের মনোভাব কিছুই বুবিতে পারিল না; অজিতকুমারের কোন কার্যা সিদ্ধ হইল, তাহাও সে বুঝিল না, অথচ অজিতকুমারের কথা শুনিরা তাঁহাকে গাগল বলিয়াও মনে করিতে পারিল না। সে চুপ করিয়া রহিল। তাহার অবস্থা দেখিয়া অজিতকুমার বলিলেন, "তুমি বিম্মিত হইডেছ ? না, বিস্মারে কোন কারণ নাই। সতাই আমার কান্ধ শেষ হইয়াছে। .' এখন বল, তুমি কি চাও।"

"कि आत ठारिव ?" '

"তোমার জীবনে কি কোন সাধই নাই ?"

"সাধ যে নাই, এমন কথা বলিতে পারি না। আমি পাড়াগেঁছে, মাসুষ, আমার মনে হয় যে যদি বিঘা কয়েক জমি পাই, আর. একথানি বাড়ী 'তৈয়ার করিতে পারি, তাহা হইলে চাষ-বাস করিয়া সুথে দিন কাট্টাইতে পারি।"

 অজিতকুমার হাসিয়া বলিলেন, "আমি তোমাকে অবিবাহিত বলিয়াই জানি*-দেটা ঠিক কি ?'

"তা ঠিক।"

• "তবে বিবাহ না করিলে কেবল জ্বনিতে তোমার কি স্থাই ইবে ? মনের মত একটি স্ত্রী চাও না ?"

সুকুমার হাসিয়া মাথা হেঁট করিল। অজিতকুমার বলিলেন,
"তোমার আশা আমি পূর্ণ করিব। তোমার বাড়ীও হইবে, জমিও
হৈইবে। আর ললিতার ফটো তুমি দেখিয়াছ, তাহাকে যদি বিবাহ
অবিতে চাও, তবে না হয় ঘটকালীটাও করি।"

অন্ধের পথিপরিক্রমণের স্থায় স্থকুমার অন্ধিতকুমারের কথাগুলির ভাব লইয়া নাড়াচাড়া করিতে লাগিল। একবার এই অর্থ, একবার বা অক্ত অর্থ—নানা অর্থই সে করিতে লাগিল। কিন্তু কোন সিদ্ধান্তে দে উপনীত হইতে পারিল না।

 অজিতহুমার তাহা বুঝিলেন। বুঝিয়া বলিলেন, "দেখ, আমি স্নেহলতাকে ভালবাসি। সে—"

সুকুমার কথায় বাধা দিয়া বলিল, "এ সন্দেহ আমি পূর্ব্বেই করিয়াছিলাম।"

"তবে তোমার বৃদ্ধি পাকিয়াছে। যাক্, তাহাকে আমি বিবাহ করির। সে রাজি হইতেছে না, ইহাই হঃখ।" "সে তো আপনার হস্তগত, আপনি ইচ্ছা করিলেই তো তাহাকে বিবাহ করিতে পারেন।"

"আমি যেমনই হই না কেন, তবু হিন্দু বলিয়া নিজের পরিচয় দিই।
স্থৃতরাং জাের করিয়া বিবাহ করা আমার পক্ষে সাজে না। যদি
তালাক্ দিবার বাসনা থাকিত, তবে জােরের কথাটা মনে আসি ।
কিন্তু সে বাসনা নাই। আমি স্ত্রীকে তৈজসপত্রের বা আতর গােলাগজলের সামিল করিতে চাই না, স্ত্রীকে সহধর্মিনী বলিয়া বুঝিতে চাই।
কাজেই জাের করিয়া স্থেলতাকে বিবাহ করিতে আমি নারাজ।
যাই হােক, আমার অদৃষ্টে কি ঘটিবে, তা ভগবানই জানেন; অন্যাততঃ তােমাকে বলি যে যতদিন তুমি জীবিত থাকিবে, ততদিন্
সেহলতার সহদ্ধে কোন কথা তুমি কাহাকেও বলিবে না, এইরা
প্রতিশ্রুত হও।"

"আপনি যখন বলিতেছেন, তখন প্রতিশ্রুত হইলাম ।''

"কালই তোমাকে নৃতন কথা শুনাইব এবং তোমাকে প্রচুর তাঁ, দিব, সঙ্গে সঙ্গে তোমার জমি ও বাড়ীর বন্দোবস্ত করিয়া দিব। আম ষদি ললিতাকে চাও, তবে আৰু হইতেই ঘটকালীও আরম্ভ করিব।"

"আপনি বৃঝি মনে করিতেছেন যে আমার কার্য্যের এইভাবে বেতন দিবেন ? তাহা মনে করিবেন না; আপনি আমাকে বন্ধুছের হেম-শৃঞ্জলে বাঁধিয়াছেন, সে বন্ধন আমি চিরকাল বজায় রাধিব। আমি আপনার নিকটে পয়সার প্রত্যাশী নহি।"

"একথা শুনিয়া সুখী হইলাম। আমিও গোমারই মত বন্ধুজের বন্ধন বন্ধার রাখিব। এখন একটা কথা, হে'হলতার চরিত্র সম্বন্ধে তোমার ধারণা কেমন গু"

"আমার মনে ইয়, তার চরিত্র ভাল।"

"যেরপ অপরাধ করিলে ভদ্রলোকে বিবাহ করিতে নারাজ হয়, সেহলতীর তেমন কোন অপরাধ নাই কি ?"

"ना, সে অপরাধিনী নয়।"

"তোমার সম্বন্ধে ?"

্,"কিছু না। আমার বিখাস, সে আমাকে খুন করিত না।"

"শেষ কথা, এখন তাহার প্রতি তোমার ভালবাসা কেমন ?"

"অগে ছিঁল, মধ্যে গিয়াছিল—এখন আর সে তাব নাই। এখন অপনি তাহাকে বিবাহ করিলে আমি সুখী হইব।"

· অঞ্চিতকুমার বড় সম্বস্ত হঁইলেন। পরে কিছুক্ষণ কথোপকখনের পর তিনি বিদায় গ্রহণ করিলেন।

ত্রয়োবিংশ পরিচ্ছেদ।

"তোমার মনে কি এই ছিল ?"

অজিতকুমার শধন স্কুমারের সহিত কথা কহিতেছিলেন, ঠিক শেই সময়ে স্বেহলতা ভাবিতেছিল,—আজ জমিদারের আসিবার কথা । তিনি কি আসিবেন ? যদিই আসেন, তাহা হইলেই বা কি করিব প পাবও অজিতকুমার পূর্বেই তো আমার নামে তাঁহাকে কত কি বলি: য়াছে, সে সকল গুনিয়া কি তিনি আমার উপর সম্ভপ্ত আছেন ? আমি যদি তাঁহার পদতলে পড়িয়া সত্য কথা বলি, যদি তাঁহাকে জানাই ঝু আমার কোন অপরাধ নাই, আমি খুনী নহি, হুশ্চরিত্রা নহি, কখনও কোন পুরুষের সংস্রবে থাকি নাই,—তিনি কি সে কথায় বিশ্বাস করি-বেন ? যদি আমাকে অবিশ্বাস করেন, যদি গুণাভরে আমাকে কট্ ক্রি গুনাইয়া চলিয়া যান, তথন কি হইবে ?

স্নেহলতা কিছুক্ষণ চিন্তা করিল। শেবে হিন্ন করিল—তিনি যদি হ্বণা করেন, উপার তো আমার হাতেই আছে। আমি কালাটাদ সন্দারের শিব্যা,পালিতা কক্সা—আমার বিষ আছে, অব্যর্থ বিষ আছে— সে বিষ পান করিলে মৃত্যু অবশুস্তাবী। তিনি যান মরিব। কাল অলিতকুমার ছোরা কাড়িয়া বংগাছিল, আজ আর কি কাড়িবে?

শেহলতা আবার ভাবিল—আর যদি তিনি না আদেন, অজিতরুমার যদি প্রতিহিংসাপরায়ণ হইয়া আমাকে মিথা। কথা বলিয়া গিয়া
থাকে তাহাও তো অসম্ভব নয়, অজিতকুমার নর-পিশাচ, সে সব
পাঁরে। হয়ত পুলিশের হস্তে আমাকে ধরাইয়া দিবার জন্ম সে এই
ক্রেণল করিয়া পিয়াছে। তাহাই যদি হয়, তাহাতেই বা ভয় কি ?
কিব আছে, বিপদ বুঝিলেই পান করিব।

স্বেহণতার শৈষ চিন্তা—আর যদিই তিনি আসেন, যদি তিনি আমাকে ক্ষিলক বলিয়া মনে করেন ? তবে আমি বিনা বিষেই মনিব। সে সুধ রাশ্বিবার কি স্থান হইবে ?

এইরপ সত পাঁচ ভাবিতে ভাবিতে স্নেহলতা উঠিল। অতি উৎই পরিচ্ছদ পরিশান করিল—বহুমূল্য রন্ধান্ধারে দেহ আর্থত করিল।
নে ও ভ্রপের ঔজ্জ্বল্যে কক্ষ অপূর্ব্ধ শোভা ধারণ করিল।
ফলতা একবার চাহিয়া দেখিল, কিন্তু রন্ধ্রপ্রভায় তাহারও চোখ্
, , সমিয়া গেল। তখন একটি অঙ্গুরীয় বাহির করিয়া আপন মনেই
বিলিন, শুনিয়াছি কোটার ভিতরে রাক্ষণীর প্রাণ ছিল, এখন ব্বিতেছি
যে এই আংটির ভিতরে আমার প্রাণ আছে—বিপদ বৃনি, ইংাই
মুখে দিব।

এই সময়ে ললিতা সেককে প্রবেশ করিয়া বলিল, "দিদি, তুমি 'বার্মাকে যতটা বোকা মনে কর, আমি কি ততটা বোকা? আমি দ্ব বুঝতে পেরেছি।"

, "কি বুঝেছিস্?"

"ত্মি মরবে ? তাহবে না, ত্মি মরতে পাবে না। আর্থি যত-দিন বাঁচব, ততদিন ত্মি মরতে পাবে না। আমার কথাটা রাধবে না দিদি?" বড় গ্লংখেও স্বেহলতার মূখে হাসি আসিল। সে বলিল, "এক সা এত কথা যে কখনও শুনিনি। তুই হলি কি ললিতা ? তুই ভাবছি। আমি মন্ত্ৰ ? ম্বা কি সহজ কাজ, আমি কি মনতে পারি ?"

"না, তুমি বিড়বিড় করে যা বক্ছিলে, তা আমি ওনেছি। তুমিঁ বিষ হাতে করেছ। তুমি কেন মরবে দিদি ?"

"আছা আমি মরব না। তোকে একটা কথা জিজ্ঞাসা করি, উ্ই ঠিক উত্তর দিবি ?"

"কেন দোবো না? আমি অত বোরফের বুঝিনে নিদি—কি বল না, শুনি।"

"আমি তোকে ভালবাসি, তোর যাতে ভাল হয় সেঁচিঙা করি তোকে বাঁচাবার জ্বন্তে ধরে এনেছি—এসব থা তই বিধার্থ করিস কি ?"

"সভিয় বল্ব ? আগে করতাম না, এখন করি। সেই যে এই মানী বৃদ্ধিকে আমার কাছে রেখেছিলে, সে আমাকে অন্ত রকম বৃথিকে ছিল। কিন্তু সেবার যখন, আমার খুব অস্থধ হয়, তৃমি তিন দিন তি রাত না খেরে-দেয়ে আমার গায়ে হাত বৃলিয়েছিলে, আমাকে কত ২য় করেছিলে। সেই খেকে আমার মনের ভাব বদ্লে যায়। তার পর আমি নানা কালে বৃথতে পেরেছি যে গৃমি ন্তিট আমার দিদি।"

"হাঁ আমি সতাই তোর দিদি।"

"তবে তুমি মরবে কেন? তুমি মরে গেলে আমার ছঃখ রাখতে জায়গা থাকবে না। তোমার পায়ে গড়ি, তুমি ন'রনা দিদি।" ললিতা স্মেহর্লতার পা তুথানি ধরিতে গেল।

স্নেহলতা তাহাতে বাধা দিয়া বলিল, দুর পাগলি, আমার সহস্র বছর পরমায় হোক, আমি মরব কেন ?" "না, ত্মি যেন আমাকে ছেলে তোলাচচ। কাল গোগৈদা বীবু তো করেন যে তিনি তোমাকে ভালবাসেন। তিনি যখন ভালবাসেন, তখন তিনি তোমার মন্দ করবেন না। এই দেখ না, তুমি আমাকে ভালবাস, তুমি কি আমার মন্দ করতে পার ?"

লুলিতা বাল্যকাল হইতে স্নেহলতার নিকটে আবদ্ধা আছে, কাজেই জগতের ক্রুরতা তাহার হৃদয় অধিকার করিতে পারে নাই। সে বড়ই সরল। স্নেহলতা তাহার এই সারল্য দেখিয়া বড় স্থাপী হইল।

কেলতাকে চুপ করিয়া থাকিতে দেখিয়া ললিতা বলিল, "আবার্ ' কি ভাবিত্ব তোমাকে দেখে আমার ভর হচ্চে। কোথায় তোমার বিষ, ছুমি মুটা ফেলে দাও।"

শেহলতা ভীরভাবে বলিল, "আমাকে পুলিশে ধরে নিয়ে যাবে, গিয়ে কাঁসি দৈবে, কি শ্লে দেবে — সেটা কি ভাল হবে ? যদি পুলিশ মাসে, তবেই বিষ ধাব! তুই ভাবিস নে।"

় • ললিতা গন্তীর্য্যের ধার ধারে না। সে বলিল, "পুলিশের বঙু মাথা যাথা, সে তোমার কাছে আসবে কেন ১০ তুমি ফেলে দাও।"

"আরে বোকা, অজিতকুমার যে পুলিশের লোক, সে যে আমাকে বিয়ে দেবার জন্মেই এতকুল ঘুরে বেড়াচ্ছে।"

"না, না—তিত্রি ভাল গোক। তিনি তোমাকে ভালবাসেন, তিনি তেমন হতেই পারেন না। কোল যথন তোমরা কথা কড়িলে, তথন মামি এই ঘরে ছিলাম, ছুমোরের ফাঁক নিয়ে দেখেছি তিনি হাস-ছিলেন বদুমায়ে সূত্র মুখে বুঝি আবার হাসি আসে ?"

"তুই ব্কাস্ বে ললিতা, অজিতকুমার বড় পাজি, সে শয়কান।" এমন সময় ককেব বী বুগুলিয়া গেল। প্রশম্ভান হাজির" বলিয়াই দক্তিতকুমার সেই ককে প্রক্রে করিকান। ললিতা সেই দণ্ডেই অক ককে চলিয়া গেল। স্নেংল্ড। একবার অজিতকুমারের পশ্চাতে চাহিয়া দেখিল—দেখিল যে আর কেহ নাই। সে তবন ক্রোথে অধর দংশন করিয়া বলিল, "কই, জনিদার কোথায়?" অজিতকুমার হাশিয়া বলিলেন, "কেন, আমাকেও ভো আনিতে বলিয়াছিলে।"

"বলিয়াছিলাম সতা, কিন্তু তোমাকে একাকী আগিতে বলি নাই।" "তুমি কি এখনও আমাকে অবিধাস কর ক্ষেহলতা ?'

"কবে ভূমি বিশ্বাসের কার্য্য করিরাছ যে তোমাকে আজ অবিশ্বাস না করিব ?"

"কেন, সুকুমারের প্রণেরকা করিয়া**হি**লাম।" "দেটা নিজের উলেগুসিদ্ধির জ্ঞা।"

শ্রুমিদারকে যে তোনার সদকে একটি কথাও কার্নাই ?" "জমিদারও তোমার হাতের পুতুল। তোমার সঙ্গে উ্রা তিনিও আমার শত্রু হইরাছেন।"

"তবে আর তাঁহার প্রতি তোমার ভালবাসা নাই ?" "না, থাকিতে পারে না।"

"বল কি, তবে ত আমি প্রতারিত হইয়াছি। আমি যে তাঁহাকে বলিয়াছি, তুমি জগতের সংগ্র তাঁহাকেই তালবাস!"

"ওসব চালাকির কথা রাপ অজিত দ্রারি'। তুমি মনে করিয়াছ যে জমিদারের প্রতি আমান ভালনাসার কথা তুলিয়া আমাকে বিপদ-গ্রস্ত করিবে, প্রতিশোধটা ভাল করিয়া লাইবে,—কিন্তু তাহা হইতেছে না; তোমার পথ তুমি বেমন দেখিয়ার্ছ, আমার শীধ আর্মি ডেমনি দেখিয়া রাখিয়াছি।"

ঘর্মাক্তকলেবর অজিত্রুমার ক্যাতে ্র্র্মুছিয়া বলিলেন, "আমি ভোমার শক্ত নতি ক্লৈকেচা, অসাকে সেনি আসব কথা বলিতেছ ?" "এ জীবনে কখনও ভাবিতে পাারব না যে ত্মি আমার শক্ত নও তি "এন, এমন কি অপরাধ করিলাম? কাল ললিচাকে তোমার নুকটেই রাখিয়া গিয়াছি, ইহাতেও কি আমার উপর কোমার শক্ষেত্

কৈনে যাইবে ? ত্মি বলিয়াছিলে, জমিদার আজ আসিবেন ৷ কিন্তু কোথায় তিনি ?"

"এখ ই দেখিতে পাইবে; তিনিও আসিয়াছেন। তুমি সত্তা সভাই ভাঁহাকে চুও কিনা, আমি কেব্ল তাহাই জানিতে আসিয়াছি।"

এক বথায় স্নেহলতার কোধ-শান্তি ঘটিল। সৈ অভিতকুমারের শ্বের দিকে ইহিয়া রহিল, কথা কহিতে পারিল না। অভিতকুমার বিলিলেন, এখন সন্দেহ করিবে কি ?"

"আমি িছুই বুঝিতে পারিতেছি না। তুমি কি আমাকে পাপল √রিবে ?"

় "তুমি নিজেই পাগল হইতেছ সেহলতা। আমার অপরাধ কি

তুমি বল বে জমিদারকে পাইলে অ্ধী, হইবে, আমি তাঁহাকে
ভাকিতেছি।"

"ধর্ম সাক্ষী করিয়া একথ্য নলিতেছি i"

"তবে তুমি বসিলার স্থান চক কর, আমি ডাকিতেছি।" সেইলতা
আর কথা ন। কহিয়া আরম চেয়ারখানি ঝাড়িতে লাগিল। সেই
অবপরে অপিতকুমার কিপ্রার সহিত পোষাক খুলিয়৷ ফেলিলেন,
ক্রেমি গৈফিনাড়ি ফলিয়৷ বিলেন। ক্রমালে মুখ মুছিয়াই বলিলেন,
"এই দেখ স্তেহনতাং" কেহলতা চাহিয়৷ দেখিল, মেঝের উপর
অপিতকুমারের পরিত্যক ক্রেমিল দেখিল-দ্নে, কাপিতে লাগিল।
সেইল্টার চক্রের পনক পড়ে ম, সে স্ক্রিকান না। অকিতকুমার

* তাহা দেখিয়া হাসিলেন : ৬ নে স্নেহলতা অভি তকু মারের সমীপবর্তিনী , হইয়া বলিল, "নিষ্ঠুর, পাবাধ, তোমার মনে কি এই ছিল ?"

অভিজ্ঞার চেয়ারে উপবেশন করিলেন; স্নেহলতা, সেই স্ক্রিবর্ত্থিতা স্নেহলতা তাঁহার পদপ্রান্তে বসিয়া বলিল, "আমি এইক দেখিতেছি? অজিতকুষার আর জমিদার একই? আমি সাক্রিয়া কি সর্বনাশ করিতেছিলাম! আমাকে ক্ষমা কর।"

অজিতকুমার হাসিয়া বলিলেন, "একদিনও কি তোঁমার সন্দেহ হয় নাই ? যাই হোক, এতদিন আমি কেবল তোমাকে পরীক্ষা । বিরাছি ক্ তুমি নিছলক জানিয়াই আজ ধরা দিলাম। তোমার বির সন্দেহ থাকিলে আমি চিরকালই অজিতকুমার থাকিতাম, দ বিকে কৈলাস, বলিয়া তুমি জানিতে না। এখন সত্য কথা বলি খুমি কৈলাসও নহি, আমি ডিটেক্টিভ অমলেন্দু।"

"একি ! একি স্বপ্ন ?" স্বেহলতা আত্মবিস্থতা হইল। কক্ষে
আলো জনিল, উভয়ের হাদয়ও উজ্জ্বল হইল। সেই দীপালোকে
হজনের কত কথা হইল। শেষে অজিতকুমার বা অমলেলু বলিলেন,
"তবে পুরোহিতকে দিন দেখিতে বলি ? সমাজের কথা ভূলিয়া যাও,
সমাজ এই অগ্নিপরীক্ষাকে গ্রাহ্ম নাঙ্করে, কতি কি ? সমাজকেও
নৃতন্ত্রিইতে হইবে—শেষ কথা, একদিন স্বর্ক্ মনের প্রাণ লইতেছিলে,
আজ তাহাকে প্রাণ দ্বাও। ললিতা বি ভাহাকে বিবাহ করিবে না ?
কক্ষক আর না কক্ষক, ঘটকালীটা ক্রিবেনী

অতঃপর একদিন ওভলগ্নে রিক্সিরাহিতই ^{নি}লিতকুমানরের হস্তে স্বেহলতাকে ও স্কুমারের হস্তে লিক্সাকে সমর্গ। করিলেন।